ⓒ adjective ⓓ adverb ***Ans:c***

নতুন সম্ভাবনা ভিত্তিক Table-2 তবুও ভালভাবে পড়তে হবে কারণ বর্তমানে নতুন নতুন প্রশ্ন তৈরী হয়।

N	Noun	Latin Adjectives	N	Noun	Latin Adjectives
1	**Body**	Corporal/(শারীরিক)	6	**God**	Divine(স্বর্গীয়, দেবতুল)
2	**Brother**	fraternal(ভ্রাতৃসংক্রান্ত, ভ্রাতৃবৎ)	7	**Day**	Diurnal(দৈনিক, আহ্নিক)
3	**City**	Civic(নগর, নাগরিক সম্বন্ধীয়)	8	**Death**	Mortal(মরণশীল, প্রাণঘাতী)
4	**Country**	Rural(গ্রাম্য)	9	**Earth**	Terrestrial(পার্থিব)
5	**Field**	Rural(গেঁয়ো)	10	**End**	Final(চূড়ান্ত)
11	**Flock**	Gregarious(যুথচর/দল)	17	**Hand**	Manual(হস্তকৃত, হস্তসংক্রান্ত)
12	**Foot**	Pedal(পদসংক্রান্ত)	18	**Hell**	Infernal(নারকীয়)
13	**Fox**	Vulpine(শৃগাল সংক্রান্ত)	19	**Home**	Domestic(ঘরোয়া, গৃহপালিত)
14	**Friend**	Amicable(বন্ধুভাবাপন্ন)	20	**Husband**	Conjugal(দাম্পত্য, বিবাহ সংক্রান্ত)
15	**Life**	Vital(জীবনসংক্রান্ত, অপরিহার্য)	21	**King**	Royal/Regal(রাজকীয়),Loyal (রাজভক্ত)
22	**Male**	Masculine(পুরুষ সংক্রান্ত)	31	**Ox**	Bovine(গবাদি পশুর ন্যায়)
23	**Man**	Human(মানবসুলভ, মানবজাতি সম্বন্ধীয়)	32	**Place**	Local(স্থানীয়, আঞ্চলিক)
24	**Mind**	Mental (মানসিক)	33	**Root**	Radical(মূলগত বা মূলক)
25	**Money**	Pecuniary (অর্থ সংক্রান্ত বা আর্থিক)	34	**Rule**	Regular(নিয়মানুগ,বিধি/অনুযায়ী)
26	**Mother**	Maternal(জননীসুলভ/সংক্রান্ত)	35	**Ship**	Naval(রণতরী বা নৌবাহিনী সংক্রান্ত)
27	**Nose**	Nasal(অনুনাসিক বা নাসিকা সংক্রান্ত)	36	**Sheep**	Ovine(মেষতুল্য, মেষ সংক্রান্ত)
28	**Nature**	Normal(নিয়মমাফিক, সাধারণ)	37	**Son**	Filial(সন্তানোচিত, সন্তান সংক্রান্ত)
29	**Tongue(ঠাং)**	Lingual(জিহ্বাগত, ভাষাগত)	38	**Spring**	Vernal(বাসন্তী, বসন্তকালীন)
39	**Town**	Urban (পৌর বা শহুরে)	45	**World**	Mundane(জাগতিক বা পার্থিব)
40	**Water**	Aquatic/ Aqueous(জল সংক্রান্ত	46	**Word**	Verbal(শব্দগত) Verbose(শব্দবহুল)
41	**Wife**	Conjugal(দাম্পত্য, বিবাহ সংক্রান্ত)	47	**Women**	Feminine(মেয়ে সংক্রান্ত)
42	**Will**	Voluntary(স্বেচ্ছাকৃত, ইচ্ছাকৃত)	48	**Year**	Annual(বাৎসরিক, বার্ষিক)

==========Chapter Close==========

Our Youtube Channel: যুক্ত হতে ক্লিক করুন
https://www.youtube.com/c/ExpertEnglishA

Adverb (ভাব বিশেষণ)

Go to Index

♦ অধ্যায়ভিত্তিক Question Analysis এবং Suggestion		
পরীক্ষাসমূহ	প্রশ্ন সংখ্যা +-	যে পরিক্ষার যে Topic গুলো বেশি পড়তে হবে-
✠ BCS Preliminary তে	৪টি+-	2, 3, 6, 8, 9, 11
✠ All Bank Job Exams	১২টি+-	3, 6, 7-10
✠ Primary Job Exams	৯টি+-	1, 2, 4, 6, 8, 10
✠ PSC & Other Jobs	৯০টি+-	1-11

একনজরে অধ্যায়ভিত্তিক BCS প্রশ্নসমূহ-

শব্দের সাথে ly যুক্ত হয়ে Adverb থেকে ১টি প্রশ্ন-

1. **The mother sat <u>vigilantly</u> beside the sick baby. Here "vigilantly" is-** *[37th BCS-16]*
   ⓐ a noun ⓑ an adverb ***Ans:b***
   ⓒ an adjective ⓓ none of the three

Position/Identification থেকে ২টি প্রশ্ন-

2. **The sun went <u>down</u>. The underlined word is used here as a/an:** *[38th BCS 17]*
   ⓐ an adverb ⓑ conjunction
   ⓒ preposition ⓓ adjective ***Ans:a***

3. **'Come on, it's time to go home' Here 'home' is a/an-** *[41st BCS]*
   ⓐ noun ⓑ verb
   ⓒ adjective ⓓ adverb ***Ans:d***

<u>Too</u>…..to থেকে ১টি প্রশ্ন

4. **Don't worry. English Grammar is not --- to understand.** (ইংরেজি গ্রামার এত কঠিন নয় যে আমরা বুঝতে পারব না) *[13th BCS ও অন্যান্য]*
   ⓐ so difficult ⓑ too difficult ***Ans:b***
   ⓒ very difficult ⓓ difficult enough
   ব্যাখ্যা: Sub+ verb+--+too+ adj./adv.+to+ v_1-

❀ এই অধ্যায়টি adjective, verb, conjunctio

Our Youtube Channel: যুক্ত হতে ক্লিক করুন
https://www.youtube.com/c/ExpertEnglishA

✠✡এই অধ্যায়ে আলোচিত বিষয়সমূহ✡✠

✠✡✠✡✠✡✠

Topic-01: Adverb কাকে বলে? ইহা কোন কোন Parts of Speech কে Modify করে উদাহরণ দাও?

Adverb: যে শব্দ/শব্দসমষ্টি noun, pronoun বাদে অন্য সকল কিছুকে modify করে তাকে adverb বলে। Adverb word টি noun, pronoun ছাড়া অন্যসব Parts of speech এমনকি Adverb নিজেই নিজেকে আবার পুরো Sentence কেও modify করতে পারে। তবে Adverb এর মূল কাজ হচ্ছে verb, Adjective এবং Adverb এই তিনটিকে modify করা। **J. C. Nesfield এর মতে- An Adverb qualifies anything except a noun or a pronoun.** ✡ ✡ বাক্যের main verb কে how (কিভাবে), where (কোথায়), when (কখন), why (কেন) <u>এই চারটি</u> দ্বারা প্রশ্ন করে যে উত্তর পাওয়া যায় তাই adverb।

Advanced Learning: Adverb শব্দটি noun; আর Adverb শব্দটির Adjective form হচ্ছে- Adverbial; এবং Adverb শব্দটির Adverb form হচ্ছে in an adverbial way।

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

	আসুন দেখি Adverb কোন কোন parts of speech কে modify করতে পারে।
1	Rubel runs quickly (How runs?) ----------quickly -Adv., যা modify করেছে 'run' verb কে;
2	Fatema is a very beautiful girl.(কত সুন্দর)---------very Adv. যা modify করেছে 'beautiful' adjective কে;
3	Zinia sings extremely well. (কত ভালভাবে) ---------extremely Adv. modify করেছে 'well' adverb কে;
4	The bird flew exactly over our head. (কেমন উপরে)-exactly Adv. modify করেছে 'over' preposition কে;
5	Dipu dislikes him simply because he is a liar. ---simply Adv. modify করেছে 'because' conj. কে;
6	Really Rayhan is a hard working boy.----------Really, Adv, modify করেছে whole sentence কে;

1. **An adverb does not modify-** *[বেসরকারী শিক্ষক (স্কুল/সমপর্যায়) নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-১১, ✪ হুবহু কমন প্রশ্ন: শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের শ্রম পরিদর্শক (সেফটি); মেকানিক্যালর টেকনোলজি - ১৯, বেসাম. বিমান কর্তৃ. (Inspector) ১০ সেপ্টে. ২১]*

ⓐ nouns ⓑ adjectives
ⓒ verbs ⓓ adverbs ***Ans:a***

2. **They returned home earlier. Here the underline word is /an.** *[✪এই নিয়মে হুবহু কমন প্রশ্ন: সংস্কৃতি বিষয়ক মন্ত্রনালয়ের প্রত্নতত্ত্ব অধিদপ্তরের এস্টিমেটর ২০১৯]*

ⓐ noun ⓑ adjective
ⓒ adverb ⓓ preposition ***Ans:c***

ব্যাখ্যা: সাধারণত home শব্দটি Noun হয় কিন্তু এখানে return verb কে where দ্বারা প্রশ্ন করে দেখুন উত্তর হবে home অতএব বাক্যের ব্যবহার অনুসারে এটি adverb।

3. **What are the four questions that adverbs can answer?** *[বঃশেঃরঃবিঃপ্রঃবিঃ (D) ১৫-১৬, (F) ১৮-১৯]*

ⓐ Why? When? Where? Why
ⓑ When? Where? How? Why?
ⓒ why? where?
ⓓ To what extent/degree/What? ***Ans:b***

4. **Please look above. Here 'above' is-** *[১১ তম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়) ১৪]*

ⓐ adjective ⓑ adverb
ⓒ noun ⓓ pronoun ***Ans:b***

Hints: where দ্বারা প্রশ্ন করে উত্তর হচ্ছে Above/ উপরের দিকে তাকানোর কথা বলা হয়েছে, সুতরাং এটি Adv.

5. **A modifier can be a/an-** *[ইঃবিঃ C ০৫-০৬]*

ⓐ adjective ⓑ adverb
ⓒ noun ⓓ pronoun ***Ans:b***

ব্যাখ্যা: modifier বলতে আমরা সাধারণত adverb কেই বুঝবো তবে adv. না থাকলে adj. ও বলা যাবে।

6. **If we finish our work quickly. We can go to the movies. Here Quickly is a/an-** *[NSI (কম্পি. অপা.) ০৩ এপ্রিল ২১]*

ⓐ Adverb ⓑ Conjunction
ⓒ Verb ⓓ Adjective ***Ans:a***

7. **An adjective is a-** *[খাদ্য পরিদর্শক-০০]*

ⓐ naming word ⓑ modifying word
ⓒ qualifying word ⓓ substituting word

Ans:c **ব্যাখ্যা:** সাধারণত qualifier দ্বারা adjective কে এবং modifier দ্বারা adverb কে বোঝানো হয়।

8. **Which is not true about the function of an adverb?** *[রেলওয়ে উপসহকারী প্রকৌশলী-১০]*

ⓐ qualifying a verb
ⓑ qualifying an adverb
ⓒ qualifying a sentence
ⓓ qualifying an adjective ***Ans:c***

ব্যাখ্যা: আসলে adverb একটি Sentence-কেও qualify করতে পারে। তবে ইহা খুব কম বাক্যেই ঘটে। তাই সঠিক উত্তর করার অন্য কোন অপশন না থাকায় *c* উত্তর করা হয়েছে।

9. **The adverb of the word "adverb" is-** *[সম্ভাব্য প্রশ্ন অনুশীলন করুন]*

ⓐ Adverbial ⓑ Adverb ***Ans:d***
ⓒ Adverbly ⓓ in an adverbial way

10. **An adverb usually, answers which of the following questions?** *[বি আর সি সিনিয়র অফিসার-৯৮]*

ⓐ when ⓑ where
ⓒ how ⓓ all of these ***Ans:d***

ব্যাখ্যা: বাক্যের main verb কে how (কিভাবে), where (কোথায়), when (কখন), why (কেন) এই চারটি দ্বারা প্রশ্ন করে যে উত্তর পাওয়া যায় তাই adverb।

Topic-02: শব্দের সাথে ly যুক্ত হয়ে Adverb হয় কিভাবে? কিছু উদাহরণ দাও।

ly যুক্ত Adverb: সাধারণ **Adjective** শব্দের সাথে **ly** যুক্ত করে **adverb** গঠন করা হয়। তাই লক্ষ্য রাখতে হবে **ly** যুক্ত হওয়ার আগে শব্দটি কেবল **Adjective** হলেই সেটি **Adverb**।

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

Adjective	Adverb	Adjective	Adverb	Adjective	Adverb
Notorious	**Notoriously**	Perfect	**Perfectly**	Random	**Randomly**
Slow	**Slowly**	Hearty	**Heartily**	Delightful	**Delightfully**
Vigilant	**Vigilantly**	Obedient	**Obediently**	Economical	**Economically**
Short	**shortly**	Wise	**Wisely**	Quick	**Quickly**

-BCS, ব্যাংক, PSC, ও ভার্সিটি MCQ সমূহ

11. **The mother sat <u>vigilantly</u> beside the sick baby. Here "vigilantly" is-** *[37th BCS-16]*
ⓐ a noun ⓑ an adverb ***Ans:b***
ⓒ an adjective ⓓ none of the three

12. **'Quickly' is an example of-** *[✪ হুবহু কমন প্রশ্ন: সংস্কৃতি বিষয়ক মন্ত্র. উপ-সহ. প্রকৌ (সিভিল) ১৯, সিনিয়র স্টাফ নার্স-১৬]*
ⓐ adverb ⓑ adjective
ⓒ noun ⓓ verb ***Ans:a***

13. **Which of the following words is an adverb?** *[SAU. ১১-১২]*
ⓐ lonely ⓑ homely
ⓒ lovely ⓓ quickly ***Ans:d***
ব্যাখ্যা: lonely (adj)-নিঃসঙ্গ, homely (adj)-সাদাসিধা/ মামুলি, lovely (adj)- সুন্দর, মনোরম, quickly (adv)

14. **The adverb from of "heart" is-** *[১২তম শিক্ষক নিবন্ধন ২০১৫, ✪কমন প্রশ্ন: ১৬তম শিক্ষা নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা [স্কুল পর্যায়-২] ১৯]*
ⓐ heart ⓑ hearten
ⓒ heartly ⓓ heartily ***Ans:d***

15. **Which one is the adverb?** *[✪ হুবহু কমন প্রশ্ন: সড়ক ও সেতু পরিবহন মন্ত্রা. উপ-সহ. প্রকৌ (যান্ত্রিক)-১৯]*
ⓐ Slow ⓑ Slowly
ⓒ Weak ⓓ Weakness ***Ans:b***

16. **The word "Notoriously"** *(জঘন্যভাবে)* **is used as-** *[ঢাগ্রবিঃ (D) ০৬-০৭]*
ⓐ an adverb ⓑ a noun
ⓒ an adjective ⓓ a gerund ***Ans:a***

17. **Which one is adverb?** *[পরিবার পরিকল্পনা অধিদপ্তর অফিস সহকারী কম্পিউটার অপারেটর-১১]*
ⓐ motherly (Adj.) ⓑ delightfully
ⓒ supernatural ⓓ None ***Ans:b***

Topic-03: শব্দের সাথে ly যুক্ত থাকা স্বত্ত্বেও Adverb না হয়ে Adjective হয় কিভাবে? কিছু উদাহরণ দাও।

ly যুক্ত Adjective: **Noun** এর সাথে **ly** যোগ করলে তা **Adjective** হয়, তবে **Adjective** এর সাথে **ly** যোগ করলে তা **Adverb** হয়। সংক্ষেপে- Noun+ ly= Adjective, যেমন: brother+ ly= Brotherly (Adjective) আর Adjective+ ly= Adverb, যেমন: beautiful+ ly= beautifully (Adverb)

Noun	Adjective	Noun	Adjective	Noun	Adjective
Father	**Fatherly(পিতৃসুলভ)**	Man	**Manly(পুরুষালি)**	Mother	**Motherly(মাতৃসুলভ)**
Month	**Monthly(মাসিক)**	King	**Kingly(রাজকীয়)**	Year	**Yearly(বাৎসরিক)**
God	**Godly(ঈশ্বরপ্রেমী)**	Brother	**Brotherly(ভ্রাতৃসুলভ)**	Friend	**Friendly(বন্ধুসুলভ)**
Home	**Homely(সাদাসিধা)**	Coward	**Cowardly(ভীরু)**	Week	**Weekly(সাপ্তাহিক)**
World	**Worldly(পার্থিব)**	Time	**Timely(সময়োচিত)**	Scholar	**Scholarly(বিদ্যানুরাগী)**
Heaven	**Heavenly(স্বর্গীয়)**	Miser	**Miserly(কৃপণ/ব্যয়কুণ্ঠ)**		

18. **The word "friendly" is-** *[রাঃবিঃ (A_3) ১২-১৩]*
19. **The word "Homely" is-** *[Medical. ১৩-১৪]*
20. **The word "manly" (পুরুষালী/ পুরুষ সংক্রান্ত/ পৌরুষপূর্ণ) is-** *[চঃবিঃ (A) ০৬-০৭]*

ⓐ a noun ⓑ a verb
ⓒ an adjective ⓓ an adverb ***Ans:c***

21. **The adjective of the word "mother" is-** *[N.U. 06-07, রাঃবিঃ D- অবাণিজ্য) ১১-১২,জঃবিঃ (B) ১২-১৩]*

ⓐ motherly ⓑ motherhood ***Ans:a***
ⓒ mothering ⓓ mother-in-law

22. **Which is the adjective form of "Heaven-স্বর্গ"?** *[জাঃবিঃ ২০১৮-১৯ জি ইউনিট (ব্যবসায় প্রশাসন), বিশেষ শিক্ষক নিবন্ধন (এবতেদায়ী প্রধান, জুনিয়র শিক্ষক ও কারী) পরীক্ষা-১০]*

ⓐ Heavenness ⓑ Heavinity
ⓒ Heavenly ⓓ Heavned ***Ans:c***

সমজাতীয় আরো উদাহরণ

23. **Which parts of speech is "homely"?** *[বাংলাদেশ রেলওয়ের উপসহকারী প্রকৌশলী (সিভিল) ২০১৬]*

ⓐ Noun ⓑ Adjective
ⓒ verb ⓓ Adverb ***Ans:b***

Topic-04: ly যুক্ত Adjective (Friendly, motherly etc.) এর Adverb করার নিয়ম কি?

ly যুক্ত Adjective এর Adverb করার নিয়ম: এরূপ noun হতে উৎপত্তি ly যুক্ত adjective গুলোকে adverb করতে হলে (in a---way/manner) phrase ব্যবহার করতে হয়। যেমন: in a friendly way, in a motherly way/manner etc.। সুতরাং মনে রাখবেন শুধু Friend-Noun, Friendly-Adj., in a friendly way- Adv. এরূপ নিচের টেবিল দেখুন-

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

Noun	Adjective	Adverb		Noun	Adjective	Adverb
Father	**Fatherly**	in a fatherly way		Home	**Homely**	in a homely manner
Month	**Monthly**	in a monthly way		Time	**Timely**	in a timely manner
Coward	Cowardly	in a Cowardly way				

24. **Choose the correct sentence.** *[অগ্রণী ব্যাংক লি. সিনিয়র অফিসার-১৭]*

ⓐ He acted in a cowardly manner.
ⓑ He acted coward manner.
ⓒ He acted in cowardly.
ⓓ He acted in coward manner. ***Ans:a***

ব্যাখ্যা: বাক্যের main verb (act) তাই এরপর adverb হিসেবে in a Cowardly way হবে।

25. **Which is not used as an adverb?** *[ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় (সহকারী প্রোগ্রামার)-১৭]*

ⓐ Friendly ⓑ Traditionally
ⓒ similarly ⓓ obviously ***Ans:a***

26. **Identify the correct sentence. (সে আমার সাথে বন্ধুর মত/বন্ধুত্বপূর্ণভাবে ব্যবহার করে)** *[রাঃবিঃ (D) ১০-১১]*

ⓐ She behaved with me friendly. ***Ans:b***
ⓑ She behaved with me in a friendly way.
ⓒ She behaved with me in friendly way.
ⓓ She behaved with me friendly way.

ব্যাখ্যা: Main verb + object+ adverb বসে তাই adverb হিসেবে in a friendly way হবে।

প্রশ্ন-০৫: Adverb এর শ্রেণী বিভাগগুলো কি কি? বর্ণনা দাও?

1. Adverb of Manner: বাক্যের main verb কে 'how' দ্বারা প্রশ্ন করে যে উত্তর পাওয়া যায় তাই Adverb of manner মূলত (adj.+ ly) যুক্ত adv. গুলোই Adv. of manner- যেমন: badly, sadly, bravely (সাহসিক ভাবে), slowly, softly, well, locally etc. **Example**: Joynal reads clearly. (How read).

2. Adverb of Place: বাক্যের Main verb কে 'where' দ্বারা প্রশ্ন করে যে উত্তর পাওয়া যায় তাই Adverb of place। যেমন: Here, there (এখানে), hither (এখানে), thither (সেখানে), near, in, out, up, above, below, inside, outside, home, এছাড়াও সকল place এর নাম সমূহ যেমন: Dhaka, Rajshahi ইত্যাদি। যেমন: **He lived in home.**(where did he live?)

বিশেষ সতর্ক থাকবেন: বাক্য ছাড়া সাধারণভাবে প্রশ্ন করলে Dhaka, Rajshahi ইত্যাদি স্থানের নাম গুলো Noun।

27. What time did he get home last night? Here "home" is a/an *[রাগ্রবিঃ (A) বিজোড় ১৫-১৬, ✪ হুবহু কমন প্রশ্নঃ পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা - ১৯]*

ⓐ verb ⓑ adverb
ⓒ noun ⓓ preposition ***Ans:b***

ব্যাখ্যাঃ বাক্যের মূল verb কে where দ্বারা প্রশ্ন করে (গত রাতে কোথায় গিয়েছিলো) এর উত্তর হবে home: আমরা জানি where দ্বারা প্রশ্নের উত্তর adverb: সুতরাং উত্তর- b [এখানে get= যাওয়া/ পৌঁছানো]

28. ---are you going? *[কৃষি অধিদপ্তরের উপ-সহকারী কৃষি কর্মকর্তা :১১]*

ⓐ What ⓑ Who
ⓒ Where ⓓ Which ***Ans:c***

29. Come on, it's time to go <u>home</u>. Here 'home' is a/an- *[জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা-১৬]*

ⓐ verb ⓑ adverb
ⓒ noun ⓓ preposition ***Ans:b***

3. Adverb of Time: বাক্যের Main verb কে 'when/how long' দ্বারা প্রশ্নের Ans. টি Adverb of time. যেমনঃ Yesterday, now, today, already, someday, **Sometimes**(মাঝে মাঝে), sometime(কোন এক সময়), tomorrow, **long,** before, after, ago, late, daily, Just now ইত্যাদি। **Example**: Binoy will come <u>late</u> (when will come) উত্তর হলো late/দেরিতে যা Adverb of time।

30. Which one of the following is an adverb? *[প্রাথমিক সহকারী শিক্ষক ২০১৮ (স্থগিত ২০১৮) ২০ জেলা]*

ⓐ someone ⓑ somebody
ⓒ someday ⓓ something ***Ans:c***

31. I spent --- with my grandfather. *[পরিসংখ্যান ব্যুরোর ডাটা এন্ট্রি অপারেটর: ১৬]*

ⓐ sometimes ⓑ some time
ⓒ sometime ⓓ some times ***Ans:b***

Tips: কিছু সময় বুঝাতে some time বসে। কোন এক সময় বুঝাতে sometime বসে। sometimes- মাঝে মাঝে; some times- এটি সাধারণতভাবে ভুল; **সতর্কতাঃ** অনেক বইতে এই প্রশ্নের উত্তর ভুল আছে তাই সাবধান।

32. Upoma came here late. Here 'late' is- *[১৪তম শিক্ষক নিবন্ধন ও প্রত্যায়ন পরীক্ষা [স্কুল/সমপর্যায়] -২০১৭]*

ⓐ adjective ⓑ adverb
ⓒ verb ⓓ noun ***Ans:b***

ব্যাখ্যাঃ প্রশ্নোক্ত বাক্যে late শব্দটি verb 'come' কে modify করছে। Adverb বাক্যের verb কে modify করে। সুতরাং late একটি adverb।

33. He became rich <u>overnight</u>' The underlined word is--- *[জগ্রবিঃ (B) ১৭-১৮, ✪ কমন প্রশ্নঃ শিক্ষা মন্ত্রণা. শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের সহকারী প্রকৌশলী (পুর) - ১৯]*

ⓐ a noun ⓑ an adjective
ⓒ an adverb ⓓ preposition ***Ans:c***

Our Facebook Page: যুক্ত হতে ক্লিক করুন।
https://www.facebook.com/expertalim

34. Which part of speech 'perhaps' is? *[রাগ্রবিঃ (E_2) ১৭-১৮, (A-Even) ১৩-১৪]*

ⓐ adverb ⓑ conjunction
ⓒ adjective ⓓ preposition ***Ans:a***

ব্যাখ্যাঃ Perhaps শব্দের অর্থ সম্ভবত যা সম্পূর্ণ বাক্যকে modify করে, তাই এটি Adverb; যেমনঃ Perhaps, He will come. বাক্যে perhaps শব্দটি বাক্যকে modify করে, তাই এটি Adverb;

35. Which one of the following is an adverb? *[পিএসসি'র সহকারী পরিচালক-১৬]*

ⓐ somebody ⓑ something
ⓒ someone ⓓ sometime ***Ans:d***

ব্যাখ্যাঃ sometime হলো adverb of time আর বাকিগুলো pronoun

36. 'Sometimes reports are misleading' here 'sometimes' is- *[রাগ্রবিঃ (E_1) ১৭-১৮, থানা শিক্ষা অফিসার-০৪]*

ⓐ an adverb ⓑ a pronoun
ⓒ a noun ⓓ an adjective ***Ans:a***

ব্যাখ্যাঃ বাক্যে sometimes শব্দের অর্থ মাঝে মাঝে যা সময়বাচক Adverb;

37. I have returned <u>just now</u>. Here the underlined words function as --- *[স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্তণালয়ের উপ-সহকারী প্রকৌশলরী- ১৯]*

ⓐ preposition ⓑ adverb
ⓒ adjective ⓓ conjunction ***Ans:b***

4. Adverb of Down toner/ Negative Adverb:- [Hardly, barely, rarely, scarcely, Seldom, few, little, bit, never, never again, not once, not until, not only, no sooner ইত্যাদি] এই Adverb গুলো Main verb এর গুরত্ব কমিয়ে দেয়। তাই এদেরকে Negative Adverb বলে।

Negative Adverb এর ব্যবহার: বাক্যে এরূপ Negative Adverb গুলো বাংলা অর্থ হয়- কদাচিৎ/ নেই বললেই চলে/ খুব কম/ অল্পকিছু, ইত্যাদি। এরূপ Negative Adverb যুক্ত বাক্যে আলাদা করে no/not/never ব্যবহার করা যাবে না। কারণ এরা নিজেরাই negative word। **যেমন:** I can (~~not~~) hardly see it. (আমি এটা দেখতে পারিনা বললেই চলে)। তাই এই বাক্যে not বসালে ভুল হবে। ***মনে রাখবেন একই বাড়ীতে যেমন ২ সতীন থাকতে পারেনা তেমনি একটি ইংরেজি বাক্যে ২টি/২বার negative শব্দ বসে না।***

38. It hardly rains here. here 'hardly' can be replaced by: *[রাঙ্গবিঃ (J) ১৭-১৮, ✪ হুবহু কমন প্রশ্ন: প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (৪র্থ ধাপ) ১৯, সেট নম্বর: ৩৬৯৭]*

ⓐ heavily ⓑ often
ⓒ frequently ⓓ scarcely **Ans:d**

39. "তিনি কদাচিৎ মিথ্যা বলেন" which is the correct English translation? *[মেডিকেল ভর্তি পরীক্ষা ১৬-১৭]*

ⓐ He sometimes tells a lie.
ⓑ He seldom tells a lie.
ⓒ Somewhat he tells a lie.
ⓓ He tells a lie sometimes. **Ans:b**

ব্যাখ্যা: কদাচিৎ- শব্দের ইংরেজি- Seldom তাই সঠিক উত্তর-b

40. I hardly go out after dusk. The correct Bangla translation is- *[৭ম কলেজ/ সমপর্যায় নিবন্ধন-১১]*

ⓐ আমি সন্ধ্যার পরে কদাচিৎ বাইরে যাই।
ⓑ আমি সন্ধ্যার পর পরেই বাইরে যাই।
ⓒ আমি সন্ধ্যারপরে প্রায়ই বাইরে যাই।
ⓓ আমি সন্ধ্যার পরে মোটেও বাইরে যাই না। **Ans:a**

41. I --- go out after dusk. (আমি সন্ধ্যার পরে কদাচিৎ বাইরে যাই) *[খুলনাবিঃ (বিজ্ঞান স্কুল) ১১-১২]*

ⓐ hardly ⓑ lately
ⓒ shortly ⓓ early **Ans:a**

5. Adverb of Order: এরা verb এর ক্রম বা order (শৃঙ্খলা) নির্দেশ করে। যেমন, First, Firstly (প্রথমে), Second, Secondly (তারপর/২য়ত), Lastly (সবার শেষে) etc. **যেমন**: Firstly I have to collect money.

6. Adverb of Frequency: এরা verb এর গুণবাচক সংখ্যা প্রকাশ করে করে। যেমন, once, twice thrice(তিনগুণ) ইত্যাদি। যেমন: Poor people usually take meal twice.(গরীবেরা সচরাচর দুবেলা আহার করে)

42. Poor people usually take meal twice. (গরীব লোকেরা সচরাচর দুবেলা আহার করে)

ⓐ Adverb of degree *[রাঙ্গবিঃ (ভূগোল) ০৬-০৭]*
ⓑ Adverb of frequency ⓒ Adverb of time
ⓓ Adverb of reason **Ans:b**

43. He stood first. Here 'first' is- *[স্বাস্থ্য মন্ত্রণালয়ের উপসহকারী প্রকৌশলী (সিভিল)-১৬]* **Ans:d**

ⓐ adverb of time ⓑ adverb of place
ⓒ adverb of cause ⓓ adverb of order

7: Relative Adverb: How(কিভাবে), where(কোথায়)), when(কখন), why(কেন) এগুলো যখন কোন verb-কে modify করে আবার একই সাথে বাক্যের দুটি অংশ বা (Clause)-কে যুক্ত (Relate) করে তখন এদেরকে Relative adverb বলে। যেমন: I know the style how you work. Rony likes the place where he went last night.

চেনার কৌশল: বাক্যে পূর্বপদ সময়বাচক শব্দ + when, স্থানবাচক শব্দ + where, কারণবাচক শব্দ(reason) + why, এভাবে পাশাপাশি একসাথে থাকলে where, when, why এদেরকে Relative Adverb বলে। পাঠক: Relative Pronoun, Relative Adjective, Relative Adverb এর পার্থক্য দেখুন ভিডিওতে- অথবা Pronoun অধ্যায়ে-

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

44. I would like to live in place --- is plenty of sunrise. *[চত্রবিঃ (ডি,) ইউনিট): ১৬-১৭]*

ⓐ where there ⓑ where
ⓒ wherever ⓓ which ***Ans:a***

ব্যাখ্যাঃ where এর পরবর্তী অংশে subject দরকার বিধায় উত্তর-a;

45. There are many reasons --- people make friends. *[বত্রবিঃ (Unit-B) : ১৪-১৫]*

ⓐ why ⓑ for
ⓒ as ⓓ although ***Ans:a***

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

Topic-06: Late, hard, fast এগুলো কি শুধুই adverb !

Late, hard, fast এর সমস্যা সমাধান:

Hard(কঠিন বুঝাতে adj.): Mathmetics is a hard subject. (গণিত একটা কঠিন বিষয়)
Hard(কঠিনভাবে বুঝাতে adv.): He works hard. (সে কঠোরভাবে কাজ করে)
Hardly(কদাচিৎ/খুব কমই বুঝাতে adv.): He hardly speaks in English. (সে খুব কমই ইংরেজিতে কথা বলে)
Late(দেরিতে বুঝাতে adv.): He learned to read and write quite late in his life. [late= দেরিতে]
Lately(সম্প্রতি বুঝাতে adv.): Lately My new book has been published. [Lately = সম্প্রতি]
Fast(দ্রুত বুঝাতে adj./ দ্রুতভাবে বুঝাতে adv./ **Fastly**-এটি ভুল শব্দ): He is a fast boy. He ran fast.
Firstly(প্রথমত বুঝাতে adv.): Firstly He came to my room and then take my money.

46. He learned to read and write quite --- in his life. *[চাত্রবিঃ (B) ০৬-০৭, (A) ১৬-১৭]*

ⓐ lately ⓑ late
ⓒ latest ⓓ latter ***Ans:b***

বাংলা অর্থঃ সে তার জীবনে অনেক দেরিতে পড়তে ও লিখতে শিখেছে।

47. I have worked very hard lately. In this sentence 'lately' is- *[✪ এই নিয়মে হুবহু কমন প্রশ্নঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (WASA)-এর উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) ২০১৯]*

ⓐ Noun ⓑ Adverb
ⓒ preposition ⓓ Adjective ***Ans:b***

48. Choose the right sentence- *[স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধিনে আনসার ও ভিডিপি অধিদপ্তরের সারর্কেল অ্যাডজুটেন্ট: ০৫]*

ⓐ He came lately today.
ⓑ He came in late today.
ⓒ He came by late today.
ⓓ He came late today. ***Ans:d***

49. As he accepted the offer ---, I had nothing to do. *[রেলওয়ে সহকারী কমার্ডেন্ট-০৭]*

ⓐ lately ⓑ latest
ⓒ late ⓓ lateness ***Ans:c***

ব্যাখ্যাঃ যেহেতু সে প্রস্তাবটি দেরিতে গ্রহণ করেছিলো তাই আমার কিছুই করার নাই।

Our Youtube Channel: যুক্ত হতে ক্লিক করুন
https://www.youtube.com/c/ExpertEnglish

Topic-07: Order/Serial of Adverb/MPT কি? উদাহরণসহ ব্যাখ্যা করুন।

Order/Serial of Adverb/MPT: Adverb (M...P…T) order/Serial মেনে চলে,
অর্থাৎ একই বাক্যে adverb of manner*, adverb of place* ও adverb of time*-
থাকলে ১ম এ adverb of manner তারপর adverb of place, এবং অবশেষে adverb of time বসে।
যেমনঃ The boy works carefully(M) in the field(P) everyday(T). Everyday he works in the field.

Note: Time adverb গুলো বাক্যের শুরুতেও বসতে পারে। যেমন: Everyday he works in the field.

*Adverb of manner: বাক্যের main verb কে how দ্বারা প্রশ্ন করে যে উত্তর পাওয়া যায় তা adverb of manner।
*Adverb of place: বাক্যের main verb কে where দ্বারা প্রশ্ন করে যে উত্তর পাওয়া যায় তা adverb of place।
*Adverb of time: বাক্যের main verb কে when দ্বারা প্রশ্ন করে যে উত্তর পাওয়া যায় তা adverb of time।

50. Sometimes reports are misleading. In this sentence "sometimes" is- *[থানা শিক্ষা অফিঃ-০৪]*

ⓐ noun ⓑ pronoun
ⓒ adverb ⓓ adjective ***Ans:c***

51. After the funeral, the residents of the apartment building -----. *[CLIFFS TOEFL, p-324]*
(কুলখানির পর ভবনের অধিবাসিরা, বিশ্বাসের সাথে প্রত্যেক সপ্তাহে সমাধিতে ফুল দিত)

ⓐ sent faithfully flowers all weeks to the cemetery.
ⓑ sent to the cemetery each week flowers faithfully.
ⓒ sent flowers faithfully to the cemetery each week.
ⓓ sent each week faithfully to the cemetery flowers.
Ans:c

ব্যাখ্যা: Modifier sequence- এর সমস্যা। sentence-এ Modifier/adverb- এর sequence হবে modifier of manner, modifier of place এবং শেষে modifier of time. কাজেই সঠিক উত্তর- C

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

Topic-08: Too…..to যুক্ত অংশে too adverb এর ব্যবহার আলোচনা করুন।

Use of (Too--to)- শুন্যস্থানের পর {--Adjective/ Adverb + Infinitive$_{(to+v1)}$} থাকলে শুন্যস্থানে too বসে। গঠন: Subject + verb + ----+too + adj./adverb+ to+ v_{1--} এরূপ বাক্য সর্বদা negative অর্থ দেয়। বাংলায় (এত/এতই---যে---পারে না) এরূপ অর্থ দেয়।
যেমন: He is too weak to walk. (সে এতই দুর্বল যে হাঁটতে পারে না) এরূপ আরো MCQ নিচে দেখুন-

52. Her fever is --- to ignore. (তার জ্বর এত বেশি যে অবহেলা করা যায় না**)** *[অগ্রণী ব্যাংক (সিরিয়র অফিসার) বাতিল-১৭, খুঃবিঃ ০৭-০৮, চঃবিঃ (B_1) ১২-১৩, বেসাম. বিমান কর্তৃ. (ফায়ার লিডার) ১১ সেপ্টে. ২১]*

ⓐ too much high ⓑ so high ***Ans:c***
ⓒ too high ⓓ high too much

ব্যাখ্যা: a ভুল কারণ too দ্বারা এমনিতেই জোড় প্রদান করা বুঝায় তাই much দরকার নেই।

53. He is --- weak to walk. *[ন্যাশনাল ক্যাডেট কোর অধি. (অফিস সহ.) ৫ মার্চ ২১]*

ⓐ to ⓑ of
ⓒ too ⓓ by ***Ans:c***

54. Some people are too selfish --- consider the needs of others. *[জঃবিঃ (ইউনিট-বি): ১৬-১৭]*

ⓐ for ⓑ without
ⓒ to ⓓ into ***Ans:c***

55. English language is not --- difficult to understand. *[উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা-১৬]*

ⓐ as ⓑ so
ⓒ very ⓓ too ***Ans:d***

56. Choose the correct sentence: *[রাঃ বিঃ (E) বিজোড় ১৫-১৬]* **(**সে এতই গুরুত্বপূর্ণ লোক যে কোন দেরি সহ্য করতে পারে না**)** ***Ans:d***

ⓐ He is too important for tolerating any delay.
ⓑ He is too important at tolerating any delay.
ⓒ He is too important with tolerating any delay.
ⓓ He is too important to tolerate any delay.

57. You were --- make such a silly mistake.
[স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে কারা তত্ত্বাবধায়ক-০৫]

ⓐ too foolish to ⓑ to wise to ***Ans:d***
ⓒ to rash to ⓓ too intelligent to

সতর্কতা: অপশন a হবে না কারণ এটিতে অর্থগত সামঞ্জস্য হবে না। অর্থাৎ কেউ বোকা হলেই ভুল করবে আর বুদ্ধিমান হলে ভুল করবে না। তাই অপশন d দ্বারা অর্থ: তুমি এতটাই বুদ্ধিমান যে এমন ছোট ভুল করতে না।

58. Choose the correct sentence: [প্রায় কাছাকাছি অপশন ছিলো] ***[✪ এই নিয়মে হুবহু কমন:রাঃবিঃ (a) ১৯-২০, G-1, প্রাক-প্রাথঃ বি: সহ: শিক্ষক :১৩/ প্রাঃবিঃসহঃ শিক্ষক : ১২]***

ⓐ He was so clever to miss the point. ***Ans:c***
ⓑ He was too clever not to miss the point.
ⓒ He was too clever to miss the point.
ⓓ He was too clever to grasp the point.

সতর্কতা: a) ভুল কারণ so --- to হয় না; b) ভুল কারণ too--- to যুক্ত বাক্য এমনিতেই negative তাই অতিরিক্ত not দরকার নেই। d) অর্থ দেখুন: সে এতই চালাক ছিলো যে বিষয়টি ধরতেই পারে না; এটি ভুল কারণ অর্থ সামঞ্জস্য নয়। আসলে যে চালাক সে বিষয়টি ধরতে পারবে। এতএব উত্তর-c; অর্থ: সে এতই চালাক ছিলো যে বিষয়টি মিস করে না।

59. The boy is --- answer the question. ***[১৩ তম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল পর্যায়-২) ১৬]***

ⓐ to dull too ⓑ too dull to
ⓒ to dull to ⓓ to very dull. ***Ans:b***

ব্যাখ্যা: Structure- subject + verb + too + adjective + to + V_1 + extension.

60. Choose the correct sentence. *[পল্লী উন্নয়ন বোর্ডের মাঠ সংগঠক-১৩, জগ্নবিঃ (D) ১৭-১৮]*

ⓐ I am very busy to talk to you.
ⓑ I am very much busy to talk to you.
ⓒ I am so busy to talk to you.
ⓓ I am too busy to talk to you. ***Ans:d***

61. Don't worry. English Grammar is not ---to understand. (ইংরেজি গ্রামার এত কঠিন নয় যে আমরা বুঝতে পারব না) *[13th BCS, পাসপোর্ট ও ইমিগ্রেশনের সহকারী পরিচালক-০৫, জাতীয় সংসদে প্রশাসনিক কর্মকর্তা-০৬]*

ⓐ so difficult ⓑ too difficult ***Ans:b***
ⓒ very difficult ⓓ difficult enough

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

Topic-09: So.....that যুক্ত অংশে so adverb এর ব্যবহার আলোচনা করুন।

Use of (so---that)- -----Adjective /Adverb + that এর পূর্বে শুন্যস্থানে থাকলে শুন্যস্থানে so বসে। আবার so ----- that থাকলে শুন্যস্থানে Adjective/ Adverb বসে। এরূপ বাক্যে negative/ affirmative উভয় অর্থ দিতে পারে। বাংলায় (----- তাই ----পারে/পারে না) এরূপ অর্থ দেয়। **গঠন:** Subject +verb-----+ so + adjective /Adverb + that+ Subject + verb---- **যেমন:** He is so weak that he cannot walk. (সে অনেক দুর্বল তাই হাঁটতে পারে না) উল্লেখ্য- বাক্যে linking verb/ be verb থাকলে so এর পর adjective এবং Main verb থাকলে so এর পর Adverb বসে]

62. Preparing frozen food is --- that anyone can do it. *[পাগ্নবিঃপগ্নবিঃ C, ১২-১৩]*

ⓐ too easy ⓑ much easy
ⓒ so easy ⓓ very easy ***Ans:c***

বাংলা অর্থ: হিমায়িত খাবার তৈরি করা অনেক সহজ তাই যে কেউ এটা করতে পারে।

63. The continental United States is --- that there are four time zones. *[BARRON'S TOEFL, p-365]*

ⓐ much big ⓑ too big
ⓒ so big ⓓ very big ***Ans:c***

বাংলা অর্থ: মহাদেশীয় যুক্তরাষ্ট্র অনেক বড় তাই এখানে চারটি সময়বাচক অঞ্চল করা হয়েছে।

Topic-10: Enough এর ব্যবহার কি কি ভাবে হতে পারে? [ইহা কখন adjective, কখন adverb হয়?]

Enough যখন adjective হয়: গঠন: enough + noun *(E+N) হয়।* যেমন: I have no enough money.
Enough যখন adverb হয়: গঠন: Adj./Adv. + enough *(A+E) হয়।* যেমন: She is beautiful enough.

✠ ✠ **সংক্ষেপে বলা যায়:** enough বসে- adj./Adverb এর পরে এবং noun এর পূর্বে;
✠ ✠ **সুতরাং এভাবে শর্টকাটে মনে রাখুন:** *(A+E)* এবং *(E+N) আরো সংক্ষেপে* {A→E←N}
✠ ✠ **মনে রাখা জরুরি যে:** Enough এর সাথে কখনো as, so, the, ly, yet যোগ হবে না।
✠ ✠ **জেনে রাখা ভাল:** Time শব্দটি enough এর আগে/পরে যেকোন স্থানে বসতে পারে।

64. Seventeen years old is not --- to vote in an election. *[NBR এর সহকারী রাজস্ব কর্মকর্তা-১৫, রাগ্নবিঃ (রাষ্ট্রবিজ্ঞান) ০৪-০৫, ০৯-১০, (আইন) ০৭-০৮ , চগ্নবিঃ (E-Law) ১২-১৩, বগ্নবিঃ (খ) ১৫-১৬]*

ⓐ old enough ⓑ as old enough
ⓒ enough old ⓓ enough old as ***Ans:a***

65. He/It was wise enough to accept the office. Here 'enough' is- *[সার্কেল অ্যাডজুটেন্ট-১৫, মেডিঃ ১৮-১৯, পল্লী উন্ন. ও সম. বিভাগের ১টি বাড়ি ১টি খা. প্রকল্পে উপঃ সমন্বয়কারী-১৭]*

ⓐ adjective ⓑ verb
ⓒ adverb ⓓ conjunction ***Ans:c***

ব্যাখ্যা: বাক্যগুলোতে enough শব্দটি adjective "well/ wise" কে modify করছে বিধায় enough শব্দটি adv.

66. Which of the following is incorrect?

ⓐ We haven't got enough milk. *[NU (মানবিক) ১৩-১৪]*
ⓑ I did not study enough hard.
ⓒ Is your coffee hot enough?
ⓓ She did not have enough interest. ***Ans:b***

67. When your body does not get ---, it does not make the glucose it needs. *[চাগ্নবিঃ (C) ০৪-০৫, BARRON'S TOEFL, P-169]*

ⓐ food as enough ⓑ food enoughly
ⓒ enough the food ⓓ enough food ***Ans:d***

ব্যাখ্যা: noun এর আগে enough বসে বিধায় food এর আগে enough বসেছে।

68. **The load is light enough -------.** *[পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা অধি. পরিসংখ্যান কর্মকর্তা -১৭]*

ⓐ to carry ⓑ to measure
ⓒ to handle ⓓ to feel ***Ans:a***

69. **She is rich --- to buy a house.** (সে একটি বাড়ি কেনার মত যথেষ্ঠ ধনি) *[হাঃমোঃদাগুবিঃপ্রগুবিঃ C, ১১-১২]*

ⓐ for ⓑ enough
ⓒ so ⓓ about ***Ans:b***

70. **Rahim did not get admission because he ---.** *[ঢাগুবিঃ (C) ০৭-০৮]*

ⓐ did not enough study
ⓑ had not enough study
ⓒ did not study enough
ⓓ had not have studied enough ***Ans:d***

71. **Computers that once took place up entire rooms are now --- to put on desktops and into wristwatches.** *[ঢাগুবিঃ (D) ০৯-১০]*

ⓐ small enough ⓑ smaller than
ⓒ as small as ⓓ so small ***Ans:a***

☑ **Advanced Learning:** উপরের নিয়ম ঠিক রেখে Adj./Adv.+ enough এর পর infinitive (to +v_1) ----- হয়। গঠন: Enough + to + V1— যেমন: She is rich enough to buy a house. ও আর একটি নিয়ম হলো Main verb এর পর সরাসরি enough বসলে সেটি Adverb হয়। যেমন: He studied enough.

Topic-11: Position/Identification of adverb in a Sentence? বাক্যে Adverb এর অবস্থান কি?

Position/Identification of adverb: বাক্যের বিভিন্ন অবস্থানে Adverb বসতে পারে। নিচের আলোচিত সব উপায়গুলো প্রমাণ করতে চাইলে আপনি সকল গঠনের Main verb কে how/ where/ when/ why দ্বারা প্রশ্ন করে উত্তর হিসেবে Adverb খুঁজে পেতে পারেন।

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

উপায়-1: Main verb/action verb এর পরে adverb বসে। (Main verb এর অপর নাম Action verb)

গঠন-1: Subject + main verb + adverb+ extension. যেমন: I know better. People like him little.

গঠন-2: Sub+ main verb+ object+ adverb+ extension. যেমন: He works **hard** all day round. The child sat **mute** in the corner of the park.

✡✡✡✡ আমরা সবাই বুঝি এই অংশে প্রায় সব প্রশ্নের উত্তর Adverb হবে। তাই উত্তর করা বড় কাজ নয় বরং কিভাবে উত্তর adverb হলো/হয়???? এই ব্যাপারটি বুঝে বুঝে পড়াই আসল কাজ। তাই বুঝে বুঝে পড়ুন-✡✡✡✡

72. **The underlined words -**
→The sun went down. *[৩৮তম বিসিএস]*
→Don't aim too high. *[মাঃভাগুবিঃপ্রগুবিঃ (D) ১৬-১৭]*
→He drives zigzag on the way. Here 'zigzag' is –(আঁকাবাঁকা) *[বঃশেঃমুঃগুবিঃপ্রগুবিঃ (F) ১৬-১৭]*

ⓐ a noun ⓑ an adjective
ⓒ a verb ⓓ an adverb ***Ans:d***

73. **Man cannot live alone. (মানুষ একা বাস করতে পারে না) alone is-** *[প্রাক-প্রাথমিক সহ. শিক্ষক (ডেলটা)-১৪, খাদ্য পরিদর্শক-৯৬, জাগুবিঃ (দর্শন) ০৯-১০]*

ⓐ verb ⓑ adjective
ⓒ adverb ⓓ conjunction ***Ans:c***

74. **She looks very beautiful. Here 'very' is ---** *[বিভিন্ন মন্ত্রণালয়ের/বিভাগের প্রশাসনিক কর্মকর্তা -১৯]*

ⓐ adjective ⓑ verb
ⓒ pronoun ⓓ adverb ***Ans:d***

75. **The programme was broadcast live. Here 'live' Is** *[রাগুবিঃ (সি) (সেট:৩), ১৯-২০]*

76. **We live upstairs. Here 'upstairs' is a/an:** *[রাগুবিঃ (ক) (গ্রুপ-২) ১৯-২০]*

77. **He runs/ walks fast. (সে দ্রুত দৌড়ায়) The underlined word is-** *[বেঃরোগুবিঃ (A) ১২-১৩, ইগুবিঃ ০৩-০৪, সোনালী ব্যাংক অফিসার (ক্যাশ)-১৪, হিসাবরক্ষণ কর্মকর্তা (ডাক ও টেলিযোগাযোগ)-০৩, বেঃরোগুবিঃ (A) ১২-১৩]*

ⓐ verb ⓑ adjective
ⓒ adverb ⓓ conjunction ***Ans:c***

78. **The program was telecast live. What parts of speech is "live"?** *[গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)-১১, পাগুবিঃপ্রগুবিঃ (A_1) ১৫-১৬]*

ⓐ noun ⓑ verb
ⓒ adjective ⓓ adverb ***Ans:d***

79. Choose the correct option. Although he was ----, he smiled ----. *[খুলনাবিঃ ২০১৮-১৯ ইউনিট A]*

ⓐ annoying, friendly
ⓑ angry, friendly [যদিও সে বিরক্ত ছিল, তবুও আমার
ⓒ angry, annoyed সাথে বন্ধুর মত হেসেছিল]
ⓓ annoyed, in a friendly way ***Ans:d***

ব্যাখ্যা: was একটি be verb তথা linking verb যার পর adjective বসে এবং smile একটি main verb যার পর adverb বসে। তাই উত্তর: d। মনে রেখ smile-হাসা (main verb) আর smell- ঘ্রাণ নেওয়া (linking verb)

80. Although he felt very ---, he smiled ---. *[ঢাগ্রবিঃ (B) ০৩-০৪, নোগ্রবিঃপ্রগ্রবিঃ (D) ১৩-১৪]*

ⓐ angrily, friendly
ⓑ angry, friendly
ⓒ angry, friendly way
ⓓ angry, in a friendly way ***Ans:d***

ব্যাখ্যা: felt + adv. + adj. বসে তাই (angry) আর smile + adv. বসে তাই in a friendly way উত্তর।

81. The boy writes well. here 'well' is a/an- *[৯ম বেসরকারী শিক্ষক নিবন্ধন-১৩]*

82. In my opinion, she should have resigned <u>earlier</u>. The word is a/an- *[✪ হুবহু কমন প্রশ্ন: রাগ্রবিঃ (সি) (সেট:৩), ১৯-২০, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের টেক্সটাইল ইনস্টিউট ও টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজের ইনস্ট্রাক্টর (ডিটিআই) - ১৮]*

ⓐ Adjective ⓑ adverb
ⓒ verb ⓓ noun ***Ans:b***

83. His grades have improved, but only ---. *[ঢাগ্রবিঃ (D) ০৪-০৫, ১২-১৩, রাগ্রবিঃ (মার্কেটিং) ০৪-০৫]*

ⓐ Minimum ⓑ very slightly ***Ans:b***
ⓒ some ⓓ in a small amount

Source: Cliffs TOEFL Page No-356

ব্যাখ্যা: তার মান (very slightly) খুব কমই বৃদ্ধি পেয়েছে।

84. The underlined words-

→**The bird flies <u>swiftly</u>.** *[রাগ্রবিঃ (E, জিড়) ১৬-১৭]*
→**He started <u>early</u>.** *[৮ম বিজেএস (সহকারী জজ)-১৩]*
→**He did not want to arrive late.** *[খুবি(A)১৩-১৪]*
→**The flight arrived <u>late</u>.** *[রাগ্রবিঃ (B) ১৬-১৭, বঃশেঃমুঃরগ্রবিঃপ্রগ্রবিঃ (F) ১৭-১৮]*

ⓐ preposition ⓑ conjunction
ⓒ adjective ⓓ adverb ***Ans:d***

85. In the sentence "I know <u>better</u>", the word "better" is a/an- *[রাগ্রবিঃ (E) ১১-১২,বাংলাদেশ কৃষি ব্যাংকের সুপারভাইজার-১২, BRDB এর পল্লী উন্নয়ন কর্মকর্তা-১৩, ✪ হুবহু কমন প্রশ্ন: সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক - ১৯]*

ⓐ adjective ⓑ noun
ⓒ adverb ⓓ preposition ***Ans:c***

86. Which underlined word is an adverb? *[রাকাব (কোষাধ্যক্ষ)-১৫, ইস. ব্যাংক (সহ: ট্রেইনি অফি., ক্যাশ)-১৭]*

ⓐ This house is <u>fine</u>.
ⓑ This shirt suits me <u>fine</u>.(এই জামা আমাকে ভালো মানায়)
ⓒ The bottle has to be <u>fine</u>.
ⓓ He had to play a <u>fine</u>. ***Ans:b***

ব্যাখ্যা: অপশন A ও C তে fine হচ্ছে adj. কারণ be/is এর পর Adj. হয়। অপশন B তে verb কে modify কারী word হিসেবে fine শব্দটি adv., আর অপশন D তে article + noun হয় বিধায় এখানে fine noun।

87. The underlined word is- I have done the work <u>well</u>. (আমি কাজটি ভালভাবে কাজ করেছি) *[হাগ্রবিঃপগ্রবিঃ (B) ১২-১৩]*

ⓐ conjunction ⓑ adjective
ⓒ adverb ⓓ preposition ***Ans:c***

88. 'Please do not look <u>back</u>. (পিছনে তাকিও না) the underlined word is- *[হাঃদাগ্রবিঃপ্রগ্রবিঃ (C) ১৩-১৪]*

ⓐ an adjective ⓑ a preposition
ⓒ an adverb ⓓ a noun ***Ans:c***

89. The underlined word is- He reached home <u>safely</u>. (আমি নিরাপদে বাড়ী পৌঁছালাম) *[রেলওয়ের উপ-সহঃ প্রকৌঃ-১৩]*

ⓐ conjunction ⓑ adjective
ⓒ adverb ⓓ preposition ***Ans:c***

90. The underlined word is- People like him <u>little</u>. (জনগণ তাকে পছন্দ করে না বললেই চলে) *[রাগ্রবিঃ (সমাজবিজ্ঞান) ০৯-১০, মাঃভাগ্রবিঃপ্রগ্রবিঃ (D) ১৫-১৬]*

ⓐ conjunction ⓑ adjective
ⓒ adverb ⓓ preposition ***Ans:c***

91. 'My mother always dresses --- (beautiful)'. *[তথ্য মন্ত্রণা. অধীন বিটিবি-এর সহ. প্রকৌশলী (সিভিল)-১৭]*

ⓐ beauty ⓑ beautify
ⓒ beautiful ⓓ beautifully ***Ans:d***

ব্যাখ্যা: এখানে dresses verb- টির adverb হিসেবে beautifully সঠিক word।

উপায়-২: বিভিন্ন tense এ ব্যবহৃত tense marker/Adverb of time যেমন: always, often, usually, quite, seldom, hardly, rarely, never, still, sometimes, ago, last night, recently, not, once, twice, ইত্যাদি adverb গুলো main verb এর *আগে* বসে অথবা Auxi. verb এবং Main verb এর মাঝে বসে।
গঠন: Subject + adverb + main verb + extension. যেমন: Shihab always runs quite fast.
গঠন: Sub+ aux. verb + adverb+ main verb+ ext. যেমন: He has already finished his homework.

92. **The patient visits the doctor once a month.** *[রাঃবিঃ (G, অ-বিজ্ঞান) ১৬-১৭]*

93. **I have read the novel twice.**(আমি উপন্যাসটি দুইবার পড়েছি) *[ইঃবিঃ (C) ১৫-১৬]*

94. **Akbar still works in that office. Here "still" is-** *[প্রাথমিক সহকারী শিক্ষক- ০৯]*

95. **The accident took place long ago. Here 'ago' is a/an** *[বিশেষ শিক্ষক নিবন্ধন-১০]*

ⓐ adjective ⓑ noun
ⓒ adverb ⓓ pronoun ***Ans:c***

96. **He doesn't like Beethoven and neither do I. In this sentence 'neither' is-** (সে বিথোভেন পছন্দ করে না, এবং আমিও) *[সহকারী সার্জন (রেলওয়ে হাসপাতার)-০৫]*

ⓐ preposition ⓑ adverb
ⓒ adjective ⓓ noun ***Ans:b***

97. **He was gravely concerned about the problem.** *[বঃবিঃ (C) ১৩-১৪]*

ⓐ adjective ⓑ adverb
ⓒ noun ⓓ verb ***Ans:b***

98. **I seldom go to cinema. Here the word 'seldom' is-** *[চঃবিঃ (F) ০২-০৩]*

99. **Barking dogs seldom bite. (**যত গর্জে তত বর্ষে না**) Here "seldom" is-** *[জঃবিঃ (D) ১০-১১]*

ⓐ noun ⓑ adverb
ⓒ verb ⓓ preposition ***Ans:b***

জেনে রাখা দরকার: Barking dogs seldom bite. এটিই হচ্ছে প্রবাদ বাক্য; তবে common noun এর ব্যবহার অনুসারে dog noun টিকে singular করে ব্যবহার করা যাবে তবে সেক্ষেত্রে- Barking dog seldom bites. না হয়ে A barking dog seldom bites. হবে। লক্ষণীয়- Dog common noun এর জন্য Article ব্যবহার হবে, এবং "bite" verb এর সাথে "s" যোগ হবে, কারণ A barking dog 3rd person singular।

100. **Shihab always runs quite fast. (**সিহাব সর্বদা খুব দ্রুত দৌড়ায়**) Here "always" is a/an-** *[✪ এই নিয়মে হুবহু কমন প্রশ্ন: ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি (DESCO) -এর অ্যাসিসটেন্ট কমপ্লেইন্ট সুপারভাইজার ২০১৯, Sonali Bank-১০]*

ⓐ preposition ⓑ adjective
ⓒ adverb ⓓ verb ***Ans:c***

উপায়-৩: Main verb টি be verb (am, is, are, was, were) হলে; উক্ত be verb এর পরে adverb বসে।
⇨ **গঠন:** Subject + be verb + adverb + extension. যেমন: I am always busy.
উপায়-৪: বাক্যে time adv গুলো শুরুতে/শেষেও বসতে পারে।
⇨ **গঠন:** adv of time + Subject+ verb+ (obj.) -----+ adv of time.
যেমন: Desdemona wants to go shopping tomorrow.

বৃদ্ধ লোকটি সর্বদা সাপ্তাহন্তে টিভি দেখে আনন্দ করে।

উপায়-৫: বাক্যের মাঝে how, where, when, why ইত্যাদি conjunction গুলো adverb এর কাজ করে।
উপায়-৬: Phrase দ্বারা সময়/স্থানবাচক শব্দগুলো adv. হিসেবে বিবেচ্য। যেমন: To and fro (এদিক ওদিক)

101. **The jacket costs ----.** (জ্যাকেটটির দাম খুব বেশি) *[বাংলাদেশ কমার্স ব্যাংক (অফিসার)-০৬, জনতা ব্যাংক (SO)-১৬]*

ⓐ too much ⓑ too many
ⓒ many ⓓ expensive ***Ans:a***

ব্যাখ্যা: বাক্যে main verb "cost" এর পর adverb প্রয়োজন। প্রথম দুটি option এ too শব্দটি adverb কিন্তু বাক্যে cost শব্দটি দ্বারা uncountable কে প্রকাশ করে তাই too এর পর uncountable determiner হিসেবে much বসবে। ফলে সঠিক উত্তর- a।

102. Desdemona wants to go shopping <u>tomorrow</u>. The *tomorrow* is a/an: *[জাগ্রবিঃ (G) ১৭-১৮, ✪ কমন প্রশ্ন: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্তণা. স্বাস্থ্য প্রকৌশল অধি. এস্টিমেটর (পুর)- ১৯, বিভিন্ন মন্ত্রণা. উপ-সহ.প্রকৌশলী (সিভিল) - ১৯]*

ⓐ adverb ⓑ adjective
ⓒ noun ⓓ verb ***Ans:a***

103. 'To and fro' is an idiom. Here 'to' is used as a/an- *[স্বাস্থ্য মন্ত্রণালয়ের উপসহকারী প্রকৌ. (সিভিল)-১৬]*

ⓐ adjective ⓑ preposition ***Ans:c***
ⓒ adverb ⓓ infinitive maker

ব্যাখ্যা: এই phrase টির অর্থ হলো "এদিক ওদিক" যা স্থানে বোঝায় বিধায় and এর উভয় পার্শ্বের শব্দগুলো Adv.

104. 'Thank you very much'. In this sentence 'very' is- *[✪এই নিয়মে হুবহু কমন প্রশ্ন: বাংলাদেশ কোস্ট গার্ড ও কৃষি প্রশিক্ষণ একাডেমীর নার্স এবং ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্স-এর ফোরম্যান ২০১৯]*

ⓐ Adjective ⓑ Noun
ⓒ Pronoun ⓓ Adverb ***Ans:d***

উপায়-৭: comparative degree তে যত---তত অর্থে more ব্যবহৃত হলে তা adverb হবে। কারণ more শব্দটি main verb কে modify করে। যেমন: The <u>more</u> you <u>read</u>, the <u>more</u> you learn.

উপায়-৮: কোন Verb এর উপর জোর প্রদান করতে verb এর পূর্বে (sentence এর শুরুতে) adverb ব্যবহার হয়। যেমন: Down went The Titanic. টাইটানিকটি <u>ডুবেই</u> গেল।

উপায়-৯: বাক্যের সর্বশেষ Word টি Preposition হলে অথবা Preposition এর পরে কোন noun/pronoun না থাকলে proposition টি adverb হয়। যেমন: Please, come <u>in</u>. I have seen you <u>before</u>. The sun has gone down. এ জাতীয় উদাহরণে সাধারণত Preposition গুলো স্থান নির্দেশ করে তাই এরা Adverb হয়ে যায়।

উপায়-১০: Imperative বাক্যের subject উহ্য থাকে তাই এরূপ বাক্যে verb এর পূর্বে অনুরোধ, আদেশ, উৎসাহ ইত্যাদি অর্থে please, well, now ইত্যাদি adverb বসতে পারে। যেমন: <u>Please</u> come again.

উপায়-১১: "প্রায়" অর্থ প্রদানে about- adverb হিসেবে কাজ করে; I have been trying for **<u>about</u>** a month.

105. The <u>more</u> you read, the <u>more</u> you learn. Here "More" is an- *[প্রাথমিক সহকারী শিক্ষক-১০]*

ⓐ adjective ⓑ adverb
ⓒ interjection ⓓ none ***Ans:b***

106. The Managing Director of our office comes and everyone instantly stands up. Here 'up' is a\an---. *[✪ এই নিয়মে হুবহু কমন প্রশ্ন: বঃশেঃমুঃরগ্রবিঃপ্রগ্রবিঃ (এফ), সেট-বি, ১৯-২০]*

ⓐ preposition ⓑ adjective
ⓒ adverb ⓓ pronoun ***Ans:c***

107. The underlined word is used here as a/an:
→The sun has gone <u>down</u>. (সূর্য ডুবে গেছে) *[বিআরডিবি এর সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা-১৩]*
→The sun went <u>down</u>. *[38th BCS Preli. -2017]*
→It seems to me that I have seen him <u>before</u>. *[ইগ্রবিঃ (B) ১৪-১৫]*

ⓐ an adverb ⓑ conjunction
ⓒ preposition ⓓ adjective ***Ans:a***

108. Down went the Titanic. (টাইটানিকটি ডুবেই গেল) The word "down" is- *[ইগ্রবিঃ (আইন) ০৫-০৬, চগ্রবিঃ (D) ১০-১১, মাঃভাগ্রবিঃপ্রগ্রবিঃ (C) ১৪-১৫, বঃশেঃমুঃরগ্রবিঃপ্রগ্রবিঃ (G) ১৫-১৬]*

ⓐ adverb ⓑ noun
ⓒ adjective ⓓ preposition ***Ans:a***

109. Suddenly one of the wheels came <u>off</u>, here <u>off</u> is used as a/an- *[প্রাথমিক সহকারী শিক্ষক-১০, জাঃকঃকাঃনঃইগ্রবিঃ (ঘ) ১৪-১৫]*

ⓐ adjective ⓑ adverb
ⓒ preposition ⓓ pronoun ***Ans:b***

110. "Please come again." দয়া করে আবার এসো- Here "please" is- *[রাগ্রবিঃ (ইসলাম শিক্ষা) ০৯-১০, (A4) ১২-১৩, (E-Odd) ১৬-১৭, জীবন বীমা (অফিস সহা.) ৪ সেপ্টে. ২১]*

ⓐ verb ⓑ adverb
ⓒ adjective ⓓ conjunction ***Ans:b***

111. They --- talk although they are in good terms with each other. *[জাতীয় নিরাপত্তা গোয়েন্দা এর ফিল্ড অফিসার- ১৯]*

ⓐ often ⓑ trequently
ⓒ normally ⓓ seldom ***Ans:d***

ব্যাখ্যা: Although দ্বারা যুক্ত clause দুটি একে অপরের বিপরীত ধারণা প্রদান করে। Although পরবর্তী clause টি positive ধারণা প্রদান করায় পূর্ববর্তী clause টি negative হবে। সুতরাং seldom (কদাচিৎ/না বললেই চলে) শব্দটি বাক্যে ব্যবহার করতে হবে।

Inversion of Verb & Adverb


Go to Index

♦ অধ্যায়ভিত্তিক Question Analysis এবং Suggestion		
পরীক্ষাসমূহ	প্রশ্ন সংখ্যা +-	যে পরিক্ষার যে Topic গুলো বেশি পড়তে হবে-
✠ BCS Preliminary তে	২টি+-	1, 2, 4, 6
✠ All Bank Job Exams	৭টি+-	1-3, 5, 6
✠ Primary Job Exams	২টি+-	1, 5, 6
✠ PSC & Other Jobs	৩০টি+-	All

একনজরে অধ্যায়ভিত্তিক BCS প্রশ্নসমূহ-

1. **Only after I --- home, did I remember my doctor's appointment.** *[28th BCS]*
ⓐ going ⓑ go
ⓒ went ⓓ gone ***Ans:c***
ব্যাখ্যাঃ এই বাক্যে পরবর্তী অংশ inversion অবস্থায় past tense এ আছে বিধায় ১ম অংশে went হয়েছে।

2. **"Not once has our neighbor invited us into his house."** *[32nd BCS]*
ⓐ Our neighbor has invited us into his house not once but many times.
ⓑ Our neighbor has never invited us into his house.
ⓒ Occasionally our neighbor has invited us into his house.
ⓓ Our neighbor has not always invited us into his house. ***Ans:b***
ব্যাখ্যাঃ not once এর জন্য সঠিক adverb হলো never। আর never auxiliary verb এবং main verb এর মাঝে বসে বিধায় উত্তর-b।



অধ্যায়টি Advance learner- দের জন্য গুরুত্বপূর্ণ তাই বেশি মনোযোগ দিতে হবে

Topic-01: Inversion of Verb & Adverb বলতে কি বোঝায়? Negative Adverb গুলো কি কি?

Inversion (স্থানান্তর) of Verb & Adverb: বাক্যে Negative adverb* গুলোর সাধারণ অবস্থান main verb এর পূর্বে কিন্তু যখন এই adverb গুলো স্থান পরিবর্তন করে বাক্যের শুরুতে আসে তখন Aux. verb টিও স্থান পরিবর্তন করে Sub এর আগে বসে। আর Aux. verb এবং Negative adverb এর এরূপ স্থান পরিবর্তনকেই inversion of verb বা inversion of adverb বলে।

Inversion করার মূল কারণঃ বাক্যকে অর্থগতভাবে আরও জোর প্রদান করাই হলো inversion এর মূল কারণ।

সাধারণ বাক্যঃ He **has never committed** such a heinous crime. সে এমন জঘন্য অপরাধ কখনো করেনি;

Inversion বাক্যঃ Never has he **committed** such a heinous crime. সে এমন জঘন্য অপরাধ কখনোই করেনি;

***Negative Adverbs:** Hardly(almost never), Barely, Rarely, Scarcely, Seldom, Very seldom, No sooner, Never, Never before(পূর্বে কখনোও না), Never again(কখনোও না), Not only, By no means(কোন উপায়েই না), Not once, Only rarely ইত্যাদি।

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

Our Facebook Page: যুক্ত হতে ক্লিক করুন।
https://www.facebook.com/expertalim

Topic-02: Auxiliary verb উল্লেখ থাকলে সাধারণ বাক্যের Inversion করার নিয়মগুলো আলোচনা করুন।

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

Auxiliary verb উল্লেখ থাকলে inversion: যখন main verb ও auxiliary verb উভয়ই থাকে তখন ঐ auxiliary verb টি subj. এর আগে বসে। negative adverb টি বাক্যের শুরুতে চলে আসে। main verb এর অবস্থান ঠিক থাকে। নোট: Negative adverb যুক্ত বাক্যে নতুন কোন no/not বসে না। **সাধারণ গঠন:** Subject + auxiliary verb + Negative Adverb + Main verb----object---

Inversion গঠন: Negative Adverb + auxiliary verb+ Subject + Main verb----obj.--.

সাধারণ বাক্য: He has never committed such a heinous crime. I will never do it again.

Inversion বাক্য: Never has he committed such a heinous crime. Never will I do it again.

✡✡ **উত্তর করার সহজ কৌশল:** বাক্যের শুরুতে negative adverb থাকলে subject এর আগে auxiliary verb বসাবেন। এটাই হলো inversion এর আসল কথা। পুরো অধ্যায়ে এই একটি কথা দিয়েই সব MCQ সমাধান করতে পারবেন। ✡✡

1. **Never --- do it again.** (আমি পুনরায় এটা কখনোই করবো না) *[খুলনাবিঃ ০৮-০৯]*

ⓐ I will ⓑ will I
ⓒ I'll ⓓ I would ***Ans:b***

Hints: প্রশ্নটি Never (adverb) দিয়ে শুরু হয়েছে তাই I (subject) এর আগে will বসেছে।

2. **This is clearly a masterpiece. Never I had seen another piece of art so unique.** *[✪ হুবহু কমন প্রশ্ন: CGDF 2019]*

ⓐ Never I had ⓑ I have never not
ⓒ Never have I ⓓ Never I have ***Ans:c***

3. **Never --- heard of such a thing.** *[গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিমিটেডের সহকারী ব্যবস্থাপক - ১৮]*

ⓐ I have ⓑ did I
ⓒ I did ⓓ have I ***Ans:d***

ব্যাখ্যা: Never, hardly, seldom ইত্যাদি adverbial word গুলো বাক্যের শুরুতে বসলে বাক্যে structure হবে adverbial + auxiliary sub + verb. আর বাক্যে heard অর্থাৎ Verb এর p.p থাকাতে সটিক expression টি হবে have. তাহলে বাক্যটি Present perfect tense structure follow করবে।

4. **Find the correct sentence.** (সে সেখানে কদাচিৎ যায়) *[National Bank-10, Southeast Bank-12]*

ⓐ He hardly does not go there.
ⓑ He hardly goes there.
ⓒ He does not go there hardly.
ⓓ Hardly he goes there. ***Ans:b***

5. **Never --- such a heinous crime**. (সে এমন একটা জঘন্য অপরাধ কখনোই করেনি) *[পোস্টাল অপারেটর-১৬]*

ⓐ he has committed
ⓑ has he done
ⓒ has he done
ⓓ has he committed ***Ans:d***

ব্যাখ্যা: অপরাধ সংগঠিত হওয়ার ক্ষেত্রে commit verb হয়। আর বাক্যে inversion হওয়ার কারণে উ: d;

6. **The word 'hardly' means-** *[সমাজসেবা অফিসার (সমাজকল্যাণ মন্ত্রণালয়)-১০]*

ⓐ always ⓑ almost never
ⓒ seriously ⓓ regularly ***Ans:b***

7. **Rarely --- seen far from water.** *[রাঃবিঃ ১০-১১, জাঃবিঃ ০৫-০৬, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থা অধি. পরিসংখ্যান কর্মকর্তা ২০১৭]*

ⓐ spotted turtles ⓑ Spotted turtles are
ⓒ are spotted turtles
ⓓ have spotted turtles ***Ans:c***

ব্যাখ্যা: spotted turtles অর্থ- ডোড়াকাটা কচ্ছপ; যা passive কর্তা; তাই passive গঠনে মূল বাক্যটি ছিল- Spotted turtles are **rarely** seen far from water. বাক্যের অর্থ: পানির দূর থেকে ডোড়াকাটা কচ্ছপ গুলো দেখা যায় না বললেই চলে। আর এই বাক্যটিরই inversion দ্বারা প্রশ্ন তৈরি হয়েছে- যার inversion হবে এরুপ- Rarely are spotted turtles seen far from water. তাই সঠিক উত্তর: **c**।

8. **--- stay in that hotel.** (তারা কখনো আর ঐ হোটেলে থাকবেই না) *[রেলওয়ে সহকারী কমানডেন্ট-০৭]*

ⓐ Never again will they
ⓑ Never again they will
ⓒ Again never they will
ⓓ Again they will never ***Ans:a***

9. **--- so many people been out of work as today.** *[ঢাগ্রবিঃ (D) ১০-১১, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (কোষাদক্ষ)-১৫, রাগ্রবিঃ (ফাইন্যান্স) ০৪-০৫]*

ⓐ More than ever before
ⓑ Never before have
ⓑ in the past, there never have
ⓓ Formerly, there never were ***Ans:b***

ব্যাখ্যাঃ এখানে "so many people" পুরোটা subject; এবং "never before" হচ্ছে negative adverb; তাই বাক্যের inversion রুপ হলো: Never before have so many people been out of work as today. যার সাধারণ রুপ হচ্ছে: So many people have never before been out of work as today. বাক্যের অর্থ: বর্তমানের মত পূর্বে কখনো এত বেশি লোকজন বেকার ছিল না।

Our Youtube Channel: যুক্ত হতে ক্লিক করুন
https://www.youtube.com/c/ExpertEnglishA

10. **----- received law degree as today.** *[রাগ্রবিঃ (আইন) ০৫-০৬, বগ্রবিঃ (D) ১২-১৩, Sonali Bank (Senior Officer)-10, বগ্রবিঃ (D) ১২-১৩, চগ্রবিঃ (আইন) ০৬-০৭, (C_2) ১৪-১৫]*

ⓐ Never so many women have
ⓑ Never have so many women
ⓒ The women aren't ever
ⓓ Women who have never ***Ans:b***

ব্যাখ্যাঃ Never (adv.)+ have(A.V.)+ so many women (sub) + received(M.V.)----------.
(বাক্যের বাংলা: এখনকার মত পূর্বে কখনোই এত বেশী মহিলারা আইনে ডিগ্রী অর্জন করেনি)

Source: CLIFFS TOEFL, Practice Test-3, Section-2, Part-A, Question-7, হুবহু, P-384]

11. **--- received MBA degrees as today.**

ⓐ Never so many students have
ⓑ Never have so many students
ⓒ The students aren't ever *[রাগ্রবিঃ (ফাইন্যান্স) ০৫-০৬]*
ⓓ Students who have never ***Ans:b***

Topic-03: Auxiliary verb না থাকলে/ Be verb/have verb যুক্ত বাক্যের Inversion আলোচনা করুন।

Auxiliary verb উল্লেখ না থাকলে: (Present Ind./Past Ind. Tense এর ক্ষেত্রে) যখন main verb এর পূর্বে কোন auxiliary verb থাকে না তখন tense অনুসারে subject এর আগে do/does/did আনতে হয়।
সাধারণ গঠন: Subject + Negative Adverb + Main verb (v1/v2)-----.
Inversion গঠন: Negative Adverb + do/does/did + Sub + Main verb এর base form----.
উদাহরণ: সাধারণ বাক্য: We Seldom have goods returned to us because they are faulty.
-The atmosphere not only gives us air to breathe but also it filters out harmful rays.
Inversion বাক্য: Seldom do we have goods returned to us because they are faulty.
-Not only does the atmosphere give us air to breathe but also it filters out harmful rays.

Be/have verb যখন নিজেই main verb: যখন be/have verb (am, is, are, was, were, have, has, had) গুলো main verb আকারে বসে। তখন উক্ত verb টিই subject এর শুরুতে বসে।
সাধারণ বাক্যের গঠন: Subject + be verb +-Negative Adverb+ --------- .
Inversion গঠন: Negative Adverb + be verb+ Sub. +--------.
102. As far as the hard disk is concerned, the bigger, -----. *[চগ্রবিঃ (B) ১১-১২, ইগ্রবিঃ (B) ১৬-১৭]*

ⓐ the best ⓑ the better
ⓒ better ⓓ best ***Ans:b***

103. The --- said about this, the ----. (এটা সর্ম্পকে যত কম বলা যায় তত ভালো) *[ঢাগ্রবিঃ (a) ০৭-০৮]*

ⓐ few, best ⓑ less, better
ⓒ more, worst ⓓ little, better ***Ans:b***

Topic-19: One of the এর পর Superlative Degree এর ব্যবহার আলোচনা করুন?

"One of the" এর পর superlative degree এর ব্যবহার করা হয়। গঠন: One of the + Superlative word + Noun plural হয়। যেমন: Cuba is one of the largest sugar-growing areas in the world. He is one of the most superstitious people I know.

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

গুরুত্বপূর্ণ লিঙ্ক: এই one of --Related আরো অনেক MCQ পাবেন Pronoun ও Subject Verb Agreement অধ্যায়ে।

104. Cuba is --- sugar-growing areas in the world. *[বঃশেঃমুঃরঃবিঃপ্রঃবিঃ (C) ১১-১২, রাঃবিঃ (BBA)০৭-০৮]*

ⓐ one of the larger ⓑ one of the largest
ⓒ the larger ⓓ largest **Ans:b**

Source: CLIFFS TOEFL, Practice Test-4, Section-2, Part-A, Question-4, P-414]

105. Tahseen/Sara/Sumon was one ---------. *[কারিগরী শিক্ষা দপ্তরের অধীনে কারীগরী জুনিয়র ইন্সট্রাক্টর-০৫, রাঃবিঃ (Law & Justice) ০৫-০৬, চঃবিঃ (C_3) ১২-১৩]*

ⓐ of the happy childs of his class
ⓑ child who was the happiest of all the classes
ⓒ of the happiest child of the class **Ans:d**
ⓓ of the happiest children in the class

ব্যাখ্যা: c- ভুল কারণ child singular মনে রাখতে হবে child-children, baby-babies, এবং boy-boys। ***Source:*** *CLIFFS TOEFL, Practice Test-2, Section-2, Part-A, Question-2, P-353]*

106. Rajshahi is --- sugar growing areas in Bangladesh. *[রাঃ বিঃ (E) বিজোড় ১৫-১৬, ✪ হুবহু কমন: প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (জেলা-২৫): (১ম ধাপ)- ১৯]*

ⓐ one of the larger ⓑ one of largest
ⓒ one of the largest ⓓ largest **Ans:c**

107. Kuakata is one of the most popular --- in Bangladesh. *[রাঃবিঃ (Law) ১৩-১৪]*

ⓐ resort ⓑ trips
ⓒ resorts ⓓ trip **Ans:c**

108. One of --- of the late Middle ages was saint Thomas Aquinas. A scholar who studied under Albertus Magnus. *[সম্ভাব্য প্রশ্ন- BARRON'S TOEFL, Page-160 থেকে]*

ⓐ the thinkers who was great
ⓑ the great thinker ⓒ the greatest thinkers
ⓓ who thought greatly **Ans:c**

Topic-20: Preposition (of/between/among) দ্বারা Degree এর ব্যবহার দেখান।

✠ কোন বাক্যে of + the two--, of + the pair--, of + the twin--- (sons) (যমজ সন্তান), of + the couple --- (husband, wife); Between + Plural Noun--, ইত্যাদি এভাবে থাকলে ঐ বাক্যে The + Comparative--- হয়।

☑Advanced Learning: দুইয়ের মধ্যে একজনকে নির্দিষ্ট করে বোঝায় বিধায় article এর নিয়মানুসারে এরূপ বাক্যে comparative word এর আগে 'the' ব্যবহার করতে হয়। যেমন: He is **the** better of the two.

✠✠ কোন বাক্যে of + the three---, of + the six---, of + all-----, among + Plural Noun, ইত্যাদি থাকলে ঐ বাক্যে The + Superlative--- হয়। যেমন: Among the students, he is **the** most brilliant.

109. I thought that --- was the last one. *[24th BCS, শহর সমাজসেবা অফিসার-০৭, রাঃ বিঃ (E-জোড়) ১৬-১৭, জঃবিঃ (D) ১৭-১৮]*

ⓐ the most prettiest of all
ⓑ prettiest one of all
ⓒ the prettiest one from all
ⓓ the prettiest one of all **Ans:d**

ব্যাখ্যা: option- a ভুল কারণ prettiest নিজেই Superlative তাই এর পূর্বে most বসবে না। b ভুল কারণ superlative এর পূর্বে the নেই। অন্যদিকে সকলের মধ্যে একজনকে বুঝাতে one of all হয় তাই উত্তর d।

110. Their office consisted of three rooms, --- was used as a conference room. *[বাংলাদেশ হাউজ বিল্ডিং কর্পোরেশন (অফিসার)-১১, রাঃবিঃ (B-law) 15-16, ১৭-১৮]*

ⓐ larger of which ⓑ the largest of which
ⓒ the largest of them
ⓓ the most largest one **Ans:b**

ব্যাখ্যা: বাক্যে তিনটি কক্ষের কথা আছে তাই superlative হবে। আবার বাক্যে কমা (') আছে/ একই sentence। তাই বাক্যটি relative pronoun 'which' ব্যবহৃত হবে।

111. **Rasel is the smaller --- the two boys.** (দুজন বালকের মধ্যে রাসেলই বেশি ছোট) *[ইঞ্জবিঃ ০৫-০৬, থানা শিক্ষা অফি.৯৯]*

ⓐ of ⓑ as
ⓒ before ⓓ than **Ans:a**

112. **Choose the incorrect sentence:** *[ঢাঞ্জবিঃ (D) ০৭-০৮, ইঞ্জবিঃ (A) ১৪-১৫]*

ⓐ Who is the best of the two boys?
ⓑ Who is the best among these boys?
ⓒ Who is the best among the three boys?
ⓓ Who is the best boy of this group **Ans:a**

ব্যাখ্যাঃ Ans: a, best এর স্থলে better হবে কারণ- of the two থাকলে comparative হয়।

113. **Of the two boys, Latif is the --- intelligent.** (দুজন বালকের মধ্যে লতিফই বেশি বুদ্ধিমান) *[ঢাঞ্জবিঃ (B) ১৩-১৪, ইঞ্জবিঃ (H) ১৪-১৫, উপজেলা পোস্টমাস্টার-১৬, ✪ হুবহু কমনঃ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের শ্রম পরিদর্শক (সেফটি); মেকানিক্যালর টেকনোলজি - ১৯, বেসাম. বিমান কর্তৃ. (ফায়ার লিডার) ১১ সেপ্টে. ২১]*

ⓐ most ⓑ more
ⓒ as ⓓ far **Ans:b**

Hints: Of the এর পর two আছে বিধায় বাক্যটিতে comparative তৈরিতে more উত্তর হয়েছে।

114. **Although Moly is younger than her sister is, Moly is the tallest of the two.** *[তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিসট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ডেপুটি অ্যাসিসটেন্ট ইঞ্জিনিয়ার)-১১]*

ⓐ is the tall of the
ⓑ is the taller of the
ⓒ has been the tall of the
ⓓ is the most tall of the **Ans:b**

115. **Which is ---- of the two?** *[বঃশেঃমুঃরঃবিঃপ্রঞ্জবিঃ ইউনিট এফ ২০১৮-১৯, ✪ হুবহু কমনঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সহকারী প্রকৌশলরী (সিভিল) - ১৯]*

ⓐ cheep ⓑ the cheap
ⓒ the cheapest ⓓ the cheaper **Ans:d**

116. **Of the two girls, Sultana is the ---- intelligent.** *[✪ হুবহু কমনঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের এস্টিমেটর (পুর)- ১৯]*

ⓐ most ⓑ more
ⓒ as ⓓ far **Ans:b**

117. **Of the four books, the green one is the ---.** *[চঞ্জবিঃ (B7) ১৪-১৫, ✪ হুবহু কমনঃ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (১ম ধাপ)- ১৯]*

ⓐ cheap ⓑ cheaper
ⓒ more cheaper ⓓ cheapest **Ans:d**

Topic-21: Latin comparative শব্দগুলো কি কি? এদের পর to না than কোনটা বসে?

সর্বদাই comparative শব্দগুলোর ব্যবহার : Senior (বয়োজ্যেষ্ঠ), Junior (বয়ঃকনিষ্ঠ), Superior (শ্রেষ্ঠ), Inferior (নিকৃষ্ট), Prior (পূর্ববর্তী), Posterior (পরবর্তী), Ulterior (দূরবর্তী), Preferable (পছন্দনীয়) এই আটটি Latin word দ্বারা তুলনা বোঝাতে Comparative degree হয় এবং এদের পর 'than' না বসে 'to' বসে। যেমন: He is senior **to** me.

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

বিশেষ সতর্কতাঃ এই শব্দগুলো সর্বদা comparative degree হয় তাই এর সাথে কখনও more, most, best বসে না।

☑ **Advanced Learning:** উপরের শব্দগুলোর পর object না থাকলে to বসবে না। অর্থাৎ সরাসরি এগুলো দ্বারাই বাক্য শেষ হবে। যেমন: He is **senior**. বাক্যটি senior দ্বারাই শেষ তাই to এর প্রয়োজন নেই। ও আবার একই বাক্যে দুটি comparative word এর দুটি ভিন্ন preposition প্রয়োজন হলে তা প্রদান করতে হবে। যেমন: He is better **than** and superior **to** me. এখানে better এর than আর superion এর পর to বসেছে।

118. **Choose the correct sentence?** *[আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুটেন্ট ০৫]*

ⓐ What do you prefer most?
ⓑ What do you prefer?
ⓒ What do you prefer more?
ⓓ What do you prefer best? **Ans:b**

ব্যাখ্যাঃ prefer শব্দটি সর্বদা comparative degree হয় তাই এর সাথে কখনও more, most, best বসে না

119. **Identify the correct sentence-/✪এই নিয়মে হুবহু কমনঃ ১৫ তম প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন (কলেজ পর্যায়) -১৯/**

ⓐ He is better and superior than me.
ⓑ He is better than and superior to me.
ⓒ He is better and suprerior to me. **Ans:b**
ⓓ He is superior than and better than me.

ব্যাখ্যাঃ বাক্যে দুটি comparative adjective তাই ভিন্ন ভিন্ন preposition প্রয়োজন বিধায় better এর পরে than আর superior এর পরে to বসেছে।

120. These essays are intellectually --- and represent various levels of complexity. *[প্রাইম ব্যাংক লি. ট্রেনিং জুনিয়র অফিসার (ক্যাশ) ২০১৩]*

ⓐ revealing ⓑ modern
ⓒ superior ⓓ demanding **Ans:c**

121. Choose the correct sentence- *[প্রাক-প্রাথমিক সহঃ শিঃ নিঃ পরিক্ষা-১৫, মাধ্যমিক সহকারী শিক্ষক ২০০১]*

ⓐ Death is preferable than dishonor.
ⓑ Death is more preferable than dishonor.
ⓒ Death is more preferable then dishonor.
ⓓ Death is preferable to dishonor. **Ans:d**

122. I am senior --- him --- point of length of service. *[রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক(সুপারভাইজার)-১৫]*

ⓐ to, in ⓑ of, to
ⓒ of, in ⓓ to, at **Ans:a**

123. This pen is inferior --- your pen. *[আনসার ও ভি.ডি.পি. অফিদ. সার্কেল অ্যাডজুট্যান্ট-১০, ইঃবিঃ (F) ১৭-১৮, বেসাম. বিমান কর্তৃ. (ফায়ার লিডার) ১১ সেপ্টে. ২১]*

ⓐ with ⓑ to
ⓒ after ⓓ of **Ans:b**

124. You are junior --- me --- ten years.(তুমি আমার চেয়ে দশ বছরের ছোট) *[রাঃবিঃ (G) ১১-১২, (H) ১৬-১৭]*

ⓐ in, by ⓑ to, by
ⓒ to, of ⓓ than, by **Ans:b**

125. Choose the right sentence.(সে আমার চেয়ে বড়) *[জঃবিঃ (D) ১১-১২, শ্রম মন্ত্রণালয়ের সহকারী পরিচালক ২০০৫]*

ⓐ He is senior than me.
ⓑ He senior form me.
ⓒ He is senior to me.
ⓓ He is senior of me. **Ans:c**

Topic-22: কোন শব্দগুলো নিজেরাই সর্বদা Superlative এবং এদের ব্যবহার কী? উদাহরণ দাও।

সর্বদাই Superlative শব্দগুলোর ব্যবহার : নিচের শব্দগুলো নিজেরাই সর্বদা superlative অর্থ দেয়। তাই এদের পূর্বে 'more/ most/ very /large/ great' ইত্যাদি ব্যবহার করা যাবে না। এদের comparative/ positive হয় না। তবে প্রয়োজন অনুযায়ী এদের পূর্বে article এর নিয়মানুসারে (a, an, the) বসতে পারে। যেমনঃ This is a unique case. (28th BCS)

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

সর্বদা Superlative Word: unique(একক), universal (সার্বজনীন), top, down, quite(সম্পূর্ণরূপে), absolute, Full, **Huge**, Empty, complete, Entire(সম্পূর্ণ), Almighty(সর্বশক্তিমান/আল্লাহ), supreme, Dead, Eastern, Western, Southern, Northern, Excellent, Eternal, Ideal, Perfect, False, Head, Chief, Extreme(চরম সীমা), Golden, Daily, [**ব্যতিক্রম ব্যবহারঃ** top most, head most, অপ্রচলিত]

126. Which sentence is correct? *[28th BCS , রূপালি ব্যাংক সিনিয়র অফিসার-১৩, মন্ত্রনালয়েল উপসহকারী প্রকৌশলি-১৭, ইঃবিঃ H ১৫-১৬, রাঃবিঃ ০৯-১০, খুঃবিঃ (social science) ১১-১২]*

ⓐ This is an unique case.
ⓑ This is a unique case.
ⓒ This is a very unique case.
ⓓ This is the most unique case. **Ans:b**

Hints: unique নিজেই সর্বদা superlative তাই এর পূর্বে very, most বসবে না। তাই option- C, D ভুল। আর b সঠিক a ভুল, কারণ article এর নিয়মানুসারে u যদি "ইউ" এর মত উচ্চারণ হয় তবে তার পূর্বে a বসে।

বাক্যের বাংলা: এটি একটি অসাধারণ ঘটনা/মামলা।

127. Which of the following is not correct? *[সোনালি ব্যাংক লি. অফিসার (ক্যাশ) ২০১৪, বাঃবিঃ গণযোগাযোগ ০৯-১০, ঢাঃবিঃ B ০৯-১০, A ১৪-১৫]*

ⓐ hugest ⓑ tallest
ⓒ largest ⓓ biggest **Ans:a**

128. Which one is correct? (তিনি চরম সীমায় পৌঁছালেন) *[রাঃবিঃ (BSc)১৩-১৪]*

ⓐ He reached most extreme point.
ⓑ He reached the most extreme point.
ⓒ He reached the extreme point. **Ans:c**
ⓓ He reached the more extreme point.

129. Which has no comparative degree?

ⓐ good ⓑ happy
ⓒ top ⓓ little **Ans:c**

130. Which is the correct sentence? *[বাংলাদেশ পরিঃ ব্যুঃ জুনিয়র পরিঃ সহঃ (৩-১-২০২০)]*

ⓐ He is the most perfect judge.
ⓑ He is a most perfect judge.
ⓒ He is a very perfect judge.
ⓓ He is a perfect judge. **Ans:d**

Hints: Perfect নিজেই সর্বদা superlative তাই এর পূর্বে very, most, great ইত্যাদি বসবে না।

Transformation of Degree-

Go to Index

Topic-23: Degree (Positive-Comparative-Superlative) পরিবর্তন করার নিয়ম লিখুন।

Positive	Comparative	Superlative
Very few+ noun plural----+ verb plural + as-------as+ noun/ pronoun	Subj (N/P) +verb +(not) + comparative word +than +most other +obj (N/P)	Sub + verb + one of the+ superlative word + noun/ Pro-----
No other + superlative-এর পরের N/P + verb + so/as + positive form + as + subj	subj(N/P) +verb +(not) +comparative word +than +any other +obj(N/P)	Sub + verb + the+ superlative word + noun/Pro-----
১ম noun/ pronoun + verb+ (not) + as/so-----as + ২য় noun/ pronoun	as এর পরবর্তী subject (N/P) +verb + (not) + comparative word + than/to + ১ম noun/ pronoun	

Topic-24: Very few যুক্ত positive বাক্য থেকে comparative-superlative করার নিয়ম।

P=C=S: very few = than most other = one of the যুক্ত বাক্যের degree interchange:

Positive গঠন: Very few+ noun plural----+ verb plural + as ------- as+ noun/pronoun

Comparative গঠন: subj(N/P) +verb +(not) +comparative word +than +most other +obj(N/P)

Superlative গঠন: Sub + verb + one of the+ superlative word + noun/Pro----- যুক্ত বাক্য:

নোট: *এসব প্রশ্নে **Superlative** থেকে **comparative/ positive** চাইলে একই নিয়ম প্রযোজ্য হবে।*

উদাহরণ: **Positive**: Very few rivers in Bangladesh are as big as the Padma.

Comparative: The Padma is better than most other rivers in Bangladesh.

Superlative: The Padma is one of the biggest rivers in Bangladesh.

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

131. Water-logging is one of the worst problems in our country. (Positive) *[১৪ তম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল পর্যায়-২) ২০১৭]*

ⓐ No other problem in our country is as bad as water-logging.

ⓑ Very few problems in our country are as bad as water-logging.

ⓒ Water-logging is a very worse problem in our country.

ⓓ Water logging is worse than any other problem in our country. ***Ans:b***

132. He was one of the worst men in the world. (make it positive) *[১৫ তম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুলপর্যায়-২) ২০১৯] ✪এই নিয়মে হুবহু কমন প্রশ্ন:*

ⓐ Very few men in the world were so bad as he.

ⓑ Very few man in the world was so bad as he.

ⓒ Very few men in the world was so bad as he.

ⓓ Very few man in the world were as bad as he. *[Bad-Worse-Worst]* ***Ans:***

ব্যাখ্যা: One of the থাকলে positive করতে very few + noun-এর plural form + plural verb + so + adjective-এর positive form + as + sub টি বসে।

133. The Padma is one of the biggest rivers in Bangladesh. (positive) *[১২ তম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল পর্যায়)-১৫, ১২তম স্কুল শিক্ষক নিবন্ধন (২)-১৫]*

ⓐ Very few river in Bangladesh is as big as the Padma.

ⓑ Very few rivers in Bangladesh are as big as the Padma.

ⓒ No other river in Bangladesh is so big as the Padma.

ⓓ No other rivers in Bangladesh are as big as the Padma. ***Ans:b***

Topic-25: No other যুক্ত positive বাক্য থেকে comparative-superlative করার নিয়ম।

P=C=S: No other = than any other = the + superlative যুক্ত বাক্যের degree interchange:

Positive গঠন: No other + superlative-এর পরের N/P + verb + so/as + positive form + as + subj.

Comparative গঠন: subj(N/P) +verb +(not) +comparative word +than +any other +obj(N/P)

Superlative গঠন: Sub + verb + the+ superlative word + noun/Pro----- যুক্ত বাক্য:

নোট: *এসব প্রশ্নে Superlative থেকে comparative/ positive চাইলে একই নিয়ম প্রযোজ্য হবে।*

যেমন: **Positive**: No other metal is as useful as iron.

Comparative: Iron is more useful than any other metal.

Superlative: Iron is the most useful metal.

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

134. He is the best boy in the class. (positive) *[৯ম স্কুল শিক্ষক নিবন্ধন-১২]*

ⓐ He is a good boy in the class.
ⓑ No other boy is so good as he.
ⓒ No other boy in the class is as good as he.
ⓓ He is better than any other boy. ***Ans:c***

135. No other player in the team is as good as Shakib al Hasan. (Change into superlative degree) *[রাঃবিঃ (B) অবাণিজ্য Written, 19-20]*

Ans: Shakib al Hasan is the best player in the team.

136. He is the best player in his team. The positive degree of- *[পাঃবিঃপ্রঃবিঃ (B) 19-20]* ✪*এই নিয়মে হুবহু কমন প্রশ্ন:*

ⓐ No other player is as good in the team as he.
ⓑ No other player was as good in the team as he.
ⓒ No other player is as better in the team as he.
ⓓ He is as good as other players. ***Ans:a***

137. The positive of 'Iron is the most useful metal'. *[রাঃবিঃ ০৫-০৬, বিটিভি'র সহকারী প্রকোশলী (সিভিল)-১৭]*

ⓐ Very few metals are as useful as iron.
ⓑ Iron is as useful as many other metals.
ⓒ No other metal is as useful as iron. ***Ans:c***
ⓓ Iron is more useful than many other metals.

138. Belal is the best boy in the class. (Comparative) *[১২ তম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল পর্যায়-২)-১৫]*

ⓐ Very few boys is the class as as good as Belal.
ⓑ Belal is good boy is the class. ***Ans:c***
ⓒ Belal is better than any other boy in the class.
ⓓ Belal is better than any other boys in the class.

139. It burns the prettiest of any wood. (Positive) *[১৪ তম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল পর্যায়-২)-১৭, ৮ম স্কুল নিবন্ধন-১২,* ✪ ***হুবহু কমন:*** *১৫ তম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল পর্যায়-২)-১৯]*

ⓐ No other wood is as pretty as it burns.
ⓑ No other wood burns is as pretty as it.
ⓒ No other wood burns as pretty as it.
ⓓ No other wood burn as pretty as it. ***Ans:c***

ব্যাখ্যা: নিয়ম- No other + noun + verb + as + adjective-এর positive form + as + sub.

140. Dhaka is one of the largest cities in Bangladesh. (positive) *[১০ম স্কুল শিক্ষক নিবন্ধন-১৪]*

ⓐ No other cities in Bangladesh are as big as Dhaka.
ⓑ Very few cities in Bangladesh are as big as Dhaka.
ⓒ Very few cities in Bangladesh is as big as Dhaka.
ⓓ Some cities in Bangladesh is as big as Dhaka ***Ans:b***

141. Mango is one of the sweetest fruits in the world. (comparative) *[৬ষ্ঠ শিক্ষক নিবন্ধন-১০]*

ⓐ Mango is more sweet than any other fruits in the world.
ⓑ Mango is more sweet than all other fruits in the world.
ⓒ Mango is sweeter than most other fruits in the world.
ⓓ Mango is sweeter than any other fruits in the world. ***Ans:c***



Topic-26: (not) + as/so ---- as + যুক্ত positive বাক্য থেকে comparative করার নিয়ম।

P=C: as/so ---- as = than/to + object(N/P) যুক্ত বাক্যের degree interchange:

Comparative গঠন: subject(N/P) +verb + (not) + comparative word + than/to + object(N/P)
Positive গঠন: than এর পরবর্তী noun/ pronoun + verb+ (not)+ as/so-----as + ১ম noun/pronoun
যেমন: Positive: He is as clever as a fox. **Comparative**: A fox is not cleverer than him.

142. Change positive to comparative. 'He is as ferocious as tiger' *[চাঃবিঃ (d) ১৫-১৬]*
ⓐ A tiger is not more ferocious than he.
ⓑ A tiger is not ferocious than he.
ⓒ A tiger is not ferocious than he. ***Ans:a***
ⓓ A tiger is not more ferocious than him.

143. "A string of pearls was not so bright as her teeth. Make it Comparative *[41st BCS]*
ⓐ Her teeth was more brighter than a string of pearls.
ⓑ Her teeth were brighter than a string of pearls.
ⓒ A string of pearls was brighter than her teeth.
ⓓ A string of pearls were very bright than her teeth. ***Ans:b***

144. It is more than honesty. (Make it 'positive') *[১৫তম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুলপর্যায়-২) ১৯]* ✪*এই নিয়মে কমন :*
ⓐ Honesty is not as much as it.
ⓑ Honesty are not as much as it.
ⓒ Honesty is as much as it.
ⓓ Honesty is less much as it. ***Ans:a***

145. I know him better than you. (positive) *[১৩ তম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল পর্যায়) ১৬]*
ⓐ You do not know him as good as I.
ⓑ You do not know him as well as I ***Ans:b***
ⓒ You do not know him as well as me.
ⓓ You do not know him as good as me.
ব্যাখ্যা: Good/well-এর comparative and superlative যথাক্রমে better and best।

Topic-27: Degree যুক্ত বাক্যগুলোর Affirmative থেকে Negative করার নিয়ম।

Degree যুক্ত বাক্যগুলোর Affir.- Negative: যে কোন Affirmative degree বাক্যকে Negative করার সময় অপশন থেকে নিচের যেকোন গঠনটি ব্যবহার হতে পারে। তাই degree এর সকল ধারণা মাথায় রেখে অর্থগত বিষয়টি বিবেচনার দাবি রাখে। বিভিন্ন degree তে negative গঠন দেখুন- গঠন-১: অন্য degree বাক্যের sub স্থান ঠিক থাকলে ---not more/less + positive form + than--
গঠন-২: অন্য degree বাক্যের sub স্থান পরিবর্তিত হলে---- verb +(not) +comparative word + than ---
গঠন-৩: No other + N/P + verb + so/as + positive form + as + N/P,
গঠন-৪: sub স্থান পরিবর্তিত হলে---- verb+ (not)+ as/so + positive form + as + N/P,

146. He is the best player. (Negative) *[১১ তম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়) ২০১৪]*
ⓐ No other player is as better as he.
ⓑ No other player is as good as he.
ⓒ No other player is as best as he. ***Ans:b***
ⓓ No other player is considered as he.
ব্যাখ্যা: সে সবচেয়ে ভাল খেলোয়াড়। বাক্যটির negative অর্থ হবে- অন্য কোনো খেলোয়াড় তারমত এত ভাল না।

147. Money is sweeter than honey. (Negative) *[১৪তম শিক্ষক নিবন্ধন ও প্রত্যায়ন পরীক্ষা [স্কুল/সমপর্যায়] -১৭]*
ⓐ Honey is not so sweet as money.
ⓑ Nothing is as sweet as money and honey.
ⓒ Money is not as sweet as honey.
ⓓ Honey is not sweeter than money. ***Ans:a***
ব্যাখ্যা: Than যুক্ত comparative বাক্যকে negative করতে subject (দ্বিতীয়)+ verb + not+ so+ adjective + as + sub (প্রথম) হয়।

148. **Writing is better than reading" The Negative form of the sentence is** *[১০ম প্রভাষক নিবন্ধন-১৪] [ইঃ বিঃ (B) ১৬-১৭]*

ⓐ writing is not as good as reading.
ⓑ Reading is not as good as writing.
ⓒ Nothing is as good as writing.
ⓓ No other thing is good as writing. ***Ans:b***

149. **Jim and Della were as wise as the Magi. (Negative)** *[১৩ তম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল পর্যায়-২) ২০১৬]*

ⓐ Jim and Della were not as wise as the Magi.
ⓑ Jim and Della were not less wise than the Magi.
ⓒ Jim and Della were not to wise as the Magi.
ⓓ Jim and Della were not unwise than the Magi.

Ans:b

পূর্ণমানঃ ৮	**Model Test/Chapter Review**	সঠিকঃ----ভুলঃ----
সময়ঃ ৩ মিঃ	**(On Degree)**	প্রাপ্ত নম্বরঃ-------

1. **He is superior --- me.** (সে আমার চেয়ে উত্তম) *[রিসার্চ অফিসার-০৬, সহ. পরিচালক (মাদক) ও কারা তত্ত্বাবধায়ক -০৬]*

ⓐ than ⓑ to
ⓒ with ⓓ of ***Ans:b***

2. **Nature is the --- physician.** (প্রকৃতি হলো সর্বশ্রেষ্ঠ চিকিৎসক) *[মাধ্যমিক সহকারী শিক্ষক-৯৬, ইঃবিঃ (B) ১০-১১]*

ⓐ good ⓑ better
ⓒ best ⓓ excellent ***Ans:c***

3. **Dhaka is becoming one of the --- cities in Asia.** *[যঃবিঃপ্রঃবিঃ A, ১২-১৩, ইঃবিঃ (G) ১০-১১, রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)-১৬, কারিগরি শিক্ষা অধি. (০৫ মার্চ ২১)]*

ⓐ more busy ⓑ busy
ⓒ busiest ⓓ most busiest ***Ans:c***

ব্যাখ্যাঃ one of the + Superlative হয় বিধায় উত্তর- busiest।

4. **Choose the correct sentence:**

ⓐ He is in the good mood. *[রাঃবিঃ (E_3) ১৭-১৮]*
ⓑ He is in good mood.
ⓒ He is in better mood.
ⓓ He is in a good mood. ***Ans:c***

ব্যাখ্যাঃ তুলনামূলক ভালো বুঝাতে বাক্যে than না থাকলেও adjective এর পূর্বে comparative word বসতে পারে;

5. **Would you be so kind --- to keep me informed?** *[মাঃভাঃগ্রঃবিঃপ্রঃবিঃ A, ১৩-১৪]*

ⓐ that ⓑ enough
ⓒ as ⓓ much ***Ans:c***

ব্যাখ্যাঃ So+ adjective +as অর্থাৎ So kind as।

6. **He is the --- teacher in the school.** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক -৯৫]*

ⓐ good ⓑ bad
ⓒ worse ⓓ best ***Ans:d***

7. **Choose the correct option.** *[ইঃবিঃ (চ) ১০-১১]*

ⓐ The topic was more perfect.
ⓑ My shirt is more whiter than Kamal's.
ⓒ It is the most unique among all.
ⓓ He is the better of the two. ***Ans:d***

ব্যাখ্যাঃ perfect এবং unique এর সাথে more, most বসে না বিধায় a, c ভুল। more whiter ভুল গঠন তাই b ভুল। আর of the two থাকলে the + comparative হয় বিধায় সঠিক উত্তর- d

8. **These are --- results I have ever had in an exam!** *[চঃবিঃ (D) ১৭-১৮]*

ⓐ the worst ⓑ worst
ⓒ worse ⓒ most worse ***Ans:a***

✠ সম্পূর্ণ অধ্যায় নিয়ে আলোচনা ও **Model Test** এর লাইভ ক্লাস আকারে ভিডিও দেখার জন্য পাশের QR কোড স্ক্যান করুন-

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

Preposition (পদান্বয়ী অব্যয়/সম্বন্ধসূচক অব্যয়)

Go to Index

♦ অধ্যায়ভিত্তিক Question Analysis এবং Suggestion		
পরীক্ষাসমূহ	প্রশ্ন সংখ্যা +-	যে পরিক্ষায় যে Topic গুলো বেশি পড়তে হবে-
✠ BCS Preliminary তে	২৪টি+-	All topics are important
✠ All Bank Job Exams	৬১টি+-	All topics are important
✠ Primary Job Exams	২৮টি+-	All topics are important
✠ PSC & Other Jobs	২৪৭টি+-	All topics are important

অধ্যায়ভিত্তিক BCS প্রশ্নসমূহ-

Our Youtube Channel: যুক্ত হতে ক্লিক করুন
https://www.youtube.com/c/ExpertEnglishA

Preposition Identification থেকে ৩টি প্রশ্ন-

01. 'Call me if you have any problems regarding your work'. 'Regarding' is a/an- *[41st BCS]*

ⓐ gerund ⓑ apposition
ⓒ preposition ⓓ conjunction ***Ans:c***

ব্যাখ্যা: এখানে regarding শব্দটি দ্বারা পরের noun phrase এর সাথে বাক্যের সম্পর্ক স্থাপন করা হয়েছে বিধায় এটি Preposition। [regarding = about] বাক্যের বাংলা: যদি তোমার কাজের **বিষয়ে** কোন সমস্যা থাকে, আমাকে ডেকো।

02. Which 'but' is a preposition? *[41st BCS]*

ⓐ It is but right to admit our faults.
ⓑ What can we do but sit and wait?
ⓒ We tried hard, but did not succeed
ⓓ There is no one but likes him. ***Ans:b***

ব্যাখ্যা: ১ম বাক্যে but একটি Adverb কারণ এটি পরের right (Adj) কে মডিফাই করেছে। ২য় বাক্যে **ছাড়া** অর্থে but একটি Preposition। এবং শেষ দুটি বাক্যে but হলো Conjunction।

03. In which sentence is the word "Past" used as a preposition. *[40th BCS 2019]*

ⓐ Writing letters is a think of the past.
ⓑ I look back on the past without regret.
ⓒ I called out to him as he ran past.
ⓓ Tanina was a wonderful singer, but she's past her prime. ***Ans:d***

ব্যাখ্যা: ১ম ও ২য় বাক্যে article (the) এর পর past শব্দটি noun। আর ৩য় বাক্যে main verb এর পর past শব্দটি adverb; এবং শেষ বাক্যটিতে "her prime" এই phrase টিকে যোগ করায় past শব্দটি preposition।

04. 'There was a small reception <u>following the wedding</u>'. The word 'following' in the sentence is a/an *[৩৯ তম বিসিএস (বিশেষ)]*

ⓐ preposition ⓑ adjective
ⓒ adverb ⓓ noun ***Ans:a***

ব্যাখ্যা: এই বাক্যে following দ্বারা Article +noun/ gerund কে যুক্ত করা হয়েছে তাই এটা preposition.

beside' 'besides' থেকে ১টি প্রশ্ন-

05. We need two hundred dollars --- this to pay for everything. (সবকিছুর মূল্য পরিশোধ করতে এই অর্থ ছাড়াও আমাদের আরও ২০০ ডলার প্রয়োজন) *[24th BCS ও অন্যান্য]*

ⓐ as well ⓑ also
ⓒ beside ⓓ besides ***Ans:d***

ব্যাখ্যা:

✓ **পার্শ্বে** বোঝাতে beside, by, near বসে; He sat beside/by/near me (সে আমার পাশে বসল)।

✓ **অতিরিক্ত/আরও** বোঝাতে besides বসে। **<u>ছাড়া</u>, <u>ব্যতিত</u> এবং <u>না করে</u>** বোঝাতে- but/except বসে।
আবার **সীমানা/বিষয় ছাড়িয়ে** বুঝাতে beyond বসে। No unauthorized personnel <u>beyond</u> this point.

Between এবং among ব্যবহার থেকে ২টি প্রশ্ন-

06. He divided money --- the two children. (সে দুইজন শিশুকে টাকা ভাগ করে দিল)*[21st ও 26st BCS, ও অন্যান্য]*

ⓐ among ⓑ between
ⓒ in between ⓓ over **Ans:b**

07. 'Among' is a preposition that is used when ---- people are involved. *[38th BCS, ও অন্যান্য]*

ⓐ two ⓑ more than two
ⓒ two or more than two ⓓ four only **Ans:b**

ব্যাখ্যা: দুটি ব্যক্তি বা বস্তুর মধ্যে বন্টন, ভাগ, তুলনা, পার্থক্য ইত্যাদি বোঝাতে between এবং দুইয়ের অধিক ব্যক্তি বা বস্তুর মধ্যে বন্টন, ভাগ, তুলনা, পার্থক্য ইত্যাদি বোঝাতে among ব্যবহৃত হয়।

by এবং with ব্যবহার থেকে ২টি প্রশ্ন-

08. Hurry up! We have to go --- five minutes. (আমাদের পাঁচ মিনিটের মধ্যে যেতে হবে) *[27th BCS ও অন্যান্য]*

ⓐ on ⓑ before
ⓒ by ⓓ in **Ans:d**

ব্যাখ্যা: ভবিষ্যৎ কোন সময়ের মধ্যে কোন কাজ শেষ করতে হবে বা করা উচিত এরূপ অর্থে **অনির্দিষ্ট** সময়বাচক শব্দের পূর্বে in বসে।

09. I should appreciate it if you could complete this work --- Thursday. *[26th BCS ও অন্যান্য]*

ⓐ by ⓑ till
ⓒ to ⓓ during **Ans:a**

ব্যাখ্যা: ভবিষ্যৎ কোন সময়ের মধ্যে কোন কাজ শেষ করতে হবে বা করা উচিত এরূপ অর্থে **নির্দিষ্ট** সময়বাচক শব্দের পূর্বে by বসে।

10. What is the time --- your watch? [তোমার ঘড়িতে (ঘড়ি অনুসারে) কয়টা বাজে?] *[12th BCS (পুলিশ) ও অন্যান্য]*

ⓐ by ⓑ in
ⓒ with ⓓ at **Ans:a**

ব্যাখ্যা: কোন বিষয় অনুসারে/ কোন কিছু হতে বোঝাতে by ব্যবহৃত হয় বিধায় ঘড়ির সময় অনুসারে বোঝাতে by watch ব্যবহৃত হয়।

Over এবং On ব্যবহার থেকে ২টি প্রশ্ন-

11. Noureen will discuss the issue with Nasir --- phone. *[33rd BCS ও অন্যান্য]*

ⓐ over ⓑ through
ⓒ by ⓓ with **Ans:c**

ব্যাখ্যা: ফোনে কথা বলা অর্থে on + the + phone /mobile আর the না থাকলে by phone/mobile

12. I will talk to you --- telephone. (আমি তোমার সাথে ফোনে কথা বলবো) *[28th BCS]*

ⓐ over ⓑ through
ⓒ by ⓓ with **Ans:a**

ব্যাখ্যা: টেলিফোনে কথা বলা অর্থে on the telephone আর the না থাকলে over telephone

13. Would you please find out Bangladesh --- the map? *[42nd BCS]*

ⓐ in ⓑ on
ⓒ over ⓓ at **Ans:b**

ব্যাখ্যা: কোন কিছুর উপরে বুঝাতে on বসে।

14. Please put the vase --- the table. (দয়া করে ফুল রাখার পাত্রটি টেবিলের ওপর রাখ) *[28th BCS]*

ⓐ in ⓑ for
ⓒ on ⓓ over **Ans:c**

ব্যাখ্যা: কোন কিছুর উপরে বুঝাতে on বসে।

Since এবং for ব্যবহার থেকে ২টি প্রশ্ন-

15. He has been ill --- Friday/ Monday last.

ⓐ from ⓑ since *[13th ও 26th BCS]*
ⓒ on ⓓ in **Ans:b**

ব্যাখ্যা: এটি present prefect continuous tense এর উদাহরণ। কোনো কাজ পূর্বে একটি নির্দিষ্ট সময়ে শুরু হয়ে বর্তমান সময় পর্যন্ত চলাকে present prefect continuous tense বলে। যেহেতু এখানে definite period of time বুঝানো হয়েছে তাই since ব্যবহৃত হবে।

16. Julia has been ill --- three months. (জুলিয়া তিন মাস যাবৎ অসুস্থ) *[28th BCS ও অন্যান্য]*

ⓐ since ⓑ for
ⓒ in ⓓ during **Ans:b**

ব্যাখ্যা: এখানে three months দ্বারা অনির্দিষ্ট সময় বুঝানো হয়েছে তাই for উত্তর।

"to" ব্যবহার থেকে ১টি প্রশ্ন-

17. Credit T.K. 5000 --- my account. (আমার হিসাবে ৫০০০ টাকা জমা কর) *[36th BCS ও অন্যান্য]*

ⓐ in ⓑ with
ⓒ against ⓓ to ***Ans:d***

ব্যাখ্যা: কোন দিকে বুঝাতে to বসে। বাংলায় কে, রে, তে, প্রতি, দিকে, উদ্দেশ্যে, বিপরীত ইত্যাদি বুঝাতে to বসে। যেমন: The clinic is to the police station. (ক্লিনিকটি থানার বিপরীত দিকে) Japan is to the east of India. (ভারতের পূর্বে দিকে জাপান অবস্থিত)

WH word দ্বারা শুরু Preposition থেকে ২টি প্রশ্ন-

নিয়ম: কোন বাক্যের শুরুতে উল্লেখিত WH word দ্বারা বিষয়ে বুঝালে about, ছোট স্থান/সময়বুঝালে at, বড় সময়/স্থান বুঝালে in, র/এর বুঝালে of, জন্যে বুঝাতে for, কে/কার সাথে বুঝাতে to বসে। নোট: বেশির ভাগ ক্ষেত্রেই preposition গুলো বাক্যের শেষে বসে। যেমন: Which restaurant do you want to eat at? (তুমি কোন রেস্টুরেন্টে খেতে চাও) What are you so angry about? (তুমি কোন/কি বিষয়ে এত রাগান্বিত?)

18. What are you so angry ---? (তুমি কোন/কি বিষয়ে এত রাগান্বিত?) *[25th BCS ও অন্যান্য]*

ⓐ about ⓑ at
ⓒ with ⓓ for ***Ans:a***

19. Who were you talking ---? (কে তোমাকে বলছে)

ⓐ on ⓑ off *[18th BCS]*
ⓒ with ⓓ to ***Ans:d***

Time/Home/sale সমস্যা থেকে ১টি প্রশ্ন-

20. Choose the correct sentence. *[26th BCS- অন্যান্য]*

ⓐ The train is running in time.
ⓑ The train is running on time.
ⓒ The train is running with time.
ⓓ The train is running to time. ***Ans:b***

ব্যাখ্যা: নির্দিষ্ট সময়ে চলামান থাকা অর্থে এখানে on উত্তর।

No preposition থেকে ১টি প্রশ্ন-

21. The walls of the house have been painted --- green. *[14th BCS ও অন্যান্য]*

ⓐ by ⓑ no preposition
ⓒ at ⓓ with ***Ans:b***

ব্যাখ্যা: Reach (পৌঁছানো), resemble (সদৃশ হওয়া), recommend (সুপারিশ করা), resign(পদত্যাগ করা), discuss, enter, go, meet, order, paint, sign, answer, investigate, emphasize, violate, comprise ইত্যাদি Transitive Verb গুলোর পর preposition বসে না;

22. When Ushashi entered --- the room everybody stopped talking.

ⓐ into ⓑ in ***Ans:d***
ⓒ to ⓓ no preposition

Others থেকে ১টি প্রশ্ন-

23. The family doesn't feel ---- going out this season. *[37th BCS ও অন্যান্য]*

ⓐ in ⓑ on
ⓒ like ⓓ of ***Ans:c***

ব্যাখ্যা: কোন কাজ করতে ইচ্ছা পোষণ করা অর্থে Feel like বসে।

24. Fill in the blank: You may go for a walk if you feel --- it. *[40th BCS 2019]*

ⓐ about ⓑ on
ⓒ like ⓓ for ***Ans:c***

ব্যাখ্যা: কোন কাজ করতে ইচ্ছা পোষণ করা অর্থে Feel like বসে। তাই উত্তর- c

Our Facebook Page: যুক্ত হতে ক্লিক করুন।
https://www.facebook.com/expertalim/



এখান থেকে বিস্তারিত শুরু

Topic-01: Preposition কাকে বলে? sentence-এ এর কাজ কি? কিছু Preposition Word লিখুন।

Preposition: Pre+ position= preposition, pre অর্থ পূর্বে আর position অর্থ অবস্থান। অতএব preposition অর্থ পূর্বে অবস্থান। সুতরাং যে word সাধারণত noun, noun phrase, pronoun, gerund ইত্যাদির পূর্বে বসে এদের সাথে বাক্যের অন্য word/phrase এর সম্পর্ক নির্দেশ করে তাকে preposition/relating word বলে। যেমন: He is in the room. তবে verb কে নির্দেশ করতে বাক্যের শেষে কোন preposition বসলে তা adverb হবে। যেমন: Please come in. (দয়া করে ভিতরে আসুন)

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

01. In which sentence is the word "Past" used as a preposition. *[40th BCS 2019]*

ⓐ Writing letters is a think of the past. ⓑ I look back on the past without regret.
ⓒ I called out to him as he ran past.
ⓓ Tanina was a wonderful singer, but she's past her prime. ***Ans:d***

ব্যাখ্যা: ১ম ও ২য় বাক্যে article (the) এর পর past শব্দটি noun। আর ৩য় বাক্যে main verb এর পর past শব্দটি adverb; এবং শেষ বাক্যটিতে "her prime" এই phrase টিকে যোগ করায় past শব্দটি preposition।

02. Which 'but' is a preposition? *[41st BCS]*

ⓐ It is but right to admit our faults. ⓑ What can we do but sit and wait?
ⓒ We tried hard, but did not succeed ⓓ There is no one but likes him. ***Ans:b***

ব্যাখ্যা: ১ম বাক্যে but একটি Adverb কারণ এটি পরের right (Adj) কে মডিফাই করেছে। ২য় বাক্যে ছাড়া অর্থে but একটি Preposition। এবং শেষ দুটি বাক্যে but হলো Conjunction।

03. A preposition is a ---. Choose the correct alternative for the blank. *[ইঃবিঃ (C) ১৫-১৬]*

ⓐ qualifying word ⓑ relating word ⓒ joining word ⓓ modifying word ***Ans:b***

ব্যাখ্যা: qualifying = Adj., relating = preposition, joining = conjunction, modifying = Adverb

04. A preposition used with a verb is an- *[ইঃবিঃ (H-Law) ১৫-১৬]*

ⓐ adjective ⓑ adverb ⓒ appositive ⓓ none ***Ans:b***

05. He was only a yard off me. এখানে off শব্দটি' *[প্রাথমিক বি: সহ: শিক্ষক (সুরমা): ১০]*

ⓐ Adverb ⓑ Preposition ⓒ Conjunction ⓓ Adjective ***Ans:b***

06. Preposition stands before- *[প্রাথ. শিক্ষা অধি. সহ. লাইব্রেরিয়ান/হিসাবরক্ষক-১৮, রাঃবিঃ (সমাজবিজ্ঞান) ০৯-১০]*

ⓐ interjection ⓑ noun ⓒ conjunction ⓓ noun or pronoun ***Ans:d***

07. Words that join noun or pronoun, object to the other words in the sentence are called ----. *[ইঃবিঃ (B) ১০-১১]*

ⓐ conjunction ⓑ adverb ⓒ preposition ⓓ adjective ***Ans:c***


08. He waited in front of the house. The underlined words is- *[রাঃবিঃ (Unit-A1): ১৭-১৮]*

ⓐ preposition ⓑ Adverbial ⓒ adjective phrase ⓓ conjunction ***Ans:a***

ব্যাখ্যা: in front of = before যা মুলত preposition এর মতো কাজ করে বিধায় এটি preposition.

কতগুলো preposition word দেখুন: at, about, above, across, around, after, by, beneath, between, but, below, before, beyond, beside, besides, down, except, from, for, in, into, of, off, on, out, out of, outside of, over, with, without, to, through, towards, upon, up, underneath, under ইত্যাদি।

যাইহোক এইসব preposition এর শ্রেণীবিভাগ হতে তেমন কোন প্রশ্ন হয় না। প্রশ্ন হয় মূলত preposition এর ব্যবহার হতে। তাই নিচে ধারাবাহিকভাবে বিভিন্ন preposition এর ব্যবহার তুলে ধরা হলো। একনজরে চিত্রের সাহায্যে দেখে নেওয়া যাক- **[এই চিত্র ভিত্তিক প্রচুর MCQ Practice ধারাবাহিকভাবে পাওয়া যাবে;]**



ছবি দেখে কিছু ব্যবহার শিখে নিন-



BCS, ব্যাংক, PSC, ও ভার্সিটি MCQ সমূহ

09. Fill in the blank: The survivors of the titanic were --- sea for several days before being rescued. *[জাঃবিঃ ২০১৮-১৯ ইউনিট 'সি' (কলা ও মানবিকী)]*

ⓐ at ⓑ on ⓒ in ⓓ by ***Ans:b***

10. Please put the vase --- the table. (দয়া করে ফুল রাখার পাত্রটি টেবিলের ওপর রাখ) *[28th BCS (মানবিক দক্ষতা)]*

ⓐ in ⓑ for ⓒ on ⓓ over ***Ans:c***

11. **He infused a new spirit --- the army.** (সে সৈন্যদের মাঝে নতুন গতি সঞ্চার করল) *[পিএসসির সহ. সচিব-০৫]*

ⓐ to ⓑ in ⓒ upon ⓓ into **Ans:d**

12. **I kept the pencil --- the pencil box.** *[প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী-১৩]*

ⓐ inside ⓑ into ⓒ of ⓓ to **Ans:a**

13. **The sky is --- us. (আমাদের উপরে আকাশ)** *[সমাজসেবা অধিদপ্তরে অফিস সহায়ক-১৮]*

ⓐ on ⓑ upon ⓒ above ⓓ far **Ans:c**

14. **There is a portrait --- the wall.** (দেওয়ালের ওপর প্রতিকৃতি আছে) *[কুয়বিঃ (A) ১৬-১৭]*

ⓐ at ⓑ in ⓒ on ⓓ over **Ans:c**

15. **The dog was hiding --- the table.** *[ঢাবিঃ অধিভুক্ত ৭ কলেজ ইউনিট বাণিজ্য ২০১৮-১৯]*

ⓐ down ⓑ under ⓒ over ⓓ up **Ans:b**

16. **His conduct is bad, and his honesty is not ---- suspicion.** *[Standard Bank Ltd. Trainee Assistant Officer (TAO) 2018]*

ⓐ above ⓑ beyond ⓒ under ⓓ in **Ans:a**

Use of Various Prepositions-

Topic-02: "At"- Preposition এর ব্যবহার আলোচনা করুন।

✪ **Use of 'At':** ছোট স্থান, নির্দিষ্ট সময়, মূল্য, তাকানো, পৃষ্ঠা দেখা, তাপমাত্রা ইত্যাদি বোঝাতে at বসে।

১) **ছোট স্থানের পূর্বে at বসে। যেমন:** He is now *at* school. [এরুপ-At home(বাড়ীতে)/at school/ at the bus stop/ at a hotel/ at (small village)/at Rajpara (town)]

বিশেষ সতর্কতা: go ও home এর মাঝে at বসবে না। যেমন: He went home yesterday.

২) **নির্দিষ্ট সময়ের ক্ষেত্রে at বসে। যেমন:** We can meet you at 7 O'clock [এরুপ- at 5p.m./ at 3 a.m./at nine/ at breakfast/(time)/ at noon/ at the time/ at dawn/ at the moment/ at the weekend/ at Christmas/at the reception (বৈঠকখানা, অভ্যর্থনা কক্ষ)]

৩) **মূল্য বোঝাতে at বসে। যেমন:** It is priced at taka 15.

৪) **পৃষ্ঠা খোলা বোঝাতে at বসে। যেমন:** Open at the page no. 22.

৫) **তাকানো বোঝাতে at বসে। যেমন:** Look at the picture.

৬) **তাপমাত্রা বোঝাতে at বসে। যেমন:** Water boils at 100° Celsius

Source: Applied English Grammar & Composition-PC Das

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

17. **He lives --- Mirpur in Dhaka.** *[Exim Bank Ltd. Trainee Assistant Teller -18]*

ⓐ by ⓑ at ⓒ for ⓓ in **Ans:b**

18. **Technology has developed ---- great speed.** *[Bangladesh Bank Asst. Director -18]*

ⓐ on ⓑ at ⓒ in ⓓ by **Ans:b**

19. **You cannot get this book --- such a price.** *[Exim Bank Ltd. Trainee Assistant Teller -18]*

ⓐ for ⓑ at ⓒ with ⓓ on **Ans:b**

20. **These illegal goods were not sold openly but were available --- the counter.** (এসব অবৈধ পণ্য প্রকাশ্যে বিক্রি হয়নি কিন্তু কাউন্টারে পাওয়া সহজলভ্য ছিল) *[রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (কর্মকর্তা, ২য় শ্রেণী)-১৫]*

ⓐ at ⓑ by ⓒ from ⓓ under **Ans:a**

21. **He is very good --- reciting poem.** *[কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক)-১৮]*

ⓐ for ⓑ with ⓒ by ⓓ at **Ans:d**

22. **My father forgot to take his umbrella --- home.** *[সাউথ ইস্ট ব্যাংক (অফিসার)-০৯]*
ⓐ on ⓑ at ⓒ in ⓓ to ***Ans:b***

বিশেষ সতর্কতা: go----home থাকলে at বসতো না। যেমন: He went home yesterday. প্রশ্নে take আছে বিধায় at বসানো যাবে। এখানে in ব্যবহার করা ভুল।

23. **I don't like going out --- midnight.**(আমি গভীর রাতে বাইরে যাওয়া পছন্দ করি না) *[বঃশেঃরঃবিঃপ্রঃবিঃ (F) ১৭-১৮]*
24. **Let's meet --- six o'clock.** (চলো আমরা ৬ টায় দেখা করি) *[Agrani Bank (officer) 08]*
ⓐ in ⓑ on ⓒ during ⓓ at ***Ans:d***

25. **The storm hurts --- five o'clock on Monday.** *[জগ্নবিঃ (D) ০৫-০৬]*
ⓐ in ⓑ on ⓒ at ⓓ by ***Ans:c***

26. **Can you meet me --- Dhaka University on next Sunday?** *[দুর্নীতি দমন কমিশন (সহকারী কর্মকর্তা)-১০]*
ⓐ into ⓑ across ⓒ for ⓓ at ***Ans:d***

সমজাতীয় তাই সংক্ষেপে দেওয়া হলো চোখ বুলিয়ে নিন-

27. **He studies sociology --- Oxford University.** *[রাঃবিঃ (E-Even Roll) ১২-১৩]*
28. **Meet me ----- Dhaka college.** (আমার সাথে ঢাকা কলেজে সাক্ষাৎ কর)*[পরিসংখ্যান ব্যুরোর ডেটা এন্ট্রি অপারেটর-১৬]*
29. **Meet me ----- IBA.** (আমার সাথে আই.বি.এ তে সাক্ষাৎ কর) *[কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে সহকারী কৃষি কর্মকর্তা-১৬]*
30. **I shall be there --- 7 pm.** [Premier Bank-09] **-He will come --- 6 pm.** *[রাঃবিঃ ০৭-০৮]*
ⓐ in ⓑ on ⓒ during ⓓ at ***Ans:d***

31. **The plane has landed --- Zia International Air port.** *[রাঃবিঃ ০৩-০৪]*
32. **There was a long queue**(কিউই-লাইন/সারি) **of people --- the bus stop.** *[খুঃবিঃ (বিজ্ঞান, প্রযুক্তিবিদ্যা স্কুল) ১০-১১]*
33. **Water boils --- 100 degree Celsius.**(পানি ফুটে ১০০ ডিগ্রী সেলসিয়াসে) *[বেঃরোঃবিঃ (A) ১২-১৩]*
34. **The book has been priced --- four hundred taka.**(বইটি ৪০০ টাকায় কেনা হয়েছে) *[রাঃবিঃ ০৭-০৮, (সমাজকর্ম) ০৮-০৯]*
ⓐ in ⓑ on ⓒ during ⓓ at ***Ans:d***

35. **Let's meet --- six o'clock.** (চলো আমরা ছয়টায় সাক্ষাৎ করি) *[Agrani Bank (Officer)-08]*
36. **Phone me --- 7 of the evening.** (আমাকে সন্ধ্যা ৭ টায় ফোন দিও) *[বেঃরোঃবিঃ (C) ০৮-০৯]*
37. **They arranged to meet --- seven.** (তারা ৭টায় সাক্ষাতের ব্যবস্থা করল) *[রাঃবিঃ ০৭-০৮, ঢাঃবিঃ (A) ০৩-০৪, পঃবিঃপ্রঃবিঃ (BBA) ০৮-০৯, পাঃবিঃপ্রঃবিঃ (C) ১৪-১৫]*
ⓐ in ⓑ on ⓒ during ⓓ at ***Ans:d***

Topic-03: across, against, along- Preposition এর ব্যবহার দেখান-

Use of 'across: সমগ্র/ব্যাপিয়া/ বিস্তৃত অর্থে **across** ব্যবহৃত হয়। যেমন: Voting took place ---- the country. (সারা দেশ ব্যাপি শান্তিতে ভোট হয়েছিল) আবার কোন স্থান **পার হওয়া** বুঝাতে run/swim across বসে। যেমন: Fafi run across the road. (ফাফি দৌড়ে রাস্তা পার হলো); Firoj swam across the river.

Use of 'against': বিরূদ্ধে/ কোন কিছুর পাশে/ সংস্পর্শে/ আঁকড়ে ধরা/ প্রতিকূলে ইত্যাদি অর্থে against ব্যবহৃত হয়। Example: He is leaning --- the wall. (সে দেয়ালে হেলান দিচ্ছে)
নোট: এই প্রশ্নে বা leaning এর সাথে Against না থাকলে on/upon ব্যবহার করা যাবে।

Use of 'along': কোন স্থানের সোজাসুজি/বরাবর বোঝাতে along ব্যবহৃত হয়।

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

38. **The road runs --- the hill and plain.** (রাস্তাটি পাহাড় এবং সমভূমি দিয়ে বিস্তৃত) *[৮ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন-১২, পল্লী উন্নয়ন বোর্ডের সহ. এনফোর্সমেন্ট কো-অর্ডিনেটর-১৭]*
ⓐ by ⓑ to ⓒ across ⓓ over ***Ans:c***

39. **Poll took place peacefully ---- the country.** *[মেডিকেল কলেজ ১৮-১৯]*
40. **Voting took place peacefully --- most of the country.** *[সমন্বিত ও ব্যাংক (সিনিয়র অফিসার)-১৮*
ⓐ across ⓑ besides ⓒ into ⓓ for ***Ans:a***

41. **The client lodged a complaint --- the cashier.** (খরিদ্দার ক্যাশিয়ারের বিরুদ্ধে একটি অভিযোগ জমা দিল) *[প্রাথমিক সহকারী শিক্ষক-১২, চট্টবিঃ ০৮-০৯]*

ⓐ against ⓑ for ⓒ with ⓓ by **Ans:a**

42. **Voting took place peacefully --- the most of the country.** *[জনতা ব্যাংক লিঃ ও রূঃ ব্যাংক লিঃ অফিসার (সাধারণ) ১৩-১২-১৯, সেট- বি]*

ⓐ across ⓑ besides ⓒ into ⓓ for **Ans:a**

43. **He is leaning --- the wall.** (সে দেয়ালে হেলান দিচ্ছে) *[উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা-১০]*

ⓐ with ⓑ upon ⓒ to ⓓ against **Ans:d**

নোট: leaning এর সাথে against না থাকলে on/upon ব্যবহার করা যাবে।

44. **He ran --- the riverbank with full speed.** (সে নদীর কূল বরাবর পূর্ণগতিতে দৌড় দিল) *[রাঃবিঃ (Law) ১০-১১]*

ⓐ into ⓑ among ⓒ along ⓓ at **Ans:c**

45. **She drove --- the rough road.** *[সমাজসেবা অধিদপ্তরের উপ-সহকারী পরিচালক-০৫]*

46. **The dog ran --- the road.** *[প্রাথমিক সহকারী শিক্ষক-০৮, খুঃবিঃ (C) ১৮-১৯, স্বাস্থ্য অধিদপ্তরের অফিস সহায়ক-১৮]*

ⓐ along ⓑ in ⓒ of ⓓ to **Ans:a**

47. **'Please lean the ladder --- the wall.'** *[গণপূর্ত অধি. উপসহকারী প্রকৌশলী (সিভিল) ও জনস্বাস্থ্য অধি. ড্রাফটম্যান-২০১৭, বেসাম. বিমান কর্তৃ. (Inspector) ১০ সেপ্টে. ২১]*

ⓐ with ⓑ on ⓒ against ⓓ by **Ans:c**

ব্যাখ্যা: Lean something against something অর্থ আড়াআড়িভাবে কোনো কিছুর সাথে কিছু রাখা।

48. **We should take vaccine --- all spreadable diseases.** *[Exim Bank (Trainee Assi. Teller) 18]*

ⓐ by ⓑ about ⓒ for ⓓ against **Ans:d**

49. **He is swimming ----- the current.**(সে স্রোতের প্রতিকূলে সাঁতার কাটিতেছে) *[গণপূর্ত অধিদপ্তরের হিসাব সহকারী-১৬]*

50. **They were sailing ---- the wind.** (তারা বাতাসের প্রতিকূলে পাল তুলে জাহাজ চালাচ্ছিল) *[ইঃবিঃ (C) ১৪-১৫]*

ⓐ against ⓑ for ⓒ about ⓓ with **Ans:a**

Topic-04: beside' 'besides' 'Beyond' 'But' 'Except' -ইত্যাদি ব্যবহারের পার্থক্য কি?

Use of 'beside' 'besides' 'Beyond' 'But' 'Except':

✓ **পার্শ্বে** বোঝাতে beside, by, near বসে; He sat beside/by/near me(সে আমার পাশে বসল)।

✓ **অতিরিক্ত/আরও** বোঝাতে besides বসে। **ছাড়া, ব্যতিত এবং না করে** বোঝাতে- but/except বসে।

✓ আবার **সীমানা/বিষয় ছাড়িয়ে** বুঝাতে beyond বসে। No unauthorized personnel beyond this point.

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

51. **We need two hundred dollars --- this to pay for everything.** (সবকিছুর মূল্য পরিশোধ করতে এই অর্থ ছাড়াও আমাদের আরও ২০০ ডলার প্রয়োজন) *[24th BCS, সংস্থাপন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা-০৭, প্রাক- প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (দানিয়ুব) -০৩]*

ⓐ as well ⓑ also ⓒ beside ⓓ besides **Ans:d**

52. **Give the all --- this pen.** (এই কলমটি ছাড়া সবগুলো দিয়ে দাও) *[বেসাম. বিমান কর্তৃ. (Inspector) ১০ সেপ্টে. ২১]*

ⓐ of ⓑ but ⓒ for ⓓ together **Ans:b**

53. **We sat --- the teacher.** (আমরা শিক্ষকের পাশে বসলাম) *[পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার অফিসার-১৭]*

ⓐ besides ⓑ beside ⓒ to ⓓ with **Ans:b**

54. **--- giving me books, he prepared notes for me.** *[পররাষ্ট্র মন্ত্রণালয়ে ব্যক্তিগত কর্মকর্তা-০৬]*

ⓐ Along with ⓑ Besides ⓒ Beside ⓓ Not only **Ans:b**

55. **Nobody --- Alam knew the matter.** (আলম ছাড়া/ব্যতিত কেউই বিষয়টি জানত না) *[রেলওয়ের উপ-সহকারী-১৬, জনশক্তি প্রশিক্ষণ ব্যুরো (উপ-পরিচালক)-০৭, জনশক্তি প্রশিক্ষণ ব্যুরো (উপ-পরিচালক)-০৭]*

ⓐ without ⓑ but ⓒ that ⓓ beside **Ans:b**

56. Apart --- cricket, he does not watch TV. *[সাধারণ বীমা কর্পোরেশন (জুনিয়র অফিসার): ০৯]*

ⓐ of ⓑ to ⓒ on ⓓ from **Ans:d**

57. --- a mayor, many city governments employ a city manager. *[BARRON'S TOEFL, P-209]*

58. --- many lands, he has big business. *[Islami Bank Bangladesh Ltd. Asst. Trainee Officer cash) (General/Cash)-17, (Field Officer)-16, ঢাগ্রবিঃ (B) ১২-১৩]*

ⓐ Besides ⓑ apart from ⓒ In addition ⓓ Further more **Ans:a**

ব্যাখ্যা: Apart from-এ বাদে, ছাড়া। অর্থাৎ 'তার অনেকগুলো জমি ছাড়াও তার বড় একটি business রয়েছে।

59. Sumi is looking for an apartment --- the park. *[পি.এস.সি. সহকারী পরিচালক-০৮, পাবলিক সার্ভিস কমিশনে সহ. পরিচালক-০৪]*

ⓐ at ⓑ of ⓒ to ⓓ near **Ans:d**

বাংলা অর্থ: সুমি পার্কের পাশে ঘর খুঁজছে;

60. Everyone --- Ruma wants milk in the tea. *[পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার অফিসার-১৭]*

ⓐ except ⓑ exceptance ⓒ excepting ⓓ exception **Ans:a**

Topic-05: Between এবং among ব্যবহারের পার্থক্য করুন।

Use of 'between' & 'among': দুটি ব্যক্তি বা বস্তুর মধ্যে বন্টন, ভাগ, তুলনা, পার্থক্য ইত্যাদি বোঝাতে between এবং দুইয়ের অধিক ব্যক্তি বা বস্তুর মধ্যে বন্টন, ভাগ, তুলনা, পার্থক্য ইত্যাদি বোঝাতে among ব্যবহৃত হয়।

সতর্ক থাকবেন অনেকেই ভুল করেন: দুইয়ের অধিক দেশ, জাতি, গোষ্ঠী ইত্যাদির মধ্যে **জোট, সম্পর্ক, পার্থক্য** ইত্যাদি প্রকাশেও between ব্যবহার করা হয়। যেমন: Nepal lies --- India, China and Bhutan. There is a great difference between Dhaka, London and Tokyo.

Video

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

61. 'Among' is a preposition that is used when ---- people are involved. *[38th BCS, প্রাথমিক সহকারী শিক্ষক ১৮ (স্থগিত ২০১৮) ১৪ জেলা]*

ⓐ two ⓑ more than two ⓒ two or more than two ⓓ four only **Ans:b**

62. --- the year 2014 and 2019, I was a student of the University of Dhaka. *[NSI (AD & others) 08 Oct 21]*

ⓐ From ⓑ Except ⓒ Between ⓓ Both **Ans:c**

63. He fell --- the thieves. [রেল মন্ত্র. (অফিস সহা.) ১৯ জুন ২১]

ⓐ among ⓑ in ⓒ to ⓓ into **Ans:a**

ব্যাখ্যা: *Fall among অর্থ হলো হঠাৎ কোনো দলের মাঝে প্রবেশ করা।*

64. He divided money --- the two children. (সে দুইজন শিশুকে টাকা ভাগ করে দিল) *[21st ও 26st BCS, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের প্রদর্শক-১৩/ জতীয় ভোক্তা অধিদপ্তরের ব্যক্তিগত সহকারী-১৩/ পরিবার পরিকল্পনা অধিদপ্তর পরিবারকল্যান পরিদর্শিকা প্রশিক্ষণার্থী- ১৩]*

ⓐ among ⓑ between ⓒ in between ⓓ over **Ans:b**

65. --- all the actors I know, Peter is by far the best. *[Mutual Trust Bank Ltd. MTO -14]*

ⓐ from ⓑ among ⓒ than ⓓ between **Ans:b**

66. Our teacher told the monitor to hand out scripts ----- the class(ক্লাসের ছাত্রছাত্রী)**;** *[ঢাগ্রবিঃ (D) ১১-১২, খুগ্রবিঃ (জীববিজ্ঞান স্কুল) ১৫-১৬, প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (মুক্তিযোদ্ধা)-১৬]*

ⓐ between ⓑ into ⓒ through ⓓ among **Ans:d**

67. Divide the apples---the boys. (ছেলেদের মধ্যে আপেলগুলো ভাগ করে দাও) *[ন্যাশনাল ক্যাডেট কোর অধি. (অফিস সহ.) ৫ মার্চ ২, চগ্রবিঃ (F) ১২-১৩]*

ⓐ between ⓑ among ⓒ to ⓓ with **Ans:b**

68. Nepal lies --- India, China and Bhutan. *[রাগ্রবিঃ (E-বিজোড়) ১৫-১৬]*

69. Switzerland lies --- France, Germany, Italy and Austria. *[চগ্রবিঃ (C) ০৩-০৪]*

70. The growth in trade --- SAARC countries remains constrained by border issues. *[BSMRSTU (D) ১৬-১৭]*

ⓐ among ⓑ between ⓒ in ⓓ amid **Ans:b**

ব্যাখ্যা: SAARC দক্ষিণ এশিয়ার দেশগুলো নিয়ে গঠিত একটি জোটের নাম বিধায় এর পূর্বে between বসে।

Topic-06: by এবং with ব্যবহারের পার্থক্য করুন।

Use of 'by & 'with': দ্বারা, দিয়া, কর্তৃক, পাশে, কাছে, নিকটে, অনুসারে, নির্ধারিত সময়ের পূর্বে, যাতায়াত মাধ্যমে ইত্যাদি বুঝাতে by/with বসে। ব্যক্তির পূর্বে by এবং বস্তুর/বিষয়ের পূর্বে with বসে।

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

71. **Ariyan was stabbed --- a lunatic --- a dagger.** *[সাধারণ বীমা কর্পোরেশন অ্যাসিসট্যান্ট ম্যানেজার- ১৯]*
ⓐ with, with ⓑ by, by ⓒ with, by ⓓ by, with **Ans:d**

72. **Rashed will come to Bangladesh -- plane.** *[IFIC Bank Ltd. Trainee Assis. Office (TAO)-18]*
ⓐ in ⓑ over ⓒ to ⓓ by **Ans:d**

73. **I finally killed the fly --- a rolled up newspaper.** *[25th BCS, Exim Bank-০৯, Rupali Bank-13, ইগ্রবিঃ (G) ১৭-১৮, বেসাম. বিমান. কর্তৃ. (নিরা. অপা.)- ০১ অক্টো. ২১]*
ⓐ by ⓑ with ⓒ through ⓓ from **Ans:b**

74. **"Life is a tale told --- an idiot."** (মূর্খরাই বলে জিবন একটি গল্প) *[উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা-১০]*
ⓐ before ⓑ with ⓒ to ⓓ by **Ans:d**

75. **He commenced her speech --- a short prayer.**(সে একটি সংক্ষিপ্ত প্রার্থনা দ্বারা তার বক্তব্য শুরু করলো)
ⓐ upon ⓑ into ⓒ with ⓓ to *[ইগ্রবিঃ (B) ১০-১১]* **Ans:c**

76. **A man is known --- the company he keeps.** (একজন ব্যক্তিকে সঙ্গ দেখে চেনা যায়) *[উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা-১০, পরিবার পরিকল্পনা অধিদপ্তর পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী-১৩]*
ⓐ with ⓑ by ⓒ for ⓓ to **Ans:b**

77. **No problem can be solved --- violence.** *[বেসিক ব্যাংক-০৯, পরিসংখ্যান অ্যাসিসটেন্ট অফিসার-১৪]*
ⓐ by ⓑ for ⓒ at ⓓ in **Ans:a**

78. **The 32000 word novel 'The time Machine' --- H. G. Wells, popularized time table.**
ⓐ into ⓑ of ⓒ by ⓓ in *[ঢাগ্রবিঃ (A) ১৪-১৫]* **Ans:c**

79. **I asked Razia to come to the cinema --- me.** *[Basic Bank-09, সহকারী পরিসংখ্যানবিদ-১৪]*
ⓐ to ⓑ by ⓒ in ⓓ with **Ans:d**

Rule-1: ভবিষ্যৎ কালে কোন নির্ধারিত/নির্দিষ্ট সময়ের পূর্বে বা মধ্যে বোঝাতে by ব্যবহৃত হয়। I have to complete the work **by** Thursday. (আমাকে বৃহস্পতিবারের মধ্যে কাজটি সম্পন্ন করতে হবে); এক্ষেত্রে সতর্ক থাকবেন অনির্দিষ্ট সময়ের পূর্বে in বসে। We have to go **in** five minutes. (আমাদের পাঁচ মিনিটের মধ্যে যেতে হবে)

80. **Hurry up! We have to go --- five minutes.** (আমাদের পাঁচ মিনিটের মধ্যে যেতে হবে) *[27th BCS, তথ্য মন্ত্রণা. সহকারী পরিচালক-০১, প্রাথমিক প্রধান শিক্ষক-০৯, ইগ্রবিঃ (B) ১২-১৩, খুগ্রবিঃ (E) ১৪-১৫, বঃশেঃমুঃরঃবিঃপ্রঃবিঃ (E) ১৭-১৮]*
ⓐ on ⓑ before ⓒ by ⓓ in **Ans:d**

81. **The concert will begin --- fifteen minutes.** *[অগ্রনী ব্যাংক-১৩]*
ⓐ by ⓑ about ⓒ on ⓓ in **Ans:d**

82. **I shall be there --- 7 pm. (আমি সেখানে সন্ধা ৭ টায় থাকবো)** *[প্রিমিয়ার ব্যাংক-০৯]*
ⓐ in ⓑ at ⓒ by ⓓ on **Ans:c**

83. **I'll have finished --- the end you get back.** (তুমি ফিরে আসার পূর্বে আমি কাজ শেষ করব) *[10th BCS (written)]*
ⓐ since ⓑ with ⓒ by ⓓ in **Ans:c**

84. **I should appreciate it if you could complete this work --- Thursday.** *[26th BCS, পাগ্রবিঃপ্রঃবিঃ (A) ১০-১১]*
ⓐ by ⓑ till ⓒ to ⓓ during **Ans:a**

85. **You must have this report finished --- Monday.** *[জগ্রবিঃ (B) ১৭-১৮]*
ⓐ while ⓑ since ⓒ at ⓓ by **Ans:d**

Rule-2: বিভিন্ন প্রকার যাতায়াতের মাধ্যম বুঝাতে by বসে। You can go there by land (স্থল পথে) [এরুপ by air (আকাশ পথে), by water (নৌ পথে), by boat, by bus, by launch, by steamer, by train ইত্যাদি] **ব্যতিক্রমঃ** on foot (পায়ে হেঁটে), on horseback (ঘোড়ায় চড়ে)।

86. They travelled to Sylhet ---. *[জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী ২০১৫]*

ⓐ by foot ⓑ by walking ⓒ on foot ⓓ on their feet **Ans:c**

87. We travelled to Paris --- train. *[জাঃকঃকাঃনঃইঞ্জবিঃ (সি-ইউনিট) বিজ্ঞান, মানবিক, মাদ্রাসা-১৭-১৮]*

ⓐ by ⓑ with ⓒ for ⓓ to **Ans:a**

88. Which of these is correct?(ছাত্রছাত্রীরা বাসে স্কুলে গিয়েছিল) *[জাঞ্জবিঃ (C) ১১-১২]*

ⓐ All students went to school by the bus. ⓑ All students went to the school by the bus.
ⓒ All students went to school by bus. ⓓ None of the above **Ans:c**

Rule-3: কোন ব্যক্তি বা বস্তুর বা স্থানের পাশে বা কাছে বা নিকটে বুঝাতে preposition by বসে। দেহের কোন অঙ্গ ধরা বুঝাতে by বসে। যেমনঃ I caught him --- the ear. আমি তার কানে ধরলাম।

89. He sat --- the fire --- me. (সে আমার সাথে আগুনের পাশে বসেছিল) *[জাঞ্জবিঃ (C) ১১-১২, বুয়েট ৯৬-৯৭]*

উত্তর: Degree যুক্ত বাক্যগুলোর affir.- Negative: যে কোন Affirmative degree বাক্যকে Negative করার সময় অপশন থেকে নিচের যেকোন গঠনটি ব্যবহার হতে পারে। তাই degree এর সকল ধারণা মাথায় রেখে অর্থগত বিষয়টি বিবেচনার দাবি রাখে। বিভিন্ন degree তে negative গঠনগুলো দেখুন-

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

গঠন-১: No other + N/P + verb + so/as + positive form + as + N/P,
গঠন-২: sub স্থান পরিবর্তিত হলে---- verb+ (not)+ as/so + positive form + as + N/P,
গঠন-৩: অন্য degree বাক্যের sub স্থান ঠিক থাকলে ---not more/less + positive form + than---
গঠন-৪: অন্য degree বাক্যের sub স্থান পরিবর্তিত হলে---- verb +(not) +comparative word + than ---
নোট: যারা কঠিন মনে করছেন তাদের বলছি নিচের MCQ সমাধান করেন। কারণ এতো নিয়ম মনে রাখা কঠিন।
আর Degree অধ্যায়ের Basic দুর্বল থাকলে Degree অধ্যায়টি পড়ে আসার অনুরোধ থাকলো।

58. He is the best player. (Negative) *[১১ তম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়) ১৪/১২]*

ⓐ No other player is as better as he.
ⓑ No other player is as good as he.
ⓒ No other player is as best as he. ***Ans:b***
ⓓ No other player is considered as he.

বাক্যের অর্থ: সে সবচেয়ে ভাল খেলোয়াড়। বাক্যটির negative অর্থ হবে- অন্য কোনো খেলোয়াড় তারমত এত ভাল না

59. Money is sweeter than honey. (Negative) *[১৪তম শিক্ষক নিবন্ধন ও প্রত্যায়ন পরীক্ষা [স্কুল/ সমপর্যায়] -১৭]*

ⓐ Honey is not so sweet as money.
ⓑ Nothing is as sweet as money and honey.
ⓒ Money is not as sweet as honey. ***Ans:a***
ⓓ Honey is not sweeter than money.

গঠন: Than যুক্ত comparative বাক্যকে negative করতে subject (দ্বিতীয়)+ verb + not+ so+ adjective + as + sub (প্রথম) হয়।

60. He is greater than I. Negative form of this affirmative sentence is-

ⓐ I am not as great as he. *[জাঃবিঃ (IBA) ১০-১১]*
ⓑ He is no greater than I.
ⓒ He is so great as I.
ⓓ I am not greater than he. ***Ans:a***

61. Writing is better than reading" – Negative form of the sentence is *[১০ম প্রভাষক নিবন্ধন-১৪] [ইঃবিঃ (B) ১৬-১৭]*

ⓐ writing is not as good as reading.
ⓑ Reading is not as good as writing.
ⓒ Nothing is as good as writing.
ⓓ No other thing is good as writing. ***Ans:b***

62. Jim and Della were as wise as the Magi. (Negative) *[১৩ তম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল পর্যায়-২) ২০১৬]* ***Ans:b***

ⓐ Jim and Della were not as wise as the Magi.
ⓑ Jim and Della were not less wise than the Magi.
ⓒ Jim and Della were not to wise as the Magi.
ⓓ Jim and Della were not unwise than the Magi.

Others

63. Have done well in the exam. Rewrite the sentence using the antonym of 'well'. [রাঃবিঃ (ক) (গ্রুপ-২),(লিখিত), ১৯-২০]

Ans: Have not done badly in the exam.

64. Mary was disappointed in her new secretary. *[চট্টবিঃ (B)সেট-৩, Written- ১৯-২০]*

Ans: Mary was not pleased with her secretary.

======= 0000 =======

Phrase & its Identification

♦ অধ্যায়ভিত্তিক Question Analysis এবং Suggestion		
পরীক্ষাসমূহ	প্রশ্ন সংখ্যা +-	যে পরিক্ষার যে Topic গুলো বেশি পড়তে হবে-
✠ BCS Preliminary তে	৩টি+-	3, 5, 7, 9, 10
✠ All Bank Job Exams	৪টি+-	7, 9, 10
✠ Primary Job Exams	৩টি+-	1, 2, 4, 7, 9
✠ PSC & Other Jobs	২৯টি+-	All

একনজরে অধ্যায়ভিত্তিক BCS প্রশ্নসমূহ-

What types of phrase are the underlined words in following sentences?

1. **He worked <u>with all sincerity</u>. The underlined phrase is-** *[37th BCS, 2016]*

ⓐ a noun phrase
ⓑ an adjective phrase
ⓒ an infinitive phrase
ⓓ an adverbial phrase *Ans:d*

বাক্যের অর্থঃ সে পূর্ণাঙ্গ আন্তরিকতার সহিত কাজ করেছে। [**Clue**: how দ্বারা main verb কে প্রশ্ন করে adverbial Phrase হিসেবে উত্তর পাওয়া যায়]

2. **<u>To win a prize</u> is my ambition.' The underlined part is a/an-** *[41st BCS]*

ⓐ adjective phrase noun phrase
ⓑ noun phrase ⓒ adverb phrase
ⓓ conjunctional phrase *Ans:b*

ব্যাখ্যাঃ verb এর পূর্বে ব্যবহৃত infinitive phrase কে noun phrase বলা যায়।

Our Facebook Page: যুক্ত হতে ক্লিক করুন।
https://www.facebook.com/expertalim/

3. **We were waiting <u>for the bus</u>. The underline part is-** *[28th BCS ও অন্যান্য]*

ⓐ a noun phrase
ⓑ an infinitive phrase
ⓒ a prepositional phrase
ⓓ a verb phrase *Ans:a*

ব্যাখ্যাঃ উপরের বাক্যে for the bus মূলত Adverbial Phrase। কিন্তু অপশনে Adverbial Phrase নেই তাই এটিকে Prepositional Phrase বলা যাবে। কারণ Verb এর পরে যেসব Adverbial Phrase, ***<u>preposition</u>*** *দিয়ে শুরু কিন্তু* ***<u>noun</u>*** *দিয়ে শেষ* হয় সেগুলোকে Prepositional Phrase বলা যায়। যেমনঃ Zarif put the doraemon dills <u>in his toy box.</u> "Please try to think <u>out of the box</u>" We were waiting <u>for the bus</u>. এই বাক্যগুলোতে underlined করা অংশগুলো মূলত Adverbial phrase তবে এদেরকে Prepositional Phrase-ও বলা যাবে।

বিশেষ দ্রষ্টব্যঃ ***<u>Preposition</u>*** *দিয়ে শুরু আর* ***<u>Preposition</u>*** *দিয়ে শেষ* এমন Phrase কেও Prepositional Phrase বলে। যেমনঃ in front of = সম্মুখে, on account of = জন্যে, ইত্যাদি।

মূল আলোচনা দেখুন পরবর্তী পেজে-

Topic-01: Phrase কাকে বলে? কয়েকটি উদাহরণ দাও। Word, Phrase এবং Clause এর পার্থক্য করুন-

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

Phrase (শব্দগুচ্ছ): Phrase একটি শব্দ নয় বরং একের অধিক/একগুচ্ছ শব্দ(word*), যেখানে কোন Subject এবং finite verb (সমাপিকা ক্রিয়া) এর **সমন্বয় থাকে না**। যেমন: on fine morning, in front of (সম্মুখে), on account of (জন্য), oh my dear (ওহে আমার প্রিয়), after going to picnic (বনভোজনে যাওয়ার পর), to read the book (বই পড়া), ইত্যাদি। এসব শব্দগুচ্ছে subject ও verb এর সমন্বয় নেই। সুতরাং এগুলো সব phrase। ইংরেজীতে বলা যায়। Phrase is a group of related words used as single part of speech and expresses a single idea.

***Word (শব্দ):** এক বা একাধিক বর্ণ দ্বারা গঠিত হয় word বা শব্দ যা অর্থ প্রদান করতে পারে, যেমন: A-একটি, Allah-আল্লাহ্, World-পৃথিবী, Expert-দক্ষ, Book-বই, etc. **নিচে Phrase এবং Clause এর পার্থক্য/মিল দেখুন:**

বিষয়	Phrase (শব্দগুচ্ছ):	Clause (বাক্য/ বাক্যাংশ):
মিল	A group of words(একগুচ্ছ শব্দ)/ দুই বা তার অধিক শব্দের সমন্বয়ে গঠিত হয় Phrase	A group of words(একগুচ্ছ শব্দ)/ দুই বা তার অধিক শব্দের সমন্বয়ে গঠিত হয় Clause
পার্থক্য	Phrase এর মধ্যে Subject এবং finite verb এর সমন্বয় থাকে না।	Clause এর মধ্যে Subject এবং finite verb এর সমন্বয় থাকে। অর্থাৎ Clause= subject+finite verb-
উদাহরণ	"hard and fast rule" (এই শব্দগুচ্ছের মধ্যে Subject ও finite verb সমন্বয় নাই বিধায় এটি একটি Phrase)	"The children are safe." (এই শব্দগুচ্ছের মধ্যে ১টি Subject ও ১টি finite verb এর সমন্বয় আছে বিধায় এটি একটি Clause)

1. **What is the true about a phrase?**
ⓐ it expresses a single idea *[ইঃবিঃ (C) ১৭-১৮]*
ⓑ it forms a complete sentence
ⓒ it is incompatible with a clause
ⓓ it is synonymous with a clause ***Ans:a***

2. **A group of words that not make a complete and does not contain a finite verb is-** *[SAU (B) 04-05]*
ⓐ sentence ⓑ phrase
ⓒ idiom ⓓ clause ***Ans:b***

3. **After death the doctor, is** *[শিক্ষা, ডাক, স্বাস্থ্য ও অর্থ মন্ত্রণালয়ের প্রশাসনিক ও ব্যক্তিগত কর্মকর্তা ২০১৫]*
ⓐ a proverb ⓑ a phrase
ⓒ an idiom ⓓ a simile ***Ans:b***
ব্যাখ্যা: After death the doctor হচ্ছে একটি phrase। কারণ phrase হচ্ছে কোনো finite verb ছাড়া a group of words যা কোনো sentence এর অংশ।

4. **'One fine morning' is -** *[ইঃবিঃ (খ) ০৫-০৬, জাঃকঃকাঃনঃইঃবিঃ (ঘ) ১৫-১৬]*
ⓐ an idiom ⓑ a phrase
ⓒ a clause ⓓ a sentence ***Ans:b***

5. **What is phrase?** *[যুব উন্নয়ন অধিদপ্তরের সহ: পরিচালক-৯৮, রাঃবিঃ (BBA) ০৩-০৪]*
a) a group of words to express certain idea.
ⓑ nouns and verb are combined together to express certain idea
ⓒ nouns and adjectives are combined together to express ideas.
ⓓ a group of related words used as single part of speech ***Ans:d***
☑ **Advanced Learning:** clause/ sentence হলো Sub+ Verb এর সমন্বয়ে একগুচ্ছ শব্দ। আর Sub + Verb এর সমন্বয়হীন শব্দগুচ্ছ হলো Phrase বা Idioms। **Idioms**: সরাসরি অর্থ দেয় না, অর্থাৎ এর আক্ষরিক অনুবাদ হয় না বরং ভাবার্থ হয়। যেমন: Fish out of water- অস্বস্তিকর অবস্থা। **Phrase**: সরাসরি অর্থ দেয় বা এর আক্ষরিক অনুবাদ/বাংলা হয়। যেমন: One fine morning- সুন্দর সকালে; A lot of money- প্রচুর টাকা;

Our Youtube Channel: যুক্ত হতে ক্লিক করুন
https://www.youtube.com/c/ExpertEnglishA

Topic-02: Phrase কত প্রকার এবং কি কি?

Phrase এর প্রকারভেদ: Phrase সাধারণত ৭ প্রকার, তবে বিশেষ ক্ষেত্রে Infinitive Phrase, Gerund Phrase এবং Participle Phrase কে আলাদা বিবেচনা করলে Phrase সর্বমোট ১০ প্রকার। বাক্যে অবস্থানগত ভিন্নতার কারণে parts of speech এর নামেই Phrase এর নামকরণ করা হয়। যথা:

1. Noun Phrase	**6.** Participle Phrase
2. Infinitive Phrase	**7.** Adverbial Phrase
3. Gerund Phrase	**8.** Prepositional Phrase
4. Verbal Phrase	**9.** Conjunctional Phrase
5. Adjective Phrase	**10.** Interjectional Phrase

বিশেষ কথা: Phrase বাক্যের মাঝে, বাক্যের শুরুতে, বাক্যের শেষে, noun/ verb এর আগে ও পরে, Preposition এর আগে ও পরে, এরূপ বিভিন্ন অবস্থানে বিভিন্ন parts of speech এর মত ব্যবহার হতে পারে।

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

Topic-03: Noun Phrase কাকে বলে? উদাহরণসহ Noun phrase চেনার ৩টি উপায় লিখুন।

Noun Phrase: Noun phrase এমন একগুচ্ছ শব্দ যা বাক্যে Noun এর মতই কাজ করে এবং যেসব জায়গায় parts of speech এর noun বসে, সেসব জায়গায় Noun Phrase বসে। অন্যভাবে বলা যায়- যে শব্দগুচ্ছে noun এর প্রাধান্য / ফোকাসটাই বেশি থাকে সেই শব্দগুচ্ছকে Noun Phrase বলে। Noun Phrase এর central Part হলো noun।

চেনার উপায়: ১- বাক্যে Verb এর Subject, Object এবং Complement হিসাবে একগুচ্ছ শব্দ থাকলে তা Noun phrase। যেমন: To read newspaper is a good habit. The man wants something to eat.

চেনার উপায়: ২- Determiner (a, an, the, one, no, some, few, any, many, both, my etc.) এর পর একগুচ্ছ শব্দ থাকলে তা Noun phrase হয়। যেমন: Bipul is a man of letters. They are my kith and kin.

চেনার উপায়: ৩- Preposition (at, in, of, out, with, etc.) পর একগুচ্ছ শব্দ থাকলে তা Noun phrase। যেমন: He agreed to the plan *of* his own accord.

✡✡ সবাই বুঝি এই অংশে সব প্রশ্নের উত্তর noun phrase হবে।
তাই উত্তর করা বড় কাজ নয় বরং কিভাবে উত্তর হয়???? এই ব্যাপারটি বুঝে বুঝে পড়াই আসল কাজ ✡✡

6. What kind of phrase "A charming girl" is a- *একটি সুন্দর/মায়াবিনী বালিকা [NU (Business) ১০-১১]*

ⓐ adverbial phrase
ⓑ adjective phrase
ⓒ prepositional phrase
ⓓ noun phrase



Ans:d

7. What kind of phrase- "Kith and kin" *(আত্মীয়স্বজন) [চঃবিঃ ০৬-০৭]*

ⓐ adverbial phrase
ⓑ adjective phrase
ⓒ prepositional phrase
ⓓ noun phrase *Ans:d*

ব্যাখ্যা: Kith and kin" (আত্মীয়স্বজন) যা noun এর ন্যায় কাজ করে বিধায় এটি noun phrase;

8. The cat on the mat is fat. The underlined is- *[বেসাম. বিমান. কর্তৃ. (বিভিন্ন পদ) ২৪ সেপ্টে. ২১]*

ⓐ Noun phrase ⓑ Verbal phrase
ⓒ Adjective phrase
ⓓ Prepositional phrase *Ans:a*

9. The underlined phrase is- The man wants something to eat. *[রাঃ বিঃ (A-জোড়) ১৫-১৬]*
→I like singing in the bath. *[যঃপ্রঃবিঃ (D) ১৪-১৫]*

ⓐ Prepositional Phrase ⓑ adverbial phrase
ⓒ adjective ⓓ noun phrase *Ans:d*

ব্যাখ্যা: বাক্যের main verb "want" এর পর "something to eat" একটি phrase যা object এর অবস্থানে আছে বিধায় এটি noun phrase।

10. **The central part of a noun phrase is mainly a---.** *[প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সিভিলিয়ান স্টাফ অফিসার-১৬]*
ⓐ Pronoun ⓑ Adjective
ⓒ Noun ⓓ Adverb ***Ans:c***

11. **While walking through the woods yesterday, we saw a tiger. The underlined phrase is-** *[পাঃবিঃপ্রঃবিঃ (C) ১৭-১৮]*
ⓐ prepositional phrase
ⓑ adverbial phrase ***Ans:d***
ⓒ participle phrase ⓓ noun phrase
ব্যাখ্যা: এখানে while একটি preposition এর কাজ করছে। আবার through একটি preposition; আর এই phrase এর মূল অংশ হচ্ছে walking যা দুই preposition এর মাঝে noun এর কাজ করছে। তাই এটি noun phrase।

12. **He is an eyesore to me.** (সে আমার চক্ষুশূল) এই ব্যাক্যে an eyesore শব্দটি কোন phrase? *[থানা শিক্ষা অফিসার-৯৯, BDS ০৪-০৫]*
ⓐ prepositional phrase ⓑ adjective phrase
ⓒ adverbial phrase ⓓ noun phrase ***Ans:d***
ব্যাখ্যা: প্রথমত, eyesore এর অর্থ হচ্ছে unpleasant thing (চক্ষুশূল, দেখতে অপ্রীতিকর এমন কিছু) যা হচ্ছে একটি noun এবং দ্বিতীয়ত, article এবং preposition এর মাঝে noun বসে। তাই এটি noun phrase হবে।

13. **Sheikh Hasina, the prime minister of Bangladesh, is considered one of the most powerful women in the world. The underlined part is-** *[হুবহু কমন প্রশ্ন: বঃশেঃমুঃরঃবিঃপ্রঃবিঃ (জি) সেট-সি, ১৯-২০]*
ⓐ a noun phrase ⓑ an adjective phrase
ⓒ an adverbial phrase
ⓓ an infinitive phrase ***Ans:a***

14. **Qualifying in the admission test is not easy. Underline part is-** *[রাঃবিঃ (B) ১২-১৩]*
ⓐ main phrase ⓑ noun phrase ***Ans:b***
ⓒ adjective phrase ⓓ adverbial phrase
ব্যাখ্যা: এটি মূলত gerund phrase তবে বাক্যে subject হিসাবে/ অবস্থানগত কারণে; noun phrase বলা হয়।

15. **To ride well requires practice.** *(ভাল চালাতে অভ্যাসের প্রয়োজন) [রাঃবিঃ ০৯-১০, জঃবিঃ (A) ১১-১২, রাঃবিঃ (D-বাণিজ্য) ১৬-১৭, জাঃকঃকাঃনঃইঃবিঃ (D) ১৮-১৯]*
ⓐ adjective phrase ⓑ adverbial phrase
ⓒ noun phrase ⓓ conj. phrase ***Ans:c***
ব্যাখ্যা: এরা মূলত Infinite phrase তবে বাক্যে subject হিসাবে/ অবস্থানগত কারণে noun phrase বলা হয়। তাই option গুলোতে noun phrase না থাকলে infinitive phrase উত্তর করা যাবে। *[বি.দ্র. সময় লাগলেও বুঝে বুঝে পড়ুন]*

Topic-04: Infinitive ও Gerund Phrase কাকে বলে? উদাহরণ দিন। এরা মূলত কোন phrase এর অন্তর্গত?

Infinitive Phrase: to+ verb--- যুক্ত কোন শব্দগুচ্ছ বাক্যে noun/subject/object এর কাজ করলে তাকে **Infinitive** phrase বলে। যেমন: To ride well requires practices. লক্ষ্য রাখবেন: to+ verb--- যুক্ত কোন শব্দগুচ্ছ বাক্যে Verb/adjective কে modify করলে তাকে adverbial phrase বলে। যেমন: We eat to live. [আমরা বেচেঁ থাকতে খাই, এখানে to live দ্বারা eat- verb কে নির্দেশ করেছে বিধায় এটি adverbial phrase]
সতর্কতা: Infinitive অবস্থানভেদে noun phrase / adverbial phrase হতে পারে।
Gerund Phrase: Verb+ ing যুক্ত কোন শব্দগুচ্ছ বাক্যে noun/subject/object এর কাজ করলে তাকে Gerund phrase বলে। যেমন: Qualifying in the admission test is not easy.
সতর্কতা: Gerund Phrase মূলত noun এর অর্ন্তগত। তাই এদেরকে noun phrase ও বলা যায়।

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

16. **To win a prize is my ambition.' The underlined part is a/an-** *[41st BCS]*
ⓐ adjective phrase ⓑ noun phrase ***Ans:b***
ⓒ adverb phrase ⓓ conjunctional phrase

17. **Qualifying in the admission test is not easy. The underlined phrase means-**
ⓐ Gerund phrase ⓑ Verbal phrase
ⓒ Adjective phrase ⓓ Conj. phrase ***Ans:a***

18. **I am glad <u>to know your success</u>.** (আমি তোমার সফলতার খবর জেনে আনন্দিত) *[রাঃবিঃ (B-আইন) ১২-১৩]*

ⓐ infinitive phrase as an adjective
ⓑ infinitive phrase as a post modifier of an adjective ***Ans:b***
ⓒ infinitive phrase as an intransitive verb
ⓓ infinitive phrase as a transitive verb

ব্যাখ্যাঃ যেহেতু বাক্যে glad$_{(adj.)}$ এর পরে বসে "**<u>to know your success</u>**" phrase টি glad কে modify/ বিশেষায়িত করেছে বিধায় এটি post modifier of an adjective। এটি মূলত adverbial phrase।

Topic-05: Adjective Phrase কাকে বলে? উদাহরণসহ চেনার উপায় আলোচনা করুন।

Adjective Phrase: Adjective phrase এমন একগুচ্ছ শব্দ যা বাক্যে adjective এর কাজ করে এবং যেসব জায়গায় parts of speech এর Adjective বসে, সেসব জায়গায় Adj. Phrase বসে। অন্যভাবে বলা যায়- যে শব্দগুচ্ছে Adjective এর প্রাধান্য/ফোকাসটাই বেশি থাকে সেই শব্দগুচ্ছকে Adjective Phrase বলে।

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

চেনার উপায়:১- <u>Noun এর পর preposition যুক্ত কোন phrase যখন উক্ত noun কে qualify করে</u>, অর্থাৎ Noun এর দোষ, গুণ, অবস্থা ইত্যাদি প্রকাশ করে, তখন তাকে adjective phrase বলে।

যেমনঃ A man <u>in great difficulties</u> came to me. (<u>কঠিন সমস্যায় পতিত</u> লোকটি আমার কাছে এসেছিল) লোকটির অবস্থা বোঝাচ্ছে- তাই এই বাক্যে underline করা অংশ একটি adjective phrase।

চেনার উপায়:২- noun এর পর কোন (verb+ ing)/V_3 যুক্ত Phrase উক্ত noun কে নির্দেশ করলে সেটি participle/ adjective Phrase। যেমনঃ The scientist <u>doing the research in the laboratory</u> is my teacher.

চেনার উপায়:২- <u>Noun এর আগে বসে যখন কোন phrase উক্ত noun কে qualify করে</u>, অর্থাৎ Noun এর দোষ, গুণ, অবস্থা ইত্যাদি প্রকাশ করে, তখন তাকে adjective phrase বলে। যেমনঃ There is no <u>hard & fast</u> *rule* in film making. (সিনেমা তৈরিতে কোন <u>বাঁধাধরা</u> নিয়ম নেই)। phrase টি rule(noun) এর অবস্থা বোঝাচ্ছে।

✡✡ সবাই বুঝি এই অংশে সব প্রশ্নের উত্তর Adjective phrase হবে।
তাই উত্তর করা বড় কাজ নয় বরং কিভাবে উত্তর হয়???? এই ব্যাপারটি বুঝে বুঝে পড়াই আসল কাজ ✡✡

19. **A woman <u>with a veil</u> (ঘোমটা) <u>over her body</u> approached the doctor. The underlined phrase is-** *[ঢাঃবিঃ (C) ০০-০১, রাঃবিঃ (A_5) ১২-১৩, কুঃবিঃ (B) ১৩-১৪, ✪ হুবহু কমন প্রশ্নঃ FBSTA-2019]*

ⓐ A Verbal phrase
ⓑ An Adverbial phrase
ⓒ An Adjective phrase
ⓓ Prepositional phrase ***Ans:c***

20. **Hasan is a man <u>of letters</u>.** *(হাসান একজন জ্ঞানী লোক) [স্বরাষ্ট্র মন্ত্রণা. অধিনে পাসপোর্ট ও ইমিগ্রেশন অধি. সহকারী পরিচালক-০৬]*

ⓐ adjective phrase
ⓑ adverbial phrase
ⓒ verbal phrase
ⓓ prepositional phrase ***Ans:a***

ব্যাখ্যাঃ বাক্যে of letters (*জ্ঞানী*) দ্বারা a man (noun)কে qualify করেছে বিধায় এটি adj. phrase

21. **'The book <u>on the table</u> in mine. Here 'on the table' functions like-** *[খুঃবিঃ (A) ০৭-০৮]*

ⓐ a noun clause phrase
ⓑ an adjective phrase
ⓒ an adverbial phrase
ⓓ a prepositional phrase ***Ans:b***

22. **The greater part of our learning <u>in the schools</u> has been waste. The underlined phrase is-** *[রাঃবিঃ ১৮-১৯ ইউনিট বি (অবাণিজ্য)]*

ⓐ adjective phrase ⓑ noun phrase ***Ans:a***
ⓒ adverbial phrase
ⓓ prepositional phrase

23. Everything that he did was open and <u>above board.</u> The phrase is- *[ইঃবিঃ (B) ১৫-১৬]*

ⓐ prepositional phrase
ⓑ noun phrase ⓒ adverbial phrase
ⓓ adjective phrase *Ans:d*

ব্যাখ্যা: be verb (was) এর পর and দ্বারা দুটি Adjective যুক্ত করা আছে। তাই open একটি adjective word আর above board একটি Adjective phrase;

24. The press club <u>in front of the secretariat building</u> is an age-old building. *[ইঃবিঃ (B) ১৪-১৫]*

ⓐ adjective phrase
ⓑ prepositional phrase ⓒ adverbial phrase
ⓓ adverbial phrase *Ans:a*

ব্যাখ্যা: এখানে "club" noun এর পরবর্তিতে prepositional phrase (in front of) + যুক্ত অংশ হচ্ছে adj. phrase। যদি এখানে শুধু in front of এর নিচে underline থাকতো তবে এটি prepositional phrase হতো। কিন্তু এখানে underline আছে building পর্যন্ত। যা পূর্বে noun কে নির্দেশ করেছে বিধায় এটি Adj. Phrase।

25. The scientist <u>doing the research in the laboratory</u> is my teacher. The underlined part is- *[ইঃবিঃ (B) ১৪-১৫]* *Ans:c*

ⓐ noun phrase ⓑ adverbial phrase
ⓒ adjective phrase ⓓ prepositional phrase

ব্যাখ্যা: অপশনে adjective phrase না থাকলে Participle phrase বলা যাবে।

সমজাতীয় আরো MCQ, Practice করুন

26. The Underlined Parts are-

→A thing <u>of beauty</u> is a joy forever.
→He is a man <u>of friendly nature</u>.
→There is no <u>hard and fast</u> rule in film-making.
→A man <u>in great difficulties</u> came to me for help.

ⓐ prepositional phrase
ⓑ noun phrase
ⓒ adverbial phrase
ⓓ adjective phrase *Ans:d*

27. The Underlined Parts are-

→The people <u>in the room</u> stood up to greet him.
→The cargo <u>on the ship</u> was unloaded.
→The girl <u>with long hair</u> is my cousin.

ⓐ prepositional phrase
ⓑ noun phrase
ⓒ adverbial phrase
ⓓ adjective phrase *Ans:d*

28. The Underlined Parts are-

→The book <u>borrowed from the library</u> is lost. (<u>গ্রন্থাগার থেকে ধার নেওয়া বইটি</u> হারিয়ে গেছে)
→The girl <u>in green</u> is my cousin.

ⓐ prepositional phrase
ⓑ noun phrase ⓒ adverbial phrase
ⓓ adjective phrase *Ans:d*

Topic-06: Participle Phrase কাকে বলে? ১টি উদাহরণ দাও। এটি মূলত কোন phrase এর অন্তর্গত?

Participle Phrase: যখন কোন verb+ ing বা V_3 যুক্ত অংশ কোন noun কে নির্দেশ করে তখন সেটি participle Phrase।

চেনার উপায়-১: ----- Noun + (verb+ ing)/V_3 –যুক্ত অংশ Participle Phrase --- ,
যেমন: I saw a bird <u>flying in the sky</u>. (আমি <u>আকাশে উড়ন্ত</u> পাখি দেখলাম)

চেনার উপায়-২: [verb+ ing/ V_3 +-----] + , + Subject + verb---- থাকলে এরূপ গঠনে [verb+ ing/ V_3 +-----] অংশ participle Phrase। যেমন: <u>knocking at the door</u>, he demanded admission.

সতর্কতা: Participle Phrase মূলত Adjective phrase এর অর্ন্তগত। তাই একে Adjective phrase-ও বলা যায়-
নোট: V3 যুক্ত phrase হলে past participle phrase আর verb + ing হলে সেটি present Participle Phrase

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

29. Loudly knocking at the door, he demanded admission. *[থানা শিক্ষা অফিসার-৯৯]*

ⓐ conjunctional phrase *[পাঃবিঃপ্রঃবিঃ (C) ১৭-১৮]*
ⓑ interjectional phrase
ⓒ adverbial phrase
ⓓ participle phrase **Ans:d**

ব্যাখ্যা: (উচ্চস্বরে, দরজায় ঠক্ ঠক্ করা লোকটি প্রবেশাধিকার চেয়েছিল) এখানে লোকটি = সে। দেখুন- বাক্যে knocking at the door দ্বারা he এর অবস্থা প্রকাশ করছে বিধায় এটি adjective/participle phrase;

30. I have a boat made of wood. The underlined phrase is --- *[✪ এই নিয়মে কমন প্রশ্ন: প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (২য় ধাপ) -১৯]*

ⓐ an adverbial phrase
ⓑ perfect participle phrase
ⓒ present participle phrase
ⓓ past participle phrase **Ans:d**

Tips: Verb এর past participle যখন adj. এর কাজ করে এবং noun বা pronoun কে modify করে তা past participle phrase। Underlined কৃত phrase টি boat কে modify করছে।

Topic-07: Verbal Phrase কাকে বলে? কয়েকটি Verbal phrase এর উদাহরণ দিন।

Verbal Phrase: ইহা এমন একগুচ্ছ শব্দ যা বাক্যে verb এর কাজ করে এবং যেসব জায়গায় parts of speech এর Verb বসে, সেসব জায়গায় verbal Phrase বসে। অন্যভাবে বলা যায়- যে শব্দগুচ্ছে verb এর প্রাধান্য/ফোকাসটাই বেশি থাকে সেই শব্দগুচ্ছকে verbal Phrase বলে। যেমন: We look for the best student. (আমরা সবচেয়ে ভাল ছাত্র খুঁজি) এই বাক্যে look for একগুচ্ছ শব্দ যা verb এর কাজ করছে তাই এটি একটি verbal phrase।

List of Some Verbal Phrases

look for- খোঁজ করা	Get rid of- মুক্তি পাওয়া	Take care of- যত্ন নেওয়া
Put up with- সহ্য করা	Hanker after- কোন কিছুতে লোভ করা	Take pride in- গর্ব করা
Bear away the palm -বিজয়ী হওয়া	Call a spade a spade- অপ্রিয় সত্য কথা বলা, স্পষ্ট কথা বলা	Die in harness; কর্মরত অবস্থায় মারা যাওয়া
Call in question সন্দেহ করা/ Doubt-	Beat about the bush; কাজের কথায় না এসে আজে বাজে কথা বলা	Come to light- প্রকাশিত হওয়া

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

31. "We look for the brilliant students" What kind of phrase is "look for" (খোঁজা) *[রাঃবিঃ ০৮-০৯]*

ⓐ adjective phrase ⓑ verbal phrase
ⓒ adverbial phrase ⓓ noun phrase **Ans:b**

32. Do on your shirt. It is an/a --- phrase. (তোমার শার্ট পরিধান করো) *[বঃশেঃমুঃরঃবিঃপ্রঃবিঃ (F-অবাণিজ্য) ১৪-১৫]*

ⓐ noun ⓑ prepositional
ⓒ adverbial ⓓ verbal **Ans:d**

Topic-08: Adverbial Phrase কাকে বলে? চেনার উপায়সহ কয়েকটি উদাহরণ দিন।

Adverbial Phrase: ইহা এমন একগুচ্ছ শব্দ যা বাক্যে Adv. এর কাজ করে এবং যেসব জায়গায় parts of speech এর Adv. বসে, সেসব জায়গায় Adverbial Phrase বসে। অন্যভাবে বলা যায়- যে শব্দগুচ্ছে Adv. এর প্রাধান্য/ফোকাসটাই বেশি থাকে সেই শব্দগুচ্ছই Adverbial Phrase বলে।

চেনার উপায়: বাক্যে main verb কে how/where/when/why যথাক্রমে- (কিভাবে)/ (কোথায়)/ (কখন) /(কেন) দ্বারা প্রশ্ন করলে উত্তর হিসেবে যে phrase/শব্দগুচ্ছ পাওয়া যায় তাই Adverbial phrase; যেমন:

How (কিভাবে) দ্বারা প্রশ্ন- I went very quickly. (আমি কিভাবে গিয়েছিলাম?) Ans: very quickly(খুব দ্রুত)
Where (কোথায়) দ্বারা প্রশ্ন -He lives in Dhaka. (সে কোথায় বাস করে?) Ans: in Dhaka(ঢাকায়)
When (কখন) দ্বারা প্রশ্ন He had come in November. (কখন এসেছিল?) Ans: in November(নভেম্বরে)
Why (কেন) দ্বারা প্রশ্ন I read to learn many unknown things. (কেন পড়ি?) Ans: অনেক অজানা কিছু শিখতে

List of Important Adverbial Phrases		
Above all- সর্বোপরি	At last- অবশেষে	As usual- যথারীতি
At random- এলোমেলোভাবে	At least- কমপক্ষে	By no means- কোন ভাবেই না
At six and seven- এলোমেলোভাবে	After all- সব সত্ত্বেও	At all- আদৌ
All at once- হঠাৎ	By chance- হঠাৎ	Far and wide- সর্বোত্র
By leaps and bounds- দ্রুতগতিতে	Cats and dogs- মুষলধারে	Head and ears- সম্পূর্ণরূপে
By hook or by crook- যে কোন উপায়ে	In full swing- পূর্ণ গতিতে	Out and out- সম্পূর্ণরূপে
নোট: Idioms and Phrase অধ্যায়ে এরূপ আরো অনেক Adverbial Phrase পাওয়া যাবে;		

✡✡ সবাই বুঝি এই অংশে সব প্রশ্নের উত্তর Adverbial phrase হবে।

তাই উত্তর করা বড় কাজ নয় বরং কিভাবে উত্তর হয়???? এই ব্যাপারটি বুঝে বুঝে পড়াই আসল কাজ ✡✡

What types of phrase are the underlined words in following sentences?

33. He worked <u>with all sincerity</u>. The underlined phrase is- *[37th BCS, 2016, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ১টি বাড়ি ১টি খামার প্রকল্পে জেলা সমন্বয়কারী-১৭, বাংলাদেশ ট্যারিফ কমিশনে গবেষণা কর্মকর্তা-১৮, বেসাম. বিমান. কর্তৃ. (নিরা. অপা.)- ০১ অক্টো. ২১]*

ⓐ a noun phrase ⓑ an adjective phrase
ⓒ an infinitive phrase
ⓓ an adverbial phrase **Ans:d**

বাক্যের অর্থঃ সে পূর্ণাঙ্গ আন্তরিকতার সহিত কাজ করেছে। [**Clue**: how দ্বারা main verb কে প্রশ্ন করে adverbial phrase পাওয়া যায়]

34. I worked on <u>without any protest</u>. *(আমি কিভাবে কাজ শুরু করেছিলাম?) (উ: প্রতিবাদ ছাড়াই) [ঢাঃবিঃ (C) ৯৩-৯৪]*

→They worked on <u>without any noise</u>. (তারা গোলমাল ছাড়াই কাজ শুরু করেছিলো)*[খুঃবিঃ (C) ০৯-১০]*

→<u>Loudly knocking at the door</u>, he demanded admission. (how? [সম্ভাব্য প্রশ্ন]
(দরজায় জোরে ঠক্ ঠক্ করে, সে প্রবেশাধিকার চেয়েছিল)

ⓐ conjunctional phrase
ⓑ interjectional phrase **Ans:c**
ⓒ adverbial phrase ⓓ participle phrase

35. They rested at sunset. Here "at sunset"
→They love each other <u>heart and soul</u>.
→They arrived home <u>safe and sound.</u>
→He is <u>out and out</u> a gentleman. *(সে পুরোপুরি একজন ভদ্রলোক) [ইঃবিঃ (G-Law) ০৪-০৫]*

ⓐ noun phrase ⓑ adverbial phrase
ⓒ prepositional phrase
ⓓ adjective phrase **Ans:b**

36. Our class begins <u>in November/ in January</u>. (কখন?) (আমাদের ক্লাস শুরু হয় <u>নভেম্বরে/ জানুয়ারীতে</u>) *[জঃবিঃ (D) ১১-১২, জঃবিঃ (D) ১১-১২]*

→He lives <u>in the suburb (সাবার্ব) of Dhaka</u>.
(সে <u>ঢাকার উপশহরে</u> বাস করে) [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা-১৮, জঃবিঃ (D) ১০-১১, রাঃবিঃ (B) ১০-১১, ইঃবিঃ (G) ১৬-১৭]

ⓐ adjective phrase
ⓑ relative phrase
ⓒ adverbial phrase
ⓓ subordinating phrase **Ans:c**

37. He is <u>in the room.</u> (where) (সে ঘরের মধ্যে) *[রাঃবিঃ (B-Law) ১২-১৩, ইঃবিঃ (G) ১৬-১৭]*
→The elm tree has been standing <u>in front of our house</u> for 30 year. *[ইঃবিঃ (B) ১৪-১৫]*

ⓐ Prepositional clause
ⓑ adverbial adjunct/phrase **[elm(এ্যলম্-দেবদারু বৃক্ষ)]**
ⓒ Adjective complement
ⓓ object complement **Ans:b**

38. <u>Last week</u> he received the amount. (কখন?) *(সে <u>গতসপ্তাহে</u> টাকা নিয়েছিল) [রাঃবিঃ (B-Law) ১২-১৩]*

→We must buy the tickets <u>next week</u>. *[আইন, বিচার ও সংসদ মন্ত্রণালয়ের সাব-রেজিস্ট্রার-১৬]*

ⓐ object
ⓑ noun
ⓒ adverbial
ⓓ complement **Ans:c**

Our Facebook Page: যুক্ত হতে ক্লিক করুন।
https://www.facebook.com/expertalim/

Topic-09: Prepositional Phrase কোথায় ব্যবহার হয়? চেনার উপায় এবং এরূপ ১০টি phrase এর নাম লিখুন-

ভিডিও দেখতে OR কোডে ক্লিক করুন

Prepositional Phrase: ইহা এমন একগুচ্ছ শব্দ যা বাক্যে preposition এর মত একক (single) অর্থ দেয় এবং যেসব জায়গায় parts of speech এর preposition বসে, সেসব জায়গায় Prepositional Phrase বসে। অন্যভাবে বলা যায়- যে শব্দগুচ্ছে preposition এর প্রাধান্য/ ফোকাসটাই বেশি থাকে সেই শব্দগুচ্ছকে prepositional Phrase বলে।

যেমন: He stood in front of me. (এখানে, in front of এর একক অর্থ- সম্মুখে/ before) তাই এটি prepositional phrase। **চেনার উপায়-০১:** সাধারণত prepositional phrase এর শুরু এবং শেষে preposition থাকে।

List of Important Prepositional Phrases		
At the top of- সর্বোচ্চ মাত্রায়	In consequence of- ফলে	In the event of- কিছু ঘটলে
According to- অনুসারে	In course of- কিছু চলাকালে	In the midst of- মধ্যে
By dint of- সাহায্যে	In favor of- পক্ষে	In the nick of time- ঠিক সময়ে
By means of- সাহায্যে	In front of- সম্মুখে/ Before	In the teeth of- বাধা সত্ত্বেও
By virtue of- সাহায্যে	In lieu of- পরিবর্তে	On account of- জন্যে/ For
For the sake of- জন্য/ For	In order to- উদ্দেশ্যে	On behalf of- পক্ষে
In a view of- বিবেচনায়	In place of- পরিবর্তে	On the eve of- শুরুতে
In accordance with- অনুসারে	In regard to- বিষয়ে/ About	Owing to- কারণে
In case of- কিছু ঘটলে	In search of- অনুসন্ধানে	With a view to- উদ্দেশ্যে
In compliance with- অনুসারে	In spite of- সত্ত্বেও	With an eye to- উদ্দেশ্যে
In comparison to- তুলনায়	Instead of- পরিবর্তে	

39. The underlined words make --

→ **He waited in front of the house.** *[রাগ্রবিঃ (A) ১৭ -১৮]*

→**He was absent on account of his illness.** *[ইগ্রবিঃ ১০-১১]*

→**He stood in front of me.** (সে আমার সামনে দাঁড়াল) *[রাগ্রবিঃ ০৯-১০, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী পরিচালক (মাদক) ও কারা তত্ত্বাবধায়ক-০৬]*

ⓐ conjunctional phrase
ⓑ adjective phrase
ⓒ adverbial phrase
ⓓ prepositional phrase **Ans:d**

40. The underlined parts are- The college stands by the side of the river. *[ইগ্রবিঃ (H) ১৭-১৮]*

→**The beggar in front of the gate looked very hungry.** *[রাগ্রবিঃ (a) ১৯-২০ , Group-1]*

ⓐ prepositional phrase
ⓑ adverbial phrase
ⓒ adjective phrase
ⓓ verbal phrase **Ans:a**

41. The underlined parts are- I supported him for the sake of friendship *(বন্ধুত্বের জন্য আমি তাকে সমর্থন করলাম) [ইগ্রবিঃ ১০-১১]*

→**Novera Ahmed went to London in order to study Sculpture.** *[✪ এই নিয়মে হুবহু কমন প্রশ্ন: বঃশেঃমুগ্রব্রবিঃপ্রগ্রবিঃ (জি) সেট-সি, ১৯-২০]*

ⓐ conjunctional phrase
ⓑ adjective phrase ⓒ adverbial phrase
ⓓ prepositional phrase **Ans:d**

42. Which of the following sentences has prepositional phrase? *[রাগ্রবিঃ (BSC) ১৩-১৪]*

ⓐ To walk in the morning is a good exercise. (সকালে হাঁটা স্বাস্থ্যের জন্য ভালো)

ⓑ Lenin was a leader second to none. (লেলিন নেতৃত্বে অদ্বিতীয় ছিলেন)

ⓒ Mother asked Runa to iron the dried clothes.(মা রুনাকে শুখানো কাপড়গুলো ইস্ত্রি করতে বললেন)

ⓓ He worked in the teeth of all dangers. (সে সকল বিপদ মোকাবেলা করে কাজ করলো) **Ans:d**

চেনার উপায়-০২: Advanced Learning:

Verb এর পরে অবস্থিত যেসব Adverbial Phrase, ***preposition*** *দিয়ে শুরু কিন্তু* ***noun*** *দিয়ে শেষ* হয় সেগুলোকেও Prepositional Phrase বলা যায়। যেমন: Zarif put the doraemon dills in his toy box. "Please try to think out of the box" We were waiting for the bus. এই বাক্যগুলোতে underlined করা অংশগুলো মূলত Adverbial phrase তবে এদেরকে Prepositional Phrase-ও বলা যাবে। অপশন দেওয়া প্রশ্নে আগে উত্তর করতে হবে Adverbial Phrase আর অপশনে Adverbial Phrase না থাকলে উত্তর করতে হবে prepositional Phrase।

43. We were waiting for the bus. The underline part is- *[28th BCS, বঃশেঃমুঃরঃবিঃপ্রঃবিঃ (D) ১৫-১৬, রাঃবিঃ (E-Odd) ১৬-১৭]*

ⓐ a noun phrase ⓑ an infinitive phrase
ⓒ a prepositional phrase
ⓓ a verb phrase **Ans:c**

44. Apu is the boy by the biggest bike. Identify prepositional phrase: *[রাঃবিঃ (D-বানিজ্য) ১২-১৩]*

ⓐ the boy ⓑ apu is **Ans:d**
ⓒ apu is the ⓓ by the biggest bike

45. Zarif put the doraemon dills in his toy box. Identify the prepositional phrase: *[রাঃবিঃ (D- বানিজ্য) ১২-১৩]*

ⓐ in toy his box ⓑ in **Ans:a**
ⓒ Zarif put ⓓ put the doraemon

46. The underlined part is "Please try to think out of the box" - *[কুঃবিঃ (B) ১৯-২০]*

→We played against a strong team. What kind of phrase? *[বঃশেঃমুঃরঃবিঃপ্রঃবিঃ (F) ১৪-১৫]*

ⓐ Prepositional phrase
ⓑ Adjective phrase
ⓒ Verb phrase
ⓓ Conjunctional phrase **Ans:a**

Topic-10: Conjunctional Phrase কাকে বলে? এই Phrase চেনার উপায় ও উদাহরণ লিখুন।

9. Conjunctional Phrase: ইহা এমন একগুচ্ছ শব্দ যা বাক্যে conjunction এর কাজ করে এবং যেসব জায়গায় parts of speech এর conjunction বসে, সেসব জায়গায় conjunctional phrase বসে। অন্যভাবে বলা যায়- যে শব্দগুচ্ছে conjunction এর প্রাধান্য/ফোকাসটাই বেশি থাকে সেই শব্দগুচ্ছকে conjunctional Phrase বলে।

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

চেনার উপায়: conjunctional phrase সাধারণত দুটি clause কে যুক্ত করে। যেমন: I drank water as much as I could. তবে কখনও কখনও দুটি subject/ object কেও যুক্ত করতে পারে। যেমন: Fahim as well as his friends has decided to leave London.

List of Important Conjunctional Phrases		
As if/as though- যদিও	Even though- এমনকি যদিও	As much as- যতটা
So that- যাতে	As well as- এবং	

47. Identify the underlined phrase; I drank water as much as I could. *[ইঃবিঃ ১০-১১]*

→Fahim as well as his friends has decided to leave London. *[কারা তত্ত্বাবধায়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়-১০)]*

ⓐ conjunction phrase
ⓑ adjective phrase
ⓒ prepositional phrase
ⓓ adverbial phrase **Ans:a**

48. The officer was injured, or rather ruined altogether, by the failure of the bank. 'or rather' in the sentence is--- *[ইঃবিঃ (B) ১৫-১৬]*

ⓐ conjunction phrase
ⓑ adjective phrase
ⓒ prepositional phrase
ⓓ adverbial phrase **Ans:a**

Topic-11: কয়েকটি Interjectional Phrase এর উদাহরণ দিন।

10. Interjectional phrase: ইহা এমন একগুচ্ছ শব্দ যা আকস্মিক মনের ভাব (আনন্দ, দুঃখ, বেদনা, ইত্যাদি) প্রকাশ করে এবং এই phrase এর পর Note of interrogation sign (!) বসে এবং যেসব জায়গায় parts of speech এর interjection বসে, সেসব জায়গায় interjectional phrase বসে। যেমন: What a pity! The man is dead. (কী দুঃখের বিষয়! লোকটি মৃত) এই বাক্যে What a pity! দ্বারা দুঃখ বোঝাচ্ছে তাই এটি interj. phrase।

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

49. Identify the underlined phrase: Oh my dear! What shall I do? *[ঢাঃবিঃ (C) ০২-০৩]*
ⓐ interjectional phrase
ⓑ adverbial phrase
ⓒ prepositional phrase
ⓓ conjunctional phrase *Ans:a*

50. Identify the underlined phrase: What a pity! The man is dead. *[ইঃবিঃ (B) ১০-১১]*
ⓐ interjectional phrase
ⓑ adverbial phrase
ⓒ prepositional phrase
ⓓ conjunctional phrase *Ans:a*

%%%%%%%%%%%%%%%%%%%%%%%%%%%%%%%%%%%%

✠ সম্পূর্ণ অধ্যায়টির মডেল টেস্ট দেখতে পাশের QR কোড স্ক্যান করুন-

Clause (বাক্য/বাক্যাংশ)

Go to Index

♦ অধ্যায়ভিত্তিক Question Analysis এবং Suggestion

পরীক্ষাসমূহ	প্রশ্ন সংখ্যা +-	যে পরিক্ষার যে Topic গুলো বেশি পড়তে হবে-
✠ BCS Preliminary তে	২টি+-	2, 4, 6, 7
✠ All Bank Job Exams	২টি+-	1, 3, 4, 7
✠ Primary Job Exams	২টি+-	2 3, 4, 7
✠ PSC & Other Jobs	৪০টি+-	1, 2, 4, 7

একনজরে অধ্যায়ভিত্তিক BCS প্রশ্নসমূহ-

1. This is the book I lost. Here "I lost" is- [37th BCS ও অন্যান্য]
ⓐ A noun clause
ⓑ An adverbial clause
ⓒ An adjective clause
ⓓ None of the three *Ans:c*

ব্যাখ্যা: বাক্যে the book এর পরে একটি clause marker "that/ which" উহ্য আছে যা পূর্বপদ the book এর পাশেই ছিল, তাই এটি একটি adjective clause।

2. 'Strike while the iron is hot' is an example of- [38th BCS Preli. -17]
ⓐ Noun clause ⓑ Adj. clause *Ans:c*
ⓒ Adverbial clause ⓓ Subordinate clause

ব্যাখ্যা: এখানে strike (আঘাত করা) হচ্ছে main verb; তাই main verb কে when দ্বারা প্রশ্ন করে- (কখন আঘাত করতে হয়) উত্তর পাওয়া যায়- "while the iron is hot" তাই এটি Adverbial clause; আক্ষরিক অর্থ: লোহা যখন গরম হয় তখন আঘাত কর; প্রবাদ অর্থ: ঝোঁপ বুঝে কোপ মারা; অর্থাৎ সময়মত কাজ করা; **বাংলা অর্থ:** যদি তুমি প্রতিজ্ঞা কর তবে তোমাকে তা অবশ্যই রাখতে হবে।

Topic-01: Clause কাকে বলে? একটি উদাহরণ দাও। ইহা কত প্রকার এবং কি কি?

Clause: Clause হচ্ছে একগুচ্ছ শব্দ যেখানে অবশ্যই একটি Subject ও একটি Finite verb (সমাপিকা ক্রিয়া) এর **সমন্বয়** থাকে। যেমন: "The children are safe." (এই বাক্যে ১টি Subject ও ১টি finite verb এর সমন্বয় আছে বিধায় এটি একটি Clause)। **Clause প্রধানত ৩ প্রকার:**

1. Main clause/ Principal clause/ Independent clause: (প্রধান বাক্যাংশ):

চেনার উপায়: এই clause এর সামনে conjunction থাকে না; যেমন: Merina is a brilliant girl.

2. Co-ordinate clause: (সহ-সহায়ক বাক্যাংশ):

চেনার সংক্ষিপ্ত উপায়: এই clause এর সামনে Co-ordinate Conj. থাকে; যেমন: He is poor but I am rich.

3. Sub-Ordinate Clause/ Dependent Clause: (অধীনস্ত বাক্যাংশ):

চেনার উপায়: এই clause এর সামনে Subordinate Conj. থাকে; যেমন: Merina reads more when he wants.

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

1. **We can go to the party if your sister gets ready on time.**
Identify the clauses in this sentence. *[রাঃবিঃ (A) ১৯-২০,(Written),Group-1]*
Principal Clause: We can go to the party
Sub ordinate Clause: if your sister gets ready on time **(Adverbial Clause)**

2. **'I know that Kamal is a bright student'.**
What is the type of clause of this sentence? *[রাঃবিঃ (B) অবাণিজ্য Written, 19-20]*
Ans: I know = main clause; that Kamal is a bright student = subordinate/ noun clause

এবার নিচে বিস্তারিত আলোচনা দেখুন-

Topic-02: Main clause কাকে বলে? চেনার উপায় আলোচনা করুন। ইহা কি একাকী কোন Sentence হয়?

1. Main clause/Principal clause/Independent clause (প্রধান বাক্যাংশ): যে clause স্বাধীনভাবে অর্থ প্রকাশ করতে পারে তাকে Main Clause/Principal clause/Independent clause (প্রধান বাক্যাংশ) বলে। **চেনার উপায়:** এই clause চেনার প্রধান উপায় হচ্ছে এরূপ clause এর সামনে (W/H word, though, although, but, since ইত্যাদি) কোন প্রকার Clause marker/ Conjunction থাকে না। **নোট:** Main clause একা থাকলে বাক্যটি simple sentence হয়। আবার বলা যায়- Simple sentence গুলো সর্বদাই Main clause হয়। অন্যদিকে Complex ও Compound sentence এর conjunction যুক্ত Clause বাদে বাকি Clause টি main clause)

যেমন: Simple: The children are safe. (main clause)
Compound: He goes to school *but* I read the Quran. (main clause + Conj.)

3. **"The table has four chairs." is the example of -- clause.** *[জাঃবিঃ H ইউনিট (ICT) ১৮-১৯]*
-"The Table has four chairs. This is the example of --- clause? *[NSI (Junior Field off.) 24 Sep. 21]*
ⓐ Dependent
ⓑ Independent
ⓒ Subordinate
ⓓ Complex
Ans:b

4. **Look before you leap. Here 'look' is:** *[রাঃবিঃ (A_2) ১৭-১৮]*
ⓐ A subordinate clause
ⓑ not a clause
ⓒ The principal clause
ⓓ a verb clause
Ans:c
ব্যাখ্যা: এখানে look একটি verb যার subject "you" উহ্য আছে; সুতরাং principal clause টি হলো- you look এবং sub-ordinate clause টি হলো you leap.

5. **A clause must have-** *[রাঃবিঃ ০৫-০৬]*
ⓐ only a verb ⓑ a subject ***Ans:d***
ⓒ cause and effect ⓓ subject and verb

6. **"The children are safe" is-** *[ইঃবিঃ ০৫-০৬]*
ⓐ independent clause ⓑ a main clause
ⓒ both ⓓ none ***Ans:c***

Topic-03: Co-ordinate clause কাকে বলে? চেনার উপায় কি? এই clause যুক্ত বাক্য কোন Sent. হয়?

2. Co-ordinate clause (সহ-সহায়ক বাক্যাংশ): Compound sentence এ যে clause, main clause এর সাথে co-ordinate clause marker/ conjunction দ্বারা যুক্ত থাকে তাকে co-ordinate clause বলে। **চেনার উপায়:** এই clause চেনার প্রধান উপায় হচ্ছে এই clause এর সামনে অবশ্যই কোন না কোন co-ordinate clause marker/ Conjunction হিসেবে And, or, nor, but, so, yet, otherwise, either---- or, not only..... but also ইত্যাদি থাকে। যেমন: He goes to school *but* I read the Quran. (এখানে but দ্বারা যুক্ত অংশ co-ordinate clause; এবং সম্পূর্ণ বাক্যটি compound sentence) **নোট:** Co-ordinate clause যুক্ত বাক্যটি Compound sentence হয়।

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

7. **Identify the clause of the sentence. "I took no notice of him, so he flew into rage."**
ⓐ co-ordinate clause ⓑ noun clause *[জঃবিঃ (D) ১২-১৩]*
ⓒ adjective clause ⓓ adverbial clause ***Ans:a***

Topic-04: Sub-ordinate clause কাকে বলে? চেনার উপায় কি? ইহা কত প্রকার এবং কি কি?

3. Sub-Ordinate Clause/ Dependent Clause (অধীনস্ত বাক্যাংশ): যে clause পূর্ণ অর্থ প্রকাশে main clause এর উপর নির্ভরশীল তাকে Sub-ordinate clause বলে। এই clause চেনার প্রধান উপায় হচ্ছে এরূপ clause এর সামনে অবশ্যই কোন না কোন Sub-ordinate clause marker/ Conjunction**** থাকে।

*** **Sub-ordinate clause marker/Conjunction-** W/H word (who, whom, where, what, which, when, how, why) as, because, since, though, although, if, as if, as though, after, before, that, so that, in order that, while, till, until, unless, than, whenever, as soon as, even though, as long as ইত্যাদি। ***[তবে and, or, nor, but, for, so, yet নয় কারণ এরা co-ordinate clause marker]***

নোট: Sub-ordinate clause যুক্ত বাক্যটি complex sentence হয়। যেমন: Because she is intelligent, she thinks for herself. (এখানে Because দ্বারা যুক্ত অংশ Sub -ordinate clause; এবং সম্পূর্ণ বাক্যটি complex sentence) ❋ **Sub-Ordinate Clause ৩ প্রকার:**

A. Adjective clause B. Noun clause C. Adverbial clause

8. **Because she is intelligent, She thinks for herself.** (সে তার নিজের চিন্তা করে কারণ সে খুব বুদ্ধিমতি)
ⓐ dependent clause *[ইঃবিঃ ০৫-০৬]*
ⓑ independent clause
ⓒ principal clause ⓓ none ***Ans:a***

9. **'I know that Kamal is a bright student'. What is the type of clause of this sentence?** *[রাঃবিঃ (B) অবাণিজ্য Written, 19-20]*
Ans: I know = main clause; that Kamal is a bright student = subordinate/ noun clause

10. **Which part of the sentence "Rahim said that he was good." is sub ordinate clause?** *[খুঃবিঃ (জীববিজ্ঞান স্কুল) ০৭-০৮]*
ⓐ Rahim said ⓑ that he was good
ⓒ was good ⓓ he was good ***Ans:b***

11. **I know what you want. The underlined part is-** *[খুঃবিঃ (প্রযুক্তিবিদ্যা স্কুল) ০৮-০৯]*
ⓐ principal clause ⓑ sub-ordinate clause
ⓒ a co-ordinate clause
ⓓ none of them ***Ans:b***

Topic-05: Adjective Clause কাকে বলে? এই clause চেনার উপায় কি? উদাহরণ দাও।

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

Adjective /Relative Clause: যখন কোন **sub-ordinate clause** এ, উক্ত **clause** এর **conjunction অনুযায়ী পূর্বপদ** থাকে তখন তাকে **Adjective clause** বলে। conjunction অনুযায়ী পূর্বপদ বলতে বোঝানো হচ্ছে যে,

Conjunction - who/whom হলে পূর্বপদটি ব্যক্তিবাচক শব্দ (Alim/man/He/they etc.) থাকতে হবে।
" - which হলে পূর্বপদটি ইতর প্রাণী/ছোট শিশু (child/baby/infant etc.) থাকতে হবে।
" - which/that/what হলে পূর্বপদটি বিষয়/ বস্তুবাচক শব্দ (pen/matter etc.) থাকতে হবে।
" - when হলে পূর্বপদটি সময়বাচক শব্দ (time/January/5p.m. etc.) থাকতে হবে।
" - where হলে পূর্বপদটি স্থানবাচক শব্দ (place/Dhaka/city etc.) থাকতে হবে।
" - why হলে পূর্বপদটি (the reason) শব্দটিই থাকতে হবে।

নোট: Adjective clause গুলো Relative pronoun এর নিয়মানুসারে বসে বিধায় একে Relative clause বলা যায়।

উপরের নিয়ম অনুযায়ী, বিগত সালের প্রশ্ন হতে; adjective clause গুলো দেখুন।

This is the man <u>who called you yesterday.</u>	Who অনুযায়ী পূর্বপদ the man আছে তাই এটি adj. clause
The book <u>which I bought</u> is lost.	Which অনুযায়ী পূর্বপদ the book আছে তাই এটি adj. clause
I know the time <u>when the train will arrive.</u>	When অনুযায়ী পূর্বপদ the time আছে তাই এটি adj. clause
This is the place <u>where I was born.</u>	Where অনুযায়ী পূর্বপদ the place আছে তাই এটি adj. clause
I knew the reason <u>why he was angry.</u>	Why অনুযায়ী পূর্বপদ the reason আছে তাই এটি adj. clause

সহজ কথায় clause marker অনুযায়ী এর পূর্বপদ (noun/pronoun) থাকলেই সেটি adjective clause আর পূর্বপদ না থাকলে সেটি Noun Clause। মনে রাখবেন পূর্বপদ বলতে শুধু (noun/pronoun) কেই বুঝায় অন্য কোন parts of speech নয়। নোট: অনেক সময় বিভিন্ন Adjective clause এর পূর্বপদ থাকবে কিন্তু marker উহ্য থাকতে পারে। তখন বাক্যটি দেখে সহজেই বোঝা যাবে যে, বাক্যে পূর্বপদের পর কোন একটা conjunction/marker ছিল কিন্তু বাক্যকে সংক্ষিপ্ত করার জন্য তা উহ্য রাখা আছে; যেমন: The house <u>I live in</u> belongs to my father. এখানে house এর পর where উহ্য আছে।

✡✡ সবাই বুঝি এই অংশে সব প্রশ্নের উত্তর Adverbial phrase হবে।
তাই উত্তর করা বড় কাজ নয় বরং কিভাবে উত্তর হয়???? এই ব্যাপারটি বুঝে বুঝে পড়াই আসল কাজ ✡✡

12. This is the book <u>I lost</u>. Here "I lost" is- *[37th BCS, 16, রাবিঃ ১৮-১৯ ইউনিট 'এ' (গ্রুপ-২)]*
ⓐ A noun clause ⓑ An adverbial clause
ⓒ An adjective clause
ⓓ None of the three ***Ans:c***
ব্যাখ্যা: বাক্যে the book এর পরে একটি clause marker "that/which" উহ্য আছে যা পূর্বপদ the book এর পাশেই ছিল, তাই এটি একটি adjective clause।

13. The book <u>which I bought</u> is lost. (আমার কেনা বইটি হারিয়ে যায়) *[সরকারী মাধ্যমিক বিদ্যালয় প্রধান শিক্ষক ০০]*
→He tells a tale <u>that sounds untrue</u>. (সে একটা গল্প বলে যা অদ্ভুত) *[সহকারী থানা শিক্ষা অফিসার- ৯৯, রাবিঃ (A) ১১-১২]*
ⓐ adjective clause
ⓑ adverbial clause ⓒ noun clause
ⓓ pronoun and Antecedent ***Ans:a***

14. The news <u>that you heard</u> yesterday is known to all. *[সরকারী মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক-০০]*
ⓐ noun clause
ⓑ adjective clause
ⓒ adverbial clause
ⓓ co-ordinate clause ***Ans:b***

15. The underlined part is- "This is the man <u>who called you yesterday</u>." *[ইঞ্জিঃ (G) ১০-১১]*
→"I know the man <u>who came here yesterday</u>. *[পাঞ্জিঃপঞ্জিঃ CSE, ১০-১১, রাঞ্জিঃ (A, জোড়) ১৬-১৭]*
→The man <u>who called for an appointment</u> has just arrived. *[পঞ্জিঃপ্রঞ্জিঃ (B)*
ⓐ adverbial phrase ⓑ adverbial clause *১৫-১৬]*
ⓒ noun clause ⓓ adjective clause ***Ans:d***

16. **The book <u>which you gave</u> has been lost.**
(তুমি যে বইটি দিয়েছিলে সেটি হারিয়ে গেছে)
ⓐ defining relative clause *[চট্টবিঃ (I) ১৫-১৬]*
ⓑ non-defining relative clause
ⓒ adverbial clause
ⓓ co-ordinate clause ***Ans:a***

17. **Identify the underlined part.**
→**I knew the reason <u>why he was angry</u>.** *[ইবি ১০-১১]*
→**This is the pen <u>that I lost yesterday</u>.** *[জবি (A) ১৭-১৮]*
→**That was the reason <u>why he came late</u>.**
→**I know the boy <u>who will win</u>.** *[রাঃবিঃ ২০১৮-১৯]*
→**This is the pen <u>which I wanted</u>.** *[ইঃবিঃ (B) ১৬-১৭]*
→ **This is the multimedia projector <u>that our class used</u>.** *[বঃশেঃমুঃরঃবিঃপ্রঃবিঃ (D) ১৫-১৬]*
ⓐ noun clause ⓑ dependent clause
ⓒ adverb clause ⓓ adjective clause ***Ans:d***

18. **I don't like the people <u>who are untidy</u>. The underlined part is a:** *[রাঃবিঃ (A, জোড়) ১৬-১৭]*
ⓐ noun clause ⓑ principal clause
ⓒ coordinate clause ⓓ relative clause ***Ans:d***
ব্যাখ্যাঃ Adjective clause গুলো Relative pronoun এর নিয়মানুসারে বসে বিধায় একে Relative clause-ও বলা যায়।

সমজাতীয় আরো MCQ, Practice করুন

19. **The underlined clauses are Adj Clause.**
→**This is the place <u>where I was born</u>.**
→**The umbrella <u>which has a broken handle</u> is mine.**
→**The house <u>I live in</u> belongs to my father.** *[রাঃবিঃ (B) ১৬-১৭] (house এর পর that উহ্য আছে)*
→**The girl <u>whom you met in the hospital</u> is my cousin.** *[রাঃবিঃ (A_2) ১৭ -১৮]*

Topic-06: Noun Clause কাকে বলে? উদাহরণসহ এই Clause চিহ্নিত করার তিনটি উপায় ব্যাখ্যা করুন?

Noun Clause: Noun clause হলো এক প্রকার sub-ordinate clause। Noun clause এর marker অনুসারে এর <u>পূর্বপদ থাকে না</u>। Noun clause টি main clause এর verb কে what/ whom দ্বারা প্রশ্নের উত্তর হয়। সাধারণত এই Clause এর পরিবর্তে It বসিয়ে চিন্তা করা যায়। যেমন: I know <u>that he has passed</u>. এ বাক্যে "that" clause marker এর পূর্বপদ নেই এবং main clause এর "know" verb কে (what/কি জানি) দ্বারা প্রশ্নের উত্তর- "that he has passed (সে পাশ করেছে)" সুতরাং এটি noun clause। সংক্ষেপে বলা যায়- noun clause বাক্যে noun এর ন্যায় কাজ করে।

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

যাইহোক এভাবে noun clause চেনা অনেকের কাছে কঠিন মনে হতে পারে তাই নিচের নিয়ম তিনটি পড়ুন।

নিয়ম-১: verb এর subject হিসাবে noun clause:- That/WH word যুক্ত কোন clause, verb এর subject হলে clause টি noun clause; গঠন: <u>That/WH word +sub+ verb----</u>+verb—
যেমন: <u>How the man died</u> is a mystery. <u>That he is dishonest</u> is known to all.

নিয়ম-২: verb এর object হিসাবে noun clause:- <u>know</u>, <u>ask</u>, <u>wonder</u>, say, learn, hear, explain, see, propose, enquire, guess, have, apprehend ইত্যাদি transitive verb এর পর, subordinate clause থাকলে clause টি noun clause; সহজ কথায় clause marker <u>অনুযায়ী</u> এর পূর্বপদ (noun/pronoun) থাকবে না, তবে পূর্বপদের স্থলে এই verb গুলি থাকবে। যেমন: I know <u>that he will come</u>. I know <u>where he lives</u>. (আমি জানি সে কোথায় বাস করে); He asked me <u>whether I would help him.</u> [(সে জানতে চাইল আমি তাকে সাহায্য করতাম (কিনা)]

নিয়ম-৩: verb এর complement হিসাবে noun clause:- be verb (am, is, are, was, were) এর পর complement হিসাবে অবস্থিত sub-ordinate clause টি noun clause।
যেমন: The question is <u>how he will respond.</u>

✡✡ সবাই বুঝি এই অংশে সব প্রশ্নের উত্তর Adverbial phrase হবে।
তাই উত্তর করা বড় কাজ নয় বরং কিভাবে উত্তর হয়???? এই ব্যাপারটি বুঝে বুঝে পড়াই আসল কাজ ✡✡

নিয়ম-১ অনুসারে উদাহরণ:

20. **That he is dishonest is known to all.** (সে যে অসৎ তা সকলের জানা) *[রাঃবিঃ (আইন) ০৬-০৭]*
→**How the man died is a mystery.** (মানুষ কিভাবে মারা যায় তা রহস্যজনক) *[রাঃবিঃ (D, অবাণিজ্য) ১৬-১৭]*
ⓐ noun clause
ⓑ adverbial clause
ⓒ principal clause
ⓓ co ordinate clause **Ans:a**

21. **Which sentence contains a noun clause?** *[✪কমন প্রশ্ন: ইঃবিঃ (বি) ৩য় শিপট: সেট-এ, ১৯-২০]*
ⓐ What the presents think about their future is important to children. *(what--- future)*
ⓑ It is he who is to blame.
ⓒ This is the pen I lost yesterday. **Ans:a**
ⓓ The house in which we live is small.

22. **'Whoever wants to know should ask me' The underlined clause is-** *[রাবি (K,H$_2$) ১৭-১৮]*
ⓐ prepositional clause
ⓑ adverbial clause
ⓒ noun clause
ⓓ independent clause **Ans:c**

23. **Which of the following underlined clause is a noun clause?** *[বঃশেঃমুঃরঃবিঃপ্রঃবিঃ (D) ১৩-১৪]*
ⓐ That he came out first surprised all.
ⓑ That is the man whom I was looking for.
ⓒ As he grew older, he grew weaker.
ⓓ I do it because I like it. **Ans:a**
ব্যাখ্যা: A= noun clause, B= Adjective Clause, C= Adverbial Clause, D= Adverbial Clause

24. **Where he was born is not known. The underlined clause is a/an ---** *[রাঃবিঃ (B, Law) ১৬-১৭]*
→**What he knew was clear to all. The underlined part is-** *[বঃশেঃমুঃরঃবিঃপ্রঃবিঃ (G) ১৬-১৭]*
ⓐ a noun clause
ⓑ an adjective clause
ⓒ an adverbial clause
ⓓ a co-ordinate clause **Ans:a**

নিয়ম-২ অনুসারে উদাহরণ:-

25. **I know how he struggled against poverty. The underlined clause is** *[রাঃবিঃ ১৮-১৯ 'এ'২)]*
→**I know what he wants to say. The underlined clause is-** *[যঃবিঃপ্রঃবিঃ (F, বাণিজ্য) ১৫-১৬]*
→**He said that he is an honest man. The underlined clause: is-** *[পাঃবিঃপ্রঃবিঃ (B) ১৯-২০]*
→**It's a mystery *where he works*. The underlined clause is a/an:** *[রাঃবিঃ (ক) (গ্রুপ-২) ১৯-২০, ✪ হুবহু কমন প্রশ্ন:]*
ⓐ noun clause ⓑ adjective clause
ⓒ adverbial clause ⓓ principal clause **Ans:a**

26. **He asked me who got the Nobel Prize in literature in 2019. The underline part is -** *[✪এই নিয়মে হুবহু কমন প্রশ্ন: বঃশেঃমুঃরঃবিঃপ্রঃবিঃ (B) সেট-এ/বি/সি, ১৯-২০]*
ⓐ a noun clause
ⓑ an adjective clause
ⓒ an adverbial clause
ⓓ a participle cluse **Ans:a**

27. **We all know that humans are mortal. The underlined clause is-** *[চঃবিঃ ১৮-১৯'ডি' (সকাল)]*
ⓐ an adjective clause
ⓑ a noun clause
ⓒ and adverb clause
ⓓ both a & b **Ans:b**

28. **The underlined part is ---. I enquire how he lost his money.** *[খুবি (B) ১৮-১৯]*
→**Tell me who did it.** *[পাঃবিঃপ্রঃবিঃ (A1/A2) ১৭-১৮]*
→**You cannot guess what type of person he is.** *[বঃশেঃমুঃরঃবিঃপ্রঃবিঃ ১৮-১৯ ডি ইউনিট]*
ⓐ noun clause ⓑ adjective clause **Ans:a**
ⓒ adverbial clause ⓓ prepositional clause

29. **The underlined clause is- I apprehend whether the home assignment has been finished.** *[ইঃবিঃ (B) ১৪-১৫]*
ⓐ a coordinate clause
ⓑ an adjective clause ⓒ a noun clause
ⓓ an adjective clause **Ans:c**

30. **They asked me <u>if I could meet them in the afternoon.</u>** (সে জানতে চাইল যদি আমি বিকেলে তাদের সাথে দেখা করতাম) *[রাঃবিঃ (B-Law) ১২-১৩]*

ⓐ interrogative clause
ⓑ coordinate clause
ⓒ conditional clause
ⓓ noun clause **Ans:d**

ব্যাখ্যা: বাক্যের main verb- asked কে what/ কি দ্বারা প্রশ্ন: *কি জানতে চেয়েছিল/ কি ask করেছিল-* উঃ [*যদি আমি বিকেলে তাদের সাথে দেখা করতাম*] সুতরাং এই বাক্যে what দ্বারা প্রশ্ন করে প্রাপ্ত উত্তর- Noun Clause।

31. **I know <u>that he has passed</u>.** (আমি জানি যে, সে পাশ করিয়াছে) *[রাঃবিঃ (সমাজবিজ্ঞান) ০৯-১০]*

→**He asked me <u>why I was late</u>.** *[পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক (কারিগরি)-১১]*

→**He asked me <u>whether I would help him.</u>**
[(সে জানতে চাইল আমি তাকে সাহায্য করতাম (কি না)]

ⓐ noun clause *[রাঃবিঃ (B-Law) ১১-১২, ইঃবিঃ (B) ১৬-১৭]*
ⓑ adjective clause
ⓒ adverbial clause
ⓓ prepositional phrase **Ans:a**

32. **Her mother should let her have <u>whatever she wants</u>. The underlined clause is a/an-** *[রাঃবিঃ (C) ১৬-১৭]*

ⓐ adverbial clause ⓑ noun clause **Ans:b**
ⓒ infinitive ⓓ adjective clause

নিয়ম-৩ অনুসারে উদাহরণ:

33. **The underlined part of the sentence- "The question is <u>how he will respond</u>" is-** *[খুঃবিঃ (Arts) ১০-১১]*

ⓐ an adverb clause of manner
ⓑ an adjective clause **Ans:c**
ⓒ noun clause
ⓓ an adverb clause of time

34. **The underlined part is- Life is <u>what we make it</u>.** *[যঃবিঃপ্রঃবিঃ ১৩-১৪]*

38. **Twenty divided by ten --- two.** (বিশ দশ দ্বারা ভাগ করলে দুই হয়) *[নোগুবিঃপ্রগুবিঃ (B) ১৩-১৪]*
ⓐ are ⓑ were
ⓒ make ⓓ is **Ans:d**

Topic-11: and এর উভয়পাশে Each/Every/No + Noun থাকলে Verb singular না plural হয়?

And এর উভয়পাশে Each/Every/No + Noun: And দ্বারা যুক্ত প্রত্যেকটি singular noun এর পূর্বে Each/Every/No থাকলে Verb টি singular হয়। যেমন: Each boy and each girl was dressed with a new dress. **মাথায় রাখুন:** বিভিন্ন প্রশ্নে একাধিক অপশন উত্তর মনে হবে তখন tense, voice ও অন্যান্য factor বিবেচনা করতে হবে। তাহলে সঠিক উত্তর পাবেন।

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

39. **The correct tense is-**(কোন বালক বালিকাই ভাল করেনি) *[ইগুবিঃ (D) ১১-১২]*
ⓐ No boy and no girl perform well. **Ans:b**
ⓑ No boy and no girl performs well.
ⓒ No boy and no girl have performed well.
ⓓ No boy and no girl are performed well.

40. **Each boy and each girl (dress) with a new dress.** *[রাগুবিঃ মার্কেটিং ০৭-০৮]*
ⓐ was dressed ⓑ were dressed
ⓒ dresses ⓓ have dressed **Ans:a**
ব্যাখ্যা: dress এর passive voice এ preposition "with" বসে। তাই বাক্যটি passive গঠনে হবে।

41. **Which is the correct sentence?** *[১৪ তম প্রভাষক নিবন্ধন ও প্রত্যায়ন পরীক্ষা-১৭, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সাব-রেজিষ্ট্রার-১২]* **Ans:c**
ⓐ Each boy and each girl have a pen.
ⓑ Each boy and each girl are having a pen.
ⓒ Each boy and each girl has a pen.
ⓓ Each boy and each girl were having a pen.
ব্যাখ্যা: And দ্বারা যুক্ত দুটি noun এর পূর্বে each থাকলে verb singular হয়। অত্রএব (c) অপশনের বাক্যটি সঠিক।

42. **Every leaf and every flower --- fallen off the tree.** *[কুগুবিঃ (B) ১৭-১৮]*
ⓐ has ⓑ have
ⓒ is ⓓ was **Ans:a**

Topic-12: and এর উভয়পাশে খাদ্যদ্রব্যের নামগুলো থাকলে Verb singular না plural হয়?

Verb with foods: ✠ And দ্বারা যুক্ত খাদ্যদ্রব্যের নামগুলো **খাবার** বোঝালে verb singular হয়। এক্ষেত্রে বাক্যে dinner, supper, lunch, breakfast এসব শব্দ থাকে। যেমন: Rice and meat is my favorite food for lunch. [এখানে ভাত এবং মাংস খাবার হিসেবে সমন্বিত ধরে is উত্তর]
✠ কিন্তু And দ্বারা যুক্ত খাদ্যদ্রব্যের নামগুলো খাবার না বুঝিয়ে আমদানি- রপ্তানি, ক্রয়-বিক্রয়, উৎপাদন ইত্যাদি বোঝালে verb plural হয়। যেমন: Rice and meat have been brought from Bazar. [এখানে ভাত এবং মাংসকে আলাদা আলাদা বিবেচনা করে plural ধরে have উত্তর করা হয়েছে]

43. **Coffee and tea --- now a day's offered as alternative.** *[চগুবিঃ ০২-০৩]*
ⓐ are ⓑ had
ⓒ have ⓓ will **Ans:a**

44. **Coffee and tea --- served in the evening.**
ⓐ was ⓑ were *[রাগুবিঃ (E2) ১৮-১৯]*
ⓒ have ⓓ had **Ans:b**
ব্যাখ্যা: কফি এবং চা আলাদা আলাদা দেওয়া হয়। তাই plural হিসেবে বিবেচনা করে উত্তর করা হয়েছে were;

45. **Bread and Butter --- my favourite breakfast.** *[জাগুবিঃ (ঘ) ১১-১২]*
ⓐ was ⓑ are
ⓒ were ⓓ is **Ans:d**

46. **Bread and jelly (be) her favourite breakfast.** *[রাগুবিঃ ০৩-০৪, জাগুবিঃ ০৯-১০]*
ⓐ is ⓑ are
ⓒ have been ⓓ were **Ans:a**

Topic-13: and এর উভয় পাশে পদবি (Designation) যুক্ত হলে Verb singular না plural হয়?

Verb with Designation: and দ্বারা দুটি পদবি যুক্ত হলে তাদের উভয়ের পূর্বে the থাকলে ২ জন ব্যক্তিকে বুঝায় বিধায় verb plural হয়। গঠন: (The + পদবি) + and + (The + পদবি) + verb plural---- যেমন: The poet and the novelist were present at meeting. [কবি ঔপন্যাসিক (দুইজন) সভায় উপস্থিত ছিলেন] আবার- and দ্বারা দুটি পদবি যুক্ত হলে তাদের প্রথমটির পূর্বে the থাকলে ১ জন ব্যক্তিকে বুঝায় বিধায় verb singular হয়। গঠন: (The + পদবি) + and + (পদবি) + verb singular---- যেমন: The poet and novelist was present at meeting. [কবি এবং ঔপন্যাসিক (একই ব্যক্তি) সভায় উপস্থিত ছিলেন]

[পদবি: কোন ব্যক্তির মর্যাদা, পেশা, উপাধি ইত্যাদি দ্বারা পদবি বুঝায়- যেমন: teacher, journalist, cobbler(মুচি), student, secretary, poet, novelist, minister, pri-minister, speaker, etc.]

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

47. Which of the following sentence is correct. *[বহিরাগত ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক-১১]*

ⓐ The poet and novelist are dead.
ⓑ The poet and the novelist is dead. ***Ans:c***
ⓒ The poet and novelist is dead.
ⓓ The poet, the novelist and the playwright is dead.

48. The vice chancellor and dean of science faculty --- signed the paper. *[বঃশেঃমুঃরঃবিঃপ্রঃবিঃ*

ⓐ is ⓑ are *(D) ১৮-১৯]*
ⓒ has ⓓ have ***Ans:c***

49. The Headmaster and the President of the school --- present in the last meeting. *[✪ এই নিয়মে হুবহু কমন প্রশ্ন: ১৬তম শিক্ষক নিবন্ধন ও*

ⓐ was ⓑ were *প্রত্যয়ন (স্কুল পর্যায়) -১৯]*
ⓒ had been ⓓ have been ***Ans:b***

Tips: Headmaster এবং President এর পূর্বে the থাকায় পৃথক পৃথক ব্যক্তিকে বোঝাচ্ছে। সুতরাং verb টি plural হবে। last meeting (গত সভা) থাকাতে বাক্যটি past indefinite tense এ হবে। তাই শূন্যস্থানের were বসবে।

50. My friend and benefactor --- come.

ⓐ have ⓑ has *[এনএসটিইউ (ডি) ১৪-১৫]*
ⓒ have been ⓓ has been ***Ans:b***

51. The Headmaster and Secretary --- present at the last meeting. *[পরিবেশ অধিদপ্তরে ফিল্ড ইনভেস্টিগেটর রিসার্চ অ্যাসিস্টেন্ট-০৬]*

ⓐ is ⓑ was
ⓒ have ⓓ were ***Ans:b***

52. The chairman and secretary --- present at the last meeting. *[প্রাথমিক সহকারী শিক্ষক-১৮ (স্থগিত ১৪) ২০ জেলা, কুঃবিঃ (C) ১৬-১৭]*

ⓐ were ⓑ is
ⓒ have ⓓ was ***Ans:d***

ব্যাখ্যা: বাক্যের subject singular এবং বাক্যে last থাকার কারণে is না হয়ে was হয়েছে।

Topic-14: and যুক্ত Phrase গুলো subject হলে Verb singular না plural হয়?

and যুক্ত Phrase গুলোর সাথে verb : And যুক্ত Well and woe-সুখ-দুঃখ, Slow and steady-ধীর-স্থির, bed and breakfast (অতিথিসেবা) ইত্যাদি phrase গুলো Singular তাই এদের পরের verb-টি singular হয়। এরূপ বাক্যগুলো চিরন্তন সত্য হয় বিধায় বাক্যটি সাধারণত present indefinite tense হয়। যেমন: Slow and steady wins the race. Well and woe comes by turns. **ব্যতিক্রম:** Time and tide wait for none. এই বাক্যের subject plural ধরা হয়েছে।

Tips: দ্রুত উত্তর করতে যেকোন singular subject কে মনে মনে He/It ভাবুন; Plural subject কে They ভাবুন;

53. Slow and steady --- the race. [ধীর-স্থির (ব্যক্তিই) জয়লাভ করেন/ সবুরে মেওয়া ফলে] *[36th BCS, স্থানীয় সরকার বিভাগের অধীন জনস্বাস্থ্য প্রকৌশলীর অধিদপ্তর এস্টিমেটর-১৮, খাদ্য পরিদর্শক-৯৬, প্রাথমিক সহকারী শিক্ষক (যমুনা)-১৩, গণপূর্ত অধিদপ্তরের হিসাব সহকারী-১৬, জীবন বীমা (অফিস সহকারী) ৩ সেপ্টে. ২১, বেসাম. বিমান. কর্তৃ. (নিরা. অপা.)- ০১ অক্টো. ২১, কারিগরি শিক্ষা অধি. (বিভিন্ন পদ) ২৭ আগস্ট ২১]*

ⓐ will win ⓑ won
ⓒ wins ⓓ has won ***Ans:c***

ব্যাখ্যা: দুটি noun, and দ্বারা যুক্ত হয়ে যদি একই ভাব অর্থ প্রকাশ করে, তবে সেটি singular হয়। এজন্য শূন্যস্থানে wins হবে।

54. **The bed and breakfast --- charming.** (অতিথিসেবা মনোমুগ্ধকর ছিল) *[বঃশেঃমুঃরঃবিঃপ্রঃবিঃ (G) ১৫-১৬]*

ⓐ are ⓑ were
ⓒ was ⓓ have been ***Ans:c***

55. **The bed and breakfast ---.** *[বঃশেঃমুঃরঃবিঃপ্রঃবিঃ (D) ১৮-১৯]* ***Ans:b***

ⓐ are entertaining ⓑ was entertaining
ⓒ has entertaining ⓓ have entertaining

Topic-15: The + Adjective দ্বারা subject হলে Verb singular না plural হয়?

Verb with (The + Adjective) :

Adjective এর সামনে the বসালে উক্ত adjective টি plural common noun এ পরিণত হয়। যেমন: poor (গরিব) হচ্ছে adjective এবং the poor (গরিবেরা) হচ্ছে plural common noun। এরূপ rich(ধনী)- the rich(ধনী ব্যক্তিরা), honest- the honest(সৎ ব্যাক্তিরা), brave- the brave(সাহসিরা), young- the young(যুবকেরা) ইত্যাদি। এই সমস্ত noun গুলো নিজেই plural তাই অন্য কোনভাবে plural করতে হয় না। এরূপ noun গুলো subject হলে verb plural হয়। অর্থাৎ নিয়মটি হচ্ছে The + Adj. + Plural verb---; যেমন: The poor are always unhappy. The virtuous are always happy. (ধার্মিকেরা আশির্বাদস্বরূপ)

Remind: দ্রুত উত্তর করতে যেকোন Plural subject কে মনে মনে They ভাবুন; singular subject কে He/It ভাবুন;

Link: একই নিয়ম ও ভিন্ন ভিন্ন কিছু MCQ সহ আলোচিত আছে Noun অধ্যায়ে।

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

56. **Choose the right sentence--** *[পায়রা বন্দর কর্তৃপক্ষের সহকারী সাব- ইন্সপেক্টর: ১৮/ ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের ডাক অধিদপ্তরের পোস্টল অপারেটর: ১৬]*

ⓐ The rich are not always happy.
ⓑ The men rich are not always happy.
ⓒ The rich men is not always happy. ***Ans:a***
ⓓ The rich person are not always happy.

57. **The virtuous (be) always happy.** *[Medical ০৫-০৬, রাঃবিঃ ০৭-০৮, হাঃদাঃবিঃপ্রঃবিঃ (C) ১৪-১৫]*

ⓐ have been ⓑ are
ⓒ is ⓓ none of these ***Ans:b***

Hints: the virtuous (ধার্মিক ব্যক্তিরা) একটি plural subject বিধায় এখানে are উত্তর হয়েছে।

58. **The poor --- in rain days.** (গরীবেরা বৃষ্টির দিনে অনাহারে থাকে) *[খুঃবিঃ (বিজ্ঞন, স্কুল) ১০-১১]*

ⓐ starves ⓑ starve
ⓒ depend ⓓ stays ***Ans:b***

59. **The poor --- much in winter.** *[১২ তম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল পর্যায়) ১৫]*

ⓐ suffer ⓑ gaining
ⓒ gained ⓓ be gained ***Ans:a***

ব্যাখ্যা: Adj.-এর পূর্বে The ব্যবহৃত হলে, তা সবসময় Common Plural noun হিসেবে ব্যবহৃত হয়। এখানে suffer অর্থ-কষ্টে ভোগা। the poor অর্থ গরিবেরা। বাক্যের বাংলা: গরিবেরা শীতে কষ্ট ভোগ করে।

60. **The cautious --- not always cowards.** *[রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (সুপারভাইজার)-১৫]*

ⓐ is ⓑ was
ⓒ are ⓓ were ***Ans:c***

বাক্যের অনুবাদ: সতর্কবান ব্যক্তিরা সর্বদা ভীরু নয়। বাক্যে always আছে এবং subject plural বিধায় উত্তর- c;

Our Youtube Channel: যুক্ত হতে ক্লিক করুন
https://www.youtube.com/c/ExpertEnglishAdda

Topic-16: বিভিন্ন Preposition যুক্ত Subject এর ক্ষেত্রে Verb ব্যবহারের নিয়ম?

Preposition যুক্ত Subject এর সাথে Verb : of, in, to, by, between, among, with, but, or, nor, except, between, among ইত্যাদি Preposition গুলো দ্বারা যুক্ত দুই বা ততোধিক noun/pronoun, Subject আকারে আসলে, প্রথম noun/ pronoun বা ১ম preposition এর আগের N/P অনুযায়ী verb বসে। যেমন: Every member of my family is here tonight. এককথায় বাক্যের Sub. থাকে ১ম preposition এর আগে। উপরের বাক্যে আসল subject member, family নয়

মাথায় রাখুন: *বিভিন্ন প্রশ্নে একাধিক অপশন উত্তর মনে হবে তখন tense, voice ও অন্যান্য factor বিবেচনা করতে হবে।*

61. **Every member of my family --- here tonight.** *[✪ হুবহু কমন প্রশ্ন: দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের অফিস সহকারী-১৯, রাঃবিঃ (B-অবাণিজ্য) ১৮-১৯]*

ⓐ be ⓑ is
ⓒ are ⓓ were **Ans:b**

62. **A basket of apples --- been sold.** (এক ঝুড়ি আপেল বিক্রয় হইয়াছে) *[সোনালি ব্যাংক সিনিয়র অফিসার ১৪, ঢাঃবিঃ ০৬-০৭, মাঃভাঃবিঃপ্রঃবিঃ (B) ১৪-১৫, রেল মন্ত্রণালয় (কম্পি. অপারেটর) ১২ জুন ২১]*

ⓐ has ⓑ have
ⓒ having ⓓ haven't **Ans:a**

63. **--- pair of socks --- too small for me.** (আমার জন্য এই মোজা জোড়া অনেক ছোট) *[ঢাঃবিঃ (B) ১৪-১৫]*

ⓐ This, is ⓑ These, are
ⓒ These, is ⓓ This, are **Ans:a**

Hints: একজনের জন্য একজোড়া মোজাই প্রয়োজন হয়। বিধায় singular ধরে this ব্যবহার করে উত্তর a;

64. **Millions of office workers --- most of their time sitting in front of computer screens.** *[Modhumoti Bank Ltd. Probationary Officer (PO) 201৮]*

ⓐ spend ⓑ spending
ⓒ to spend ⓓ are spent **Ans:a**

65. **A day on Mars --- slightly --- than a day on earth.** *[ঢাঃবিঃ (খ) ১৬-১৭]*

ⓐ are, long ⓑ can be as longer
ⓒ was, long ⓓ is, longer **Ans:d**

ব্যাখ্যা: বাক্যের অর্থ- পৃথিবীর একটি দিনের চেয়ে মঙ্গলগ্রহের একটি দিন সামান্য বড়। একদিকে subject- A day হচ্ছে singular আবার এই বাক্যটি বিজ্ঞানসম্মত তাই present indefinite tense এ singular verb(is) হয়েছে। এবং than থাকার কারণে comparative word(longer) হয়েছে।

66. **I stretched for tissue but the box of the tissues --- nearly empty.** *[উপজেলা পোস্টমাস্টার-১০]*

ⓐ was ⓑ were
ⓒ has ⓓ have **Ans:a**

ব্যাখ্যা: এই বাক্যে subject (the box) যা singular যাকে মনে মনে it ধরলে, উত্তর হতে পারে it has/ it was। এখন উত্তর was হয়েছে। আর has হবে না কারণ tense বিবেচনায় ১ম অংশ past tense আছে।

67. **The capacity of the students --- to be evaluated.** *[রাঃবিঃ (B-Law) ১২-১৩]*

ⓐ are ⓑ has
ⓒ were ⓓ will **Ans:b**

68. **The scenery of Cox's Bazar --charming.** *[রাঃবিঃ ০৯-১০]*

ⓐ was
ⓑ are
ⓒ were
ⓓ is **Ans:d**



ব্যাখ্যা: Scenery Uncountable Noun বিধায় verb হবে singular; অন্যদিকে (কক্সবাজারের দৃশ্য মনোরম) যা এখনও আছে তাই বাক্যটি present tense হবে বিধায় উত্তর-d।

69. **The father with his seven daughters --- left the house.** *[✪ এই নিয়মে হুবহু কমন প্রশ্ন: ১৬তম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল পর্যায়)- ১৯]*

ⓐ have ⓑ are
ⓒ has ⓓ was **Ans:c**

70. **The taste of mangoes --- me very much.** (আমের স্বাদ আমাকে প্রলুব্ধ করে) *[স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী (সিভিল) -১৭]*

ⓐ tempting ⓑ tempts
ⓒ tempt ⓓ have tempted **Ans:b**

71. **The price of rice --- rising.** *[✪ এই নিয়মে হুবহু কমন প্রশ্ন: সংস্কৃতি বিষয়ক মন্ত্র. উপ-সহ. প্রকৌশলী (সিভিল) ১৯]*

ⓐ is ⓑ was
ⓒ have ⓓ are **Ans:a**

ব্যাখ্যা: বর্তমান সময়ে চালের দাম বৃদ্ধি পাচ্ছে। তাই এরূপ অর্থে Present tense এর "is" verb ব্যবহার হবে।

72. **The presence of students is important. Here -----.** *[বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক-১১]*

ⓐ subject differs from verb
ⓑ subject agrees with verb
ⓒ subject and verb do not go together
ⓓ subject is in plural number **Ans:b**

ব্যাখ্যা: এখানে singular subject(presence) এর সাথে is বসেছে বিধায় বলা যায় subject এর সাথে verb এর agreement হয়েছে।

73. **A writer of stories ---------- need of imagination.** *[শ্রম পরিদপ্তরের সহ: শ্রম পরিচালক-০৬]*

ⓐ does ⓑ have
ⓒ is ⓓ has ***Ans:d***

ব্যাখ্যা: এ বাক্যে has main verb এবং need noun হিসেবে কাজ করেছে।

> ☑ **Advanced Learning:** Subject এর অবস্থানে কোনো noun এর apposition হিসেবে দুই কমার মাঝে অতিরিক্ত যাই থাক তা বাক্যে অর্থ ছাড়া কোন প্রভাব ফেলবে না। দ্বিধাগ্রস্থ হওয়ার কারণ নেই। এক্ষেত্রে আসল subject থেকে verb অনেক দুরে থাকতেই পারে। যেমন: নিচের বাক্যগুলোতে decoration ও scopes হলো subject আর বেশ দুরে শূন্যস্থানে বসবে verb।

74. **The decoration of the new office block, including the furniture and curtains, ----.** *[জনতা ব্যাংক (AEO) -১৫]*

ⓐ is more pleasing ⓑ are more pleasing
ⓒ have most pleasing
ⓓ is most pleasing ***Ans:d***

Hints: এই বাক্যের আসল sub হলো decoration যা singular এবং খুব ভালো বুঝাতে most বিধায় উত্তর- d;

✡ সমজাতীয় আরো MCQ ✡

75. **Each learner of English --- a good dictionary.** *[সমাজসেবা অধিদপ্তরে সহকারী শিক্ষক-১৭]*

ⓐ need ⓑ is
ⓒ are ⓓ needs ***Ans:d***

Topic-17: বিভিন্ন Prepositional Phrase যুক্ত Subject এর ক্ষেত্রে Verb ব্যবহারের নিয়ম?

Prepositional Phrase যুক্ত Subject এর সাথে Verb : together with, along with, accompanied with, as well as, and not, in addition to, including to, due to, in spite of, despite ইত্যাদি Prepositional Phrase গুলো দ্বারা যুক্ত দুই বা ততোধিক noun/pronoun, Subject আকারে আসলে, প্রথম noun/ pronoun বা ১ম preposition এর আগের N/P অনুযায়ী verb বসে। যেমন: **He** together with his friends **has** already come.

মাথায় রাখুন: *বিভিন্ন প্রশ্নে একাধিক অপশন উত্তর মনে হবে তখন tense, voice ও অন্যান্য factor বিবেচনা করতে হবে।*

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

76. **'Karim as well as Nayeem --- praise.** *[রেজিস্টার্ড বেসরকারী প্রাথমিক সহকারী শিক্ষক (টগর) -১১, ✪ হুবহু কমন প্রশ্ন: প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (৪- ধাপ)- ১৯]*

ⓐ are deserving ⓑ deserves
ⓒ deserve ⓓ is deserving ***Ans:b***

ব্যাখ্যা: deserve verb এর সাধারণত continuous tense হয় না বিধায় উত্তর- d না হয়ে উত্তর হবে- b

77. **The man along with her neighbours -- working for the welfare of the people.** *[পিএসসি-১৬]*

ⓐ have ⓑ is
ⓒ were ⓓ are ***Ans:b***

78. **The principal along with his students --- planting trees for two hours.** *[১৫তম প্রভাষক নিবন্ধন (কলেজ/সমপর্যায়): ১৮]*

ⓐ have been ⓑ has been
ⓒ is ⓓ are ***Ans:b***

79. **Mr. Salim, accompanied by his daughter sumi and his only son Dipu, --- killed yesterday.** *[✪ এই নিয়মে হুবহু কমন প্রশ্ন: বঃশেঃমুঃরংবিঃপ্রঃবিঃ (জি) সেট-সি, ১৯-২০]*

ⓐ was ⓑ were
ⓒ have been ⓓ had ***Ans:a***

80. **Lima along with her friends --- to school every day.** *[১৪তম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়-২) -১৭]*

ⓐ go ⓑ goes
ⓒ is going ⓓ are going ***Ans:b***

ব্যাখ্যা: বাক্যে everyday থাকায় বাক্যটি present Ind. tense হবে বিধায় উত্তর-b; বাক্যের subject(Lima);

81. **The headmaster along with his colleagues --- coming here today.** (প্রধান শিক্ষক তার সহকর্মীদের সাথে নিয়ে আজ এখানে আসতেছেন) *[১১তম শিক্ষক নিবন্ধন (স্কুল/সমপর্যায়-২)-১৪]*

ⓐ have ⓑ is
ⓒ were ⓓ are ***Ans:b***

82. Orthita as well as Obhinibesh (to be) attending the party. *[১৪তম শিক্ষক নিবন্ধন ও প্রত্যায়ন পরীক্ষা [স্কুল/সমপর্যায়] ১৭]*

ⓐ are ⓑ is

ⓒ have been ⓓ been **Ans:b**

ব্যাখ্যা: As well as- এর পূর্বের noun/pronoun বাক্যের subject হয়। সুতরাং subject 'Orthita' singular হওয়ায় verb ও singular (is) হবে।

83. Everything including to the books --- bought. *[আনসার দপ্তর সার্কেল এডজুটেন্ট (স্বরাষ্ট্র মন্ত্রণালয়-১০]*

ⓐ were ⓑ was

ⓒ are ⓓ have **Ans:b**

84. The chief competitor, as well as ourselves, --- prices this summer.

ⓐ is obliged to raise *[জনতা ব্যাংক (AEO)-১৫]*

ⓑ is obliged to rising

ⓒ are obliged to raise

ⓓ are obliged in rising **Ans:a**

85. Her brother along with her parents <u>insist</u> that She remain in school. *[বাংলাদেশ হাউজ বিল্ডিং কর্পোরেশন (অফিসার)-১১, খুলনাবিঃ (L) ১৪-১৫]*

ⓐ are insisting ⓑ have insisting

ⓒ insists ⓓ were insisting **Ans:c**

86. Mr Ali as well as his two sons (to be) present there yesterday. *[রাজবিঃ (F_1) ১২-১৩]*

ⓐ was ⓑ were

ⓒ is ⓓ are **Ans:a**

ব্যাখ্যা: as well as পূর্বের noun Mr. Ali হচ্ছে singular বিধায় verb টি singular হবে এবং বাক্যে yesterday আছে বিধায় verb এর past indefinite tense হবে। তাই verb হিসেবে was বসবে।

87. Nipa as well as her brothers (come) to me. *[৬ষ্ঠবেসরকারী প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-১০]*

ⓐ have come ⓑ are coming

ⓒ was gone ⓓ has come **Ans:d**

Topic-18: বিভিন্ন co-ordinating conjunction যুক্ত Subject এর ক্ষেত্রে Verb ব্যবহারের নিয়ম কি?

Verb with co-ordinating conjunction: বিভিন্ন প্রকার co-ordinating conjunction- যেমন, Either---or---, neither --- nor---, not only---but also---, not-----but--- ইত্যাদি দ্বারা দুটো noun/pronoun যুক্ত হলে, or, nor, but also এবং but, এদের পরবর্তী বা ২য় noun/pronoun অনুসারে Verb বসে। যেমন: Neither Sufia nor <u>I am</u> capable of solving the problem. **শর্টকার্ট:** এক্ষেত্রে আসল sub থাকে verb এর নিকটে।

Remind: *বিভিন্ন প্রশ্নে একাধিক অপশন উত্তর মনে হবে তখন tense, voice ও অন্যান্য factor বিবেচনা করতে হবে।*

☞ Link: Co-ordinate conjunction এর basic idea না থাকলে conjunction অধ্যায় পড়ে আসুন।

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

88. Neither Rahim nor Rini --- qualified for the job. *[29th BCS, সমাজসেবা অধিদপ্তরের প্রবেশনারী অফিসার-১৩, পল্লী উন্নয়ন বোর্ডের হিসাব সহ-১৪, বাংলাদেশ মেরিন একাডেমী-১৫-১৬]*

ⓐ are ⓑ is

ⓒ was ⓓ were **Ans:b**

89. Neither Jane nor her brothers -- a consent form for tomorrow's field trip.

ⓐ need ⓑ needs *[ঢাকাবিঃ (C) ১১-১২]*

ⓒ is needing ⓓ has need **Ans:a**

***Source:** CLIFFS TOEFL, Practice Test-4, Section-2, Part-A, Question-3, হুবহু, P-414]*

ব্যাখ্যা: nor- এরপর plural noun থাকলে verb অবশ্যই plural হয়; তাই উত্তর হবে (need)।

90. Neither the moon nor the stars --- visible last night. The verb to fill in the gap should be- *[তথ্য মন্ত্রণা. অধীন বিটিবি-এর সহকারী প্রকৌশলী (সিভিল) -২০১৭]*

ⓐ was ⓑ were

ⓒ are ⓓ had been **Ans:b**

91. Neither the salesman nor the marketing manager --- of the system. *[জনতা ব্যাংক (AEO)-১৫]*

ⓐ is favouring ⓑ are for favour

ⓒ are in favour ⓓ is in favour **Ans:d**

92. Neither Sharmeen nor her friend --- present last week. *[পরিসংখ্যান ব্যুরোর ডেটা এন্ট্রি অপারেটর-১৬]*

ⓐ were ⓑ was

ⓒ have been ⓓ is **Ans:b**

93. Neither Mr. Karim nor his friend <u>are invited to speak at the seminar</u>. *[ঢাঃবিঃ (D) ১২-১৩, Pubali Bank-১১]*

ⓐ is invited to speak at the seminar.
ⓑ are invited to speak at the seminar.
ⓒ is to speak at the seminar.
ⓓ are speaking at the seminar. ***Ans:a***

94. Choose the correct sentence. *[সহকারী থানা/উপজেলা শিক্ষা কর্মকর্তা (ATEO)-১৬]*

ⓐ Either they or I are wrong.
ⓑ Either they or I is wrong.
ⓒ Either they or I am wrong.
ⓓ Either they or I were wrong. ***Ans:c***

Topic-19: A many এবং Many a/an যুক্ত Subject এর ক্ষেত্রে Verb ব্যবহারের নিয়ম কি?

Verb with (A many এবং Many a/an) + Noun : A many এর পর noun ও verb দুটিই plural হয়। **গঠন: A Many + plural noun+ plural verb------;** কৌশল: এখানে পরে many plural তাই সব plural যেমন: A many men have done the work. (অনেক সংখ্যক লোক মিলে কাজটি করেছে) আর **Many a/an এর পরে noun ও verb দুটোই singular হয়। গঠন: Many a/an+ singular common noun+ singular verb---** কৌশল: এখানে পরে a/an singular তাই সব singular; যেমন: **Many a** man has done the work. (<u>অনেক লোকই</u> কাজটি করেছে)

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

95. Many a man --- succumbed to such temptation. *[Southeast Bank (Trainee Officer) -18]*

ⓐ get ⓑ are
ⓒ have ⓓ has ***Ans:d***

96. Many a student --- to qualify the driving test on the first try. *[চঃ বিঃ (A) ১৬-১৭]*

ⓐ fail ⓑ fails
ⓒ pass ⓓ passes ***Ans:b***

ব্যাখ্যা: সাধারণ বাস্তব চিন্তা করুন- বেশির ভাগ ছাত্রই ১ম বার driving test এ ব্যার্থ হয় বিধায় উত্তর b;

97. Many a student --- present in the class. (অনেক ছাত্রই ক্লাসে উপস্থিত আছে) *[বেঃরোঃবিঃ (A) ১৬-১৭, ✪ হুবহু কমন প্রশ্ন: শিক্ষা মন্ত্রণালয়ের শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের সহকারী প্রকৌশলী (পুর)- ১৯]*

ⓐ are ⓑ have
ⓒ is ⓓ has ***Ans:c***

98. Many a --- tried to complete the work. *[রেলওয়ে সহকারী কমান্ডেন্ট-০৭, বঃশেঃমুঃরঃবিঃপ্রঃবিঃ (E) ১৫-১৬]*

ⓐ men has ⓑ men have
ⓒ man have ⓓ man has ***Ans:d***

Topic-20: Indefinite/Distributive Pronoun যুক্ত Subject এর ক্ষেত্রে Verb কি হয়?

Verb with Indefinite/Distributive Pronoun: One of, Each of, Either of, Neither of ইত্যাদির পর noun plural হয় কিন্তু verb singular হয়। কারণ লক্ষ্য করুন, অনেকের মধ্যে বোঝাতে noun plural আর প্রতি/এক বুঝাতে of এর পূর্বে One, Each, Either, Neither, Much সব singular বিধায় Verb হয় Singular।

গঠন: One of, Either of, Neither of, much of + the + noun (plural)+ verb (singular)---.

যেমন: One of the boys was present. (বালকদের মধ্যে একজন উপস্থিত ছিলো)

Remind: *বিভিন্ন প্রশ্নে একাধিক অপশন উত্তর মনে হবে তখন tense, voice ও অন্যান্য factor বিবেচনা করতে হবে।*

Link Chapter: *এ সংক্রান্ত আরো Basic জানতে চাইলে pronoun অধ্যায়টির indefinite Pronoun Part পড়ুন-*

99. Each of the students who filled out the admission form --- the test. *[ঢাঃবিঃ (D) ১৫-১৬, মার্কেন্টাইল ব্যাংক (MTO) -১৫]*

ⓐ have appeared at ⓑ has appeared at
ⓒ are appearing at ⓓ is appearing ***Ans:b***

Tips: বাক্যের subject(each) যা singular, মনে মনে He ধরলে He is/ He has হতে পারে। পরীক্ষায় উপস্থিত হওয়া অর্থে at বসে বিধায় উত্তর- b। ছাত্রছাত্রীদের মধ্যে যারা ভর্তি ফর্ম পুরণ করেছে তাদের প্রত্যেকে পরীক্ষা দিয়েছে।

100. **At least one of the students --- full marks every time.** *[24th BCS, ৬ষ্ঠ প্রভাষক নিবন্ধন-১০, পূবালী ব্যাংক সিনিয়র অফিসার-১৩, প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (রাইন)-১৩, রাঃবিঃ লোকপ্রশাসন ০৫-০৬,* ✪ *হুবহু কমন প্রশ্ন: প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক*

ⓐ get ⓑ are getting *(৩ - ধাপ) - ১৯]*
ⓒ gets ⓓ have got ***Ans:c***

Tips: Every time থাকলে বাক্যটি Present Indefinite হয়। আবার "one" Subject হিসেবে 3rd Person singular number বিধায় উত্তর gets হয়েছে। [one কে মনে মনে He ভাবতে পারেন তবেই বুঝবেন]

101. **One of my friends ------ a student of Rajshahi University.** *[রাঃবিঃ (D) অবাণিজ্য) ১১-১২]*

ⓐ is ⓑ are
ⓒ is being ⓓ being ***Ans:a***

102. **Which one is correct?** *[রাঃবিঃ (Unit-Law): ০৭-০৮]*

ⓐ One of my friends lives in Brighton.
ⓑ One of my friend lives in Brighton
ⓒ One of my friends live in Brighton.
ⓓ One of my friend live in Brighton.***Ans:a***

↳**Hints:** "one" Subject হিসেবে 3rd Person singular বিধায় lives হয়েছে। b ভুল কারণ friends হতো;

103. **One of the crucial --- traffic jam.** (সঙ্কটপূর্ণ সমস্যাগুলোর একটি হচ্ছে যানজট) *[পোস্টাল অপারেটর-১৬]*

ⓐ problems is ⓑ problems are ***Ans:a***
ⓒ problem is ⓓ problems were

104. **One of the common -----.** *[চঃবিঃ (B-1) ১৪-১৫]*

ⓐ phenomenon is that most people are doing crimes now.
ⓑ phenomena is that most people are committing crimes now.
ⓒ phenome is that most people are committing crimes now .
ⓓ phenomena is that most people are committed crimes now. ***Ans:b***

ব্যাখ্যা: **one of** এর পর plural noun হিসেবে phenomena(অপশন: b/d) হবে আর committing এর active voice হিসেবে continuous(are committing) হবে তাই সঠিক উত্তর- b

105. **Neither of the books --- interesting.** *[ঢাঃবিঃ অধিভুক্ত ৭ কলেজ (বিজ্ঞান অনুষদ) ২০১৮-১৯, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার- ১৯]*

ⓐ was ⓑ were
ⓒ have been ⓓ are ***Ans:a***

106. **Which one is correct?** *[নির্বাচন কমেশন সচিবালয়ে উচ্চমান সহকারী-১৮]*

ⓐ One of my sisters are a nurse.
ⓑ One of my sister is a nurse.
ⓒ One of my sisters is a nurse.
ⓓ One of my sister are a nurse. ***Ans:c***

107. **Either of the boys --- done the work.** (বালক দুইটি প্রতেকেই কাজটা করেছে) *[বঃশেঃমুঃরঃবিঃপ্রঃবিঃ (G)*

ⓐ is ⓑ has *১৮-১৯]*
ⓒ has lent ⓓ lends ***Ans:b***

↳**ব্যাখ্যা:** অপশন c/d অর্থগতভাবে ভুল, আর বাক্যের কর্তা নিজেই কাজ করেছে বুঝাতে active হিসেবে has উত্তর।

108. **Last year, one of the major --- load shedding.** *[চঃবিঃ (ডি- ইউনিট)ঃ ১২-১৩]*

ⓐ problems is ⓑ problem was ***Ans:c***
ⓒ problems was ⓓ problems has been

Attention: বাক্যে last year আছে বিধায় past indefinite tense হবে তাই উত্তর problems was

109. **Choose the correct sentence.** *[সাউদিস্ট ব্যাংক লি. প্রবেমনারী অফিসার-১৬, অগ্রনী ব্যাংক লি. ডসনিয়র অফিসার-১৭]*

ⓐ One of the boy will meet me today.***Ans:d***
ⓑ One of the boy's are meeting me today.
ⓒ One of the boy is meeting me today.
ⓓ One of the boys is meeting me today.

গুরুত্বপূর্ণ লিঙ্ক: এই one of --Related আরো অনেক MCQ পাবেন Degree ও Pronoun অধ্যায়ে।

সমজাতীয় আরো MCQ, Practice করুন

110. **Each of the radioisotopes produced artificially --- its own distinct structure.** ***[সম্ভাব্য প্রশ্ন-BARRON'S TOEFL, P-262]***

ⓐ have ⓑ has
ⓒ having ⓓ have had ***Ans:b***

↳ **ব্যাখ্যা:** কোন বাক্যের গঠনে Each /Either + of + plural Noun থাকলেও verb হবে singular.

111. **Which of the following sentence is incorrect-** *[জাতীয় কবি কাজী ন: ই: বি: (ডি --ইউনিট): ১৬-১৭]*

ⓐ Are you on this committee?
ⓑ What's the time by your watch?
ⓒ He repented of his action.
ⓓ Each of the boys have a pen. ***Ans:d***

ব্যাখ্যা: অপশন d ভুল কারণ Each- singular subject থাকায় have এর স্থলে has হবে।

112. **Each of the Olympic athletes --- for months, even years.** *[জাঃকঃকাঃনঃইঃবিঃ (C) ১৫-১৬, খুঃবিঃ (প্রযুক্তিবিদ্যা স্কুল) ১৩-১৪, জনতা ব্যাংক (E. O) -১২]*

ⓐ have been training
ⓑ were training ⓒ has been training
ⓓ been training ***Ans:c***

113. **Each of the girls -- the class regularly.** (মেয়েদের প্রত্যেকে নিয়মিত ক্লাস করে)*[বেঃরোঃবিঃ (বানিজ্য) ০৮-০৯]*

ⓐ attended ⓑ attends
ⓒ attending ⓓ attend ***Ans:b***

114. **We found, one of the boys --- ill.** (আমরা বালকদের একজনকে অসুস্থ পেয়েছিলাম)

ⓐ is ⓑ were *[পাঃবিঃপ্রঃবিঃ (A) ১৪-১৫]*
ⓒ are ⓓ was ***Ans:d***

Hints: singular verb লাগবে বিধায় was/is উত্তর হতে পারে। এখন যেহেতু বাক্যের ১ম অংশে Past tense (We found) আছে তাই পরের অংশে tense বিবেচনায় was সঠিক উত্তর।

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

Topic-21: It, Who, one, body এবং thing যুক্ত Subject এর ক্ষেত্রে Verb কি হয়?

Verb with It, Who, --one/--body/--thing : It, Who, Everyone, Everybody, Everything, No one, Nobody, Nothing, Anyone, Anybody, Anything, Someone, Somebody, Something, ইত্যাদি হচ্ছে singular। তাই এদের পরে verb সর্বদাই Singular হয়। যেমন: Everybody has gone there. Everybody loves flowers.

115. **Choose the correct sentence.** *[26th BCS, বাংলাদেশ মেরিন একাডেমি ১৫, কাছাকাছি অপশন: সমাজ সেবা অধিদপ্তর ১৭, জঃবিঃ ০৫-০৬, জাঃকঃকাঃনঃইঃবিঃ(D) ১৬-১৭]*

ⓐ Everybody have gone there.
ⓑ Everybody has gone there.
ⓒ Everybody are gone there.
ⓓ Everybody has went there. ***Ans:b***

116. **কোটির পর Singular verb বসে?** *[প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী : ১৩]*

ⓐ Somebody ⓑ Nobody
ⓒ No one ⓓ সব কয়টি হবে ***Ans:d***

117. **Everybody (go) there.** *[স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপর-পরিদর্শক: ১৩]*

ⓐ have gone ⓑ has gone
ⓒ are gone ⓓ are going ***Ans:b***

118. **Everybody wants to go the cinema but nobody --- willing to pay for the tickets.**

ⓐ is seeming ⓑ seem *[চঃবিঃ (E, Law) ০৪-০৫]*
ⓒ seems ⓓ are seem ***Ans:c***

ব্যাখ্যা: seem verb টি সাধারণত present indefinite tense হয় বিধায় উত্তর- c

119. **It --- you who should have completed the task in time.** *[জাঃবিঃ (C) ১৬-১৭]*
→**It --- I who helped you take preparations for the examination last years.** *[জাঃবিঃ (C) ১৬-১৭]*
→**It --- the students who should not miss any class.** *[NU (C) ১০-১১]*

ⓐ are ⓑ is
ⓒ has ⓓ have ***Ans:b***

120. **Everybody --- flowers.** (প্রত্যেকে ফুল ভালবাসে) *[রাঃবিঃ সমাজবিজ্ঞান ০৭-০৮, ইঃবিঃ (D) ১৭-১৮]*

ⓐ love ⓑ loves
ⓒ like ⓓ loving ***Ans:b***

121. **Choose the correct sentence.** *[খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ে ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরের প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা:০৬/ তথ্যমন্ত্রণালয়ে অধীনে সহকারী পরিচালক:০৪]*

ⓐ Everybody hate the liar.
ⓑ Everybody hates a liar
ⓒ Everybody do hate a liar
ⓓ Everybody do not hate a liar ***Ans:b***

Our Facebook Page: যুক্ত হতে ক্লিক করুন।
https://www.facebook.com/expertalim/

Topic-22: Plural Countable Determiner যুক্ত Subject এর Verb টি singular না plural হয়?

Verb with Plural Determiner: Plural Countable determiner গুলোর পর noun Plural বিধায় verb-ও plural হয়। গঠন: Both/Many/ Few/ number/ another/ several/ different/ those/ these + Plural (n) + plural (v) হয়। এদের অর্থ দুই/এর অধিক বোঝায়।

☑ Advanced Learning: এই determiner গুলোর পর noun না আসলেও verb plural হয়। তখন এগুলো plural pronoun এর কাজ করে। আর এদের পর noun থাকলে এগুলো Adjective হিসেবে বিবেচ্য। যেমন: Many students are reading novel and Many are discussing the matter. এই বাক্যে ১ম অংশে many একটি Adjective এবং subject- Students আর ২য় Many Pronoun এবং Subject(Many) নিজেই।

Link Chapter: Determiner সম্পর্কে Basic ধারণা কম থাকলে বিস্তারিত আলোচনায় Determiner অধ্যায়টি পড়ে আসতে পারেন।

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

122. Many goats are grazing and few sheep --- sleeping in the field. *[রাঃবিঃ (সমাজবিজ্ঞান) ০৭-০৮]*

ⓐ is ⓑ are
ⓒ has been ⓓ was **Ans:b**

Hints: sheep, deer, pair এগুলো plural হলেও এদের সাথে "s" যুক্ত হয় না। তাই বাক্যে few এর পর sheep এর সাথে "s" না থাকলেও এটি plural বিধায় plural verb হিসেবে are উত্তর।

123. Both of the mice --- underfed. (ইঁদুর দুটি দেখতে অপুষ্ট) *[রাঃবিঃ ০৯-১০]*

ⓐ is ⓑ like
ⓒ was ⓓ will **Ans:b**

124. Those --- the type I like. (ঐগুলি আমার পছন্দের ধরন নয়) *[রাঃবিঃ (E, জোড়) ১৫-১৬]*

ⓐ isn't ⓑ aren't
ⓒ won't ⓓ don't **Ans:b**

Topic-23: Dual Determiner যুক্ত Subject এর ক্ষেত্রে Verb বসে কি অনুযায়ী? উদাহরণ দাও।

Verb with Dual Determiner: All, any, some, more, most, no, a lot of, a large of ইত্যাদি dual determiner এর পরবর্তী noun বা নির্দেশিত noun অনুযায়ী verb বসে। অর্থাৎ noun(S)+ verb(S) এবং noun(p)+ verb(p) যেমন: All water is pure for drinking. All people are going to hajj. এই বাক্যগুলোতে all অনুসারে verb বসেনি বরং water এবং people অনুসারে verb বসেছে।

125. Choose the correct sentence: *[37th BCS, ✪ হুবহু কমন প্রশ্ন: মাঃভাঃবিঃপ্রঃবিঃ (সি) (সেট-২), ১৯-২০]*

ⓐ All of it depend on you.
ⓑ All of it are depending on you.
ⓒ All of it depends on you.
ⓓ All of it are depended on you. **Ans:c**

Hints: এখানে All দ্বারা it কে নির্দেশ করেছে যা 3rd Person singular বিধায় it অনুসারে c উত্তর।

126. Where --- all the boys ---? (সব ছেলেরা কোথায় গিয়েছে?) *[চাঃবিঃ (B) ১১-১২, জাঃকঃকাঃনঃইঃবিঃ (খ) ১৬-১৭]*

ⓐ has, gone ⓑ have, gone
ⓒ did, went ⓓ does, go **Ans:b**

127. No news --- good news. (কোন সংবাদই ভাল সংবাদ নয়) *[জঃবিঃ (D) ০৯-১০]*

ⓐ is ⓑ are
ⓒ was ⓓ were **Ans:a**

☑ Advanced Learning: No one এর পর noun plural কিন্তু verb singular হয়। আর none/ none of দ্বারা যাকে নির্দেশ করে সেই অনুসারে verb বসে। [সাবধান: বাজারের বিভিন্ন বই বিভিন্ন উত্তর করেছে আর modern English এসব নিয়ম মানে না তবুও আপনারা পরীক্ষার জন্য আমার আলোচিত এই নিয়ম অনুসরণ করবেন]

128. None --- helpless because they can always try. (তারা কেউ অসহায় নয় কারণ তারা সর্বদা চেষ্টা করতে পারে) *[রাঃবিঃ (D) ১২-১৩, (E, বিজোর) ১৬-১৭, জাঃবিঃ (A3) ১৩-১৪]*

ⓐ are ⓑ is
ⓒ were ⓓ was **Ans:a**

ব্যাখ্যা: বাক্যে none = they এবং always উল্লেখ আছে বিধায়, present tense এর plural verb are উত্তর।

129. None of the students --- a car. *[রাঃবিঃ (b)০৯-১০, ১০ম শিক্ষক নিবন্ধন(স্কুল/-২)-১৪, জাঃকঃকাঃনঃইঃবিঃ (C) ১৮-১৯]*

ⓐ has ⓑ have
ⓒ have got ⓓ own **Ans:b**

ব্যাখ্যা: এখানে none দ্বারা students কে নির্দেশ করেছে বিধায় উত্তর- have

130. Which of these correct? *[জাঃবিঃ (C) ১১-১২]*

ⓐ No one of his friends has taken breakfast.
ⓑ None of his friends has taken breakfast.
ⓒ None of his friends have taken breakfast.
ⓓ Both A & C **Ans:d**

Topic-24: Relative Pronoun যুক্ত Subject এর ক্ষেত্রে Verb ব্যবহারের নিয়ম কি? উদাহরণ দাও।

Verb with Relative Pronoun: Relative pronoun(who, which, that, what ইত্যাদি) এর ঠিক পরেই যদি verb আসে তবে তা ঐ Relative pronoun এর ঠিক সামনেই অবস্থিত Antecedent(পূর্বপদ) অনুসারে বসে।

যেমন: It is he who is to blame. It is I who am to blame.

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

131. I, who --- your friend, will help you in all possible ways. (আমিই তোমার বন্ধু যে সকল সম্ভাব্য উপায়ে তোমাকে সাহায্য করবে) *[ঢাঃবিঃ অধিভুক্ত ৭ কলেজ (বিজ্ঞান অনুষদ) ২০১৮-১৯]*

ⓐ am ⓑ are
ⓒ is ⓓ ware **Ans:a**

132. A reward has been announced for the employees who --- hard. *[21st BCS, কুঃবিঃ (C) ০৮-০৯]*

ⓐ have worked ⓑ has worked **Ans:a**
ⓒ will be work ⓓ have had worked

133. Everybody who --- a fever must go home immediately. *[জঃবিঃ (C) ১২-১৩]*

ⓐ have ⓑ had
ⓒ has ⓓ none **Ans:c**

134. It is I who --- to blame. (আমিই দোষী) *[ATEO -05, প্রাথ: সহ: শিক্ষক (ঢাকা)-০৬, ট্রাস্ট ব্যাংক-১০, টিসি ব্যাংক-১১, জাঃবিঃ (E) ১৪-১৫, সহকারী পরিবার পরিকল্পনা অফিসার -১৬, NSI-এর সহকারী পরীচালক-১৭, বিটিবি'র সহকারী প্রকৌশলী (সিভিল)-১৭, ৬ষ্ঠ বেসরকারী প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-১০]*

ⓐ was ⓑ are
ⓒ am ⓓ were **Ans:c**

135. You are the man who --- always troubled me. *[বিমান বাংলাদেশ Air. সহ. ব্যব. (TG). ০৯ জানু. ২১]*

ⓐ is ⓑ have
ⓒ has ⓓ were **Ans:c**

136. Joe is one of the boys who --- on time. (বালকদের মধ্যে জয় একজন যে সময়নিষ্ঠ) *[বিভিন্ন মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী ১৭, রাঃবিঃ (সমাজবিজ্ঞান) ০৯-১০, জঃবিঃ (H) ১৬-১৭]*

ⓐ is ⓑ are
ⓒ do ⓓ being **Ans:b**

Topic-25: More than যুক্ত Subject এর ক্ষেত্রে Verb বসে কি অনুসারে?

Verb with More than : More than এর পরবর্তী Noun/Pronoun অনুসারে Verb বসে। যেমন: More than two general people were killed in the fighting.

137. More than two general people (to kill) in the fighting. *[ইঃবিঃ ০৬-০৭]*

ⓐ More than two general people is killed in the fighting.
ⓑ More than two general people were killed in the fighting.
ⓒ More than two general people was killed in the fighting.
ⓓ More than two general people have killed in the fighting. **Ans:b**

যুদ্ধে ২ জনের বেশি সাধারণ লোক মারা গিয়েছিল;

ব্যাখ্যা: এখানে People(Plural subject) তাই উত্তর হতে পারে were এবং have যুক্ত অপশন b/d। অন্যদিকে Voice বিবেচনায় বাক্যটি Passive voice হবে বিধায় সঠিক উত্তর- b।

Topic-26: Fraction/ভগ্নাংশ যুক্ত Subject এর ক্ষেত্রে Verb ব্যবহারের নিয়ম তিনটি কি কি? উদাহরণ দাও

Verb with Fraction/ভগ্নাংশ: আগেই বলে নেই অনেকের কাছে এই সহজ নিয়মটি কঠিন মনে হয়। এই অংশটি গণিতের সাথেও জড়িত। তাই আমি ভেঙ্গে ভেঙ্গে আলোচনা করছি। চলুন প্রথমে জেনে নেই ভগ্নাংশ কিভাবে লিখতে হয়। **ভগ্নাংশ লিখার নিয়ম:** গণিতে ১/৩ = এক তৃতীয়াংশ = one-third, অর্থাৎ লব ১ হলে হরের সাথে s যুক্ত করা হয় না।

আবার গণিতে ২/৩ = দুই-তৃতীয়াংশ = Two-thirds, অর্থাৎ লব ১ এর অধিক হলে হরের সাথে s যুক্ত করতে হয়।

এভাবে সকল উদাহরণে লক্ষ্য রাখতে হবে: $1/4^{th}$= one-fourth, দুই-চতুর্থাংশ = (২/৪) = Two-fourths ইত্যাদি।

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

138. দুই-তৃতীয়াংশের সঠিক ইংরেজী -- *[জনশক্তি ও কর্মসংস্থান ব্যুরোর উপ-পরিচালক -০১]*

ⓐ two-thirds ⓑ two-third ***Ans:a***

ⓒ two bt there ⓓ two above three

139. What is the correct expression of the fraction $5\ ^{2}/_{3}$? *[সরকারী মাধ্যমিক শিক্ষা-০৯]*

ⓐ Five and two-third

ⓑ Five and two-thirds

ⓒ Five and a two-thirds

ⓓ Five and a two third ***Ans:b***

140. Which one is correct sentence? (আমি কাজটার দুই-তৃতীয়াংশ শেষ করেছি) *[মাধ্যমিক প্রধান শিক্ষক-০৩]*

ⓐ I have finished two-third of the works.

ⓑ have finished two-thirds of the work.

ⓒ I have finished two-thirds of the works.

ⓓ I have finished two-third of the work. ***Ans:b***

ব্যাখ্যা: অপশন a, c ভুল কারণ third এর সাথে s যুক্ত হতো। আর অপশন c ভুল কারণ work uncountable noun যার সাথে s যুক্ত হয় না। এতএব সবদিক থেকে সঠিক উত্তর- b;

Verb with Fraction/ভগ্নাংশ: এককথায় fraction/ Percent এর পরের noun/Pro. অনুসারে verb বসবে।

বিস্তারিত নিয়ম-০১: Fraction/Percent(%) (singular/plural) যাইহোক এরপর of + (uncountable বা singular Noun বা singular Pronoun) থাকলে verb singular হয়। যেমন: Two-thirds of the apple has been eaten. [আপেলের দুই-তৃতীয়াংশ (২/৩) খাওয়া হয়েছে], Two-thirds of it is fine. (এটার দুই তৃতীয়াংশ ভালো) $1/4^{th}$ of the work has been finished.(কাজের এক চতুর্থাংশ শেষ হইয়াছে) [$1/4^{th}$=one-fourth]

141. Three-fourths of the work --- finished. *[23^{th} BCS, ✪ হুবহু কমন প্রশ্ন: দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রাণালয়-১৯, পরামাণু শক্তি কমিশন অফিস সহকারী ১৮, সংস্থাপন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা-০৭, পেট্রোবাংলার সহকারী ম্যানেজার-১১, ✪ হুবহু কমন প্রশ্ন: প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (৩য় ধাপ)- ১৯]*

ⓐ have been ⓑ was

ⓒ were ⓓ has been ***Ans:d***

ব্যাখ্যা: work অনুসারে verb হতে পারবে was/has been। এখানে উভয় ক্ষেত্রেই passive voice আছে। তাহলে বাস্তব অর্থ দিয়ে চিন্তা করি:: যদি was বসাই তাহলে বাংলা হবে, ৩/৪ অংশ কাজ শেষ হয়েছিলো অর্থাৎ অতীতে অসমাপ্ত। আর যদি has been বসাই তাহলে বাংলা, হবে ৩/৪ অংশ কাজ শেষ হয়েছে অর্থাৎ বর্তমানে অসমাপ্ত কিন্তু কাজ এখনও চলমান। তাই বাস্তবে সাধারণ দৃষ্টিতে নির্দিষ্ট রাস্তার কাজ অতীতে অসমাপ্ত রাখা হয় না বিধায় ইতিবাচক চিন্তায় সঠিক উত্তর করা হয়েছে d। তবে অপশনে d না থাকলে b উত্তর করা যাবে।

142. Choose the right form of verb. Three-fourths of the road (to be) pitched. *[Bangladesh Commerce Bank-2000]*

ⓐ Three-fourths of the road is pitched. ***Ans:c***

ⓑ Three-fourths of the road were pitched.

ⓒ Three-fourths of the road has been pitched.

ⓓ Three-fourths of the road was pitched.

143. The correct sentence is- *[প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সাইবার অফিসার-০৫, ১২ তম প্রভাষক নিবন্ধন- ১৫]*

ⓐ Two-third of it is fine.

ⓑ Two-thirds of it is fine. (ইহার দুই তৃতীয়াংশ খাঁটি)

ⓒ Two-thirds of it are fine.

ⓓ Two-third is fine. ***Ans:b***

ব্যাখ্যা: এখানে of এর পর it দ্বারা কোন এক singular noun কে নির্দেশ করছে বিধায় verb singular;

Verb with Fraction/ভগ্নাংশ: এককথায় **fraction/ Percent** এর পরের **noun/Pro.** অনুসারে **verb** বসবে।
বিস্তারিত নিয়ম-০২: Fraction/% (singular/plural) যাইহোক এরপর of + (Countable Plural Noun বা Plural Pronoun) থাকলে verb Plural হয়। যেমন: Two-thirds of the jackfruits have been eaten. One-third of the students are absent. (ছাত্রছাত্রীদের তিনের এক অংশ অনুপস্থিত),
[**Remind**: লব 1 এর বেশি হলে হরের সাথে s/es যোগ হয়, যেমন: দুই-তৃতীয়াংশ (⅔) = Two-thirds]
আরো বিস্তারিত দেখুতে চাইলে লিঙ্ক: https://www.youtube.com/watch?v=p6NqbF58qL8&t=4s
মাথায় রাখুন: *বিভিন্ন প্রশ্নে একাধিক অপশন উত্তর মনে হবে তখন tense, voice ও অন্যান্য factor বিবেচনা করতে হবে।*

144. Nearly 71% of the members --- in favor of the policy. *[জাঃকঃকাঃনাঃইঃবিঃ (ডি-ইউনিট) ১৭-১৮]*
ⓐ is ⓑ have
ⓒ are ⓓ was ***Ans:c***

145. Two-third of the children --- present in the function. *[✪ এই নিয়মে হুবহু কমন প্রশ্ন: সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) -১৯]*
ⓐ is ⓑ was
ⓒ were ⓓ have ***Ans:c***

146. Three-fourths of the books --- sold. *[স্বাস্থ্য মন্ত্রণালয়ের উপসহকারী প্রকৌশলী (সিভিল) -১৬]*
ⓐ have been ⓑ has been
ⓒ had ⓓ was ***Ans:a***

147. One third of the students --- present in the class. *[ঢাঃবিঃ (D) ১৪-১৪, মার্কেনটাইল ব্যাংক (MTO) ১৫]*
ⓐ is ⓑ are
ⓒ remains ⓓ do not ***Ans:b***

☑ **Advanced Learning:** বাংলায় দেড় অর্থে One and a half এবং সোয়া অর্থে One and a quarter বসে। এদের পরে noun plural হয় কিন্তু verb singular হয়। কারণ ইংরেজিতে subject 2এর কম হলে verb singular আর ১ এর বেশি হলেই noun plural হয়। গঠন: One and a half/ One and a quarter + plural noun + singular verb যেমন: One and a quarter apples is enough. One and a half apples has been eaten up.

148. Choose the correct sentence. [দেড় ঘন্টা দীর্ঘ সময়] *[রাঃবিঃ (Law) ০৫-০৬, সোনালী ব্যাংক লি. অফিসার -১৮]*
ⓐ One and a half hour is a long time.
ⓑ One and a half hours is a long time.
ⓒ One and a half hour is a long time.
ⓓ One and half hours is a long time. ***Ans:b***

আরো MCQ, Practice করুন

149. Identify the correct sentence. (তিন-চতুর্থাংশ লোক অনুপস্থিত) *[বঃশেঃমুঃরঃবিঃপ্রঃবিঃ (D) ১৮-১৯]*
ⓐ Three fourths of the people are absent.
ⓑ Three fourth of the people are absent.
ⓒ Three fourth of the people is absent.
ⓓ Three fourth of the people is absent. ***Ans:a***

150. Fill in the gap: Two-thirds of the work ---- finished. *[রাঃবিঃ (E_1) ১৭-১৮]*

151. 1/4th of the work --- finished. (কাজের এক চতুর্থাংশ শেষ হইয়াছে) *[রাঃবিঃ ০৭-০৮]*
ⓐ has been ⓑ were
ⓒ have been ⓓ had ***Ans:a***

152. Two- thirds of the mega city ------.
ⓐ have been destroyed by dynamite
ⓑ have destroyed by dynamite *[চঃবিঃ (D) ১৭-১৮]*
ⓒ has been destroyed by dynamite
ⓓ has destroyed by dynamite ***Ans:c***
ব্যাখ্যা: মেগাসিটির দুই তৃতীয়াংশ ডিনামাইট দ্বারা ধ্বংস হইয়াছে।

153. Choose the correct sentence. *[রাঃবিঃ ০৮-০৯, মাঃভাঃবিঃপ্রঃবিঃ (D) ১৬-১৭]*
ⓐ Two third of the crops are damaged.
ⓑ Two third of the crops is damaged.
ⓒ Two thirds of the crops are damaged.
ⓓ Two third of the crop is damaged. ***Ans:c***

154. Three-fourths of the assignment ---. [তিন-চতুর্থাংশ এসাইনমেন্ট(অর্পিত দায়িত্ব) শেষ হয়েছে] *[চঃ বিঃ (A) ১৬-১৭]*
ⓐ have been finished ***Ans:b***
ⓑ has been finished
ⓒ have been finish
ⓓ have been finish

Topic-27: Infinitive, Gerund, Clause এরা Subject আকারে Singular না Plural হয়?

Verb with Infinitive, Gerund, Clause: বাক্যে Infinitive, Gerund, Clause যখন subject রূপে কাজ করে তখন verb টি singular হয়। *দ্রুত উত্তর করতে চাই এরূপ subject কে মনে মনে It ভাবুন।* যেমন: Reading novels is my favourite pastime. *(It is)* (উপন্যাস পড়া আমার প্রিয় অবসর-বিনোদন) All that glitters is not gold. (চকচক করলেই সোনা হয় না)

Attention: এসব subject সহ বাক্যটি চিরন্তন সত্য ও অভ্যাসগত বোঝালে present indefinite tense হয়।

Link Chapter: যাদের Infinitive, Gerund, Clause এর basic দুর্বল তারা সুচিপত্র থেকে দেখে অধ্যায়গুলো পড়ে আসুন।

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

155. To err --- human. (মানুষ মাত্রই ভুল/ মানুষই ভুল করে) *[বিআরসি সিনিয়র অফিসার পরীক্ষা-২০০০]*

ⓐ are ⓑ be
ⓒ is ⓓ not **Ans:c**

Extra Learning: error হচ্ছে noun আর err হচ্ছে verb; অন্যদিকে to err হলো infinitive তাই is উত্তর।

156. Rain falling on the roof ---. (ছাদে বৃষ্টি বর্ষণ শব্দ তৈরি করে) *[রাঃবিঃ (F, জোর) ১৪-১৫, শিক্ষা প্রকৌ. অধি. (হিসাব)- ২৯ অক্টো. ২১]*

ⓐ making noise ⓑ makes a noise **Ans:b**
ⓒ make a noise ⓓ is making a noise

157. Telling lies --- a great sin.(মিথ্যা বলা মহা পাপ) *[রেলওয়ের উপসহকারী প্রকৌশলী-১৩, ৮ম বিজেএস (সহকারী জজ)-১৩]*

ⓐ am ⓑ are
ⓒ was ⓓ is **Ans:d**

158. Educating all people --- a mammoth task. *[১৩ তম বেসঃ শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল পর্যায়) ১৬]*

ⓐ are ⓑ is
ⓒ be ⓓ have **Ans:b**

ব্যাখ্যা: বাক্যে Sub-এর head word "educating" হলো third person singular সেজন্য এখানে verb হিসেবে is বসবে।

159. All that glitters --- not gold. *[গণপূর্ত অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী (সিভিল) -১৭]*

ⓐ are ⓑ were
ⓒ is ⓓ make **Ans:c**

160. What you say --- true. (তুমি যা বল তা সত্য/ বাস্তব) *[রাঃবিঃ ০৮-০৯]*

ⓐ is ⓑ do
ⓒ are ⓓ does **Ans:a**

ব্যাখ্যা: বাক্যে what you say একটি clause যা singular তাই verb(is) হয়েছে।

161. Studying lots of books (make) a person knowledgeable and wise. *[কুঃবিঃ (A) ১৬-১৭]*

ⓐ makes ⓑ make
ⓒ is made ⓓ making **Ans:a**

সমজাতীয় আরো MCQ, Practice করুন

162. Reading novels --- my passion. (উপন্যাস পড়া আমার আসক্তি) *[চঃবিঃ (B) ০৯-১০, বেঃরোঃবিঃ (D) ১৩-১৪]*

ⓐ is ⓑ are
ⓒ were ⓓ are being **Ans:a**

163. --- trees is a custom that many people engage in to celebrate Arbor Day. ***[BARRON'S TOEFL, P-151]***

ⓐ The plant ⓑ Plant
ⓒ Planting ⓓ To planting **Ans:c**

ব্যাখ্যা: প্রদত্ত বাক্যে is singular এবং trees plural তাই বোঝা যাচ্ছে is verb এর subject trees নয়। তাই শূন্যস্থানে subject দরকার বিধায় এখানে গাছ লাগানো অর্থে (planting) বাক্যের noun/subject হিসেবে কাজ করেছে।

Topic-28: "A number" এবং "The number Subject" হিসেবে কোনটি singular/plural, উদাহরণ দাও?

Verb with "A number/The number": অনির্দিষ্ট করে বোঝায় বিধায়, A (---) number of এর পর plural noun এবং plural verb বসে। আবার- নির্দিষ্ট করে বোঝায় বিধায়, The number of এর পর plural noun কিন্তু singular verb বসে।

Remind: দ্রুত উত্তর করতে চাইলে যেকোন The number কে মনে মনে He/It ভাবুন; কারণ singular noun/He/It এর সাথে একই verb বসে। আবার A number কে They ভাবুন; কারণ যেকোন plural noun/they এর সাথে একই verb বসে।

164. Select the correct answer. (লোকজনের সংখ্যা খুবই বেশী ছিল)*[যুব উন্নয়ন অধিদপ্তরের সহ. পরিচালক-১৯]* ***Ans:a***

ⓐ The number of people was very high.
ⓑ The number of people were very high.
ⓒ The number of peoples was very high.

Hints: the number থাকলে verb singular তাই was উত্তর। আর c ভুল কারণ people এর সাথে s যুক্ত হয় না।

165. The number of boys present in the function ---- satisfactory. *[✪ এই নিয়মে হুবহু কমন প্রশ্ন: পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা- ১৯]*

ⓐ was ⓑ have
ⓒ were ⓓ have been ***Ans:a***

Tips: 'The number of + plural noun কিন্তু singular verb হিসেবে ব্যবহৃত হয়। সুতরাং was উ:

166. The number of students seeking admission ----. *[✪ হুবহু কমন প্রশ্ন: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ারর- ১৯, ✪ হুবহু কমন প্রশ্ন: শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের শ্রম পরিদর্শক (সেফটি); মেকানিক্যালর টেকনোলজি, ১৯, [পাঃবিঃপ্রঃবিঃ (C, মানবিক) ১৬-১৭]*

ⓐ have increased ⓑ have been increased
ⓒ is increased ⓓ has increased ***Ans:d***

ব্যাখ্যা: the number singular এবং বাক্যটি active voice তাই d সঠিক উত্তর।

167. A number of the students ------- joined together to form a club for hockey fans.

ⓐ has ⓑ have *[DBBL-১০]*
ⓒ is ⓓ are ***Ans:b***

Tips: 'A number of + plural noun + Plural verb ব্যবহৃত হয়। সুতরাং have উত্তর।

Topic-29: একক যুক্ত Uncountable Noun এবং এদের এককগুলো Subject হলে Verb ব্যবহারের নিয়ম কি?

এককযুক্ত noun	একক noun (singular/plural)	
Time (সময়)	1 day, two days, 2 months, 5 years, century, decade (10 years) etc.	+ Verb Singular
Money (মূল্য)	1 dollar, 10 dollars, taka. 1000 TK. Rupee, dinner, 10 Takas. ব্যতিক্রম: TK/ taka শব্দটির পূর্বে plural সংখ্যা থাকলেও এর সাথে s যুক্ত হয় না। যেমন: 1000 TK.	
Length (দৈর্ঘ্য)	Meter, 1 meter, centimeter, millimeter, 10 meters	
Weight (ওজন)	Gram, Kilogram(K.G.), 5 k.g.'s	
Distance(দুরুত্ব)	Forty yards(গজ), Mile, Ten miles, kilometer, 100 kilometers etc.	
Temperature	Degree, 10 degrees, [Temperature (তাপমাত্রা)]	

এককথায় মনে রাখুন: সময়, মূল্য, দৈর্ঘ্য, ওজন, দূরত্ব, তাপমাত্রা ইত্যাদি যেভাবেই থাক verb singular হয়;

একক যুক্ত Uncountable Noun এর সাথে Verb: উপরের Time, Money, Length, weight, distance, temperature এই একক যুক্ত noun গুলো uncountable। তাই এদের পর সাধারণ নিয়মেই verb singular হয়। যেমন: Time is most valuable for all.

এদের এককগুলো 1 day, two days, Ten miles, one mile ইত্যাদি countable যাদের singular/plural উভয় রূপ আছে। এই একক গুলো singular/plural যেভাবেই আসুক verb হয় singular হয়। কারণ সময়, দূরত্ব, পরিমাপ, টাকা ইত্যাদি plural হলেও verb টি singular হবে। যেমন: Ten thousand dollars is a lot of money. (১০ হাজার ডলার প্রচুর অর্থ) এখানে dollars আছে তবুও verb is হয়েছে।

✠ **Attention:** সাধারণত এসব subject সহ বাক্যটি চিরন্তন সত্য বোঝালে present indefinite tense হয়।

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

168. Take five laks --- a good amount. *[✪ এই নিয়মে হুবহু কমন প্রশ্ন: সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রত্নতত্ত্ব অধিদপ্তরের এস্টিমেটর-১৯]*

ⓐ are ⓑ is
ⓒ have ⓓ were ***Ans:b***

ব্যাখ্যা: সময়, দূরত্ব, পরিমাপ, টাকা ইত্যাদি plural হলেও verb টি singular হবে।

169. Ten thousand dollars --- a lot of money (for a cup of tea) *[জঃবিঃ C ১৪-১৫), সমাজসেবা অধিদপ্তর সহকারি শিক্ষক-১৭, ঢাঃবিঃ (C), ১৪-১৫, যঃবিঃবিঃপ্রঃ (A) ১৬-১৭]*

ⓐ have been ⓑ are
ⓒ is ⓓ were ***Ans:c***

170. Which is correct? (দশ মাইল একটি দীর্ঘ দূরত্ব) [twenty = 20 দ্বারা কাছাকাছি অপশন ছিলো: *ইঞ্জবিঃ ০৪-০৫*]

ⓐ Twenty miles are a long distance.
ⓑ Twenty miles is a long distance.
ⓒ Twenty miles are very distant.
ⓓ Twenty miles is long distance. ***Ans:b***

Hints: Twenty miles এটি plural হওয়া স্বত্ত্বেও সমন্বিত বুঝাতে এটি singular verb (is) গ্রহণ করবে। আবার distance এর সামনে adjective দ্বারা common noun হয়। তাই এদের আগে a/an বসে। সুতরাং উত্তর- b।

171. Which one is correct? *[রাঃবিঃ (A1) ১৮-১৯]*

ⓐ Two hours is a long time.
ⓑ Two hour is a long time.
ⓒ Two hours are a long time.
ⓓ Two hours are long time. ***Ans:a***

Hints: Two hours এটি plural হওয়া স্বত্ত্বেও সমন্বিত বুঝাতে এটি singular verb (is) গ্রহণ করবে। এখন is আছে অপশন a/b তে। কিন্তু Two এর পর hours হবে তাই b ভুল। সুতরাং সঠিক উত্তর- a।

172. A "decade" is the same as: *[ঢাঃ বিঃ (B) ১৫-১৬]*

ⓐ twelve years ⓑ ten years
ⓒ twenty years ⓓ thirty years ***Ans:b***

সমজাতীয় আরো MCQ

173. Nine thousand taka --- a good amount of money. *[তথ্য মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ টেলিভিশন এবং বিজ্ঞাপন আধিকারিক (গ্রেড ২)-০৬]*

ⓐ are ⓑ is
ⓒ was ⓓ were ***Ans:b***

ব্যাখ্যা: subject singular তাই is/was হতে পারে। কিন্তু এসব বাক্যগুলো সাধারণ সত্য বিধায় present tense (is) সঠিক উত্তর।

Topic-30: There/ Here/ Adjective এর পরের Verb টি কি অনুসারে হয়? উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

Verb with There/ Here/ Adjective : There/Here/Adjective দ্বারা বাক্য শুরু হলে, এক্ষেত্রে verb এর পরবর্তী noun/pronoun অনুসারে verb টি singular/plural হয়। অর্থাৎ পরের noun singular হলে verb singular এবং পরের noun plural হলে verb plural হয়। উল্লেখ্য- বাক্যটি interrogative হলেও এই নিয়ম প্রযোজ্য।

গঠন: ***a)*** **Here/There + verb (Singular/Plural) + Subject (Singular/Plural) ----- .**

যেমন: There **is a glass** of water on the table. There **are** no **lessons** today.

b) **Verb(Singular/Plural) + Here/There+---+ Subject (Singular/Plural)---?**

যেমন: **Are** there any **cars** on the street? **Is** there any **car** on the street?

c) **Adjective + verb (Singular/Plural) + Subject (Singular/Plural) ----.**

যেমন: Loud **were** the **cries** of the victim. **Sweet --- the uses of adversity.**

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

174. ------- there any nursing schools ------- Chittagong? *[ঢাঃবিঃ (B) ১১-১২]*

ⓐ Is, at ⓑ Are, on
ⓒ Was, in ⓓ Are, in ***Ans:d***

ব্যাখ্যা: any nursing schools হচ্ছে plural subject তাই are হবে এবং Chittagong এর পূর্বে in হবে।

175. There --- twelve months in a year. *[✪ কমন প্রশ্ন: সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উপ-সহ. প্রকৌশলী (সিভিল) -১৯]*

ⓐ were ⓑ was
ⓒ are ⓓ have ***Ans:c***

ব্যাখ্যা: প্রদত্ত বাক্যের sub হলো twelve month যা plural। সুতরাং প্রদত্ত বাক্যের be verb "are" হবে।

176. In those days there (to be) no steamships. *[জন্মবিঃ (C) ০৯-১০]*

ⓐ were ⓑ was
ⓒ would ⓓ are ***Ans:a***

বাক্যের বাংলা: ঐ দিনগুলোতে বাষ্পচালিত জাহাজ ছিল না; বাক্যের subject (steamships) plural এবং বাক্যটি past/ অতীত কালকে নির্দেশ করেছে। তাই option-a সঠিক;

177. ---there any car on the street? *[কৃষিসম্প্রসারণ অধিদপ্তরের সহকারী কৃষি কর্মকর্তা : ১৩/১৬]*

ⓐ Is ⓑ Are
ⓒ Am ⓓ Isn't ***Ans:a***

178. **Choose the correct sentence.** *[প্রাথমিক বি: সহ: শিক্ষক (বসন্ত): ১০/ পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রসাশনিক কর্মকর্তা: ০৪]*

ⓐ There are a book on the table. ***Ans:b***

ⓑ There are a book and a pen on the table.

ⓒ There is book and a pen on the table.

ⓓ There is a book and a pen on the table.

179. **Which of the following is a correct sentence?** *[ঢাঃবিঃ ০০-০১]*

ⓐ There is no lessons today.

ⓑ There are no lessons today.

ⓒ There are no lesson today.

ব্যাখ্যাঃ parallelism এর নিয়মানুসারে and এর পূর্বে যে parts of speech থাকে and এর পরেও একই form বসে এজন্য breath (n) এর পরিবর্তে breathe (v) হবে।

94. **(a)Research requires the (b)careful (c)collect and (d)organization of data.** *[রাঃবিঃ (E) ১৩-১৪]*

ব্যাখ্যাঃ parallelism এর নিয়মানুসারে and এর পূর্বে যে parts of speech(ন) থাকে and এর পরেও একই form(ন) বসে এজন্য collect(v) এর পরিবর্তে collection(ন) হবে। তাই ***Ans:c***

95. **The examination (a)will test your ability (b)to understand (c)spoken English, to read non-technical language and (d)writing correctly.** *[Standard Bank-09, One Bank-১০, Krishi Bank-১২, শাঃবিঃপ্রঃবিঃ ০৮-০৯, চঃবিঃ (E-Law) ১২-১৩, রাঃবিঃ (E-Even) ১৩-১৪]* ***Ans:d***

ব্যাখ্যাঃ parallelism এর নিয়মানুসারে and এর উভয় পার্শ্বে সবগুলো verb এরই এক রূপ হবে এজন্য Writing এর পরিবর্তে to write হবে।

96. **The (a)citizens of a democracy (b)take part in (c)government either directly as members of government (d)and indirectly by voting (e)elections.** *[চঃবিঃ (C) ১১-১২]* ***Ans:d***

ব্যাখ্যাঃ co-relative এর নিয়মানুসারে Either ….. Or বসে এজন্য and এর পরিবর্তে or বসবে।

97. **(a)Sharing corporate stocks (b)with employees can be an effective way to promote (c)harmonious, (d)efficiency and (e)equitability in the workplace.** *[চঃবিঃ (C) ১১-১২]* ***Ans:c***

ব্যাখ্যাঃ Parallelism এর নিয়মানুসারে and পরে noun হলে পূর্বেও সবগুলো noun হয় এজন্য harmonious(Adj.) এর পরিবর্তে harmony(n) বসবে।

98. **Even a professional psychologist may (a)have difficulty taking (b)calm and (c)logically (d)about (e)his own problems.** *[চঃবিঃ (C) ১১-১২]* ***Ans:b***

ব্যাখ্যাঃ parallelism এর নিয়মানুসারে and এর পরে Adv. আছে এজন্য and এর পূর্বে calm এর পরিবর্তে calmly হবে।

99. **(a)Since infection (b)can cause both fever (c)as well as pain, it is a good idea(d)to check (e)his temperature.** *[চঃবিঃ (E) ১১-১২]* ***Ans:c***

ব্যাখ্যাঃ co-relative এর নিয়মানুসারে Both ---- and বসে এজন্য as well as এর পরিবর্তে and হবে,

100. **He (a)enjoyed(b)not only riding his bike (c)but also (d)the scenery.** *[রাঃবিঃ ০৫-০৬]* ***Ans:d***

ব্যাখ্যাঃ Parallelism এর নিয়মানুসারে not only এর পরে যে parts of speech থাকে but also এর পরেও একই form বসে কিন্তু not only এর পর (V+ing) থাকলেও but also এর পর কোন সঙ্গতিপূর্ণ verb + ing নেই এজন্য option-d ভুল।

101. (a)**When** vigorous exercise, muscles (b)**require** a(c)**much greater** (d)**amount** of oxygen than (e)**when** they are at rest. *[Pitersen's TOEFL থেকে হুবুহু] [চঃবিঃ (E) ০৮-০৯]* ***Ans:a***

ব্যাখ্যাঃ সাধারণত কোন conjunction(when) এর পর clause(subject+ verb) বসে এবং during এর পর phrase বসে; প্রশ্নে vigorous exercise হচ্ছে phrase তাই when এর পরিবর্তে during হবে কারণ During+ phrase; When+ Clause;

102. (a)**When** our vacation, we (b)**plan** to spend three (c)**day's** scuba (d)**diving**.

[Executive officer of Janata Bank- ১২, চাঃবিঃ (D) ১২-১৩] ***Ans:a***

ব্যাখ্যাঃ সাধারণত কোন conjunction(when) এর পর clause(subject+ verb) বসে এবং during এর পর phrase বসে; প্রশ্নে our vacation হচ্ছে phrase তাই when এর পরিবর্তে during হবে; কারণ During+ phrase; When+ Clause;

103. **Identify the wrong section in the following sentence:** (a)**Neither have** I said and (b)**nor I will** ever say that(c)**I am** serious (d)**of** Power. *[জঃবিঃ (C) ০৯-১০]* ***Ans:b***

ব্যাখ্যাঃ parallelism এর নিয়মানুসারে neither এর পরে যা বসে nor এর পরেও তাই বসে; গঠন-Neither + auxiliary verb + subject----nor auxiliary verb + subject হয়। তাই nor I will এর পরিবর্তে nor will I হবে।

104. **A prism is used (a)to refract white light (b)so (c)it spreads out in a continuous spectrum (d)of colours.** *[রাঃবিঃ (Law) ০৭-০৮]* ***Ans:b***

ব্যাখ্যাঃ বাক্যে কারণ নির্দেশ করছে এজন্য so এর পরিবর্তে because বসবে।

105. (a)**If it receives (b)enough rain at the proper time, hay (c)will grow (d)quickly (e)as grass.** *[রাঃবিঃ (Law) ০৭-০৮, চঃবিঃ (E-Law) ১২-১৩, (C) ১৭-১৮]* ***Ans:e***

ব্যাখ্যাঃ as এর পরিবর্তে like হবে কারণ as+ clause এবং like+phrase/word বসে;

Source*: BARRON'S TOEFL (10th Edition) model test 1 Section 2 Question No. 13 Page no. 343*

106. (a)**Hold the (b)pen (c)up-right (d)like I (e)do.** *[চঃবিঃ (C_3) ১২-১৩]* ***Ans:d***

ব্যাখ্যাঃ like এর পরিবর্তে as হবে কারণ as+ clause এবং like+ phrase/word বসে;

Tense & Sequence of tense related problems:

107. (a)**When** you come after class this afternoon, we (b)**discussed** (c)**the possibility** of (d)**your writing a research paper.** *[রাঃবিঃ (E), ১১-১২]* ***Ans:b***

ব্যাখ্যাঃ When এর পর present Ind. Tense হলে main clause টি future Ind. tense হয় এজন্য discussed এর পরিবর্তে will discuss বসবে। ***Source****: CLIFF TOEFL mini test 4 Part B Question no. 31 page no. 236 থেকে হুবুহু নেওয়া হয়েছে।*

108. **Nobody (a)had known before (b)the presentation that Sue and her sister (c)will receive (d)the awards for outstanding scholarship.** *[জঃবিঃ (c) ১৩-১৪]* ***Ans:c***

ব্যাখ্যাঃ main clause টি past tense হলে subordinate clause টিও past tense হয় বিধায় will receive এর পরিবর্তে would receive হবে।

109. **She says (a)that (b)the accident (c)has been (d)occurred last night.** *[রাঃবিঃ (B-Law,set-3), ১৪-১৫]* ***Ans:c***

ব্যাখ্যাঃ বাক্যে অতীতব[illegible]বে বিধায় has been এর পরিবর্তে had been হবে।

Our Facebook Page: যুক্ত হতে ক্লিক করুন।
https://www.facebook.com/expertalim/

110. **She ⓐ<u>told</u> me ⓑ<u>that</u> she ⓒ<u>dislikes</u> the ⓓ<u>show</u>.** *[রাঃবিঃ (B) ১৩-১৪]* ***Ans:c***

ব্যাখ্যাঃ principal clause টি past tense হলে sub-ordinate clause টিও past tense হয় এজন্য dislikes এর পরিবর্তে disliked হবে।

111. **ⓐAbraham Lincoln ⓑwas ⓒone of the greatest men ⓓin American history.** *[রাঃবিঃ (D-odd), ১৪-১৫]*

Ans:b ব্যাখ্যাঃ was এর পরিবর্তে is হবে; কারণ আব্রাহাম লিংকন এখনও আমেরিকার ইতিহাসে মহৎ ব্যক্তিদের মধ্যে একজন; এজন্য এই বাক্যটি চিরন্তন সত্য তাই এটি present tense এ হবে।

112. **Roman ⓐ<u>numericals</u> ⓑ<u>are</u> written ⓒ<u>from</u> left to right using the principle ⓓ<u>of addition</u>.** *[রাঃবিঃ (BBA), ১২-১৩]* ***Ans:a***

ব্যাখ্যাঃ are- verb এর জন্য plural subject লাগবে কিন্তু numerical নিজেই plural তাই numericals এর পরিবর্তে numerical হবে। numericals একটি ভুল শব্দ।

113. **The boy stopped ⓐ<u>crying</u> when ⓑ<u>he</u> realized ⓒ<u>his</u> parent ⓓ<u>will</u> arrive shortly.**

[রাঃবিঃ (BBA) ০৮-০৯] ***Ans:d***

ব্যাখ্যাঃ Sequence of tense এর নিয়মানুসারে main clause টি past tense হলে বাকি clause টিউ past tense এ হয়, এজন্য will এর পরিবর্তে would হবে।

114. **John Dewey thought that children ⓐ<u>will learn better</u> through ⓑ<u>participating</u> in experiences ⓒ<u>rather than</u> through ⓓ<u>listening to</u> lectures.** *[রাঃবিঃ ০৫-০৬]* ***Ans:a***

ব্যাখ্যাঃ that এর পূর্বের clause টি past tense হলে that এর পরেরও past tense হয়। তাই will এর পরিবর্তে would হবে।

115. **When I ⓐ<u>last</u> saw Janet, she ⓑ<u>hurried</u> to her next class on ⓒ<u>the other</u> side of the campus and ⓓ<u>did not have</u> time to talk.** *[জঃবিঃ (c) ১৩-১৪]* ***Ans:b***

ব্যাখ্যাঃ When যুক্ত Clause টি past indefinite tense হলে বাকি অংশ past continuous tense হয় এজন্য, hurried এর পরিবর্তে was hurrying হবে।

116. **ⓐ<u>Until</u> his last class at the university in 1978, Bob always ⓑ<u>turns</u> in all ⓒ<u>of</u> his assignments ⓓ<u>on</u> time.** *[জঃবিঃ (C) ১৩-১৪, পাঃবিঃপ্রঃবিঃ (A) ১০-১১]* ***Ans:b***

ব্যাখ্যাঃ বাক্যে অতীতবাচক শব্দ (last,1978) আছে তাই বাক্যটি past tense হবে এজন্য turns এর পরিবর্তে turned হবে।

117. **ⓐ<u>They</u> asked me ⓑ<u>what did happen</u> ⓒ<u>last night</u>, but I was ⓓ<u>unable</u> to (e)<u>tell them</u>.**

[চঃবিঃ (C_1) ০৮-০৯ (C) ১৩-১৪, (B_2) ১৫-১৬] ***Ans:b***

ব্যাখ্যাঃ বাক্যে last night আছে এজন্য past tense হবে তাই did happen এর পরিবর্তে happened হবে। কারণ did happen ভুল গঠন।

118. **ⓐ<u>When</u> we ⓑ<u>meet</u> after the class, we ⓒ<u>discussed</u> the ⓓ<u>topic</u> of (e)<u>your essay</u>.** *[চঃবিঃ (C_1) ১২-১৩]*

Ans:b ব্যাখ্যাঃ main clause past tense হলে sub ordinate clause টিও past tense এ হয় তাই meet এর পরিবর্তে met হবে।

Our Youtube Channel: যুক্ত হতে ক্লিক করুন
https://www.youtube.com/c/ExpertEnglishAdda

Subject- verb agreement related problems:

119. Neither the players ⓐnor the trainer ⓑwere in the locker room ⓒwhen the thief ⓓbroke in the door. *[রাঃবিঃ -০৮-০৯]* ***Ans:b***

ব্যাখ্যাঃ Neither----nor এর ক্ষেত্রে nor এর পরবর্তী subject অনুযায়ী verb বসে এজন্য were এর পরিবর্তে was হবে।

120. ⓐThe desert pocket mouse, common ⓑin the American southwest, ⓒit is active ⓓdaily at night. *[Modhumoti Bank Ltd. Probationary Officer (PO) 2018]* ***Ans:c***

ব্যাখ্যাঃ বাক্যেটি কোনো conjunction দ্বারা যুক্ত নেই। সুতরাং বাক্যটির subject হলো the desert pocket mouse। বাক্যটিতে it ব্যবহার অতিরিক্ত হয়েছে। it না থাকলে বাক্যটি সঠিক হতো।

121. ⓐWhatever is grown in the ⓑkitchen garden ⓒit is not a ⓓvegetable. *[রাঃবিঃ (B) ১৩-১৪]* ***Ans:c***

ব্যাখ্যাঃ কোন বাক্যে noun clause subject হলে ঔ বাক্যে নতুন কোন subject বসে না তাই বাক্যে it Subject এর প্রয়োজন নেই কারণ whatever is grown in the kitchen garden হচ্ছে Noun clause যা নিজেই বাক্যে is verb এর subject।

122. Lack of ⓐsanitation in public places ⓑare a major ⓒcause of disease ⓓin most of the (e)areas of our country. *[রাঃবিঃ (Finance & Banking) ০৭-০৮, (D-BBA) ১৩-১৪, চঃবিঃ (C_I) ১৩-১৪]*

ব্যাখ্যাঃ আমরা জানি verb এর Subject থাকে preposition এর পূর্বে তাই বাক্যে verb '**are**' এর subject 'lack' যা singular এজন্য are এর পরিবর্তে is হবে। ***Ans:b***

123. A selection of Nazrul's poems have been published to the joy of the readers.
ⓐselection ⓑhave been published ⓒto ⓓreaders *[মহা-হিসাবরক্ষক-৯৮]* ***Ans:b***

ব্যাখ্যাঃ verb এর Subject থাকে preposition এর পূর্বে তাই বাক্যে verb 'have' এর subject 'A selection' যা singular এজন্য have এর পরিবর্তে has হবে।

124. ⓐWe could not make any decision ⓑbecause a few ⓒof the members ⓓwas voicing their disapprovals. *[রাঃবিঃ (D-even/অ-বাণিজ্য), ১৪-১৫]* ***Ans:d***

ব্যাখ্যাঃ আমরা জানি verb এর Subject থাকে preposition এর পূর্বে তাই বাক্যে 'was' verb এর subject "a few" যা plural এজন্য was এর পরিবর্তে were হবে।

125. The judges ⓐapply the ⓑruling in a ⓒprecedent(পূর্ববর্তী) to an instant case if the facts of the two ⓓmatches. *[রাঃবিঃ (B) ১৩-১৪]* ***Ans:d***

ব্যাখ্যাঃ আমরা জানি verb এর Subject থাকে preposition এর পূর্বে তাই বাক্যে verb এর subject **the facts** যা plural এজন্য-'matches' এর পরিবর্তে 'match' হবে। কারণ plural verb এর সাথে s/es যুক্ত হয় না।

126. ⓐBy careless driving he ⓑcause physical ⓒinjury to the old ⓓwoman. *[রাঃবিঃ (B) ১৩-১৪]* ***Ans:b***

ব্যাখ্যাঃ present indefinite tense এ বাক্যের Subject 3rd person singular হলে verb এর সাথে s/es যুক্ত হয় এজন্য cause এর পরিবর্তে causes হবে।

127. A majority of ⓐyoungsters ⓑspends a lot of time ⓒwatching TV and playing computerⓓgames. *[রাঃবিঃ (B) ১৩-১৪]* ***Ans:b***

ব্যাখ্যাঃ verb এর Subject থাকে preposition এর পূর্বে তাই বাক্যে spends verb এর subject a majority যা plural বিধায় plural verb এর সাথে s/es যোগ হবে না এজন্য spends এর পরিবর্তে spend হবে।

128. **The ⓐnumber of pupils in ⓑprimary schools withⓒreading difficulties ⓓhave fallen (e)this year.** *[চট্টবিঃ (C_1) ১২-১৩]* ***Ans:d***

ব্যাখ্যাঃ The number subject হলে তার verb singular এবং A number subject হলে তার verb plural হয় এজন্য have এর স্থলে has হবে।

129. **ⓐA lunch ⓑof soup and sandwiches ⓒdo not appeal ⓓto all of the students.** *[চট্টবিঃ (B-1) ১৩-১৪]*

Ans:c ব্যাখ্যাঃ বাক্যের subject, A lunch হচ্ছে 3rd person singular number তাই do not এর পরিবর্তে does not হবে।

130. **ⓐA student ⓑneed to ⓒbe educated on the dangers ⓓof drug taking.** *[রাঃবিঃ (E-even) ১২-১৩]*

ব্যাখ্যাঃ বাক্যের Subject, A student হচ্ছে 3rd person singular তাই need এর পরিবর্তে needs হবে। ***Ans:b***

131. **Scientists ⓐare trying ⓑto device an ⓒinexpensive ⓓsubstitute (e)for gasoline.**

[রাঃবিঃ (E_2) ১৭-১৮, চট্টবিঃ (B_1) ১২-১৩] ***Ans:b***

ব্যাখ্যাঃ to এর পরে সাধারণত verb এর base form বসে এজন্য device(n) এর পরিবর্তে devise(v) বসবে।

132. **Insurance ⓐunderwriter insure ⓑpeople against many ⓒtypes of ⓓrisks.** ***Ans:a***

ব্যাখ্যাঃ insure-verb টি plural এজন্য subject underwriter এর পরিবর্তে underwriters হবে। *[রাঃবিঃ Finance ০৯-১০]*

133. **Mary ⓐaccompanied by Jane ⓑwere well ⓒreceived at ⓓthe show.** *[রাঃবিঃ Management- ০৯-১০]* ***Ans:b***

ব্যাখ্যাঃ accompanied by, accompanied with, together with ইত্যাদি দ্বারা 2টি subject যুক্ত থাকলে এদের পূর্ববর্তী subject অনুসারে verb বসে। এজন্য singular subject(Mary) অনুযায়ী were এর পরিবর্তে was হবে।

134. **ⓐNot one in one hundred children ⓑexposed to the disease ⓒare likely to ⓓdevelop symptoms of it.** *[রাঃবিঃ (BBA) ০৫-০৬, চট্টবিঃ (C) ০৯-১০,(ফি-৩) ইউনিট:১২-১৩]* ***Ans:c***

ব্যাখ্যাঃ বাক্যের Subject থাকে preposition এর আগে তাই এই বাক্যে **are** verb এর subject হচ্ছে **not one** যা singular তাই verb টি singular হবে এজন্য are এর পরিবর্তে is হবে।

135. **Neither of the boys ⓐhave ⓑturned in the ⓒterm papers to his instructor ⓓyet.** *[চট্টবিঃ (E),(B_1) ১৩-১৪]*

Ans:a ব্যাখ্যাঃ বাক্যের Subject থাকে preposition এর আগে তাই এই বাক্যে **have** verb এর subject-Neither হচ্ছে singular এজন্য have এর পরিবর্তে has হবে।

136. **A ray of light passing ⓐthrough ⓑthe center of a thin lens ⓒkeep ⓓits original direction.**

[রাঃবিঃ ২০১৮-১৯ ইউনিট বি (অবাণিজ্য)][চট্টবিঃ (B_1) ১০-১১] ***Ans:c***

ব্যাখ্যাঃ আমরা জানি বাক্যের Subject থাকে preposition এর আগে তাই এই বাক্যে keep verb এর subject হচ্ছে (A ray light-একটি রশ্মি) যা singular তাই verb টি singular হবে এজন্য keep এর পরিবর্তে keeps হবে।

137. **Neither of the ⓐstudents ⓑhave submitted term paper ⓒto the teacher ⓓyet.** ***Ans:b***

ব্যাখ্যাঃ বাক্যের Subject থাকে preposition এর আগে তাই এই বাক্যে **have** verb এর subject হচ্ছে Neither যা singular এজন্য have এর পরিবর্তে has হবে। *[রাঃবিঃ Fin ০৯-১০]*

138. **Neither of the two candidates ⓐwho had ⓑapplied for admissionⓒto the industrial Engineering department ⓓwere (e)eligible for scholarship.** *[চট্টবিঃ (C) ০৯-১০, (E) ১১-১২, (C_1) ১২-১৩, রাঃবিঃ ০৫-০৬]* ***Ans:d***

ব্যাখ্যাঃ আমরা জানি বাক্যের Subject থাকে preposition এর আগে তাই এই বাক্যে **were** verb এর subject হচ্ছে Neither আর neither হচ্ছে singular, এজন্য were এর পরিবর্তে was হবে।

139. The group ⓐhave not returned ⓑfrom ⓒthe trip yet. ⓓNo error

[রাঃবিঃ (D-বাণিজ্য) ১১-১২, Bangladesh Shilpo Bank Recruitment-০৪] ***Ans:a***

ব্যাখ্যাঃ collective noun(group, class, committee ইত্যাদি) singular subject এজন্য have এর পরিবর্তে has হবে।

140. A ⓐbasic knowledge of ⓑsocial studies, such as ⓒhistory and geography, ⓓare considered ⓔa basic part of the education of every child. *[চঃবিঃ (E) ০৮-০৯]* ***Ans:d***

ব্যাখ্যাঃ preposition এর পূর্ববর্তী Subject অনুসারে verb বসে, এখানে Subject হচ্ছে A basic knowledge তাই are এর পরিবর্তে is হবে। *[Pitersen's TOEFL থেকে হুবুহু]*

141. As the ⓐtime changes, ⓑso ⓒdoes the ⓓrules of conduct in certain ⓔsituations.

[রাঃবিঃ (BBA), ১২-১৩] ***Ans:c***

ব্যাখ্যাঃ বাক্যের subject 3rd person singular হলে verb এর সাথে s/es হয় কিন্তু এখানে বাক্যের subject-the rules একটি plural subject এজন্য does এর পরিবর্তে do হবে।

142. ⓐThe major ⓑsource of ⓒair pollution vary from ⓓcity to city.

[Pitersen's TOEFL থেকে হুবুহু][রাঃবিঃ (Finance) ০৯-১০] ***Ans:b***

ব্যাখ্যাঃ present indefinite tense এ কোন verb এর সাথে s/es না থাকা মানে উক্ত verb এর subject টি হবে plural এই বাক্যে vary- verb টি plural তাই subject টি plural হবে এজন্য source এর পরিবর্তে sources হবে।

143. ⓐMost parents ⓑworries if their children are out of ⓒlate ⓓat night. *[রাঃবিঃ (Law) ০৯-১০]* ***Ans:b***

ব্যাখ্যাঃ বাক্যে Subject টি plural এজন্য worries এর পরিবর্তে worry হবে।

144. Tomatoes grows all year long in China. ⓐtomatoes ⓑall ⓒgrows ⓓin *[BUET ১০-১১]* ***Ans:c***

ব্যাখ্যাঃ present indefinite tense এ বাক্যের Subject টি plural হলে verb এর সাথে s বা es যুক্ত হয় না এজন্য grows এর পরিবর্তে grow বসবে।

145. ⓐThe quick ⓑbrown fox jump ⓒover ⓓa lazy dog *[রাঃবিঃ ০৮-০৯, Material Science]* ***Ans:b***

ব্যাখ্যাঃ present indefinite tense এ বাক্যের Subject টি singular হলে verb এর সাথে s বা es যুক্ত হয় এজন্য jump এর পরিবর্তে jumps হবে।

Right form of verb related Problems:

146. Identify the incorrect underlined word/phrase- I ⓐfeel sick. I wish I ⓑhave not ⓒeaten so ⓓ much cake. *[রাঃবিঃ ২০১৮-১৯ ইউনিট বি]* ***Ans:b***

ব্যাখ্যাঃ I wish এরপর past tense হয়। সুতরাং have not- এর স্থলে had not বসালে বাক্যটি সঠিক হতো।

147. She is ⓐ looking ⓑ forward ⓒ to go to Europe next month. ⓓ No Error

ব্যাখ্যাঃ Look forward- এর পর to+ verb+ing বসে কিন্তু বাক্যে to +verb- এর base form ব্যবহার করা হয়েছে। সুতরাং ভুল অংশটি হলো option(c)। *[কন্ট্রোলার জেনা. ডিফেন্স ফাইন্যান্স-এর অধীন অডিটর-২০১৭]* ***Ans:c***

148. Although we are ⓐconcerned with the problem of energy sources we ⓑmust not fail ⓒrecognizing the need ⓓfor environmental ⓔprotection. *[One Bank-১০, চঃবিঃ (B_1)-১০-১১]* ***Ans:c***

ব্যাখ্যাঃ কিছু verb যেমন, want, try, fail ইত্যাদির পর to + v_1 বসে এজন্য recognizing এর স্থলে to recognize হবে।

149. The people tried ⓐof defending ⓑtheir village, but they were finally ⓒforced to ⓓretreat.

[রাঃবিঃ (Finance, Law) ০৮-০৯, চঃবিঃ (C_1) ১৩-১৪] ***Ans:a***

ব্যাখ্যাঃ কিছু verb যেমন, want, try ইত্যাদির পর to + v_1 বসে এজন্য of defending এর পরিবর্তে to defend হবে।

150. ⓐ**In England** ⓑ**as early as** the ⓒ**twelfth century** young boys enjoyed ⓓ**to play football.** *[রাঃবিঃ (Law) ০৮-০৯]* ***Ans:d***

ব্যাখ্যাঃ enjoy +(verb + ing.) হয় এজন্য to play এর পরিবর্তে playing হবে।

151. **Listening to** ⓐ**recorded** **books while driving a** ⓑ**means** **of** ⓒ**utilize** **time** ⓓ**wisely.**

ব্যাখ্যাঃ preposition+(verb+ ing) হয় এজন্য utilize এর পরিবর্তে utilizing বসবে। *[রাঃবিঃ ০৫-০৬]* ***Ans:c***

152. **She is** ⓐ**looking** **forward to** ⓑ**go** **to Europe after she**ⓒ**finishes** **her students** ⓓ**at** **the university.** *[রাঃবিঃ Finance- ০৯-১০, চঃবিঃ (গ) ০৮-০৯, ০৯-১০]* ***Ans:b***

ব্যাখ্যাঃ look forward to+ (verb +ing) হয় এজন্য go এর পরিবর্তে going হবে।

153. **Kabita intends to starting her own software business in a few years.**

ⓐ**intends** ⓑ**starting** ⓒ**software** ⓓ**few** *. [Executive officer (Janata Bank)-১২, ঢাঃবিঃ (D) ১২-১৩]* ***Ans:b***

ব্যাখ্যাঃ intend verb এর পর to + V_1 হয় এজন্য starting এর পরিবর্তে to start হবে।

154. **The professor** ⓐ**is thinking** ⓑ**to go** **the conference** ⓒ**on history** **in Kolkata** ⓓ**next month.** *[জঃবিঃ (B) ১২-১৩, চঃবিঃ (B_1) ১৩-১৪]* ***Ans:b***

ব্যাখ্যাঃ অধ্যাপক সাহেব কনফারেন্স এ যাওয়ার কথা ভাবছে তাই এরূপ কোন কিছু ভাবা অর্থে (think of + something) ব্যবহৃত হয় এজন্য to go এর পরিবর্তে of going হবে।

Voice change Related Problems:

155. **We are** ⓐ**suppose** **to read** ⓑ**all of chapter** **seven and** ⓒ**answer** **the questions** ⓓ**for tomorrow's class.** *[রাঃবিঃ (Law) ০৮-০৯, পাঃবিঃপ্রঃবিঃ (C) ১১-১২]* ***Ans:a***

ব্যাখ্যাঃ passive voice এর গঠন অনুসারে are+V_3 হবে এজন্য এখানে suppose এর পরিবর্তে supposed হবে।

Source*: CLIFFS TOEFL practice test 4 Part B Question no. 38 Page 420 থেকে হুবুহু নেওয়া হয়েছে।*

156. ⓐ**Tons** **of boulders were** ⓑ**leaved** **scattered by glaciers all** ⓒ**over** **what** ⓓ**was** **to become the New England** (e)**landscape.** *[চঃবিঃ (B_1) ১১-১২]* ***Ans:b***

ব্যাখ্যাঃ ত্যাগ করা অর্থে passive voice এ leaved এর পরিবর্তে left হবে। [কারণ- Leave($_{v1}$) -- left($_{v2}$)--- left($_{v3}$)]

157. **Cans of paint** ⓐ**must** **be** ⓑ**shaking** **to** ⓒ**mix** **the pigments with the medium** ⓓ**in which they are** ⓔ**suspended.** *[Pitersen's TOEFL থেকে হুবুহু] [চঃবিঃ (E) ০৮-০৯]* ***Ans:b***

ব্যাখ্যাঃ বাক্যে subject নিজে কাজ না করলে বাক্যটি passive হয়; এই বাক্যে Cans of paint (রঙের কৌটা) কে কারও দ্বারা ঝাকুনি দিতে হবে এজন্য বাক্যটি passive করতে হবে তাই shaking এর পরিবর্তে shaken হবে।

158. ⓐ**All channels** ⓑ**of** ⓒ**communication** **need** ⓓ**to be keep** **open.** *[রাঃবিঃ (E-even) ১২-১৩]* ***Ans:d***

ব্যাখ্যাঃ to be+ V_3 হয় এজন্য to be keep এর পরিবর্তে to be kept হবে।

159. ⓐ **Technology** **must** ⓑ **use** **to feed** ⓒ **the** **forces** ⓓ **of** **change.** *[রাঃবিঃ (D) অবাণিজ্য ১৫-১৬]* ***Ans:b***

ব্যাখ্যাঃ use এর পরিবর্তে be used হবে কারণ বাক্যের subject নিজে কাজ করা বোঝায় না তাই বাক্যটি passive হবে।

Embedded Question Related problems:

160. **I do not know where** ⓐ**could he have** ⓑ**gone** ⓒ**so early** ⓓ**in the** **morning. Select the incorrect word.** *[Basic Bank (AO, Cash)-14, রাঃবিঃ (আইন) ০৮-০৯, ০৭-০৮, চঃবিঃ (B_1) ১৩-১৪, (B_2) ১৫-১৬]* ***Ans:a***

ব্যাখ্যাঃ Embedded question অধ্যায়ের নিয়মানুসারে sub ordinate clause এ কখনো subject এর আগে Auxiliary verb বসে না এজন্য where could he have এর পরিবর্তে where he could have হবে।

161. **I don't know where ⓐcould he ⓑhave ⓒgone so early in the morning. ⓓNo Error**

ব্যাখ্যা: Embedded question-এর ক্ষেত্রে relative pronoun (where)+ sub+ verb বসে। সুতরাং he-এর পূর্বে could না বসে he-এর পরে বসলে বাক্যটি সঠিক হবে। *[কন্ট্রোলার জেনা. ডিফেন্স ফাইন্যান্স-এর অধীন অডিটর-১৭]* ***Ans:a***

162. **On nights when ⓐis the sky clear and the ⓑair calm, the ⓒearth's surface ⓓrapidly radiates heat (e)into the atmosphere.** *[Pitersen's TOEFL থেকে হুবুহু][চট্টবিঃ (E) ০৮-০৯]* ***Ans:a***

ব্যাখ্যা: Embedded question অধ্যায়ের নিয়মানুসারে sub ordinate clause এ কখনো subject এর আগে Auxiliary verb বসে না এজন্য is the sky এর পরিবর্তে the sky is হবে।

163. **The ⓐnext important ⓑquestion we have ⓒto decide is when ⓓdo we have to (e)see the couch.** *[চট্টবিঃ (C_3) ১২-১৩, নোয়াবিঃপ্রঃবিঃ (C) ১৪-১৫]* ***Ans:d***

ব্যাখ্যা: Embedded question অধ্যায়ের নিয়মানুসারে sub ordinate clause এ কখনো subject এর আগে Auxiliary verb বসে না এজন্য do we এর পরিবর্তে শুধু we হবে কারণ have main verb টি আগেই আছে।

Affirmative & Negative Agreement related problems:

164. **They are ⓐplanning on ⓑattending the convocation ⓒnext month and ⓓso I am.** *[রাঃবিঃ (Law) ০৫-০৬, চট্টবিঃ (B_1) ১৫-১৬, (D_3) ১৬-১৭]* ***Ans:d***

ব্যাখ্যা: affirmative agreement অনুসারে- ১ম বাক্য+ and+ so+ auxiliary verb+ subject হয় এজন্য so I am এর পরিবর্তে so am I হবে।

165. **Find the incorrect word from the following sentence. Rima has not completed the task yet, and Mina hasn't neither.** *[জাঃবিঃ 'বি' ইউনিট (সমাজবিজ্ঞান) ২০১৮-১৯]*

ⓐ had not ⓑ task ⓒ yet ⓓ neither ***Ans:d***

ব্যাখ্যা: এখানে neither এর স্থলে either হবে কারণ পাশাপাশি ২ বার negative হয় না।

Conditional Sentence related problems:

166. **We wish today ⓐwas sunny ⓑso that we ⓒcould spend the day ⓓin the country communing with nature.** *[বঃবিঃ. (B) ১৩-১৪]* ***Ans:a***

ব্যাখ্যা: Wish পরবর্তী subject টি singular/plural যা কিছুই হোক না কেন পরবর্তী be verb টি were/had/v_2 হবে। এজন্য was এর পরিবর্তে were হবে। গঠন; subject+ wish+ subject+ were/had/v_2-----

167. **My brother is ⓐin California ⓑon vacation but I wish he ⓒwas here ⓓso that he could help me repair my car.** *[চট্টবিঃ (B_8) ১২-১৩]* ***Ans:c***

ব্যাখ্যা: Wish পরবর্তী subject টি singular/plural যা কিছুই হোক না কেন পরবর্তী be verb টি were/had/v_2 হবে। এজন্য was এর পরিবর্তে were হবে। গঠন; subject+ wish+ subject+ were/had/v_2---

168. **Students may buy ⓐused books if they ⓑhad been ⓒreadily(সহজভাবে) available and correctly ⓓpriced.** *[রাঃবিঃ (Finance) ০৫-০৬]* ***Ans:b***

ব্যাখ্যা: 1st conditional এর নিয়মানুসারে- subject + will/ may/ can + verb (base form) + …. + If + present indefinite tense. হয় এজন্য had been এর পরিবর্তে are বসবে।

169. **ⓐIf your friend ⓑhad been ⓒcareful, he ⓓwould return the book (e)in time.** *[চট্টবিঃ (C_3) ১২-১৩]* ***Ans:d***

ব্যাখ্যা: 3rd conditional এর নিয়মানুসারে, If +sub. + had+ V_3-----, sub + would have + V_3 হয় এজন্য would return এর পরিবর্তে would have returned হবে।

170. ⓐ**If he had worked** ⓑ**hard, he** ⓒ**would succeed in** ⓓ**his life.** *[রাঃবিঃ (B) ১৩-১৪]* ***Ans:c***

ব্যাখ্যাঃ 3rd conditional এর নিয়মানুসারে, if + sub + had + V_3 + ---, sub + would have + V_3 হয়, এজন্য would succeed এর স্থলে would have succeed হবে।

Subjunctive Word related problems:

171. **It is most important that** ⓐ**he** ⓑ**speaks to** ⓒ**the dean before** ⓓ**leaving for his vacation.** *[চঃবিঃ (B_1) ১২-১৩]*

ব্যাখ্যাঃ (B) Speak, subjunctive word + that + (verb in simple form)

Source: CLIFF'S TOEFL-Mini test-3, P-196]

172. **It is essential that** ⓐ**commercial fishing** ⓑ**has large shoals of fish of one** ⓒ **species** ⓓ **within reach of markets.** *[One bank Ltd. Special Cadre Officer (SC) 2018]* ***Ans:b***

ব্যাখ্যাঃ বাক্যে essential থাকাতে বাক্যে sub- এর পর subjunctive verb অর্থাৎ sub যাই হোক না কেন verb এর মূল form ব্যবহৃত হবে। তাই has- এর স্থলে have হলে বাক্যটি সঠিক হত।

173. **She** ⓐ**ignored the** ⓑ**suggestion** ⓒ**that she** ⓓ**gets more exercise.** *[রাঃবিঃ (প্রযুক্তিবিদ্যা স্কুল) ১১-১২, (ফাইন্যান্স) ০৩-০৪*

Ans:d ব্যাখ্যাঃ that এর পূর্বে Subjunctive Word- suggestion আছে এজন্য that এর পরবর্তী বাক্যে gets এর পরিবর্তে get বসবে। কারণ suggestion (subjunctive verb) + that + sub + verb (base form) হয়।

174. **Choose the incorrect word: Bangladesh law requires that** ⓐ**every citizen** ⓑ**registers himself/herself as a voter** ⓒ**voting in** ⓓ**an election.** *[শাঃবিঃপ্রঃবিঃ ০৬-০৭, ০৭-০৮]* ***Ans:b***

ব্যাখ্যাঃ that এর পূর্বে Subjunctive Word- Require আছে এজন্য that এর পরবর্তী বাক্যে registers এর পরিবর্তে register বসবে। কারণ Require (subjunctive verb) + that + sub + verb (base form) হয়।

175. **The** ⓐ**progress** ⓑ**made** ⓒ**in space travel** ⓓ**for the early 1960s is remarkable.** *[রাঃবিঃ (Finance) ০৫-০৬, চঃবিঃ (C) ০৮-০৯, ০৯-১০, (B_2) ১৫-১৬]* ***Ans:d***

ব্যাখ্যাঃ নির্দিষ্ট সময় উল্লেখ আছে এজন্য for এর পরিবর্তে since হবে।

বাক্যের অর্থগত ও অন্যান্য সমস্যা;

176. **Carbohydrates** ⓐ**as such sugar of** ⓑ**starch are important** ⓒ**energy sources for** ⓓ**humans and** (e)**animals.** *[Pitersen's TOEFL থেকে হুবুহু][চঃবিঃ (E) ০৮-০৯]* ***Ans:a***

ব্যাখ্যাঃ কোন কিছুর উদাহরণস্বরূপ বা যথা ইত্যাদি অর্থ দিতে such as বসে এজন্য as such এর পরিবর্তে such as হবে।

177. **Pin point the error. If you** ⓐ**set in the** ⓑ**position for too long** ⓒ**you may get a cramp is in** ⓓ**your leg.** *[ইবি ইউনিট জি ২০১৮-১৯]* ***Ans:a***

ব্যাখ্যাঃ Set (স্থাপন করা) transitive verb যার পর object প্রয়োজন। অন্যদিকে সম্পূর্ণ বাক্যটি পড়লে বোঝা যায় set এর স্থলে sit (বসা) বসবে। sit বসিয়ে প্রদত্ত বাক্যের বাংলা: যদি তুমি ঐ অবস্থায় দীর্ঘক্ষণ বসে থাকো তাহলে তোমার পায়ে পেশিসংকোচন ঘটবে।

178. **Ancient drawings** ⓐ**indicate that skill of juggling is** ⓑ**at less three** ⓒ**thousand** ⓓ**years old.** ***Ans:b***

ব্যাখ্যাঃ একেবারে কম/কমপক্ষে বোঝাতে phrase হিসেবে at less এর পরিবর্তে at least হবে। *[চঃবিঃ (E, B_2) ১০-১১]*

179. **The scholarly professor** ⓐ**told the students** ⓑ**to don't** ⓒ**discuss the take-home examination** ⓓ**with each other.** *[চঃবিঃ ২০১৮-১৯ ইউনিট ডি (সকাল)]* ***Ans:b***

ব্যাখ্যাঃ Tell somebody to/not to+ verb এর base form হলো সঠিক squence। সুতরাং to don't এর স্থলে not to discuss হলে বাক্যটি সঠিক হতো।

180. The state ⓐgovernments have to ⓑadministrate theⓒlaws by the ⓓparliament. *[রাগ্রবিঃ ০৯-১০]*

(রাষ্ট্রীয় সরকারকে সংসদের মাধ্যমে আইন তদারকি করতে হয়) ***Ans:b***

ব্যাখ্যাঃ পরিচালনা অর্থে administrate এবং অডিট/তদারকি অর্থে administer বসে এজন্য administrate এর পরিবর্তে administer হবে।

181. Identify the incorrect part of the sentence. ⓐThe pineapple, a fruit ⓑ grow in tropical climates ⓒthroughout the world, ⓓis native to parts of south America. *[রাগ্রবিঃ ২০১৮-১৯ ইউনিট বি(অবাণিজ্য), সোনালী ব্যাংক লি. অফিসার (ক্যাশ) {মুক্তিযোদ্ধ}-১৯]* ***Ans:b***

ব্যাখ্যাঃ is verb এর sub, pineapple থাকায়; নতুন কোনো main verb এর প্রয়োজন নেই তাই grow verb এর past participle form (grown)-এর রূপান্তর করলে বাক্যটি সঠিক হবে।

182. The electric ⓐfurnace is used ⓑextensively to produce the hi-greed steel ⓒis ⓒrequired for the ⓓmanufacture of steel (e)alloys. *[চট্টবিঃ (B_1)-১০-১১, (D) ১১-১২]* ***Ans:c***

ব্যাখ্যাঃ একটি simple বাক্যে একাধিক finite verb থাকে না এজন্য is required এর পরিবর্তে that is required হবে।

183. Which one is not correct? Paris ⓐhad been well ⓑknown about ⓒits famous monuments and wonderful restaurants ⓓfor over one hundred years. *[রাগ্রবিঃ০৭-০৮]* ***Ans:b***

ব্যাখ্যাঃ কোন বিষয় সর্ম্পকে বিশেষ প্রসিদ্ধ বোঝাতে (well known) +for ----- ব্যবহৃত হয় এজন্য known about এর পরিবর্তে known for হবে। ***Source****: CLIFF TOEFL mini test 6 Question no. 25 Page no. 296 থেকে হুবুহু নেওয়া হয়েছে।*

184. It is believed that ⓐa people could ⓑlive on ⓒMars with little life support because the atmosphere is similar to ⓓthat of Earth. *[সম্ভাব্য প্রশ্ন- BARRON'S TOEFL,P-146]* ***Ans:a***

ব্যাখ্যাঃ a people এর পরিবর্তে a person অথবা শুধু people হবে। সাধারণভাবে একটি মানুষ বুঝাতে (a person) এবং সকল মানুষ বুঝাতে (people) ব্যবহার হয়, তাই যে কোন একটি ব্যবহার করলে চলবে।

185. ⓐIt is ⓑextremely important ⓒfor an engineer ⓓknow to use a computer.

[রাগ্রবিঃ (Law) ০৭-০৮, Standard Bank-০৯, রাগ্রবিঃ (E-even) ১৩-১৪] ***Ans:d***

ব্যাখ্যাঃ know verb এর পর সরাসরি infinitive হয় না বাক্যের অর্থ অনুসারে (know+ how/ where/ when/ why+ to+ V_1) হয় এজন্য এই বাক্যে know এর পরিবর্তে know how হবে ;

186. Eric and his sister ⓐwon the first prize for the ⓑmost elaborate ⓒcustoms and they had worn at the ⓓHalloween Party. *[বগ্রবিঃ (D) ১২-১৩]* ***Ans:c***

ব্যাখ্যাঃ customs (প্রথা, শুল্ক) এর পরিবর্তে costumes (পোশাক) হবে। Hints: বাক্যে worn (পরিধান করেছিল-) শব্দটি আছে।

187. The lawyer ⓐmade ⓑused of the earlier ⓒdecision on ⓓthis issue. *[রাগ্রবিঃ (B) ১৩-১৪]* ***Ans:b***

ব্যাখ্যাঃ পাশাপাশি দুটি verb একসাথে বসে না বিধায় used এর পরিবর্তে the use of হবে।

188. The professor was ⓐconsidering ⓑpostponing the examination until ⓒthe following week ⓓbecause the (e)student's confusion. *[চট্টবিঃ (C_1), ১৩-১৪, (B1) ১৬-১৭]* ***Ans:d***

ব্যাখ্যাঃ কারণ বোঝাতে কোন clause(Sub. +verb) এর পূর্বে because বসে এবং কারণে বোঝাতে কোন phrase এর পূর্বে because of বসে এজন্য because এর পরিবর্তে because of হবে।

==========Chapter Close==========

Our Facebook Page: যুক্ত হতে ক্লিক করুন।
https://www.facebook.com/expertalim/

Missing Word Finding in a Sentence
বাক্যে অন্তর্ভুক্ত নেই এমন অংশ খুঁজে বের করা

Find out the Missing word from the following Questions

01. He could not succeed despite working hard. *[জাতীয় নিরাপত্তা গোয়েন্দা (NSI)-এর ওয়াচার কনস্টেবল - ১৯]*

ⓐ to ⓑ by ⓒ of ⓓ no word is missing ***Ans:d***

02. You can ask help by dialing the hotline number. *[জাতীয় নিরাপত্তা গোয়েন্দা (NSI)-এর ওয়াচার কনস্টেবল - ১৯]*

ⓐ of ⓑ for ⓒ what ⓓ in ***Ans:b***

ব্যাখ্যা: কোনো কিছু চাওয়া অর্থে ask for বসে। মুল বাক্যে ask এর পর for উল্লেখ নেই/missing তাই উত্তর- b।

03. Runa is tallest girl in the class. *[জাতীয় নিরাপত্তা গোয়েন্দা (NSI)-এর ওয়াচার কনস্টেবল - ১৯]*

ⓐ a ⓑ at ⓒ the ⓓ of ***Ans:c***

ব্যাখ্যা: tallest এর আগে "the" missing কারণ আমরা জানি the + superlative হয়। তাই উত্তর- c।

04. He was born a rich family. *[জাতীয় নিরাপত্তা গোয়েন্দা (NSI)-এর ওয়াচার কনস্টেবল - ১৯]*

ⓐ on ⓑ in ⓒ at ⓓ a ***Ans:b***

ব্যাখ্যা: born -এর পর "in" missing কারণ কোথাও জন্মগ্রহণ করা অর্থে born in হয়। তাই উত্তর- b।

05. Vision 2021 aims making Bangladesh a middle income country. *[জাতীয় নিরাপত্তা গোয়েন্দা (NSI)-এর ওয়াচার কনস্টেবল ১৯]*

ⓐ on ⓑ in ⓒ at ⓓ of ***Ans:c***

ব্যাখ্যা: aim এর পরে "at" missing কারণ কোনো কিছুতে লক্ষ্য রাখা বুঝাতে aim at হয়। তাই উত্তর- c।

06. One can study report after readdressing one's mistake. *[জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (NSI) এর জুনিয়র ফিল্ড অফিসার - ১৯]*

ⓐ over ⓑ always ⓒ never ⓓ only ***Ans:d***

ব্যাখ্যা: after এর আগে "only" missing কারণ শুধুমাত্র কোন ঘটনার পর এরূপ বুঝাতে only after + ঘটনা হয়।

07. You may not accept compensation from any source. *[জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (NSI) এর জুনিয়র ফিল্ড অফি - ১৯]*

ⓐ to ⓑ had to ⓒ of ⓓ no word is missing ***Ans:d***

08. The police did not want prejudice an investigation. *[জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা(NSI) এর জুনিয়র ফিল্ড অফি - ১৯]*

ⓐ any the ⓑ the ⓒ to ⓓ about ***Ans:c***

ব্যাখ্যা: prejudice এর আগে "to" missing কারণ কোনো কিছুতে চাওয়া বুঝাতে want to বসে। তাই উত্তর- c।

09. Zahir resembles his father. *[জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (NSI) এর জুনিয়র ফিল্ড অফিসার - ১৯]*

ⓐ to ⓑ of ⓒ at ⓓ no word is missing ***Ans:d***

10. Since you are a graduate now, it is time to get act together. *[জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (NSI) এর জুনিয়র ফিল্ড অফিসার - ১৯]*

ⓐ your ⓑ all ⓒ done ⓓ yourself ***Ans:a***

ব্যাখ্যা: act এর আগে "your" missing কারণ তোমার সমন্বিত কাজ বুঝাতে get your act -- হয়।

Our Facebook Page: যুক্ত হতে ক্লিক করুন।
https://www.facebook.com/expertalim/

Wrong/ Incorrect word Finding in a Sentence
বাক্যে ভুলভাবে অন্তর্ভুক্ত আছে এমন অংশ খুঁজে বের করা

Find out the Wrong/ Incorrect word from the following Questions
Identify incorrect/ Error part of the following sentence:
Identify the one word which is to be corrected:
Find the incorrectly used word

01. The guards had been looked at searching the building. *[জাঃবিঃ (এ) ১২-১৩]*

ⓐ had been ⓑ looked at ⓒ searching ⓓ the building ***Ans:b***

ব্যাখ্যাঃ কোনো কিছু খোঁজা অর্থে looked for ব্যবহার হয়। বিধায় looked at হলো বাক্যের ভুল অংশ।

02. The only error in the sentence 'One of the recommendation made by the committee was accepted by the authorities.' is- *[33th BCS]*

ⓐ recommendation ⓑ was ⓒ accepted by ⓓ committee ***Ans:a***

ব্যাখ্যাঃ one of এর পর noun plural হয় বিধায় recommendations হবে।

03. Identify the error: Either of the solutions you have proposed are acceptable to the committee, whose members are willing to compromise. *[জাঃবিঃ (I) ১৭-১৮]*

ⓐ have ⓑ are ⓒ whose ⓓ are willing ***Ans:b***

ব্যাখ্যাঃ Either subject হলে verb হিসেবে is হয়। বিধায় are হলো বাক্যের ভুল অংশ।

04. You are the man who have always troubled me. *[মহা হিসাবরক্ষাক ও নিরীক্ষক এর অধীনে অধীক্ষক :৯৮]*

ⓐ the ⓑ man ⓒ have ⓓ me ***Ans:c***

ব্যাখ্যাঃ who এর পর পূর্বপদ অনুসারে verb বসে। তাই man অনুসারে have এর স্থলে has হতো। সুতরাং have ভুল অংশ।

05. He feels comparatively better today. *[বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের বিভিন্ন পদ ২০১৯]*

ⓐ feels ⓑ comparatively ⓒ better ⓓ no mistake ***Ans:b***

ব্যাখ্যাঃ প্রদত্ত বাক্যে comparative form 'better' এর পূর্বে comparatively হলো redundancy জনিত ভুল।

06. Identify the one word which is to be corrected- In Bangladesh, there are much holidays throughout the year. *[মহা হিসাব রক্ষক ও নিরিক্ষক এর অধীনে নিরীক্ষক -৯৮]*

ⓐ there ⓑ much ⓒ throughout ⓓ he ***Ans:b***

ব্যাখ্যাঃ বাক্যে holydays এর পূর্বে much না বসে many বসবে কারণ holydays হলো plural noun

Our Youtube Channel: যুক্ত হতে ক্লিক করুন
https://www.youtube.com/c/ExpertEnglishAdda

Go to Index

Common Mistakes/ Confusing Pair of Words

Go to index

♦ অধ্যায়ভিত্তিক Question Analysis এবং Suggestion		
পরীক্ষাসমূহ	প্রশ্ন সংখ্যা +-	যে পরিক্ষার যে Topic গুলো বেশি পড়তে হবে-
✠ BCS Preliminary তে	১৭টি+-	All topics are important
✠ All Bank Job Exams	২৬টি+-	All topics are important
✠ Primary Job Exams	৫টি+-	All topics are important
✠ PSC & Other Jobs	৬০টি+-	All topics are important

অধ্যায়ভিত্তিক BCS প্রশ্নসমূহ-

1. Man did not know that the earth moves round the sun until it was -----. *[37th BCS (লিখিত)]*

ⓐ discovered ⓑ hypothesized
ⓒ experimented ⓓ invented **Ans:a**

2. Choose the correct sentence. *[11th BCS ও অন্যান্য]*

ⓐ He was hunged for murder.
ⓑ He has been hunged for murder.
ⓒ He was hanged for murder.
ⓓ He had been hunged for murder. **Ans:c**

3. Choose the correct sentence. *[23rd BCS ও অন্যান্য]*

ⓐ Javed was so exhausted that he lain down for a sleep.
ⓑ Javed was so exhausted that he laid down for a sleep.
ⓒ Javed was so exhausted that he was lying down for a sleep.
ⓓ Javed was so exhausted that he will lay down for a sleep. **Ans:c**

4. How many eggs have our hens --- this month? Which is the following word best completes the above sentence?

ⓐ lain ⓑ laid *[14th BCS]*
ⓒ lay ⓓ lied **Ans:b**

ব্যাখ্যা: কোন কিছু পড়ে থাকা বুঝাতে lieব্যবহৃত হয়, তাই layingএর পরিবর্তে lieএর present participle, lying হবে। কারণ layingঅর্থ ডিম পাড়া আর lyingঅর্থ অবস্থিত থাকা।

***Source**: CLIFF'S TOEFL practice test 4 part B Question no.38 Page no.420 থেকে হুবহু।*

5. He intends to --- in the country for two months. *[25th BCS ও অন্যান্য]*

ⓐ live ⓑ stay
ⓒ stop ⓓ halt **Ans:b**

ব্যাখ্যা: এখানে Two months অল্প সময় তাই stay বসবে।

6. Man did not know how to make a fire until it was ---. *[18th BCS (লিখিত)]*

ⓐ invented ⓑ discovered
ⓒ taught ⓓ necessitated **Ans:b**

7. I took a map with me, as I didn't want to --- my on the journey. *[27th BCS]*

ⓐ loose ⓑ lose
ⓒ lost ⓓ loss **Ans:b**

8. The price of rice is-----. *[28th BCS ও অন্যান্য]*

ⓐ raising ⓑ risen
ⓒ raised ⓓ rising **Ans:d**

9. Rubber is notable for its -----. *[28thBCSও অন্যান্য]*

ⓐ lightness ⓑ heaviness
ⓒ elasticity ⓓ viscosity **Ans:c**

ব্যাখ্যা: rubber তার স্থিতিস্থাপকা বা elasticity এর কারণে উল্লেখযোগ্য। তাই উত্তর elasticity।

10. "Give my --- to him." *[12th BCS ও অন্যান্য]*

ⓐ Warm compliment
ⓑ Compliments
ⓒ Best compliment
ⓓ Heartiest compliments **Ans:b**

ব্যাখ্যা: কাউকে শুভেচ্ছা /অভিবাদন জানানো অর্থে my compliment ব্যবহৃত হয়। তাই উত্তর- b;

11. **The parents became extremely--- when their son had not returned by eleven o'clock.** *[25th BCS]*

ⓐ angry ⓑ annoyed
ⓒ disturbed ⓓ anxious ***Ans:d***

ব্যাখ্যা: ⓐ angry- কারো সাথে রাগান্বিত প্রকাশিত অভিব্যক্তি; ⓑ annoyed- কারও প্রতি বিরক্ত/বিতৃষ্ণা, অপ্রকাশিত অভিব্যক্তি; ⓒ disturbed- ছোটখাট কোন কাজ দ্বারা সমস্যার পতিত; ⓓ anxious- দুঃচিন্তা বা উদ্বিগ্ন, ইতিবাচক অভিব্যক্তি প্রকাশ হয়। বাক্যের বাংলা: পিতামাতা খুব দুঃচিন্তায় পড়ে যায় যখন তাদের পুত্র রাত ১১টার মধ্যে ফিরে না আসে।

12. **I spent --- with the patient.** [23rd BCS]

ⓐ some times ⓑ sometime
ⓒ some time ⓓ sometimes ***Ans:c***

13. **Nobody knocked him down. it was an ----.** *[27th BCS ও অন্যান্য]*

ⓐ accident ⓑ occurrence
ⓒ incident ⓓ event ***Ans:a***

ব্যাখ্যা: accident- হঠাৎ কোন দূর্ঘটনা; occurrence- সাধারণ ঘটনা; incident-ছোটখাট তুচ্ছ কোন ঘটনা; event- কোন অনুষ্ঠান বা গুরুত্বপূর্ণ ঘটনা;

14. **To stay healthy, we must plan to have a balanced---** *[22nd BCS, 27th BCS ও অন্যান্য]*

ⓐ diet ⓑ food
ⓒ drink ⓓ environment ***Ans:a***

ব্যাখ্যা: সুষম খাদ্যের ইংরেজি balanced diet; বাক্যের বাংলা: সুস্থ থাকতে আমাদের অবশ্যই সুষম খাদ্য খেতে হবে

15. **Cricket is kind of play. It is also a kind of ---.** *[39th BCS]*

ⓐ insect ⓑ food
ⓒ bird ⓓ flower ***Ans:a***

16. **He intends to ----- in the country for two months.** *[25th BCS]*

ⓐ live ⓑ stay
ⓒ stop ⓓ halt ***Ans:b***

17. **Reason is the highest faculty---- on human by their creator. (বিচারবুদ্ধি হচ্ছে মানুষকে তাদের স্রষ্টাকর্তৃক প্রদত্ত সর্বোচ্চ মানসিক শক্তি/ক্ষমতা)** *[30th BCS ও অন্যান্য]*

ⓐ entruted ⓑ endowed
ⓒ bestowed ⓓ conferred ***Ans:c***

=এখান থেকে আলোচনা শুরু=

Common Mistakes with Confusing: ইংরেজিতে এমন অনেক বিষয় রয়েছে যা সর্বদাই ইতস্তত/ Confusion সৃষ্টি করে। এরূপ confusing বিষয়গুলো উত্তর করতে সাধারণভাবেই ভুল হয়ে যায় বলে এদেরকে Common Mistakes বলা যায়। **একনজরে দেখে নেওয়া যাক এই অধ্যায়ে কোন কোন বিষয়ে আলোচিত হয়েছে;**

Affect-effect	Elicit-illicit	Lie, lie lay
Access- excess	Eligible-illegible	Live-stay
Anger-consent	Flee, flow, fly	Loose, lose, loss
Artist-artiste	Greeting-welfare	Peak, pick, peck, peck
Been to-gone to	Hang-hang	Quiet, quietly, quit, quite
Censor- censer	High-tall	Rhyme (রাইম)
Discover-invent	How to tell time	Rise, arise, raise, rouse
Drown-sink	Injure / hurt / wound - dented	Sensible/sensuous - sensitive
Economical-economic	Jubilee	Some time, sometime, sometimes

Our Youtube Channel: যুক্ত হতে ক্লিক করুন
https://www.youtube.com/c/ExpertEnglishAdda

ভিডিও ক্লাস Part-01:

এই ভিডিওতে ১-১০ একসাথে আলোচনা ও উদাহরণ practice গুলো live ক্লাস আকারে দেওয়া আছে।

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

01: Affect-Effect: বাক্যে শূন্যস্থানে verb এর প্রয়োজন হলে affect বসে। আর noun এর প্রয়োজন হলে effect বসে। ✠ **Affect:** এটি verb এর কাজ করে। এর অর্থ: attack- প্রভাব ফেলা, ক্ষতি করা;/ feign-ভান করা ইত্যাদি। উদাহরণ: Smoking affects our health. ✠ **Effect:** এটি Noun এর কাজ করে। এর অর্থ: result-ফলাফল; উদাহরণ: One of the effects of globalization is cultural assault.

☑ বিশেষ ক্ষেত্রে- Effect: verb হলে তখন তার অর্থ-(accomplish– সম্পাদন করা; produce- উৎপাদন করা);

মনে রাখার কৌশল: Affect শব্দের 'A' বর্ণকে উল্টালে 'V' এর মত লাগে; তাই Affect শব্দটি Verb;

1. Smoking --- our health. (ধূমপান আমাদের স্বাস্থ্যের ক্ষতি করে) *[N.U. (মানবিক) ০৪-০৫]*

ⓐ effects ⓑ affect
ⓒ affects ⓓ affecting ***Ans:c***

ব্যাখ্যা: বাক্যের subject 3rd person singular, তাই affect(verb) এর সাথে s যুক্ত হবে, এজন্য উত্তর c।

2. Wars ---------- everybody, and their destructive --- last for generation. *[ঢাঃ বিঃ (B-E। Eng) ১৩-১৪, ১৫-১৬]*

ⓐ affects, effects
ⓑ effect, affect
ⓒ affect, effects
ⓓ affect, effect ***Ans:c***

ব্যাখ্যা: উত্তর-c কারণ: 'Wars' subject টি plural তাই এর সাথে verb হবে affect; অন্যদিকে যুদ্ধের ধ্বংসাত্বক ফলাফলগুলো বুঝাতে plural noun "effects" বসেছে। অর্থাৎ ২য় শুন্যস্থানের পর last শব্দটি plural verb হিসেবে রয়েছে এজন্য plural subject 'effects' বসছে। [(their = wars); affect (v) এবং effect(n), last(v)=স্থায়ী হওয়া]

বাক্যের অর্থ: যুদ্ধ প্রত্যেকের উপর প্রভাব ফেলে, এবং এর ধ্বংসাত্বক ফলাফলগুলো প্রজন্মের পর প্রজন্ম স্থায়ী হয়/ বিরাজ করে।

3. The flood did not --- us that much, thank goodness. *[ঢাঃবিঃ (B) ০২-০৩, জঃবিঃ (B) ১৭-১৮]*

ⓐ affected ⓑ effect
ⓒ effecting ⓓ affect ***Ans:d***

4. Frequent closures of universities badly --- academic progress. (ঘন ঘন বিশ্ববিদ্যালয় বন্ধ হওয়া শিক্ষার অগ্রগতিকে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত করে) *[ঢাঃবিঃ (B) ১০-১১, ইঃবিঃ (D) ১৩-১৪, কুঃবিঃ (C) ১৫-১৬]*

ⓐ affect ⓑ effect
ⓒ effects ⓓ damages ***Ans:a***

5. Choose the correct sentence. *[খুঃবিঃ (প্রযুক্তিবিদ্য স্কুল) ১১-১২]*

ⓐ The Sidr effected our country.
ⓑ The Sidr affect our country.
ⓒ The Sidr affected our country.
ⓓ The Sidr effect out country. ***Ans:c***

ব্যাখ্যা: একটি বাক্যে verb এর প্রয়োজন তাই উত্তর c; অন্যদিকে b তে affect এর পরিবর্তে affects থাকলে সঠিক হতো; কারণ, the Sidr (সিডর) হচ্ছে singular subject।

6. One of the --- of globalization is cultural---. *[সাধারণ বীমা-১৬, ঢাঃবিঃ (B) ১১-১২, বেঃরোঃবিঃ (A) ১২-১৩]*

ⓐ affects, surprise ⓑ effect, shock ***Ans:c***
ⓒ effects, assault ⓓ effect, confusion

ব্যাখ্যা: One of এর পরে plural noun বসে তাই উত্তর c, (effects); assault (সাংস্কৃতিক আগ্রাসন)।

7. The---of pollution in the cities should not be overlooked by the authorities.

ⓐ affects ⓑ effecting *[ঢাঃবিঃ (D) ৯৬-৯৭]*
ⓒ affect ⓓ effects ***Ans:d***

ব্যাখ্যা: Article (the) এবং Preposition (of) এর মাঝে noun প্রয়োজন বিধায় এখানে effect সঠিক উত্তর।

02: Access-Excess: ✠ **Access (প্রবেশাধিকার):** কোন স্থানে প্রবেশের অগ্রাধিকার আছে এরূপ বুঝাতে access ব্যবহার হয়। ✠ **Excess (অতিরিক্ত):** কোন বিষয়ে অত্যাধিক/ উগ্র বুঝাতে excess ব্যবহার করা হয়।

03: Anger-Consent: ✠ **Anger (রাগ):** কোন বিষয় নিয়ে খুব রাগ বুঝাতে how dare ব্যবহার হয়- যেমন: How dare you talk to me like that? ✠ **Consent (সম্মতি):** কোন বিষয় নিয়ে খুব ভাল সম্মতি বুঝাতে well done ব্যবহার হয়- You are success, well done.

04: Artiste-Artist: ✠ **Artiste:** বিশেষত গায়ক, নায়ক বা নৃত্যকর; A troupe of artistes has gone to entertain the soldiers. ✠ **Artist:** চিত্রশিল্পী; artisan (manual skilled worker) –সুদক্ষ কর্মী; -He is an artist. ✪ **মনে রাখার কৌশল:** "Artiste" শব্দের শেষে "e" = "energy" ধরলে বলতে পারি- Energy থাকলে নাচ, গান, নৃত্য হয় অর্থাৎ Artiste- অর্থ- গায়ক, নায়ক বা নৃত্যকর; আর "Artist" শব্দের শেষে "e" = "energy" নাই তাই ভাবুন কারো Energy না থাকলে সে ঘরে বসে বসে ছবি আঁকে- অর্থাৎ Artist = চিত্রশিল্পী বা যে ছবি আঁকে।

8. The student had free --- to the principal. *[বিভিন্ন মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) ১৭]*

ⓐ excess ⓑ access
ⓒ axcess ⓓ acxcess ***Ans:b***

ব্যাখ্যা: axcess, acxcess এরা ভুল শব্দ- বাক্যের বাংলা: ছাত্রছাত্রীদের শিক্ষকের কাছে যাওয়ার অধিকার ছিলো।

9. A troupe of --- has gone to entertain *(মনোরঞ্জন করা)* **the soldiers.** *[ঢাঃবিঃ (D) ০৯-১০]*

ⓐ artists ⓑ artistes
ⓒ artisans ⓓ artificers ***Ans:b***

10. The students have free --- to the teachers. *[ডাক অধিদপ্তরের বিল্ডিং ওভারশিয়ার-১৮]*

ⓐ axcess(ভুল শব্দ) ⓑ excess(অতিরিক্ত)
ⓒ access(প্রবেশাধিকার) ⓓ axcess(ভুল শব্দ) ***Ans:c***

ব্যাখ্যা: শিক্ষকের কাছে যাওয়ার অধিকার ছাত্রছাত্রীদের আছে। এরূপ অর্থে উত্তর- c

11. What feeling is expressed in the sentence?" "How dare you talk to me like that?" তুমি কোন সাহসে এমন কথা বলো? *[সহকারী রাজস্ব কর্মকর্তা (মুক্তিযোদ্ধা ও ক্ষুদ্র নৃগোষ্ঠী)-১৫]*

ⓐ Anger ⓑ Politenes
ⓒ Gratitude ⓓ Greeting ***Ans:a***

05: Been to, Gone to : ✠ **Been to:** কেউ কোন স্থানে গিয়ে সেখানে পরিদর্শন করে চলে আসলে been to বসে।
✠ **Gone to:** কোন স্থানে গিয়ে এখনও অবস্থান করছে, ফিরে আসে নি এরূপ অর্থে gone to ব্যবহৃত হয়।
✪ **মনে রাখার কৌশল:** যখন গেছে তো গেছেই আর আসে নাই তখন-gone to; এখানে গেছে=gone to;
যেমন: He has gone to Dhaka. (অর্থাৎ সে ঢাকা গেছে এবং সে এখনও ঢাকায় অবস্থান করছে)
✪ যখন গেছে আবার (বউয়ের জন্য) চলে আসছে তখন-been to; [এখানে বউ=been to]
যেমন: Have you ever been to abroad? (তুমি কি কখনো ঢাকা গিয়াছো?) অর্থাৎ গিয়ে আবার চলে আসছো??
নোট: কখনো কখনো been to না থাকলে gone to হতে পারে; আর interrogative বাক্যে Have you ever+V_3 হয়।

12. Have you ever --- to Japan/London? *[✪ কমন প্রশ্ন: সংস্কৃতি বিষয়ক মন্ত্রনালয়ের প্রত্নতত্ত্ব অধিদপ্তরের এস্টিমেটর ২০১৯, বেসাম. বিমান কর্তৃ. (Inspector) ১০ সেপ্টে. ২১]*

ⓐ had ⓑ been
ⓒ were ⓓ would ***Ans:b***

13. "Have you ever --- in ice cool water."

ⓐ swimming ⓑ swim *[চঃবিঃ (A) ০৫-০৬]*
ⓒ swum ⓓ swam ***Ans:c***

14. Have you ever --- Sundarbans? (তুমি কি কখনো সুন্দরবনে গিয়েছ?) *[১১ তম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়-২) ২০১৪, ঢাঃবিঃ (B) ১০-১১]*

ⓐ looked, on, to ⓑ been, to, the
ⓒ seen, or, been
ⓓ traveled, within, forest ***Ans:b***

ব্যাখ্যা: কোন স্থান পরিদর্শন করা অর্থে been to ব্যবহৃত হয় এবং Sundarbans একটি নির্দিষ্ট বনের নাম তাই এর পূর্বে the বসে। তাই সঠিক উত্তর অপশন- b;

15. **What is the correct translation of 'তুমি কি কখনো রাঙ্গামাটি গিয়েছ?** *[এলজিইডিতে সহকারী প্রকৌশলী-০৫]*

ⓐ Have you gone to Rangamati?
ⓑ Have you ever gone to Rangamati?
ⓒ Have you yet gone to Rangamati?
ⓓ Have you still gone to Rangamati? ***Ans:b***

16. **Trace the correct sentence?** *[✪ কমন প্রশ্ন: তথ্য মন্ত্রনালয়ের অধীন চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের ক্যামেরাম্যান ১৯]*

ⓐ Ever you been to London?
ⓑ Have you ever been to London?
ⓒ Have you been to London?
ⓓ Have you had been to London? ***Ans:b***

06: Censor- Censer-Census: ✠ **Census:** আদমশুমারি: অর্থাৎ কোন দেশের জনসংখ্যা গণনা/ লোকগণনা; ✠ **Censor**: সিনেমা পর্যবেক্ষণ করে আপত্তিকর দৃশ্য থাকলে তা বাদ দিয়ে সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষ হচ্ছে censor Board; ✠ **Censer**: ধুপাধার: অর্থাৎ ধর্মীয় অনুষ্ঠানে ধোঁয়া উৎপন্ন করার জন্য ব্যবহৃত বিশেষ পাত্র।

✪ **মনে রাখার কৌশল:** ***Census*** এর us মনে রাখুন; us মানে আমাদের; অর্থাৎ আমাদের গণনা করা হয় যাকে আদমশুমারি বলে; ***Censor*** এর o মনে রাখুন; o থেকে hero; Hero রা ছিনেমায় কাজ করে; অর্থাৎ Censor শব্দটি hero/ cinema এর সাথে জড়িত; ***Censer*** এর er মনে রাখুন; er আগে পরে সাজালে re হয়; আর re দ্বারা religious /ধর্মীয় সংক্রান্ত;

07: Discover-Invent: ✠ **Discover-**পৃথিবীতে কোন কিছু পূর্বে থেকে ছিল কিন্তু জানা ছিল না, তা খুঁজে বের করা অর্থে Discover বসে; ✠ **Invent-** পৃথিবীতে কোন কিছু পূর্বে থেকে ছিল না কিন্তু তা আবিস্কার করা অর্থাৎ সম্পূর্ণ নতুনভাবে আবিষ্কার করা এ হয়েছে এরূপ অর্থে Invent বসে;

✪ **মনে রাখার কৌশল:** cover অর্থ আবৃত করা/ ঢেকে রাখা; অর্থাৎ কিছু থাকলে তাকে ঢেকে রাখা হয়; আর dis- prefix দ্বারা এর বিপরীত হলো- Discover- যার অর্থ পূর্বে ছিল তা খুঁজে বের করা; Invent থেকে n দ্বারা new/ নতুন কিছু।

17. **Alexander Fleming --- penicillin.** *[জাতীয় রাজস্ব বোর্ডের ইন্সপেক্টর/গোয়েন্দা কর্মকর্তা-১০, ✪ এই নিয়মে হুবহু কমন প্রশ্ন: সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক- ১৯]*

ⓐ inventing ⓑ discovered
ⓒ invented ⓓ made ***Ans:c***

18. **The --- of radium brought much fame to Madame Curie.** *[BTV-র অডিয়েন্স রিসার্চ অফিসার-০৬]*

ⓐ inventing ⓑ use
ⓒ detection ⓓ discovery ***Ans:d***

19. **According to European historians, Columbus --- America.** *[জগ্রবিঃ (B) ০৯-১০]*

ⓐ invented ⓑ discovered
ⓒ found ⓓ founded ***Ans:b***

20. **The --- Board has deleted a number of scenes.** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (জয়পুরহাট, ভোলা, বাগেরহাট) -১৫, বগ্রবিঃ (B) ১২-১৩, N.U. (বাণিজ্য) ১২-১৩, (মানবিক) ১৩-১৪]*

ⓐ censer ⓑ censar
ⓒ censor ⓓ censur ***Ans:c***

08: Drown-Sink: ✪ **মনে রাখার কৌশল:** বস্তু ডুবে যাওয়ায় 4 বর্ণের ছোট শব্দ- Sink বসে- The Titanic sank during its first voyage. প্রাণী/ব্যক্তি ডুবে মারা গেলে- 5 বর্ণের বড় শব্দ- Drown বসে- The little boy drowned. (ছোট্ট ছেলেটি ডুবে মারা গেল) [সংক্ষেপে- প্রাণীর জন্য ৫ বর্ণের- drown; বস্তুর জন্য 4 বর্ণের sink]

Verb এর base form (V_1)	Past form (V_2)	P. Participle form (V_3)
Drown (ব্যক্তি- ডুবে মরা বা ডুবিয়ে মারা)	drowned	drowned
Sink (বস্তু ডুবে যাওয়া)	sank	sunk

21. **The Titanic --- during its first voyage.** *(টাইটানিক তার প্রথম সমুদ্রযাত্রায় ডুবে গিয়েছিল) [জগ্রবিঃ (B) ১০-১১]*

ⓐ drowned ⓑ wreck
ⓒ sank ⓓ lost ***Ans:c***

22. **Our little puppy was --- in the river.** *[রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (সুপারভাইজার) -১৫]*

ⓐ sank ⓑ sunk
ⓒ drown ⓓ drowned ***Ans:d***

23. **Which one is correct?** *[একটি বাড়ি একটি খামার প্রকল্পের ফিল্ড সুপারভাইজার-১৮]*

ⓐ The ship was drowned in the oceans.
ⓑ The ship sunk in the ocean.
ⓒ The ship goes under the ocean.
ⓓ The ship was sunk in the ocean. ***Ans:d***

ব্যাখ্যা: Sink (বস্তু/জাহাজ ডুবে যাওয়া) sank -sunk; passive আকারে সঠিক উত্তর- d;

24. **The little boy ---.** *(ছোট্ট ছেলেটি ডুবে মারা গেল)* *[জাঃকঃকাঃনঃইঃবিঃ (A) ১২-১৩, (ঘ) ১৬-১৭]*

ⓐ drowned ⓑ is drowned
ⓒ was drowned ⓓ none of them ***Ans:a***

ব্যাখ্যা: drown এর passive form হয় না এজন্য b, c ভুল।

Our Facebook Page: যুক্ত হতে ক্লিক করুন।
https://www.facebook.com/expertalim/

09: Economic- Economical:

- **Economic:** adjective: কোন দেশের/ব্যক্তির অর্থনৈতিক **অবস্থা** সর্ম্পকে বোঝাতে Economic বসে;
- **Economical:** adjective: কোন ব্যক্তির আর্থিক **মিতব্যয়ীতা** সর্ম্পকে বোঝাতে Economical বসে;
- **Economically**: Adverb এর অর্থ প্রকাশ করে।
- **মনে রাখার কৌশল:** mic = অর্থনৈতিক/আর্থিক অবস্থা; mical = মিতব্যয়ীতা; [mic-অবস্থা; mical- মিতব্যয়ীতা;]
- **বিকল্প কৌশল:** Economic ছোট শব্দ বড় বিষয়= সামগ্রিক অবস্থা/অর্থনৈতিক অবস্থা/ব্যক্তির বা পরিবারের আর্থিক অবস্থা;
  Economical- বড় শব্দ ছোট কাজ = ব্যক্তির মিতব্যয়ীতা/শুধু একজনের কৃপণতা/ চলাফেরার অবস্থা

25. **Do not be too ---.** (এত বেশি মিতব্যয়ী হইও না)

ⓐ economical ⓑ economic *[খুবিঃ (A) ১১-১২]*
ⓒ economizing ⓓ none of them ***Ans:a***

26. **The --- condition of our family is bad.** (আমাদের পরিবারের আর্থিক অবস্থা খারাপ) *[কুঃবিঃ (B) ০৯-১০]*

ⓐ economic ⓑ economical ***Ans:a***
ⓒ economy ⓓ none of the above

27. **The finance minister said that the --- situation was really grave.** *[রাঃবিঃ (অর্থনীতি) ০৯-১০]*
-The president said the --- situation was very serious. *[চাঃবিঃ (D) ০৪-০৫]*

ⓐ economical ⓑ economic
ⓒ economy ⓓ economics ***Ans:b***

10: Elicit-Illicit:

- **illicit:** adjective (unlawful, illegal-অবৈধ; illegitimate-জারজ; prohibited, banned- নিষিদ্ধ)
- **elicit:** verb (draw out, bring out-বের করে আনা/ টেনে বের করা/ কৌশলে কথা বলে বের করা)
  - **মনে রাখার কৌশল:** "ill" একটি negative prefix যার অর্থ- অবৈধ/নিষিদ্ধ; তাই illicit- অর্থ- অবৈধ;

28. **By asking many questions, the instructor tried to --- information from the students** *[জঃবিঃ (B) ১১-১২]*

ⓐ elicit ⓑ illicit
ⓒ experiment ⓓ ignore ***Ans:a***

29. **Can you --- the hidden meaning of the poem?** *[রাঃবিঃ (সমাজবিজ্ঞান) ০৯-১০]*

ⓐ illicit ⓑ elicit
ⓒ take ⓓ tell ***Ans:b***

30. **The sale of --- drugs is prohibited in our country.** *[রাঃবিঃ (সমাজবিজ্ঞান) ০৯-১০]*

ⓐ illicit ⓑ elicit
ⓒ ban ⓓ expire ***Ans:a***

ভিডিও ক্লাস Part-02:
এই ভিডিওতে ১১-১৫ একসাথে আলোচনা ও উদাহরণ practice গুলো live ক্লাস আকারে দেওয়া আছে।

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

11: Eligible -Illegible: ⭘ মনে রাখার কৌশল: [legible-স্পষ্ট, ill- prfix যোগে Illegible যার অর্থ- অস্পষ্ট]
⊠ **Eligible-** এলিজিবল: adjective (qualified -যোগ্য); He is eligible for this post. *[রা কৃষি উ. (কোষাধ্যক্ষ) -১৫]*
⊠ **Illegible-** ইলেজিবল: adjective (unreadable -অস্পষ্ট, দুষ্পাঠ্য); It is an illegible writing(লেখা)

31. Current students are not --- to apply for this award. *[বঃবিঃ (ক) ১৩-১৪]*
ⓐ eligible ⓑ allegeable
ⓒ illegible ⓓ inexact ***Ans:a***

32. I cannot read what you have written. Your handwriting is totally-- *[চঃবিঃ (c) ১০-১১]*
ⓐ illegal ⓑ eligible
ⓒ illegible ⓓ legible ***Ans:c***

12: Flee, Flow, Fly: বাক্যের মধ্যে বিভিন্ন অর্থানুসারে **verb** এর রূপ বসাতে হবে। তাই খুব ভালোভাবে শিখে নিন-

V_1	V_2	V_3	V_1	V_2	V_3
Flee(ফ্লী)-পলায়ন করা	Fled	Fled	**Fly**(ফ্লাই)-উড়া	Flew	Flown
Flow(ফ্লু)-প্রবাহিত হওয়া	Flowed	Flowed	Fly শব্দটি noun হলে তার অর্থ মাছি-		
Follow(ফলো)-অনুসরণ করা	Followed	Followed			

⭘ **মনে রাখার কৌশল:** Fly(মাছি) উড়ে- Flew- Flown গান করে; অর্থাৎ fly থেকে Flew-Flown হয়;
চোর যখন Flee করে একটা "e" রেখে "d" নিয়ে দৌড় মারে; অর্থাৎ Flee এর শেষ e উঠে d বসে V_2 এবং V_3 হয়;
Flow(ফ্লু)- Follow(ফলো) উভয়ের সাথেই ed বলো; অর্থাৎ এই দুটির সাথেই ed দ্বারা V_2 এবং V_3 হয়;

33. The past participle form of 'flow' is- *[BRSD সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা-১২, ইঃবিঃ (G) ১৭-১৮]*
ⓐ fled ⓑ flew
ⓒ flowed ⓓ flown ***Ans:c***

34. Choose the sentence with correct participle. *[শাঃবিঃপ্রঃবিঃ (A) ১৪-১৫]*
ⓐ The bird has flowed away.
ⓑ The river has overflown the banks.
ⓒ The man has flown away. ***Ans:d***
ⓓ The river has overflowed the banks.

35. Sometimes there was so much rain that the river --- over the bridge. *[চঃবিঃ ০৯-১০]*
ⓐ flown ⓑ flew
ⓒ has flown ⓓ flowed ***Ans:d***

36. The water ---- down the side of the hill.
ⓐ flow ⓑ flowed
ⓒ floated ⓓ fallen ***Ans:b***

37. The past participle form of "flee" is-
ⓐ flowed ⓑ falled *[রাঃবিঃ ০৬-০৭]*
ⓒ felt ⓓ fled ***Ans:d***

38. The enemy has (to flee) away. (শত্রু পালিয়ে গেছে)
ⓐ flee ⓑ flew *[ইঃবিঃ (C) ১০-১১]*
ⓒ fled ⓓ fly ***Ans:c***

39. The bird has --- away. (পাখিটি উড়ে গেছে)
ⓐ flown ⓑ fly *[রাঃবিঃ ০৫-০৬]*
ⓒ flied ⓓ fled ***Ans:a***

Our Youtube Channel: যুক্ত হতে ক্লিক করুন
https://www.youtube.com/c/ExpertEnglishAdda

13: Greeting, Welfare:

Greeting: কারও সাথে সাক্ষাতের সময় ভদ্রোচিত/বন্ধুভাবাপন্ন সম্মোধন করতে greeting (সম্ভাষণ) করা হয়।

- **Good morning**: কারও সাথে সকালে সাক্ষাৎ হলে Good morning! বলতে হয়।
- **Good afternoon:** কারও সাথে অপরাহ্নে সাক্ষাৎ হলে Good afternoon! বলতে হয়।
- **Good evening**: সন্ধা থেকে ভোর পর্যন্ত সময়ের মধ্যে কারও সাথে সাক্ষাৎ হলে Good evening! বলতে হয়।

Welfare: কাউকে বিদায় জানানোর সময় ভদ্রোচিত বা বন্ধুভাবাপন্ন উক্তি করতে নিচের phrase গুলো ব্যবহার হয়।

- **Good night:** বিদায় বেলায় **রাত** হলে Good night বলতে হয়।
- **Good bye**: বিদায় বেলায় **দিন** হলে Good bye বলতে হয়। ***সুতরাং Good night কোন greeting নয় বরং একটি Welfare.***

40. Which of the following is not a greeting? *[মেরিন একাডেমি ১৫-১৬, N.U (বিজ্ঞান) ১১-১২]*

ⓐ Good morning ⓑ Good afternoon
ⓒ Good evening ⓓ Good night ***Ans:d***

41. If you happen to greet your friend at 11.00 pm, you should say- *[N.U (মানবিক) ১১-১২]*

42. To greet something at 10 pm, we say- *[N.U (মানবিক) ০৬-০৭, জগবিঃ (B) ১২-১৩]*

ⓐ Good afternoon ⓑ Good evening
ⓒ Good night ⓓ Good day ***Ans:b***

43. The greeting is to be used at 11:30 P.M. is- *[পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক -১১]*

ⓐ Good afternoon ⓑ Good evening
ⓒ Good night ⓓ Good day ***Ans:b***

44. When you take leave of somebody at night, you say -- *[বঃশেঃমুঃরগবিঃপ্রগবিঃ (খ) ১১-১২]*

ⓐ ta ta ⓑ bye ***Ans:c***
ⓒ good night ⓓ God bless you

ব্যাখ্যাঃ take leave of-অর্থ-কারও কাছ থেকে বিদায় নেওয়া; রাত্রে কারও কাছ থেকে বিদায় নিলে good night বলতে হয়।

14: Hang, Hang: বাক্যের মধ্যে বিভিন্ন অর্থানুসারে verb এর রূপ বসাতে হবে। তাই খুব ভালোভাবে শিখে নিন-

V_1	V_2	V_3	V_1	V_2	V_3
Hang-ফাঁসি দেয়া	Hanged	Hanged	**Hang-বস্তু ঝুলানো**	Hung	Hung

- **মনে রাখার কৌশল:** Hang দ্বারা ফাঁসি দিতে দড়ি লাগে; অর্থাৎ দড়ি = ed ভাবুন। তাই ed দ্বারা V_2/ V_3 হয়;
- **মনে রাখার কৌশল:** Hang- দ্বারা কাপড়/বস্তু ঝুলাতে U এর মত hanger(হ্যাঙ্গার) লাগে; অর্থাৎ u দ্বারা V_2/ V_3 হয়;

Quick Tips: বাক্যের অর্থ বুঝা জরুরি, দেখতে হবে বাক্যে ফাসিঁ দেওয়া বুঝাচ্ছে নাকি অন্য কোন বস্তু ঝোলানো বুঝাচ্ছে। ফাঁসি দেওয়া বা মানুষকে দড়িতে ঝুলিয়ে হত্যা করা অর্থে সাধারণত বাক্যে for murder/killing উল্লেখ থাকে।

45. Choose the correct sentence. *[11th BCS, প্রাক-প্রাথমিক সহঃ শিঃ নিঃ পরিক্ষা-১৫, ঢাগবিঃ (A) ০৪-০৫, ✪ এই নিয়মে হুবহু কমন প্রশ্নঃ ১৬তম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল সমপর্যায়)- ১৯, প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (২য় ধাপ)- ১৯]*

ⓐ He was hunged for murder.
ⓑ He has been hunged for murder.
ⓒ He was hanged for murder.
ⓓ He had been hunged for murder. ***Ans:c***

Tips: বাক্যে for murder আছে তাই বুঝা যাচ্ছে কাউকে হত্যার জন্য he/তাকে ফাঁসিতে ঝুলানো হয়েছিলো। তাই দড়ি = ed যুক্ত hang অর্থাৎ hanged দ্বারা অপশন c উত্তর। অন্যান্য অপশনে hunged ভুল শব্দ।

46. The picture was --- on the wall. *[বাংলাদেশ রেলওয়ের উপ-সহঃ প্রকৌঃ) -০৬]*

ⓐ hanged ⓑ to hang
ⓒ hung ⓓ to be hanged ***Ans:c***

ব্যাখ্যাঃ এই বাক্যে ছবি/বস্তু ঝুলানোর কথা বলা হয়েছে তাই was এর পর passive mood এ hung (v_3) উত্তর।

47. **Which one is correct?** *[স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সম. মন্ত্রণা. সহকারী প্রকৌশলী (সিভিল)- ১৭]*

ⓐ The boss want the notice to hang.
ⓑ The boss wants the notice to be hanged.
ⓒ The boss wants the notice to have been hanged. ***Ans:d***
ⓓ The boss wants the notice to be hung.

ব্যাখ্যা: want-এর পর বস্তুবাচক object থাকলে পরে verb টি passive হবে অর্থাৎ to+ be+ verb এর p.p form। আর কোনো কিছু ঝোলানো অর্থে hang এর p.p form হলো hung। সুতরাং সঠিক উত্তর (d)।

48. **My roommate has --- the photo of famous tennis player on a wall.** *[তিতাস গ্যাস কোম্পানি-১১]*

ⓐ hanged ⓑ to hang
ⓒ hung ⓓ to be hanged ***Ans:c***

Tips: দেয়ালে টেনিস খেলোয়ারের ছবি/বস্তু বুঝানোর কথা বলা হচ্ছে তাই u এর মত hanger(হ্যাঙ্গার) লাগবে। অর্থাৎ has এর পর hung (v_3) উত্তর। *মনে রাখবেন খেলোয়ারের ছবি ঝুলানো আর খেলোয়ারকে/ব্যক্তিকে ঝুলানো আলাদা বিষয়।*

49. **I (to hang) the picture on the wall yesterday.** *[ফিমেল সেকেন্ডারি এ্যাসিসট্যান্ট এডুকেশনার অফিসার-৯৯]*

ⓐ hung ⓑ hang ***Ans:a***
ⓒ had ⓓ had been hang

যেহেতু বাক্যে yesterday থাকায় verb এর past tense হবে বিধায় ছবি ঝুলানো অর্থে hang এর past(hung) উত্তর।

50. **The principal desired the notice to ---.** *[জাগৃবিঃ (ইতিহাস) ০৯-১০]*

ⓐ be hang ⓑ be hanged
ⓒ be hung ⓓ hung ***Ans:c***

ব্যাখ্যা: notice টি টাঙানো/ঝুলানো হোক এই অর্থে passive করতে to be + V_3 হয় এজন্য উত্তর-ⓒ।

51. **Choose the correct sentence.** *[রাঃবিঃ ০৭-০৮, জঃবিঃ ০৬-০৭, ইঃবিঃ ০৭-০৮]*

ⓐ He hung in murder.
ⓑ He has been hanging for murder.
ⓒ He was hung for murder.
ⓓ He hung with murder. ***Ans:b***

ব্যাখ্যা: মনে রাখবেন হত্যার জন্য ফাঁসি দেওয়া হলে সাধারণত বাক্যটি passive voice হয় বিধায় উত্তর- c

52. **Choose the correct sentence:** *[রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (সিনিয়র অফিসার)-১৫]*

ⓐ He hanged the shirt on the wall.
ⓑ He hung the shirt on the wall.
ⓒ He hunged the shirt on the wall.
ⓓ He shirt was hanged on the wall. ***Ans:b***

53. **Get the picture --- in your room.** *[গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার-০৫]*

ⓐ fastened ⓑ hanged
ⓒ put ⓓ hung ***Ans:d***

54. **The man was --- for murder.** *[১২তম প্রভাষক নিবন্ধন (কলেজ/সমপর্যায়)-১৫/১৪]*

ⓐ hung ⓑ hang
ⓒ hanged ⓓ hunged ***Ans:c***

সমজাতীয় আরো MCQ

55. **The painting is --- on the wall.** *[বাংলাদেশ কর্মাস ব্যাংক সহকারী অফিসার-১৬, পেট্রোবাংলার উচ্চমান সহকারী-১৭]*

ⓐ hang ⓑ hunged
ⓒ hanged ⓓ hung ***Ans:d***

56. **the correct form of verb(to hang): I (to hang) the picture on the wall yesterday.** *[ফিমেল সেকেন্ডারী এডুকেশনার আফিসার-৯৯]*

ⓐ hung ⓑ hang ***Ans:a***
ⓒ had hung ⓓ had been hanged

15: High-Tall: উচ্চতা নির্ণয়ে ব্যক্তির ক্ষেত্রে tall এবং বস্তুর ক্ষেত্রে high শব্দ ব্যবহার হয়। যেমন: **I am** 1.5 metre tall. He is 10 meter tall. The tree is 300 inch high.

57. **Choose the right words: I am ----.** *[স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সহকারী প্রকৌশলী (পুর) -২০১৭]*

ⓐ 1.5 metres high ⓑ 1.5 metres tall ⓒ 1.5 metre high ⓓ 1.5 metre tall ***Ans:d***

ব্যাখ্যা: ব্যক্তির উচ্চতা নির্ণয়ের ক্ষেত্রে tall এবং বস্তুর ক্ষেত্রে high হয়। অপশন b ভুল কারণ এখানে metre adjective তাই এর সাথে s যুক্ত হবে না। নোট: meter/ metre দুটি বানানই সঠিক।

ভিডিও ক্লাস Part-03: এই ভিডিওতে প্রশ্ন ১৬-২০ একসাথে আলোচনা ও উদাহরণ Practice গুলো Live ক্লাস আকারে দেওয়া আছে।

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

16: How to tell time-ঘড়ির সময় বলার নিয়ম: কোথায় to আর কোথায় past বসবে তা খেয়াল করবেন।	
1.	কোন ঘন্টা এইমাত্র বোঝাতে ঐ ঘন্টার পূর্বে *just struck* ব্যবহার হয়; এইমাত্র পাঁচটা বাজলো-It has just struck five.
2.	কোন ঘন্টা বেজে অতিরিক্ত বোঝাতে *past* ব্যবহার হয়; এখন আটটা বেজে দশ মিনিট -It is ten minutes past eight.
3.	ঘন্টার কম/বাকি সময় বোঝাতে *to* ব্যবহার হয়; এখন সাতটা বাজতে পাঁচ মিনিট বাকি- It is five minutes to seven.
৪.	কোন ঘন্টার সোয়া বোঝাতে ঐ ঘন্টার পূর্বে *a quarter past* ব্যবহার হয়; এখন সোয়া দশটা বাজে- It is a quarter past ten.
৫.	কোন ঘন্টার পৌনে বোঝাতে ঐ ঘন্টার পূর্বে *a quarter to* ব্যবহার হয়; এখন পৌনে দশটা বাজে- It is a quarter to ten.
৬.	ঘন্টার সাড়ে বোঝাতে ঐ ঘন্টার পূর্বে *half past* ব্যবহার হয়; এখন বেলা সাড়ে দশটা বাজে। It is half past ten now. তবে বর্তমানে কোন ঘন্টার সাড়ে বোঝাতে ঐ ঘন্টার পরে *thirty* ব্যবহার হয়; এখন বেলা সাড়ে দশটা বাজে- It is ten-thirty.
৭.	শুধুমাত্র পূর্ণঘন্টার সময় বোঝাতে *o'clock* ব্যবহৃত হয়; এখন বেলা এগারোটা; It is eleven o'clock now. [o'=of]

58. At 8.45, how would you tell the time? *[পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক-১১]*

ⓐ It is a quarter before.
ⓑ It is quarter to nine.
ⓒ It is a quarter to nine.
ⓓ It is a quarter for nine. ***Ans:c***

ব্যাখ্যা: At 8.45 কে দুই ভাবে বলা যায়- ১. আটটা বেজে ৪৫ মিনিট; ২. পৌনে ৯টা বাজে; *পৌনে = a quarter to*

59. He came at 4 O'clock. Here "O'clock" means. *[নোগ্রবিঃপ্রগ্রবিঃ (C) ১৩-১৪]*

ⓐ of the clock ⓑ off the clock ***Ans:a***
ⓒ on the clock ⓓ over the clock

60. Which one is correct? *[জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (NSI)- এর ফিল্ড অফিসার -২০১৭]*

ⓐ It is a quarter past ten.
ⓑ It is quarter minutes past ten.
ⓒ It is fifteen past ten.
ⓓ It is ten fifteen. ***Ans:a***

61. The right translation of "It is now fifteen minutes past four." *[৮ম বেসরকারী প্রভাষক*

ⓐ এখন চারটা বেজে পনের মিনিট। *নিবন্ধন-১২]*
ⓑ এখন চারটা বাজতে পনের মিনিট।
ⓒ এখন চারটা বেজে পাঁচ মিনিট।
ⓓ এখন চারটা বাজতে পাঁচ মিনিট। ***Ans:a***

62. Which is the correct translation? দশটা বাজতে ছয় মিনিট বাকি। *[মাধ্যমিক সহকারী শিক্ষক -০০, জাগ্রবিঃ*

ⓐ It is six to ten. *(গ) ০৯-১০]*
ⓑ It is six minutes to ten.
ⓒ It is ten minutes to six.
ⓓ It is ten minutes to six hours. ***Ans:b***

63. It is a quarter --- ten. *[ডাক অধিদপ্তরের এস্টিমেটর ২০১৮]*

ⓐ before ⓑ to
ⓒ form ⓓ an ***Ans:b***

64. Identify the faulty sentence. *[রাগ্রবিঃ (law) ০৭-০৮, সঞ্চয় পরিদপ্তরের সহ: পরি.-০৭, পল্লী উন্নয়ন কর্মকর্তা-১৩]*

ⓐ It is quarter to past eleven.
ⓑ It is eleven-thirty.
ⓒ It is half-past eleven.
ⓓ It is eleven O'clock. ***Ans:a***

ব্যাখ্যা: অপশন a ভুল হিসেবে উত্তর কারণ প্রশ্নে faulty/ভুল চেয়েছে। সঠিক হতে হলে a quarter বসতো।

65. Which one is incorrect? *[জনপ্রশাসন মন্ত্রণালয়ের ব্যাক্তিগত কর্মকর্তা-১৬]*

ⓐ It is quarter to eleven.
ⓑ It is a quarter to eleven.
ⓒ It is a quarter of eleven.
ⓓ It is a quarter past eleven. ***Ans:a***

ব্যাখ্যা: অপশন a ভুল হিসেবে উত্তর কারণ প্রশ্নে incorrect চেয়েছে। সঠিক বাক্য হতে হলে a quarter বসতো।

17: Injure / Hurt / Wound / Dented: injure-দুর্ঘটনার (accident) ফলস্বরূপ আহত হওয়া, তবে hurt ও ব্যবহার করা যায়; wound-যুদ্ধে (war) জখম হওয়া; dent-ছোট ক্ষত হওয়া।

66. He was --- in a car accident. *[রাঃবিঃ (B-আইন) ১১-১২]*

ⓐ hurt ⓑ injured ⓒ wounded ⓓ dented ***Ans:b***

18: Jubilee (জুবিলি- জয়ন্তী/বছর পূর্তি/বার্ষিকী): অনেক বছর পূর্বের বিশেষ কোন দিনের উদযাপন।

❋ **Silver Jubilee**: **রজত- জয়ন্তী;** প্রতিষ্ঠার ২৫ বৎসর পূর্ণ হলে যে আনন্দ অনুষ্ঠান করা হয় তাকে রজত জয়ন্তী বলে;
❋ **Pearl Jubilee:** প্রতিষ্ঠার ৩০ বৎসর পূর্ণ হলে যে আনন্দনুষ্ঠান করা হয় তাকে সুবর্ণ জয়ন্তী বলে;
❋ **Ruby Jubilee:** প্রতিষ্ঠার ৪০ বৎসর পূর্ণ হলে যে আনন্দনুষ্ঠান করা হয় তাকে সুবর্ণ জয়ন্তী বলে;
❋ **Golden Jubilee**: **সুবর্ণ- জয়ন্তী; প্রতিষ্ঠার ৫০ বৎসর পূর্ণ হলে যে আনন্দনুষ্ঠান করা হয় তাকে সুবর্ণ জয়ন্তী বলে;**
❋ **Diamond Jubilee**: **হীরক-জয়ন্তী;** প্রতিষ্ঠার ৬০ বৎসর পূর্ণ হলে যে আনন্দনুষ্ঠান করা হয় তাকে হীরক জয়ন্তী বলে;
❋ **Platinum jubilee:** প্রতিষ্ঠার ৭০ বৎসর পূর্ণ হলে যে আনন্দনুষ্ঠান করা হয় তাকে সুবর্ণ জয়ন্তী বলে;
❋ **2nd Diamond Jubilee**: **হীরক-জয়ন্তী;** প্রতিষ্ঠার ৭৫ বৎসর পূর্ণ হলে যে আনন্দনুষ্ঠান তাকে হীরক জয়ন্তী বলে;
❋ **2nd Ruby/Oak Jubilee:** প্রতিষ্ঠার ৮০ বৎসর পূর্ণ হলে যে আনন্দনুষ্ঠান করা হয় তাকে সুবর্ণ জয়ন্তী বলে;
❋ **Stone Jubilee:** প্রতিষ্ঠার ৯০ বৎসর পূর্ণ হলে যে আনন্দনুষ্ঠান করা হয় তাকে সুবর্ণ জয়ন্তী বলে;

67. The 60th anniversary of an important event is called- *[সমাজসেবা অধিঃ ১৮, ইঞ্জবিঃ ০৫-০৬]*

ⓐ Diamond Jubilee
ⓑ Silver Jubilee
ⓒ Golden Jubilee
ⓓ None ***Ans:a***

68. Diamond Jubilee অনুষ্ঠিত হয়-; *[রাঃবিঃ (আইন) ০৫-০৬]*

ⓐ পঁচিশ বছর পূর্তিতে ⓑ পঞ্চাশ বছর পূর্তিতে
ⓒ ষাট বছর পূর্তিতে ⓓ পঁচাত্তর বছর পূর্তিতে ***Ans:c***

69. ষাট বছর পূর্ণ হওয়ার উৎসবকে এক কথায় বলে।

ⓐ হীরক জয়ন্তী ⓑ সুবর্ণ জয়ন্তী *[ঢাঃবিঃ(C) ১২-১৩]*
ⓒ রজত- জয়ন্তী ⓓ সার্ধ-শত বর্ষ ***Ans:a***

19: Lie, Lay, Lie: এই verb গুলোর V_2(Past form) এবং V_3(Past participle form) দেওয়া হলো- [খুব গুরুত্বপূর্ণ তাই ভালভাবে নিচের কৌশল দেখে মনে রাখার চেষ্টা করুন]

V_1 (Verb এর base form)	V_2	V_3	V+ing	উদাহরণ বুঝে নিন
Lie- মিথ্যে বলা	Lied	Lied	lying	He lied to me about his result.
Lie- নিজে নিজে শোয়া/ কোনো কিছু পড়ে থাকা	Lay	Lain	lying	The cat is lying on the bed.
Lay- কিছু রাখা/কাউকে শোয়ানো/ ডিম পাড়া	Laid	Laid	laying	The hen laid an egg yesterday.

মনে রাখার কৌশল: Lie যখন মিথ্যে বলে-(d) নিয়ে দেমাক করে; অর্থাৎ শুধু "d" যোগ হয়ে- V_2 -- V_3 হয়;
মনে রাখার কৌশল: Lie- যখন- শুয়ে পড়ে (থাকে) লেএএএ লেইইইইন গান করে। অর্থাৎ Lay, Lain দ্বারা V_2 -- V_3 হয়;
মনে রাখার কৌশল: সংক্ষেপে: Lay যখন শোয়ায়ে রেখে ডিম পাড়ে Laid, Laid শব্দ করে; অর্থাৎ Lay$_{(V_1)}$ থেকে Laid, Laid দ্বারা V_2 -- V_3 হয়; [নোট: টেবিলে দেখুন- Lay এর অর্থ তিনটি, এবং তিনটিতেই একইভাবে V_2 -- V_3 হয়;]

Attention: lie এর সাথে ing যোগ করলে তা lying হয় আর lay এর সাথে ing যোগ করলে laying হয়।

সতর্কতা: lie এর past form হলো lay; আবার lay নিজেই main verb হয়।

[আমি আমার মত দিলাম। কেউ যদি এর চেয়ে ভালো নিজস্ব কোনো কৌশল জানেন আমাকে দিতে পারেন। আমি তার নামে বইতে কৌশলটি সংযোগ করবো। ০১৭৪০০৭৩৫৬৯]

70. Choose the correct sentence. *[23rd BCS, জগ্নবিঃ (C) ০৭-০৮, বগ্নবিঃ (ঘ ১৪-১৫)]*

ⓐ Javed was so exhausted that he lain down for a sleep.

ⓑ Javed was so exhausted that he laid down for a sleep.

ⓒ Javed was so exhausted that he was lying down for a sleep.

ⓓ Javed was so exhausted that he will lay down for a sleep. ***Ans:c***

Hints: জাবেদ ক্লান্ত ছিলো তাই সে ঘুমের জন্য শুয়ে পড়েছিলো। নিজে নিজে শুয়ে পড়া অর্থে was lying হয়েছে।

71. How many eggs have our hens --- this month? *[14th BCS]*

ⓐ lain ⓑ laid

ⓒ lay ⓓ lied ***Ans:b***

ব্যাখ্যা: Interrogative বাক্যে subject এর আগে have আছে। তাই শুন্যস্থানে V3 লাগবে বিধায় উত্তর- laid

72. After the hurricane, uprooted trees --- all over the ground. *[বাংলাদেশ ব্যাংক (সহ. পরিচালক)-০৯]*

ⓐ were laying ⓑ were lying

ⓒ were laid ⓓ was laid ***Ans:b***

ব্যাখ্যা: হারিকেন ঝড়ের পর, মূল উৎপাটিত গাছগুলো ভূমিতে পড়ে থাকছিলো।

73. She usually --- the baby down for sleep at this time. *[BSC Senior Officer (3 Banks) 2018]*

ⓐ lies ⓑ lied

ⓒ lay ⓓ lays ***Ans:d***

ব্যাখ্যা: সে এই সময়ে সচরাচর শিশুকে ঘুমের জন্য শোয়ায়ে রাখে। usually দ্বারা বাক্যটি present indefinite হয়। আর subject(She) 3rd person singular তাই lay এর সাথে s যুক্ত হয়ে lays হয়েছে।

74. The dog was --- in front of the door. *[ঢাগ্নবিঃ অধিভুক্ত ৭ কলেজ (বিজ্ঞান অনুষদ) ২০১৮-১৯]*

ⓐ lying ⓑ lain

ⓒ laid ⓓ laying ***Ans:a***

ব্যাখ্যা: lie অর্থ শুয়ে থাকা; আর lie এর সাথে ing যুক্ত হলে lying লিখতে হয়। তাই উত্তর- a;

75. The hen --- an egg yesterday. (গতকাল মুরগীটি একটি ডিম পেড়েছে) *[চগ্নবিঃ (A) ০৪-০৫]*

ⓐ laid ⓑ lied

ⓒ lain ⓓ given ***Ans:a***

76. Which spelling is correct? *[সাব-রেজিস্ট্রার-১৬, BRUR (খ, বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ) ০৯-১০]*

ⓐ layeing ⓑ lieing

ⓒ lying ⓓ lahying ***Ans:c***

77. Which one is a past form? *[রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (সুপারভাইজার)-১৫]*

ⓐ lied ⓑ lay

ⓒ put ⓓ all of these ***Ans:d***

78. You have made your own bed and now you must --- on it. *[ঢাগ্নবিঃ (A) ০৪-০৫, জগ্নবিঃ (C) ০৫-০৬]*

ⓐ lay ⓑ lie

ⓒ lies ⓓ laid ***Ans:b***

79. I saw the beggar --- on the floor. (ভিক্ষুকটিকে মেঝেতে শুয়ে থাকতে দেখলাম) *[১২ তম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল পর্যায়) ২০১৫]*

ⓐ laid ⓑ lying

ⓒ lay ⓓ lie ***Ans:b***

80. The boy --- the paper on the desk. In the sentence which one is correct form of verb: *[রাগ্নবিঃ০৯-১০]*

ⓐ lay ⓑ laid

ⓒ lied ⓓ lain ***Ans:b***

81. He (to lie) on the bed in the last noon. (----সে বিছানায় শুয়ে পড়েছিলো) *[রাগ্নবিঃ ০৮-০৯, ইগ্নবিঃ (C) ১১-১২]*

ⓐ lay ⓑ lie

ⓒ lain ⓓ lieing ***Ans:a***

Tips: বাক্যে Last noon আছে। তাই বাক্যটি past indefinite এ Lie এর V_2 -lay হবে। বিধায় উত্তর- a;

82. The book (a)<u>that</u> you (b)<u>see</u> (c)<u>laying</u> on the table (d)<u>belongs</u> to the teacher. *[রাগ্নবিঃ ০৫-০৬, ০৮-০৯, জগ্নবিঃ (C) ১২-১৩]* ***Ans:c***

ব্যাখ্যা: কোন কিছু পড়ে থাকা বুঝাতে lie ব্যবহৃত হয়, তাই laying এর পরিবর্তে lie এর present participle, lying হবে। কারণ laying অর্থ ডিম পাড়া আর lying অর্থ অবস্থিত থাকা/ কিছু পড়ে থাকা।

***Source**: CLIFF'S TOEFL practice test 4 part B Question no. 38 Page no. 420 থেকে হুবহু।*

20: Live-Stay: Tips: দীর্ঘ- live; অল্প- stay; [Live-lived-lived; Stay-stayed-stayed]

✠ **Live- verb (বসবাস করা);** বসবাসের ক্ষেত্রে কোন স্থানে দীর্ঘ দিন থাকলে live ব্যবহার করা হয়।

✠ **Stay- verb (অবস্থান করা);** বসবাসের ক্ষেত্রে কোন স্থানে অল্প সময়/দিন থাকলে Stay ব্যবহার হয়।

83. He intends to --- in the country for two months. *[25th BCS, রাঃবিঃ ০৬-০৭]*

ⓐ live ⓑ stay ⓒ stop ⓓ halt ***Ans:b***

ব্যাখ্যা: এখানে Two months অল্প সময় কারণ মানুষ ২ মাসের জন্য কোথায় স্থায়ীভাবে থাকে না। তাই stay উত্তর।

এখানে live- স্থায়ী বসবাস করা; stay- নির্দিষ্ট কিছু সময়ের জন্য অবস্থান করা; stop- থামা; halt- সাময়িকভাবে থামা

ভিডিও ক্লাস Part-04: এই ভিডিওতে ২১-২৭ একসাথে আলোচনা ও উদাহরণ Practice গুলো Live ক্লাস আকারে দেওয়া আছে।

ভিডিও দেখতে QR কোডে ক্লিক করুন

21: Loose, Lose, Loss: বাস্তব জীবনে এগুলোর অনেক ব্যবহার আছে। তাই ভালভাবে পড়ুন-

✠ **Loss(লস): Noun** (defeat, hammering- পরাজয়, ক্ষতি);

✠ **Loose(লুজ): Adjective যার অর্থ** (slack- আলগা, ঢিলেঢালা);

✠ **Loose(লুজ): Verb**; (unfasten- আলগা করা, খুলে দেওয়া/ফেলা);	**Loosed(V_2)**	**Loosed(V_3)**
✠ **Lose- (লস): Verb**(হারানো, কমানো, পরাজিত হওয়া, ইত্যাদি)	**Lost(V_2)**	**Lost(V_3)**

84. She does not want to --- her peace of mind.(সে তার মনের শান্তি হারাতে চায় না) *[রাঃ বিঃ(A) বিজোড় ১৫-১৬]*

ⓐ loss ⓑ lost

ⓒ lose ⓓ loose ***Ans:c***

85. The man (lose) his tie. (লোকটি তার গলার বন্ধনি ঢিলা/আলগা/লুজ করলো) *[রাঃবিঃ ০৬-০৭]*

ⓐ lose ⓑ loosing

ⓒ loosing ⓓ loosed ***Ans:d***

86. The fat man is trying hard to --- weight. (মোটা লোকটি ওজন কমাতে অনেক চেষ্টা করছে) *[চঃবিঃ (D) ১০-১১]*

ⓐ loose ⓑ loss

ⓒ lost ⓓ lose ***Ans:d***

ব্যাখ্যা: to এর পর verb এর base form বসে। এখানে loose হচ্ছে Adjective, lost হচ্ছে past form/ past participle form এবং loss হচ্ছে Noun। তাই হারানো অর্থে verb এর base form হিসেবে lose উত্তর।

87. I took a map with me, as I didn't want to --- me on the journey.

ⓐ loose ⓑ lose *[27th BCS]*

ⓒ lost ⓓ loss ***Ans:b***

বাক্যের বাংলা: আমি আমার সাথে একটা মানচিত্র নিয়েছিলাম। কারণ ভ্রমনে আমি আমাকে হারাতে চায়নি।

88. He prefers to wear --- clothing when exercising. *[ইঃবিঃ (আইন) ১১-১২]*

ⓐ loose ⓑ lose

ⓒ louse ⓓ losse ***Ans:a***

89. I hope he doesn't --- his job. (আমি আশা করি সে তার চাকুরি না হারাক) *[N.U. (ব্যবসায় শিক্ষা) ১০-১১]*

ⓐ lost ⓑ loose

ⓒ lose ⓓ fail ***Ans:c***

Our Facebook Page: যুক্ত হতে ক্লিক করুন।
https://www.facebook.com/expertalim/

22: Peak, Pick, Peek, Peck: peak-পাহাড়ের চূড়া বা শীর্ষ/সাফল্যের সর্বোচ্চ শিখর; pick- কুড়ানো/সংগ্রহ করা; peek- উকি দেওয়া; peck-শুকনা বস্তুর পরিমাপ বিশেষ।

90. You have to work with determination to reach the highest --- your desire. *[রাঙ্গবিঃ (H-odd), ১৪-১৫]*

ⓐ peak ⓑ peek ⓒ pick ⓓ peck ***Ans:a***

23: Quiet, Quit, Quite: লক্ষ্যণীয়: quit + e = quite, quiet + ly= quietly; মোট ৪ টি শব্দ-

- **Quit:** verb (give up, relinquish- পরিত্যাগ করা) যেমন: He quits of his family.
- **Quite:** adverb (fully – সম্পূর্ণরূপে) যেমন: It is quite impossible (এটা পুরোপুরি অসম্ভব)
- **Quiet:** adjective (calm- শান্ত, নীরব)- যেমন: The place is very quiet(জায়গাটি খুব শান্ত)
- **Quietly:** Adverb (শান্তভাবে) যেমন: He entered the room quietly. (সে শান্তভাবে রুমে প্রবেশ করল)

91. Lynda had to ---- eating apples after the orthodontist put braces on her teeth.

ⓐ quit ⓑ quite *[রাঙ্গবিঃ ০৭-০৮]*

ⓒ quies ⓓ none ***Ans:a***

ব্যাখ্যা: had to এর পরে verb এর base form বসে। এখানে একমাত্র quit ই হচ্ছে verb; **বাক্যের বাংলা:** দন্ত চিকিৎসক লিন্দার দাঁতে বন্ধনি দেওয়ার পর, তাকে আপেল খাওয়া ছেড়ে দিতে হয়েছিলো।

92. We always prefer a --- place. *[ডাক অধিদপ্তরের এস্টিমেটর ২০১৮]*

ⓐ quite ⓑ quit

ⓒ quiet ⓓ quet ***Ans:c***

93. Maria was --- tired after the long walk in the beach. *[রাঙ্গবিঃ (E) ১১-১২]*

ⓐ quit ⓑ quiet

ⓒ quite ⓓ quiete ***Ans:c***

ব্যাখ্যা: Tired হচ্ছে adjective এজন্য এর পূর্বে adverb বসবে। এখানে quite ই হচ্ছে adverb।

24: Rise, Arise, Raise, Rouse: বানান ও অর্থগত পার্থক্যগুলো ভালোভাবে লিখে লিখে পড়ুন-

V_1	V_2	V_3	উদাহরণগুলো বুঝে নিন-
Rise (রাইজ্)- **1. মূল্য বৃদ্ধি পাওয়া**	Rose	Risen	The price of rice is **rising**.
Rise (রাইজ্) **2. নিজে ঘুম থেকে উঠা:** "Early to bed and early to **rise**, makes a man healthy, wealthy, and wise" BY Benjamin Franklin:			
Arise (এ্যারাইজ্) **সমস্যা উদ্ভুত হওয়া**	Arose	Arisen	Solve the problem when it **arises.**
Rouse(রাউজ্) **কাউকে ঘুম থেকে জাগ্রত করা**	Rouse	Rouse	Don't **rouse** him from a deep sleep.
Raise (রেইজ্) **1. পতাকা বা হাত উঠানো, ২. বৃদ্ধি করা**	Raised	Raised	He **raised** the flag. **Raise** your hand. We should **raise** our knowledge.

মনে রাখার কৌশল: ⇨ Rise/ Arise- একই ভাবে V_2- V_3 হয়। Arise এর সামনে শুধু 'A' লাগে।

⇨ ঘুমালে সবাই মরার মত একই রকম থাকে তাই এভাবে বলা যায়- Rouse এর V_1- V_2- V_3 একই রকম থাকে।

⇨ পতাকা উঠাতে দড়ি লাগে, তাই দড়ি = (ed) ভাবুন; অর্থাৎ Raise এর সাথে ed দ্বারা- V_2- V_3 হয়।

বিশেষ নোট: পাঠক উপরের verb গুলোর অনেকগুলো করে অর্থ হতে পারে। চাইলে dictionary দেখেন। আমি শুধু পরীক্ষার জন্য যা করণীয় তাই আলোচনা করেছি।

94. The price of rice is ------. *[28th BCS, বাংলাদেশ রেলওয়ের উপসহকারী প্রকৌশলী (সিভিল)-১৬]*

ⓐ raising ⓑ risen

ⓒ raised ⓓ rising ***Ans:d***

95. Onion prices have --- too much this month. *[কমার্স ব্যাংক (অফিসার)-০৬, জনতা ব্যাংক (SO)-১৬]*

ⓐ raised ⓑ risen

ⓒ rise ⓓ rose ***Ans:b***

বাক্যের ব্যাখ্যা: পেয়াজের মূল্য এই মাসে অনেক পরিমাণে বেড়েছে। এরূপ অর্থে have এরপর risen(V_3) উত্তর।

96. It was our policy to deal with the problems as they ------. *[সমাজসেবা অফিসার-১০]*

ⓐ arose ⓑ rose
ⓒ raised ⓓ roused ***Ans:a***

ব্যাখ্যা: সমস্যা উঠা/ বৃদ্ধি পাওয়া/ উদ্ভুত হওয়া বোঝাতে Arise-arose-arisen বসে।

97. He was so sounding asleep that it was most difficult to --- him. (সে এতটাই গভীর ঘুমে ডুবে ছিল যে তাকে জাগানো খুব কঠিন ছিল) *[উপজেলা সমাজসেবা অফিসার-০৬, বঃশেঃমুঃরঃবিঃপ্রঃবিঃ (C) ১৫-১৬]*

ⓐ raise ⓑ rouse
ⓒ rise ⓓ arise ***Ans:b***

25: Rhyme (রাইম): Rhyme হচ্ছে অন্তমিল, শব্দসমূহের শেষ অংশে উচ্চারণের মিল, যেমন: light, fight, bite, kite, might ইত্যাদি।

98. "Comb" rhymes with (কৌম) -------. *[বঃবিঃ (B) ১৩-১৪]*

ⓐ dome(ডৌম) ⓑ bomb (বম)
ⓒ tomb(টম) ⓓ boom(বুম) ***Ans:a***

99. Which of these words rhymes with the word 'won'? *[রেলপথ মন্ত্রণালয়ের উপ-সহাকারী প্রকৌশলী-২০১৭]*

ⓐ zone ⓑ done
ⓒ cone ⓓ moan ***Ans:b***

100. Which of the following words rhyme with the word "paid" (পেইড). *[জাঃবিঃ (C_2) ১২-১৩]*

ⓐ made(মেইড) ⓑ red(রেড)
ⓒ head(হেড) ⓓ said(সেড) ***Ans:a***

101. Which word rhymes with "brow(ব্রাউ)" -. *[ঢাঃবিঃ (D) ০৮-০৯]*

ⓐ crow(ক্রো/খ্রো) ⓑ through(থ্রু)
ⓒ crew(ক্রু) ⓓ now(নাউ) ***Ans:d***

26: Sensible/Sensuous/Sensual- Sensitive: sensible/ sensuous/ sensual-ভোগবিলাসি/ সুখময়/ ইন্দ্রিয়কে প্রভাম্বিত করে এমন; sensitive-সংবেদনশীল/ অল্পতে রেগে যায় এমন/অভিমানি।

102. Be careful, he is a very --- man. *(সতর্ক হও, সে খুব অভিমানি মানুষ) [রাঃবিঃ (Law) ১৩-১৪]*

ⓐ sensible ⓑ sensual ⓒ sensitive ⓓ sensuous ***Ans:c***

27: Some time, Sometimes, Sometime:

- **Once upon a time: (অতীতে কোন এক সময়);** Once upon a time, I had met him.
- **Sometimes: (মাঝে মাঝে, সময়ে সময়ে);** ***Sometimes*** I swim in the pond.(মাঝে মাঝে আমি পুকুরে সাঁতার কাঁটি)
- **Some time: (কিছু সময়);** যেমন: I spent ***some time*** with the patient.(আমি রোগীর সাথে কিছু সময় দিলাম)
- **Sometime: (ভবিষ্যৎ কোন এক সময়, একদা);** I hope to meet to you *sometime* in January.

মনে রাখার কৌশল: Some time এর মাঝে space(ফাঁকা) থাকলে **কিছু সময়**; ফাঁকা না থাকলে **ভবিষ্যৎ সময়**;

103. I spent --- with the patient. *[23rd BCS, পল্লী উন্নয়ন বোর্ডের কর্মকর্তা-১৩, রাঃবিঃ ০৮-০৯, (গণিত) ১৩-১৪, ইঃবিঃ (H) ১৪-১৫, (C) ১৫-১৬, মাঃভাঃবিঃপ্রঃবিঃ (C) ১১-১২, Medical 15-16, ✪ এই নিয়মে হুবহু কমন প্রশ্ন: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের নিরাপত্তা কর্মকর্তা -১৯]*

ⓐ some times ⓑ sometime
ⓒ some time ⓓ sometimes ***Ans:c***

104. I hope to meet to you --- in January. *[যোগাযোগ মন্ত্রণালয়ের রেলওয়ে সহকারি কমান্ডেন্ট: ০৭]*

ⓐ sometimes ⓑ sometime
ⓒ some time ⓓ some what ***Ans:b***

105. I spent ---- with my grandfather. *[পরিসংখ্যান ব্যুরোর ডাটা এন্ট্রি অপারেটর: ১৬]*

ⓐ sometimes ⓑ some time
ⓒ sometime ⓓ some times ***Ans:b***

Tips: কিছু সময় বুঝাতে some time বসে। কোন এক সময় বুঝাতে sometime বসে। sometimes- মাঝে মাঝে; some times-এটি সাধারণতভাবে ভুল; সতর্কতা: অনেক বইতে এই প্রশ্নের উত্তর ভুল আছে তাই সাবধান।

Our Youtube Channel: যুক্ত হতে ক্লিক করুন
https://www.youtube.com/c/ExpertEnglishAdda

Miscellaneous Confusing-

Common mistakes/ Pair of words

106. 'Taj Mahal' is a --- *[৯ম বিজেএস (সহ: জজ)-১৪, বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অফিস সহ: -১২, JUST (F-বাণিজ্য) ১৫-১৬]*

ⓐ Monument ⓑ Castle
ⓒ Tower ⓓ Mansion ***Ans:a***

ব্যাখ্যা: Monument = স্মৃতি রক্ষার্থে দালান; Castle = অনেক পথ বা সুরঙ্গ বিশিষ্ট দুর্গ বা আত্মরক্ষার্থে নির্মিত যে রাজপ্রাসাদ; Tower- মিনার বা উঁচু অট্টালিকা; Mansion- জমিদার বাড়ী বা সুবৃহৎ অট্টালিকা:

107. --- for a living. I am an engineer.

ⓐ what are you doing *[চট্টবিঃ (খ) ০৭-০৮]*
ⓑ what have you done
ⓒ how do you do
ⓓ what do you do ***Ans:d***

ব্যাখ্যা: কেউ কি করে? বা তার পেশা কি? এভাবে জিজ্ঞেস করতে what do you do ব্যবহার।
উপরের বাক্যের বাংলা: জীবিকার জন্য তোমার পেশা কি? আমি একজন প্রকৌশলী।

108. Hospitals --- the sick. *[36th BCS, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন এডমিনিস্ট্রেশন /পারসোনাল অফিসার-০৬]*

ⓐ operate ⓑ treat
ⓒ admit ⓓ nurse ***Ans:b***

ব্যাখ্যা: treat অর্থ চিকিৎসা সেবা দেওয়া। অন্য অপশনগুলো treat এর সাথে জড়িত বিভিন্ন কাজ।

109. Rubber is notable for its -----. *[28th BCS, বেঃরোগ্রবিঃ (D) ১২-১৩, ইঞ্জবিঃ (F) ১৩-১৪, রাঞ্জবিঃ (H) ১৪-১৫]*

ⓐ lightness ⓑ heaviness
ⓒ elasticity ⓓ viscosity ***Ans:c***

ব্যাখ্যা: rubber তার স্থিতিস্থাপকা বা elasticity এর কারণে উল্লেখযোগ্য। তাই উত্তর elasticity।

110. "Give my --- to him." *[12th BCS, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (কর্মকর্তা, ২য় শ্রেণী)-১৫]*

ⓐ Warm compliment
ⓑ Compliments
ⓒ Best compliment
ⓓ Heartiest compliments ***Ans:b***

ব্যাখ্যা: কাউকে শুভেচ্ছা /অভিবাদন জানানো অর্থে my compliment ব্যবহৃত হয়। তাই উত্তর- b;

111. The parents became extremely--- when their son had not returned by eleven o'clock. *[25th BCS]*

ⓐ angry ⓑ annoyed
ⓒ disturbed ⓓ anxious ***Ans:d***

ব্যাখ্যা: a) angry- কারো সাথে রাগান্বিত (প্রকাশিত অভিব্যক্তি); **b)** annoyed- কারও প্রতি বিরক্ত/বিতৃষ্ণা, (অপ্রকাশিত অভিব্যক্তি); **c)** disturbed- ছোটখাট কোন কাজ দ্বারা সমস্যার পতিত; **d)** anxious- দুঃচিন্তা বা উদ্বিগ্ন, ইতিবাচক অভিব্যক্তি প্রকাশ হয়। বাক্যের বাংলা: পিতামাতা খুব দুঃচিন্তায় পড়ে যায় যখন তাদের পুত্র রাত ১১টার মধ্যে ফিরে না আসে।

112. Nobody knocked him down. it was an ----------. *[27th, ইঞ্জবিঃ (F) ১৭-১৮]*

ⓐ accident ⓑ occurrence
ⓒ incident ⓓ event ***Ans:a***

ব্যাখ্যা: accident- হঠাৎ কোন দূর্ঘটনা; occurrence- সাধারণ ঘটনা; incident-ছোটখাট তুচ্ছ কোন ঘটনা; event- কোন অনুষ্ঠান বা গুরুত্বপূর্ণ ঘটনা; (কেউ তাকে ধাক্কা দেয়নি, এটা একটা দূর্ঘটনা ছিলো)

113. To stay healthy, we must plan to have a balanced--- *[22nd BCS, 27th BCS, ইঞ্জবিঃ (খ) ১২-১৩]*

114. To stay healthy we need a balanced--- *[সেকেন্ডারি এডুকেশন সেক্টর ডেভেলপমেন্ট প্রোগ্রাম গবেষণা কর্মকর্তা-১৫]*

ⓐ diet ⓑ food
ⓒ drink ⓓ environment ***Ans:a***

ব্যাখ্যা: সুষম খাদ্যের ইংরেজি balanced diet; বাক্যের বাংলা: সুস্থ থাকতে আমাদের অবশ্যই সুষম খাদ্য খেতে হবে

115. Not to --- of milk, even water was not there. (দুধের কথা বলোনা এখানে পানিই ছিলোনা) *[Bangladesh Bank Assistant Director (Freedom fighter Quota) 2015]*

ⓐ talk ⓑ speak
ⓒ mention ⓓ discuss ***Ans:a***

116. Please give me a pen to write ---. *[সড়ক ও সেতু পরিবহন মন্ত্রাণলয়ের উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক)-২০১৯]*

ⓐ by ⓑ of
ⓒ with ⓓ in ***Ans:c***

ব্যাখ্যা: কোন কিছু দ্বারা লিখা- এরূপ অর্থ প্রদানে write এর সাথে with বসে।

117. **Which word is an insect as well as a game?** *[সড়ক ও সেতু পরিবহন মন্ত্রণাঃ উপ-সহঃ প্রকৌঃ (যান্ত্রিক)-১৯]*

ⓐ Football ⓑ Cricket
ⓒ Kabadi ⓓ Hockey ***Ans:b***

Tips: Cricket শব্দের দুটি অর্থ। ১. ক্রিকেট খেলা; ২. ঝিঁঝিঁপোকা; সুতরা খেলা এবং পোকার নাম হিসেবে উ: b

118. **We have had tasty and --- meals.** *[জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপ পরিচালক-০৭, খুলনাঃ (BS)-১৬,* ✪ *এই নিয়মে হুবহু কমন প্রশ্ন: সংস্কৃতি বিষয়ক মন্ত্রনালয়ের উপ-সহকারী প্রকৌশলী*

ⓐ nutritious ⓑ nutritional *(সিভিল) ২০১৯]*
ⓒ nutritive ⓓ nutrient ***Ans:a***

ব্যাখ্যা: আমাদের ছিলো রুচিশীল ও পুষ্টিকর খাদ্য। এরূপ অর্থ দিতে পুষ্টিকর adjective এর জন্য nutritious উ:

119. **No one can --- that he is clever. (কেউ অস্বীকার করতে পারেনা যে সে চালাক নয়)** *[রাঙ্গবিঃ (রাষ্ট্রবিজ্ঞান) ০৪-০৫, (নৃবিজ্ঞান) ০৫-০৬, 16th BCS, 21th BCS, পরিবেশ অধিদপ্তরে রিসার্চ অ্যাসিস্টেন্ট-০৬, সংস্থাপন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা-০৭, ইসলামী ব্যাংক সহকারী অফিসার -০৮, বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার-১৭]*

ⓐ deny (ডিনাই) ⓑ Defy (ডিফাই)
ⓒ Denounce ⓓ Discard ***Ans:a***

ব্যাখ্যা: deny- অস্বীকার করা; Defy- সরাসরি বাধা দেওয়া; Denounce- সমালোচনা করা; Discard- প্রত্যাখান করা;

120. **We didn't --- the program to be such a huge success.** *[পুবালী ব্যাংক ট্রেইনি অ্যাসিসটেন্ট টেলার-১৭]*

ⓐ except ⓑ expect
ⓒ access ⓓ accept ***Ans:b***

Hints: Accept- গ্রহণ করা; except- ছাড়া/ অন্তর্ভুক্ত না করা; expect-প্রত্যাশা করা; access-প্রবেশাধিকার;

(অনুষ্ঠানে এতো সফলতা আসবে তা আমরা প্রত্যাশাই করিনি।) এরূপ অর্থগত দিক ঠিক রাখতে সঠিক উত্তর- b

121. **I shall --- the gift when he brings it.** *[রাঙ্গবিঃ (সমাজ বিজ্ঞান) ০৯-১০]*

ⓐ accept (গ্রহণ করা) ⓑ except (বাদ দিয়ে)
ⓒ take (নেওয়া) ⓓ want (চাওয়া) ***Ans:a***

Hints: আমি উপহার গ্রহণ করি যখন সে নিয়ে আসে। এরূপ গ্রহণ করা অর্থে সঠিক উত্তর- a

122. **Cricket is kind of play. It is also a kind of --.** *(অন্য অর্থ: ঝিঝিপোকা)*

ⓐ insect ⓑ food *[39th BCS - 2018]*
ⓒ bird ⓓ flower ***Ans:a***

123. **Seeing the black snake, children ---.** *[আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুটেন্ট-১৫]*

ⓐ shouted ⓑ yelled
ⓒ cried ⓓ screamed ***Ans:d***

ব্যাখ্যা: shout- কথা বলার সময় চিৎকার করা; yell- রেগে গিয়ে চিৎকার করা; cry- কাঁদা, কান্না করা; scream- ভয় পেয়ে চেচিঁয়ে উঠা। বাক্যের অর্থ: কালো সাপ দেখে বাচ্চারা ভয়ে চেচিঁয়ে উঠল। এরূপ অর্থেগত সঠিক উত্তর- d;

124. **Refugees should receive --- treatment.** *[বিভিন্ন মন্ত্রণালয়ে প্রশাসনিক কর্মকর্তা- ১৮]*

ⓐ humanly ⓑ humane
ⓒ human ⓓ humanish ***Ans:b***

ব্যাখ্যা: শরণার্থীদের সদয়/মানবিক আচরণ প্রাপ্য। এরূপ সদয়/মানবিক অর্থে humane সঠিক উত্তর।

125. **Our school building has a good ---.** *[ডাক অধিদপ্তরের বিল্ডিং ওভারশিয়ার-১৮]*

ⓐ sight (দৃশ্য) ⓑ side (পাশে)
ⓒ cite (উদ্ধৃত করা) ⓓ site (অবস্থান) ***Ans:d***

ব্যাখ্যা: আমাদের স্কুল ভবনটির ভালো একটি অবস্থান আছে। এরূপ অর্থ প্রদানে সঠিক উত্তর d;

126. **Rahim --- English fluently.**
(রহিম সাবলীলভাবে/ অনর্গল ইংরেজি বলে) *[ডাক অধিদপ্তরের এস্টিমেটর-১৮]*

ⓐ says ⓑ speaks
ⓒ tells ⓓ utters ***Ans:b***

ব্যাখ্যা: say/tell- কাউকে বলা; আর utter- উচ্চারণ করা; speaks- কোনো ভাষায় কথা বলা।

127. **She has --- her hair a beautiful shade of brown.** *[25th BCS, পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহঃ পরিঃ-১৭, জীবন বীমা (অফিস সহ. ও কম্পি. মুদ্রাক্ষরিক) ৪ সেপ্টে. ২১]*

ⓐ Colored ⓑ given
ⓒ dried ⓓ dyed ***Ans:d***

ব্যাখ্যা: চুলের রং করা অর্থে dye ব্যবহৃত হয়।

Chapter Close

Correction(শুদ্ধিকরণ)

Go to Index

♦ অধ্যায়ভিত্তিক Question Analysis এবং Suggestion		
পরীক্ষাসমূহ	প্রশ্ন সংখ্যা +-	যে পরিক্ষার যে Topic গুলো বেশি পড়তে হবে-
✠ BCS Preliminary তে	৮টি+-	Full Chapter পড়তে হবে
✠ All Bank Job Exams	৫টি+-	Full Chapter পড়তে হবে
✠ Primary Job Exams	১৩৩টি+-	Full Chapter পড়তে হবে
✠ PSC & Other Jobs	১৮০টি+-	Full Chapter পড়তে হবে

অধ্যায়ভিত্তিক BCS প্রশ্নসমূহ-

Noun & Determiner Related-

1. Choose the correct sentence. (ধনীরা সবসময় সুখী নয়/সুখী হয় না) *[11th BCS ও অন্যান্য]*

ⓐ The rich is not always happy.
ⓑ Rich is not always happy.
ⓒ The rich is not happy always.
ⓓ The rich are not always happy. ***Ans:d***

ব্যাখ্যা: Rich (Adjective) subject হয় না বিধায় অপশন- b ভুল; আর the rich (ধনীরা) যা plural noun যার পর verb হয় plural হয়; তাই a, c ভুল এবং সঠিক উত্তর- d;

2. Which one is a correct sentence? *[41st BCS]*

ⓐ The doctor found my pulse.
ⓑ The doctor took my pulse.
ⓒ The doctor examined my pulse.
ⓓ The doctor saw my pulse. ***Ans:b***

Adjective/Adverb Related correction:

3. Which of the following is a correct sentence? *[15th BCS ও অন্যান্য]*

ⓐ He was so clever to miss the point.
ⓑ He was too clever not to miss the point.
ⓒ He is too clever to miss the point.
ⓓ He was clever to grasp the point. ***Ans:c***

ব্যাখ্যা: Sub + verb + too + adj. + to + V_1-- আর Sub + verb + so + adj. + that + sub + V_1---

4. Choose the correct sentence. *[23rd BCS]*

ⓐ Rahim ate almost the whole fish.
ⓑ Rahim almost ate the whole fish
ⓒ Almost Rahim ate the whole fish.
ⓓ Rahim ate the whole fish almost. ***Ans:a***

ব্যাখ্যা: কোন কিছুর প্রায়/কাছাকাছি বুঝাতে almost/ nearly/about +--- Noun বসে। (রহিম প্রায় পুরো মাছটি খেয়ে নিলো) এরূপ অর্থ প্রদানে [প্রায় পুরো মাছটি] = [the whole fish] এর পূর্বে almost বসেছে

Group Verb Related correction:

5. Which of the following sentence is correct one? *[36th BCS 21st BCS ও অন্যান্য]*

ⓐ Paper is made of wood.
ⓑ Paper is made from wood.
ⓒ Paper is made by wood.
ⓓ Paper is made on wood. ***Ans:b***

ব্যাখ্যা: **Make of এবং make from এর পার্থক্যঃ** তৈরীকৃত বস্তুটি মূল উপাদান হতে রূপ পরিবর্তন হলে make from, যেমন, Paper is made from bamboo.(বাঁশ থেকে পেপার তৈরী হয়-এখানে বাঁশ এবং পেপার এর রূপ ভিন্ন তাই make from), আবার তৈরীকৃত বস্তুটি মূল উপাদান হতে রূপ পরিবর্তন না হলে make of যেমন, This ring is made of gold. (Gold থেকে ring তৈরী হলেও উভয়ের রূপ স্বর্ণই থাকে)

Our Facebook Page: যুক্ত হতে ক্লিক করুন।
https://www.facebook.com/expertalim/

6. Which of the following sentence in incorrect? *[30th BCS ও অন্যান্য]*

ⓐ He has no desire for fame.
ⓑ I intend going to Rajshahi. ***Ans:b***
ⓒ He has invited me for dinner.
ⓓ He is too miserly to part with his money.

ব্যাখ্যা: intend এর পরে to + V_1বসে। তাই going পরিবর্তে to go হবে।

7. Choose the correct sentence. *[12th BCS ও অন্যান্য]* ***Ans:d***

ⓐ The matter was informed to the police.
ⓑ The matter has been informed of the police.
ⓒ The police was informed of the matter.
ⓓ The police were informed of the matter.

8. Which sentence is correct? *[16th BCS ও অন্যান্য]*

ⓐ That shirt which bought is blue in colour.
ⓑ The shirt that which be bought is blue in colour.
ⓒ Which shirt he bought is blue in colour.
ⓓ The shirt which he bought is blue in colour. ***Ans:d***

ব্যাখ্যা: পূর্বপদ + adjective clause + main clause বসে। এরূপ গঠনে সঠিক উত্তর-d; বাক্যের বাংলা: সে যে জামাটি কিনেছিল সেটি ছিল নীল রংয়ের।

The farmers are poor. The book is worth reading. ***Ans:c***

=======oooo=======

Identify Correct Sentence
or Identify Incorrect Sentence

কিছু কথা: এই অধ্যায়টি ব্যাকরণের বিভিন্ন অধ্যায়ের সাথে জড়িত। তবে আমি প্রতিটি প্রশ্নের ব্যাখ্যা দিয়েছি। যাতে আপনি সহজেই বুঝতে পারেন। তবে চাইলে সকল অধ্যায়ের Basic আলোচনা পড়ে আসতে পারেন। যেহেতু অধ্যায়টি বিভিন্ন অধ্যায়ের সাথে জড়িত তাই অধ্যায়ভিত্তিক সাজালাম। যা আমরাই প্রথম সাজিয়েছি। অন্যান্য বই আমাদের এই সিস্টেম কপি করেছে।

Noun & Determiner Related Correction

Chapter Link: এরূপ Noun & Determiner সংক্রান্ত আরো অনেক correction MCQ পাবেন মূল অধ্যায়ে।

1. Which one is correct? (আকবর বছর বছর জন্মে না) *[পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী পরিচালক (প্রশাসন) -১৩]*

ⓐ A Akbar is not born in every age.
ⓑ The Akbar is not born in every age.
ⓒ An Akbar is not born in every age. ***Ans:c***
ⓓ An Akbar is not born in an every age.

ব্যাখ্যা: কোন Proper Noun দ্বারা 'সেই নামের একজন/সেই নামের লোকেরা' এরূপ অর্থ দিতে Proper Noun পূর্বে a/an বসাতে হয়। তাই অপশন b ভুল। আবার Akbar এর আগে an বসবে তাই a ভুল। আর every এর আগে article বসে না। তাই d ভুল। সুতরাং সঠিক উত্তর c;

2. Choose the correct sentence. (ধনীরা সবসময় সুখী নয়/সুখী হয় না) *[11th BCS, ফিমেল সেকেন্ডারি এ্যাসিসট্যান্ট এডুকেশন অফিসার-৯৯, NBR এর সহকারী রাজস্ব কর্মকর্তা ১৫, প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (..সিলেট..)-১৫, KHUET ১৫-১৬, স্বাস্থ্য অধিদপ্তর অফিস সহায়ক-১৮]*

ⓐ The rich is not always happy.
ⓑ Rich is not always happy.
ⓒ The rich is not happy always.
ⓓ The rich are not always happy. ***Ans:d***

ব্যাখ্যা: Rich (Adjective) subject হয় না বিধায় অপশন- b ভুল; আর the rich(ধনীরা) যা plural noun যার পর verb plural হয়; তাই a, c ভুল এবং সঠিক উত্তর- d;

3. Which is correct? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তর অফিস সহকারী/কম্পিউটার অপরেটর-১১, ইঞ্জবিঃ (ছ) ০৪-০৫]*

ⓐ Pious man is happy.
ⓑ Pious are happy.
ⓒ The pious are happy.
ⓓ The pious is happy. ***Ans:c***

ব্যাখ্যাঃ adjective(pious) বাক্যের subject হয় না বিধায় অপশন- a, b ভুল; The + Adjective দ্বারা plural noun হয় যা subject হলে verb plural হয়, বিধায় সঠিক বাক্য- The pious are happy(ধার্মিকেরা সুখি).

4. Which is correct? (গরীবরা কষ্ট ভোগ করার জন্যই জন্মায়) *[ইঞ্জবিঃ ০৪-০৫]*

ⓐ The poor is born to suffer.
ⓑ The poor are born to suffer.
ⓒ Poor is born to suffer.
ⓓ Poors are born to suffer. ***Ans:b***

ব্যাখ্যাঃ Poor (Adjective) subject হয় না বিধায় অপশন- c, d ভুল; the poor(গরিবেরা) যা plural যার পর verb plural হয়; তাই a ভুল এবং b সঠিক।

5. Choose the right sentence. *[প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণা. প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, পিটিআই ইন্সট্রাক্টর (সাধারণ) ১৯]*

ⓐ Gold is a precious metal.
ⓑ Gold is previous metal.
ⓒ The gold is a precious metal.
ⓓ A gold is precious metal. ***Ans:a***

ব্যাখ্যাঃ Material noun(gold) এর পূর্বে article বসে না বিধায় অপশন c, d ভুল। অন্যদিকে common noun(metal) এর জন্য article প্রয়োজন তাই b ভুল এবং a সঠিক।

6. Choose the correct sentence. *[ঢাগ্রবিঃ (B) ১১-১২]*

ⓐ His hairs are not straight and curly.
ⓑ His hair is not straight but curly.
ⓒ His hair are straight and curly. (কারলি–কোঁকড়ানো)
ⓓ His hairs is not straight but curly. ***Ans:b***

ব্যাখ্যাঃ hair(uncountable noun) এর plural হয় না বিধায় অপশন a, d ভুল। আর hair এর পরে verb singular হয় বিধায় অপশন c ভুল। সবমিলিয়ে অপশন b সঠিক উত্তর।

Adjective/Adverb Related correction

7. Which of the following sentence is the correct one? *[রাগ্রবিঃ ০৭-০৮]*

ⓐ I feel some better.
ⓑ I feel somewhat better.
ⓒ I feel to some extent better.
ⓓ I feel some sort of better. ***Ans:b***

ব্যাখ্যাঃ কিছুটা অর্থে adjective এর পূর্বে (adv) হিসেবে somewhat ব্যবহৃত হয়। বাক্যের অর্থঃ আমি কিছুটা ভালো/ সুস্থতা বোধ করছি। তাই সঠিক উত্তর- b

8. Choose the correct sentence. *[মহিলা বিষয় অধিদপ্তরের অধিনে উপজেলা মহিলা কর্মকর্তা: ০৫]*

ⓐ Mita was deadly wounded.
ⓑ Mita was fatally wounded.
ⓒ Mita was madly wounded.
ⓓ Mita was vitally wounded. ***Ans:b***

ব্যাখ্যাঃ মারাত্মক বা সাংঘাতিকভাবে আহত বুঝাতে adverb হিসেবে fatally বসে, তাই সঠিক উত্তর- b;

9. Which of the following is a correct sentence? *[15th BCS, সরকারী মাধ্যমিক সহকারী শিক্ষক-০৬, প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ভলগা-১৩, রাগ্রবিঃ (C) ১৬-১৭]*

ⓐ He was so clever to miss the point.
ⓑ He was too clever not to miss the point.
ⓒ He is too clever to miss the point.
ⓓ He was clever to grasp the point. ***Ans:c***

ব্যাখ্যাঃ option- a ভুল কারণ so--- that বসে। অপশন b ভুল কারণ too ---- to যুক্ত বাক্য এমনিতেই নেগেটিভ তাই ঐ বাক্যে no/not বসে না। অপশন c সঠিক। আর option- d, too --- to এর মত গঠনগত হয়নি তাই ভুল।

10. Choose the best alternative: *[ঢাগ্রবিঃ (B) ৯৭-৯৮, কারিগরী শিক্ষা অধিদপ্তরের অধিদপ্তরের চীফ ইন্সট্রাক্টর (ননটেক)-০৩]*

ⓐ I already twice have read this book.
ⓑ I have already read this book twice.
ⓒ I have already twice read this book.
ⓓ I twice have already read this book. ***Ans:b***

ব্যাখ্যাঃ Once, twice, thrice ইত্যাদি adverb গুলো সাধারণত sentence এর শেষে বসে। তাই সঠিক বাক্য- b;

11. Which of the following is the correct sentence? *[স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী -১০] [চাঃবিঃ (D) ০৮-০৯]*

ⓐ I earned nearly a hundred dollars last week.
ⓑ I earned a nearly hundred dollars last week.
ⓒ I earned a hundred dollars nearly last week.
ⓓ I earned a hundred dollars nearly next week. ***Ans:a***

ব্যাখ্যা: nearly একটি adverb যা main verb এর ঠিক পরেই বসবে তাই অপশন ***a*** সঠিক উত্তর।

12. Choose the correct sentence. *[23th BCS, রাঃবিঃ (ম্যানেজমেন্ট) ০৯-১০, ইসলাম ব্যাংক সহকারী অফিসার-০৮, দুদুকের উপ-সহকারী পরিচারক-১০, খুঃবিঃ (A) ১২-১৩, ইঃবিঃ (D) ১৩-১৪, মাঃভাঃবিঃপ্রঃবিঃ (D) ১৫-১৬, বঃশেঃমুঃরঃবিঃপ্রঃবিঃ (D) ১৬-১৭]*

ⓐ Rahim ate almost the whole fish.
ⓑ Rahim almost ate the whole fish
ⓒ Almost Rahim ate the whole fish.
ⓓ Rahim ate the whole fish almost. ***Ans:a***

ব্যাখ্যা: কোন কিছুর প্রায়/ কাছাকাছি বুঝাতে almost/ nearly/ about ইত্যাদি main verb এর ঠিক পরেই বসে তাই অপশন a সঠিক উত্তর।

☞ Chapter Link: এ অধ্যায় সংক্রান্ত আরো অনেক Correction MCQ পাবেন মূল অধ্যায়ে।

✡ Article Related Correction ✡

13. কোন বাক্যটি শুদ্ধ? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তর হিসাবরক্ষক/ গুদাম রক্ষক/ কোষাধ্যক্ষ- ১১]*

ⓐ I saw an one-eyed man.
ⓑ I saw a one-eyed man.
ⓒ I saw one-eye.
ⓓ None ***Ans:b***

ব্যাখ্যা: শব্দের শুরুতে ওয়া উচ্চারিত হয়ে one এর পূর্বে a বসে। তাই সঠিক উত্তর- b;

14. Choose the correct sentence: *[প্রতিরক্ষা মন্ত্রণাঃ উপ-সহঃ পরিচালক-১৬, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ সহঃ পরিঃ -০১]*

ⓐ Omar Khayyam is rarely born.
ⓑ A Omar Khayyam is rarely born.
ⓒ An Omar Khayyam is rarely born.
ⓓ The Omar Khayyam is rarely born. ***Ans:c***

ব্যাখ্যা: শব্দের শুরুতে vowel থাকলে সাধারণত an বসে তাই Omar এর পূর্বে an যুক্ত অপশন c সঠিক উত্তর।

15. Which of the following is the correct sentence? *[শ্রম অধিদপ্তরের দ্বিতীয় শ্রেনীভূক্ত শ্রম কর্মকর্তা এবং জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা -০৪]*

ⓐ He earns hundred taka a day.
ⓑ He earns a hundred taka a day.
ⓒ He earned a hundred taka a day.
ⓓ None of these ***Ans:b***

ব্যাখ্যা: সে দিনে একশত টাকা উপার্জন করে। এরূপ অর্থে বাক্যটি present Indefinite হবে। শুধু hundred অর্থ শত; আর a hundred অর্থ একশত। তাই সঠিক অর্থ প্রদানে উত্তর- b;

16. Which one is correct? *[রাঃবিঃ ০৫-০৬]*

ⓐ He saw an one eyed deer.
ⓑ He saw a one eyed deer.
ⓒ He saw the one eyed deer.
ⓓ He saw one eyed deer. ***Ans:b***

ব্যাখ্যা: Article এর নিয়মানুসারে one এর পূর্বে a বসে। a one-eyed যুক্ত অপশন b সঠিক উত্তর।

17. Find out the correct sentence: *[শ্রম অধিদপ্তরের রেজিস্ট্রার-০০]* ***Ans:c***

ⓐ Iqbal was a poet and a philosopher.
ⓑ Iqbal was the poet and philosopher.
ⓒ Iqbal was a poet and philosopher.
ⓓ Iqbal was a poet and the philosopher.

ব্যাখ্যা: একই ব্যক্তির দুটি পদবি একসাথে লিখতে হলে শুধু প্রথমটির আগে a/an বসে। তাই অপশন c সঠিক উত্তর।

18. Choose the correct answer. *[বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তরের ব্যক্তিগত কর্মকর্তা (সাধারণ) -১৮/ রাঃবিঃ ০৮-০৯]*

ⓐ Idle man cannot prosper in life.
ⓑ An idle man cannot prosper in life.
ⓒ The idle man cannot prosper of life.
ⓓ Idle man cannot prosper at life. ***Ans:b***

ব্যাখ্যা: অলস লোক জীবনে সফল হতে পারে না। এরূপ অর্থে সঠিক উত্তর b। আর man একটি common noun যেটি article ছাড়া বসতে পারে না। বিধায় অপশন a, d ভুল। the দ্বারা নির্দিষ্ট করে বুঝায় কিন্তু বাক্যে নির্দিষ্ট না করে যে কোনো অলস ব্যক্তিকেই বুঝিয়েছে তাই the ব্যবহারের কারণে এটিও ভুল।

19. কোনটি সঠিক বাক্য? *[পরিবার পরিকল্পনা সহকারী/ পরিবার পরিকল্পনা পরিদর্শক এবং পরিবার কল্যাণ সহকারী -১১]*

ⓐ Meghna is big river.
ⓑ Meghna is a big river.
ⓒ The Meghna is a big river.
ⓓ কোনটিই সঠিক নয় ***Ans:c***

ব্যাখ্যা: Padma, Meghna, Jamuna ইত্যাদি proper noun এর পূর্বে the বসে তাই c সঠিক উত্তর।

20. Choose the correct sentence: *[রাঃবিঃ (B-Law)*

ⓐ Airport is busy place. *১৫-১৬, ইঃবিঃ (G) ১৪-১৫]*
ⓑ The airport is busy place.
ⓒ The airport is a busy place.
ⓓ Airport is a busy place. ***Ans:c***

ব্যাখ্যা: বিভিন্ন ব্যস্ত স্থানের মধ্যে বিমানবন্দর একটি ব্যস্ত স্থান তাই airport কে নির্দিষ্ট করে বুঝাতে এর আগে the বসবে। এতএব উত্তর হবে b/c এর মধ্যে; এখন b ভুল কারণ place common noun এর জন্য article প্রয়োজন।

21. সঠিক বাক্যটি নির্বাচন করুন: *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক*

ⓐ A dog is faithful animal. *(খুলনা) -০৩]*
ⓑ The dog is a faithful animal.
ⓒ The dog is faithful animal.
ⓓ Dog is a faithful animal. ***Ans:b***

ব্যাখ্যা: বিভিন্ন প্রাণীর মধ্যে dog একটি প্রাণী তাই একে নির্দিষ্ট করে বুঝাতে এর আগে the বসবে। এতএব উত্তর হবে b/c এর মধ্যে; এখন c ভুল কারণ animal common noun এর জন্য article প্রয়োজন যা এই বাক্যে নেই।

22. Choose the correct sentence. *[Bangladesh Bank -11]* ***Ans:c***

ⓐ He is temper. ⓑ He is in temper.
ⓒ He is in a temper. ⓓ He is in the temper.

ব্যাখ্যা: রাগান্বিত হওয়া- এর ইংরেজি phrase(in a temper) যার মধ্যে সাধারণভাবেই a থাকে তাই উত্তর- c

23. Find out the correct sentence.

ⓐ A flower is gift of nature. *[বশেমুরবিপ্রাবি (B) ১১-১২]*
ⓑ Flowers are a gift of nature.
ⓒ A flower is a gift of nature.
ⓓ The flower is a gift of nature. ***Ans:d***

ব্যাখ্যা: বিভিন্ন প্রাকৃতিক বিষয়ের মধ্যে flower একটি ধরণ, একে নির্দিষ্ট করে বুঝাতে এর আগে the বসবে। এতএব উত্তর হবে d।

24. Which one is correct. *[সহকারী থানা/ উপজেলা শিক্ষা অফিসার -০৯]*

ⓐ Don't tell lie. ⓑ Do not tell lie. ***Ans:d***
ⓒ Never tell lie. ⓓ Don't tell a lie.

ব্যাখ্যা: মিথ্যা কথা বলা- এর ইংরেজি phrase(tell a lie) এর মধ্যে সাধারণভাবেই a থাকে তাই উত্তর- d

25. Which one is correct? *[আইন, বিচার ও সংসদ বিষয়ক*

ⓐ Let us go out for a walk. *মন্ত্রণাঃ সাব-রেজিস্ট্রার-১২]*
ⓑ Let us go out for walk.
ⓒ Let us gout for a walking.
ⓓ Let us go out for walking. ***Ans:a***

ব্যাখ্যা: হাঁটতে যাওয়া এর ইংরেজি phrase (go out for a walk) যার মধ্যে সাধারণভাবেই a থাকে তাই উত্তর- a

✡ Degree Related Correction: ✡

26. Find out the correct sentence? *[তথ্য মন্ত্রনালয়ের অধীন চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের ক্যামেরাম্যান ২০১৯]* ***Ans:c***

ⓐ Always respect who is senior from you.
ⓑ Always respect who is senior of you.
ⓒ Always respect who is senior to you.
ⓓ Always respect who is senior than you.

ব্যাখ্যা: তুলনা অর্থে বিভিন্ন Latin শব্দ Senior, junior, ulterior, prefer, posterior ইত্যাদির পর to বসে। তাই senior to যুক্ত অপশন c সঠিক উত্তর। নিচের প্রশ্ন দুটিও একই নিয়মে সমাধান হয়েছে।

27. কোন বাক্যটি শুদ্ধ? *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক -০১]*

ⓐ Among my friends he is eldest.
ⓑ He is comparatively better today.
ⓒ He is better than all the boys.
ⓓ He is the best boy in the class. ***Ans:d***

Hints: অপশন a ভুল কারণ the eldest হতো; অপশন b ভুল কারণ comparatively বসবে না; C) better than না বসে the best of হবে। অপশন d সঠিক উত্তর।

28. কোন বাক্যটি শুদ্ধ? *[প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে সাইফার অফিসার -৯৯]*

ⓐ Dhaka is the biggest city in the Bangladesh.
ⓑ The Dhaka is biggest city in Bangladesh.
ⓒ Dhaka is the biggest city in Bangladesh.
ⓓ Dhaka is biggest city in Bangladesh.

Ans:c

Hints: big এর superlative হলো biggest আর এর পূর্বে the বসে the biggest হয়। তাই সঠিক উত্তর- c

Group Verb Related correction

Make of এবং make from এর পার্থক্য:

তৈরীকৃত বস্তুটি মূল উপাদান হতে রূপ পরিবর্তন হলে make from, যেমন: Paper is made from bamboo. (বাঁশ থেকে পেপার তৈরী হয়-এখানে বাঁশ এবং পেপার এর রূপ দেখতে ভিন্ন তাই make from), আবার তৈরীকৃত বস্তুটি মূল উপাদান হতে রূপ পরিবর্তন না হলে make of যেমন: This ring is made of gold. (Gold থেকে ring তৈরী হলেও উভয়ের রূপ দেখতে স্বর্ণই থাকে) তাই এই বাক্যে make of উত্তর।

29. Which of the following sentence is correct one? *[36th BCS, 21st BCS, প্রাথমিক প্রধান শিক্ষক (নাগলিঙ্গম)-১২, পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষর্থী-১৫, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা-১৬, ঢাগ্রবিঃ (C) ১৮-১৯, বেঃরোগ্রবিঃ (D) ১৪-১৫, কারিগরি শিক্ষা অধি. (০৫ মার্চ ২১)]*

ⓐ Paper is made of wood.
ⓑ Paper is made from wood.
ⓒ Paper is made by wood.
ⓓ Paper is made on wood. ***Ans:b***

30. Which one is correct ? *[রাগ্রবিঃ (দর্শন) ০৬-০৭, বঃশেঃমুঃরগ্রবিঃপ্রগ্রবিঃ (B) ১২-১৩]*

ⓐ The chair is made of wood.
ⓑ The chair is made from wood.
ⓒ The chair is made by wood.
ⓓ The chair is made in wood. ***Ans:a***

ব্যাখ্যা: কাঠ থেকে চেয়ার বানানো হলে চেয়ারে কাঠ স্পষ্ট বুঝা যায় বিধায় make of দ্বারা option a সঠিক উত্তর।

Verb Related correction

31. Which of the following sentence is correct? *[ঢাগ্রবিঃ (D) ১৪-১৫]*

ⓐ The country has adopted a new industrial policy.
ⓑ The country has effected the new industrial policy.
ⓒ The country has affected new industrial policy.
ⓓ The country has adapted a new industrial policy. ***Ans:a***

ব্যাখ্যা: নতুন নীতি গ্রহণ করা অর্থে adopt হয়, তাই a উত্তর-

32. Trace the correct sentence. *[তথ্য মন্ত্রনালয়ের অধীন চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের ক্যামেরাম্যান ২০১৯]*

ⓐ You had better home.
ⓑ You had better to going home.
ⓒ You would better go home.
ⓓ You had better going home. ***Ans:c***

ব্যাখ্যা: বরং ভালো অর্থে had better/ would better + V_1 বসে। যেহেতু অন্যান্য অপশনে had better এর পর V_1 নেই। তাই would better go যুক্ত বাক্যই সঠিক। [আধুনিক ইংরেজীতে would better এর ব্যবহার খুবই কম]

33. Which one is the correct sentence?

ⓐ I used to get early in the morning.
ⓑ I did get up early in the morning. *[রাগ্রবিঃ ০৯-১০]*
ⓒ I had got up early in the morning.
ⓓ I used get up early in the morning. ***Ans:a***

ব্যাখ্যা: অতীতে কোন কাজে অভ্যস্ত বুঝাতে সাধারণ গঠন: subject + used to + V_1 বসে। তাই উত্তর- a

Preposition related correction

34. I have no pen (to write). (আমার লেখার কোনো কলম নেই) *[ইগ্রবিঃ ০৯-১০, সহ: পরিচালক (মাদক নিয়ন্ত্রণ)-১৩]*

ⓐ I have no pen to write with.
ⓑ I have no pen to write.
ⓒ I have no pen to writing.
ⓓ I have no pen to write in. ***Ans:a***

